কলিকাতা, ২৮/১ নং বিডন রো, দর্জ্জিপাড়া,
"শাস্ত্র-প্রচার" প্রেসে
শ্রীকুলচন্দ্র দে দ্বারা মুদ্রিত।

গ্রন্থকার প্রণীত "সান্ত্বনা"

ও

"সুকন্যা চরিত" সম্বন্ধে—

সমালোচনা ও মন্তব্যাদি।

# সান্ত্বনা সম্বন্ধে

## সমালোচনাদি।

—০ঃ§ঃ০—

"সান্ত্বনা" নামক পুস্তকখানি আদ্যোপান্ত পাঠ করি- নামের অর্থরক্ষা করিতে কোন্ অংশে অসমর্থ হয় নাই, জেই তাহা অনুভব করিয়াছি। ইহা একবার পাঠ আমিই সান্ত্বনার শান্তি অনুভব করিতে পারিয়াছি। বার বিশ্বাস কোন প্রকার শোকার্ত্ত হৃদয়ে যিনি ইহা পাঠ রিবেন তিনি তখনই যন্ত্রণা হইতে অনেকটা পরিত্রাণ ইবেন। কেবল তাহাও নহে, ইহাতে যে সকল তত্ত্ব কথা লিত ভাষায় সুস্পষ্ট অভিব্যক্ত করা হইয়াছে, মনোযোগ রিলে তাহাতে অনেক বিষয়ের শিক্ষা হইতে পারিবে এবং নেক বিষয়ে বিবেক লাভ হইবে, জগতের অবস্থা ব্যবস্থাদির তিও দৃষ্টি সমাকৃষ্ট হইবে। অতএব যদিও অন্য উদ্দেশ্যেই এই স্তকখানি মুদ্রিত হইয়া থাকে, তাহা হইলেও ইহা সাধারণে কাশ করিতে আমি অনুরোধ করি। ইতি ৮ই পৌষ ১৩১২।

প্রাণপুর গ্রাম নিবাসী, কলিকাতা প্রবাসী

শ্রীশশধর দেবশর্ম্মা।

( তর্কচূড়ামণি )

সান্ত্বনা। শ্রীযুক্ত বলরাম দাস গুপ্ত বি, এ ক
জলপাইগুড়ি প্রেসে শ্রীযুক্ত মতিলাল দত্ত দ্বারা মুদ্রি
আট আনা। দ্বাদশ বৎসর বয়স্ক পুত্র পরলোকগত।
পুত্রের শোকে জননী মুমূর্ষু। গ্রন্থকার কবিতার ভ
ঝঙ্কারে শোকাতুরা জননীকে সান্ত্বনা করিতেছেন
ব্যষ্টিতে সমষ্টির ভাব জাগিয়া উঠে। শোকের ভাষায়
গাম্ভীর্য্যের ভাবোদ্রেক হয়। এরূপ সান্ত্বনা অধুনা ব
কাব্যে আর দেখি নাই। সর্ব্ব শোকাতুরা জননীর পক্ষে
গ্রন্থ যে সান্ত্বনা-মহৌষধি, সন্দেহ নাই। দ্বাদশ বৎসর বয়স্ক পুত্রে
শ্রাদ্ধের দিন কবি জ্ঞানগাম্ভীর্য্যের গুরু-উপদেশে বলিতেছেন,—

কেঁদোনা কেঁদোনা সতি, উচ্ছলিত-শোকবতি,
আজি এত হো'য়ো না বিহ্বল।
দ্বিগুণ উচ্ছ্বাস সনে, শশাঙ্কের শ্রাদ্ধ দিনে,
ফেলোনা ফেলোনা অশ্রু জল!!
শ্রৌত বিধি অনুসারে, প্রেতাত্মার মুক্তি তরে
শ্রদ্ধাভরে শ্রাদ্ধ আচরিত!
শক্তিময় সূক্ষ্ম দেহে, কল্যাণ সাধিত যাহে,
অশ্রুপাত তাহে কি বিহিত?
ভৌতিক শরীর নাশে, শক্তিময় তনুকোষে
আত্মরূপী সংস্থিত ভূতলে।

জড় দেহ প্রণাশনে, তাই মৃত ব্যক্তি সনে
ঘোচে না সম্বন্ধ এ ভারতে!
নিত্য তাই আচরিত, শ্রাদ্ধ তর্পণাদি শত,
বেদ মন্ত্র সিদ্ধ বিধি মতে!!
জ্ঞানাজ্ঞানে মৃত যেবা, সবন্ধু অবন্ধু কিবা,—
দগ্ধাদগ্ধ নর কিম্বা নারী,—
স্বকুলে বা অন্য কুলে, মৃত যেবা জলে স্থলে,
তিলোদকে তর্পণ সবারি!!
ঊর্দ্ধ লোকে দেব ঋষি, ভীষ্ম আদি অবিনাশী,
পিতা মাতা আত্মীয়াদি যত,—
সর্ব্ব লোক তৃপ্তি তরে, ব্রহ্মাবধি স্তম্ব' পরে
নিত্য ক্রিয়া তর্পণ বহিত!!
তথাবিধ মৃত্যু শেষে, সুবিহিত শাস্ত্রাদেশে,
কত শত শ্রাদ্ধের বিধান।
প্রত্যক্ষ ইহার ফলে, মৃত আত্মা তৃপ্তিবলে,
জীবিতের আত্মার কল্যাণ!!
তাই বলি, মুগ্ধচিতে, শ্রাদ্ধ দ্রব্য আহরিতে,
অকল্যাণ ভেবোনা ভেবোনা!
তাই আজি সুলোচনে, শশাঙ্কের শ্রাদ্ধ দিনে
চক্ষু জল ফেলোনা ফেলোনা!!

এ পুস্তকের প্রত্যেক পৃষ্ঠায় কবিত্বের গাম্ভীর্য্য-মাধুর্য্যের পূর্ণ পরিচয়। এ-গ্রন্থখানি ঐহিক পারত্রিক মঙ্গলগাথা। শোকাতুর এ কাব্য পড়িয়া দেখ। শোকের লাঘব হইতে পারে।

২২এ অগ্রহায়ণ ১৩১০।

গত বৎসর ঠিক এই সময় আমি দশম-বর্ষীয়া একটি ক
হারাইয়াছি, আপনার "সান্ত্বনা"র উচ্চ ধর্ম্মোপদেশ পা
আমি উপকৃত হইয়াছি। ধর্ম্মোপদেশ অনেক সময়েই বিরক্তি
বোধ হয়, যে হেতু অধিকাংশ উপদেষ্টা তাহা জীবনে অনু
করিয়া লেখেন না। কিন্তু আপনি যে কথা গুলি লিখিয়াছে
তাহা প্রাণে প্রাণে অনুভব করিয়াছেন; সেই উপদেশ গুলি
যদিও উচ্চাঙ্গের ধর্ম্ম-তত্ত্ব আছে, তথাপি লেখক যে
জ্বালা নিবারণ করিবার জন্য প্রকৃত তত্ত্বান্বেষীর ন্যায় ঔষ
আবিষ্কার করিয়াছেন, এবং করুণ কণ্ঠে স্বীয় ধর্ম্ম-পত্নী
কহিয়া দিতেছেন, -তাহা বেশ বুঝিতে পারা যায়। সা
সংযত ভাষা, পরিপূর্ণ কারুণ্য অথচ চিত্ত-বিজয়, এবং স্বল্প-
মধুরাক্ষরা কবিতার পরিচয় পাইয়া আমি বিশেষ
পাইয়াছি॥

কলিকাতা।
১৯ কাঁটাপুকুর লেন্
বাগ্‌বাজার।
২৩ অক্টোবর ১৯০৬।

শ্রীদীনেশ চন্দ্র সেন।

---

আপনার সহানুভূতি-পূর্ণ পত্র সহ "সান্ত্বনা" পুস্তকটী পাই
এই দারুণ শোকেও কথঞ্চিৎ সান্ত্বনালাভ করিলাম। ভগ
হৃদয়ে বল দান করুন এই প্রার্থনা। আপনার সমবেদ
কৃতজ্ঞ রহিলাম ইতি।

কাশিম-বাজার
২০ চৈত্র ১৩১৩

( মহারাজা ) শ্রীমণীন্দ্র চন্দ্র নন্দী।

# ভক্তি-পুষ্পাঞ্জলি।

—০:৪:০—

## অবতরণিকা।

পুণ্য-ভূমি ভারতবর্ষের ন্যায় ধর্ম্ম-প্রধান দেশ, ও ভারত-বাসী আর্য্য জাতির ন্যায় ধর্ম্ম-প্রাণ মানব, পৃথিবীর আর কুত্রাপি কখনও ছিল না,—এখনও নাই! যে ধর্ম্মে জগৎ-পিতা জগদীশ্বরের প্রতি, মনুষ্যের অসংখ্য প্রকারে ভক্তি-প্রীতি শ্রদ্ধানুরাগ সাধিত হইতে পারে,—যে ধর্ম্মে জগন্ময়ী জগদম্বার সহিত, জ্ঞান-ভক্তি-কর্ম্ম-ক্ষেত্রে, মানবের অসংখ্য প্রকারে ঘনিষ্ঠতা সম্পাদিত হইতে পারে.—এরূপ সর্ব্ব-হিত-কর সার্ব্বভৌম ধর্ম্ম, পুণ্য-ক্ষেত্র ভারতবর্ষ ব্যতীত পৃথিবীর আর কুত্রাপি কদাচ লক্ষিত হয় নাই,—এখনও হয় না। আবার, সর্ব্বেশ্বরেশ্বরীর গুণ-মাহাত্ম্যাদি কীর্ত্তন ও ভগবচ্চরণে আত্ম-সমর্পণ-সূচক স্তব-স্তুতি প্রার্থনাদির ভক্তি-জ্ঞানোচ্ছ্বাস-পূর্ণ অসংখ্য প্রকার কবিতা-রত্ননিচয়, দেবভাষা সংস্কৃত-সাহিত্যে যেরূপ প্রোজ্জ্বল-বর্ণে প্রদ্যোতিত, পৃথিবীর অপর কোন ভাষায় তাহার সহস্রাংশের মলি ছায়া পর্য্যন্ত কখনও প্রতিফলিত হয় নাই,—এখনও হ তেছে না!!

কিন্তু ইহা নিতান্ত আক্ষেপের বিষয়, যে এবম্বিধ ধর্ম্ম-প্রধা দেশ ও এরূপ ভগবদ্ভক্তি-প্রধান ধর্ম্ম-ক্ষেত্রে,—সংস্কৃত-ভিন্ন ইতর-ভাষার কাব্য-ভাণ্ডারে, সেই ভগবৎ-প্রসঙ্গোদ্দীপ্ত সমুজ্জ্ব

রত্ন-রাজির,—সেই ভক্তি-সুধা-সৌরভ-পূর্ণ স্তোত্র-গাথাদি রূপ অপূর্ব্ব নন্দন-পুষ্প-রাশির,—একান্ত অভাব !! এ সম্বন্ধে প্রধান কারণ ইহাই অনুমিত হয়, যে অস্মদ্দেশীয় যে সমস্ত ধর্ম্ম-প্রাণ সুধী-জন, ভগবদারাধনার একটি প্রধান অঙ্গ স্বরূপ, অথবা ভক্তি-বৃত্ত্যাদি সত্ত্ব-গুণের প্ররোচনায়, স্তব-স্তোত্রাদি পাঠ করিয়া থাকেন, শ্রুতি-প্রমুখ সংস্কৃত শাস্ত্র-কাব্যাদির অনন্ত ভাণ্ডার হইতেই তাঁহাদের প্রয়োজন পর্য্যাপ্ত পরিমাণে সিদ্ধ হইয়া যায় ;—সুতরাং বঙ্গ-ভাষায় উক্ত-বিধ স্তোত্রাদির জন্য তাঁহাদের কোনরূপ আকাঙ্ক্ষা বা প্রযত্নের সম্ভাবনা থাকে না। যাহা হউক, আমাদের মাতৃ-ভূমি বঙ্গদেশে, এরূপ লক্ষ লক্ষ নর-নারী আছেন—যাঁহারা সংস্কৃত-ভাষায় অনভিজ্ঞ,—অথচ যাঁহাদের অন্তঃকরণ স্বভাবতঃ ধর্ম্ম-ভাব-ময় ও ভগবদ্ভক্তি-পূর্ণ! এই সমস্ত ব্যক্তি সুতরাং বর্ত্তমান-কালে ভক্তিপ্রীতি-ভাবোচ্ছ্বাস-ময় স্তব-স্তোত্রাদির অপূর্ব্ব অমৃতানন্দের আস্বাদন-লাভে একেবারে বঞ্চিত থাকেন ! এরূপ অবস্থায়, বর্ত্তমান বঙ্গ-কাব্য-সাহিত্যের এই গুরুতর অভাব বস্তুতঃ ই নিতান্ত দুঃখ ও পরিতাপের বিষয় !!

যাহা হউক, মাদৃশ ক্ষুদ্র ও নগণ্য ব্যক্তির পক্ষে উক্ত অভাব দূরীকরণের ইচ্ছা বা চেষ্টা কদাচ সম্ভব-পর নহে ! উল্লিখিত যে সমস্ত উজ্জ্বল মরকত-রাজি, সর্ব্ব-জ্ঞান-ভক্তি-সুধার অনন্ত রত্নাকর বেদ-তন্ত্র-পুরাণাদি সনাতন ধর্ম্ম-শাস্ত্রের, বরণীয় অঙ্গ-স্বরূপ,—কবি-গুরু মহর্ষি বাল্মীকি-বেদব্যাস-শঙ্করাচার্য্য-প্রমুখ, দিব্য জ্ঞানানন্দ রূপী আত্মদর্শী মহা-পুরুষ গণ ও; লক্ষ লক্ষ শ্লোক-রচিত যে সমস্ত অপূর্ব্ব স্তোত্র-পুষ্পমালা,—ভগবচ্চরণে অর্পণ করিতে কল্পিত হইতেন,—সংসার-রত্ন

মায়াচ্ছন্ন শোক-তাপ-পরিক্লিষ্ট মাদৃশ মলিনাত্ম ব্যক্তির পক্ষে, সচ্চিদানন্দ-রূপী দুজ্ঞেয় পরমেশ্বরের সেই সমস্ত অতুল্য স্তোত্র-গাথাদি, বঙ্গভাষায় প্রকাশ করিয়া প্রাগুক্ত অভাব-পূরণের আকাঙ্ক্ষা বা প্রয়াস কদাচ সম্ভব-পর নহে !!

প্রকৃত পক্ষে সেরূপ কোন উদ্দেশ্যে এই "ভক্তি-পুষ্পাঞ্জলি" গ্রন্থ খানি রচিত হয় নাই। তবে উক্ত মহাপুরুষগণের বন্দনীয় পদাঙ্ক যথাসম্ভব অনুসরণ করিয়া;—শুদ্ধ স্বীয় অশান্তি-ময় চিত্তে
৪০ শান্তি-সুধা লাভেচ্ছায় ও পুত্র-শোকে-সন্তপ্তা-সহধর্ম্মিণীর হৃদয়ে ভগবদ্ভক্তি-বিলসিত সান্ত্বনা-বারি প্রদান মাত্র উদ্দেশ্য,—বিগত দুই বৎসর মধ্যে, বিশেষ বিশেষ পূজা-পর্ব্বোপলক্ষে, যে সমস্ত স্তোত্র-গাথাদি রচিত হইয়াছিল,—কতিপয় আত্মীয় বান্ধবাদির আগ্রহাতিশয্যে, সেই গুলিই এক্ষণ "ভক্তি-পুষ্পাঞ্জলি" নামে গ্রন্থাকারে প্রকাশিত হইল॥

যদি পুস্তক খানি হইতে কার্য্যতঃ আর্য্য-ধর্ম্মাবলম্বী বঙ্গবাসী গণের কিছুমাত্র প্রয়োজন সাধিত হয়,—যদি ইহা পাঠে আর্য্য-গণের বেদ-দর্শনাদি-সিদ্ধ একেশ্বর ভগবানের তত্ত্ব-সম্বন্ধে যৎকিঞ্চিৎ জ্ঞান বিশ্বাসও পাঠক-পাঠিকার হৃদয়ে প্রস্ফুরিত হয়, যদি ইহার আলোচনায়, শাক্ত-বৈষ্ণবাদি বিভিন্ন ধর্ম্ম-সম্প্রদায়ের মধ্যে, ভ্রম-পূর্ণ দ্বৈত বুদ্ধি ও সাম্প্রদায়িক সঙ্কীর্ণ ভাব, বিদূরিত হইয়া পরস্পরের প্রতি এক ধর্ম্মতা ও একতার সহানুভূতি কিছুমাত্রও দৃঢ়-তর হয়,—যদি ইহার আনুকূল্যে, বঙ্গ-ভূমির ধর্ম্ম-প্রাণ নর-নারী-চিত্তে ভগবৎ ভক্তি-প্রীতির পরমানন্দ ও তৎ-সংশ্লিষ্ট সত্ত্ব-গুণ-নিচয়ের, সুখ-বিকাশ, কিছুমাত্রও সংবর্দ্ধিত হয়,—যদি ইহা বর্ত্তমান "বিদেশী"-ভাব দূষিত অশান্তি-পূর্ণ "স্বদেশী"—

আন্দোলনের দিনে, স্বদেশীয় নর-নারী গণের হৃদয়ে ভক্তি পূর্ণ স্বদেশী ধর্ম্ম-ভাব, প্রকৃত-পক্ষে স্বদেশীয়-ভাবে, কিঞ্চিন্মাত্রও জাগরুক করিতে পারে,—তাহা হইলে, "ভক্তি-পুষ্পাঞ্জলি" প্রকাশের উদ্দেশ্য অবশ্য সফল হইবে, এবং প্রকাশকও আপনাকে ভাগ্য-বান্ ও ধন্য জ্ঞান করিবেন।—নিবেদনমিতি !!

ময়নাগুড়ি
জিলা জলপাইগুড়ি
শুভ ১৫ই আশ্বিন—১৩১৪ সাল।

শ্রীবলরাম দাস গু

# ছন্দ সম্বন্ধে কয়েকটি কথা।

'ভক্তি-পুষ্পাঞ্জলি'র স্তোত্রাদিতে অনুষ্টুপ্ প্রভৃতি বিবিধ সংস্কৃত-ছন্দ বহুল পরিমাণে ব্যবহৃত হইয়াছে। বিশেষ বিশেষ শ্রুতি-সুখ-কর নিয়মানুসারে, 'গুরু-লঘু' বর্ণ-বিন্যাস কৌশলই সংস্কৃত ছন্দোবন্ধের মূল রহস্য,—এবং স্বাভাবিক কালাংশ ব্যবচ্ছেদে, ঐ সকল পৃথক্ পৃথক্ ছন্দে, পৃথক্ প্রকার শ্রুতি-শক্তি-সঞ্জাত পৃথক্ পৃথক্ ভাব। যাহা হউক, ইদানীন্তন বঙ্গ-কাব্যাদিতে বর্ণের 'গুরু লঘুতা' অর্থাৎ উচ্চারণের 'দীর্ঘ-হ্রস্বতা' ব্যঞ্জক কবিতা একেবারেই বিলুপ্ত হইয়াছে বলিলে অত্যুক্তি হয় না! এবং এ কারণ, যাঁহাদের সংস্কৃত কাব্যাদি পাঠ তাদৃশ অভ্যস্ত নহে, তাঁহাদের পক্ষে ঐ সমস্ত সংস্কৃত-ছন্দ সম্পূর্ণ নূতন বলিয়া বোধ হইতে পারে, ও তাহা পাঠে বিশুদ্ধতার ব্যতিক্রম ঘটিবারও সম্ভাবনা।

উল্লিখিত কারণে, সর্ব্ব সাধারণের পাঠ-সৌকর্য্যার্থ সংস্কৃত ছন্দের স্তোত্রাদিতে আদ্যোপান্ত অথবা প্রথম দুই চারি পংক্তিতে, দীর্ঘ উচ্চার্য্য বর্ণগুলি,—এইরূপ চিহ্ন দ্বারা বিজ্ঞাপিত হইয়াছে। তদ্ব্যতীত, পাঠ সম্বন্ধে কয়েকটি সাধারণ নিয়ম নিম্নে প্রদত্ত হইল।—

১। অকার, ইকার, উকার, ঋকার ও ৯কার এই কয়েকটী স্বরবর্ণ—'লঘু' বা 'হ্রস্ব'।

২। আ, ঈ, ঊ, এ, ঐ, ও, ঔ,—এই সমস্ত স্বর-বর্ণ সর্ব্বদাই 'গুরু' বা 'দীর্ঘ'।

৩। যুক্তাক্ষরের পূর্ব-স্বর হ্রস্ব হইলেও দীর্ঘ উচ্চারিত।

৪। কোন কবিতার্দ্ধের (অর্থাৎ প্রত্যেক চরণের) শেষ স্বর হ্রস্ব হইলেও, তাহা উচ্চারণে দীর্ঘত্ব প্রাপ্ত হয়।

৫। লঘু বা হ্রস্ব-উচ্চারণ যতক্ষণ স্থায়ী, গুরু বা দীর্ঘ-উচ্চারণ তাহার দ্বিগুণ কাল স্থায়ী।

৬। অকারান্ত সমস্ত বর্ণই অকারান্ত উচ্চার্য্য,—অর্থাৎ হসন্তের মত নহে।

৭। শুদ্ধ হসন্ত চিহ্ন যুক্ত বর্ণ হসন্ত রূপে উচ্চার্য্য।

৮। হসন্ত বর্ণের পূর্ব্ব স্বর হ্রস্ব হইলেও, উহার সহযোগে তাহা দীর্ঘত্ব প্রাপ্ত হয়॥

এই নিয়মগুলি দৃশ্যতঃ কঠিন বোধ হইলেও, প্রকৃত-পক্ষে তাহা নহে। একটু অভিনিবেশ পূর্ব্বক গুরু-লঘু বর্ণের যথাযথ উচ্চারণ করিলেই, সংস্কৃত ছন্দাবলীর স্বাভাবিক সৌন্দর্য্য এতি-সুখকর-ভাবে হৃদয় মধ্যে প্রতিফলিত হইতে পারিবে। ইতি।

গ্রন্থকার।

# ভক্তি-পুষ্পাঞ্জলি।

— ⁘✻⁘ —

## সূচীপত্র।

### প্রথম স্তবক।

৪০ । 

### স্তো-ত্র-পু-ষ্প-মা-লা।


| | বিষয়। | ছন্দ। | পত্রাঙ্ক। |
|---|---|---|---|
| ১ । | শ্রীশ্রীগণেশাষ্টক-স্তোত্র | ত্রিপদী | ৩ |
| ২ । | শ্রীশিবাপরাধ ক্ষমাপণ-স্তোত্র | ঐ | ৮ |
| ৩ । | শ্রীহর মহিমা-স্তোত্র | ঐ | ১৭ |
| ৪ । | শ্রীশিবনামাবলী স্তোত্র | বসন্ত-তিলক | ৩১ |
| ৫ । | শ্রীশিবাষ্টক-স্তোত্র | তোটক | ৩৩ |
| ৬ । | শ্রীকৃষ্ণ-স্তোত্র | ত্রিপদী | ৩৫ |
| ৭ । | শ্রীবিষ্ণু দশাবতার স্তোত্র | ঐ | ৩৯ |
| ৮ । | শ্রীমধুসূদন-স্তোত্র | ঐ | ৪২ |
| ৯ । | শ্রীকৃষ্ণের বিশ্বরূপ-স্তোত্র | ঐ | ৪৬ |
| ১০ । | শ্রীগোপালাষ্টক-স্তোত্র | তোটক | ৫৩ |
| ২১ । | শ্রীকৃষ্ণাষ্টক-স্তোত্র | ত্রিপদী | ৫৭ |
| ১২ । | শ্রীহরি হর-স্তোত্র | বসন্ত-তিলক | ৬১ |
| ১৩ । | শ্রীরাম-স্তোত্র | ত্রিপদী | ৬৫ |
| ১৪ । | শ্রীরামাষ্টক-স্তোত্র | পঞ্চ-চামর | ৬৮ |

| বিষয়। | ছন্দ। | পত্রাঙ্ক। |
|---|---|---|
| ১৫। শ্রীকৃষ্ণ-রামাষ্টক-স্তোত্র | স্রগ্বিণী | ৭০ |
| ১৬। শ্রীগুরু-স্তোত্র | অনুষ্টুপ্ | ৭২ |
| ১৭। শ্রীগুরু-পাদুকা-স্তোত্র | রথোদ্ধতা | ৭৪ |
| ১৮। শ্রীশ্রীদেব্যপরাধ-ক্ষমাপণ-স্তোত্র | ত্রিপদী | ৭৬ |
| ১৯। শ্রীশ্রীদুর্গা-স্তোত্র ( আপদুদ্ধার ) | পয়ার | ৮২ |
| ২০। শ্রীশ্রীকালী-অপরাধ-ভঞ্জন-স্তোত্র | ত্রিপদী | ৮৫ |
| ২১। আদ্যাশক্তি-স্তোত্র | অনুষ্টুপ্ | ৯২ |
| ২২। অর্গলা-স্তোত্র | ঐ | ৯৭ |
| ২৩। শ্রীশ্রীজগদ্ধাত্রী-স্তোত্র | ঐ | ১০১ |
| ২৪। শ্রীশ্রীঅন্নপূর্ণা-স্তোত্র | শার্দ্দূল-বিক্রীড়িত | ১০৪ |
| ২৫। শ্রীশ্রীমহালক্ষ্মী-স্তোত্র | অনুষ্টুপ্ | ১০৮ |
| ২৬। শ্রীশ্রীলক্ষ্মী-স্তোত্র | ঐ | ১১০ |
| ২৭। শ্রীশ্রীসরস্বতী-স্তোত্র | মালিনী | ১১৩ |
| ২৮। শ্রীরাধিকাষ্টক-স্তোত্র | অনুষ্টুপ্ | ১১৭ |
| ২৯। শ্রীশ্রীগঙ্গাষ্টক-স্তোত্র | ত্রিপদী | ১২০ |
| ৩০। শ্রীশ্রীগঙ্গা-স্তোত্র | পজ্ঝটিকা | ১২৪ |
| ৩১। শ্রীগুরু-স্তোত্র | অনুষ্টুপ্ | ১২৮ |
| ৩২। শ্রীশ্রীমাতৃ-স্তোত্র | শিখরিণী | ১৩০ |


## দ্বিতীয় স্তবক।

### না-ম-পু-ষ্প-মা-লা।


| | | |
|---|---|---|
| ১। শ্রীশ্রীগণেশ-নামাবলী | অনুষ্টুপ্ | ১৩৭ |
| ২। শ্রীব্রহ্মা-নামাবলী | ঐ | ১৩৯ |

| বিষয়। | ছন্দ। | পত্রাঙ্ক। |
|---|---|---|
| ৩৫। শ্রীশিব-নামাবলী | অনুষ্টুপ্ | ১৪১ |
| ৩৬। শ্রীশিব-নাম-শতক ( পীঠাদি ক্রমে ) | ঐ | ১৪৪ |
| ৩৭। শ্রীবিষ্ণু-নামাবলী | ঐ | ১৫১ |
| ৩৮। শ্রীকৃষ্ণ নামাবলী | ঐ | ১৫৫ |
| ৩৯। শ্রীশ্রীজগদ্ধাত্রী দুর্গার অষ্টোত্তর শতনাম | ঐ | ১৬১ |
| ৪০। শ্রীশ্রীজগদম্বা-নামাবলী | ঐ | ১৬৪ |
| ৪১। শ্রীশ্রীসরস্বতী-নামাবলী | ঐ | ১৭৬ |
| ৪২। শ্রীশ্রীলক্ষ্মী-নামাবলী | ঐ | ১৭৯ |
| ৪৩। শ্রীশ্রীরাধা-নামাবলী | ঐ | ১৮৩ |
| ৪৪। শ্রীশ্রীগঙ্গা-নামাবলী | ঐ | ১৮৯ |
| ৪৫। ব্রহ্ম-নামাবলী | ঐ | ১৯৭ |
| ৪৬। ঈশ্বর নামাবলী | ঐ | ২০২ |


# তৃতীয় স্তবক।

## ভা-ব-পু-ষ্পা-মা-লা।


| বিষয়। | ছন্দ। | পত্রাঙ্ক। |
|---|---|---|
| ৪৭। পূজায় আত্ম-নিবেদন— ১ম গুচ্ছক | দীর্ঘ-পয়ার | ২১৫ |
| ৪৮। ঐ ২য় গুচ্ছক | ঐ | ২২০ |
| ৪৯। ঐ ৩য় গুচ্ছক | ঐ | ২২[illegible] |
| ৫০। ঐ ৪র্থ গুচ্ছক | ঐ | |

# পরিশিষ্ট।

## চি-ত্র-পু-ষ্প-মা-লা!


| | | | |
|---|---|---|---|
| ১। | ১ম পুষ্প—ভগবত্তত্ব। | দীর্ঘ পয়ার | ২৩৫ |
| ২। | ২য় পুষ্প—অর্দ্ধনারীশ্বর। | ঐ | ২৩৭ |
| ৩। | ৩য় পুষ্প—একেশ্বর। | ঐ | ২৩৯ |
| ৪। | ৪র্থ পুষ্প—কালীকৃষ্ণ! | ঐ | ২৪১ |
| ৫। | ৫ম পুষ্প—এলোকেশী। | ঐ | ২৪৩ |
| ৬। | ৬ষ্ঠ পুষ্প—হরি-নাম! | ঐ | ২৪৫ |
| ৭। | ৭ম পুষ্প—তারকব্রহ্ম-নাম! | ঐ | ২৪৭ |
| ৮। | ৮ম পুষ্প—অভয়! | ঐ | ২৪৯ |
| ৯। | ৯ম পুষ্প—সান্ত্বনা! | ঐ | ২৫১ |
| ১০। | ১০ম পুষ্প বিজয়া। | ঐ | ২৫৩ |

শ্রীশ্রীহরিঃ।

# ভক্তি-পুষ্পাঞ্জলি।

## উৎসর্গ।

ব্রহ্মানন্দ, পদাশ্রিতে যিনি সদা প্রজ্ঞান-ভক্তীষ্টদ!
দ্বন্দ্বাতীত, কৃপা গুণে যিনি ভবে কৈবল্য-মুক্তি-প্রদ!
ভাবাতীত, পরেশ চিন্ময় পিতা অজ্ঞান-সংহারক!
জ্ঞানানন্দ-সুধার্পণে যিনি মহামন্ত্রের সংবোধক!
শান্তি-স্নেহ-সমুন্নু যাঁর করুণা, সংসার-দুঃখার্ণবে!
পাপ-ক্লেশ-নিবারি যাঁ'র চরণে, নিস্তার-নৌকা ভবে!
চিত্তে তৎ পর-রূপ-সার ধরি, এ বাক্-পুষ্প-হারাবলী,—
অর্পি শ্রীগুরু-পাদ-পদ্ম-যুগলে, মদ্-ভক্তি-পুষ্পাঞ্জলি!!

[ শার্দ্দূল-বিক্রীড়িত-ছন্দ।

# ভক্তি-পুষ্পাঞ্জলি।

প্রথম স্তবক।

## স্তোত্র-পুষ্প-মালা!

BENGAL

# শ্রীশ্রীগণেশাষ্টক-স্তোত্র।

—:০:—

[ ত্রিপদী ]

যে অনন্ত শক্তি হো'তে, অনন্ত বিধান মতে,
জীব সৃষ্টি অনন্ত জগতে !—
যে নির্গুণ হো'তে তথা, অনন্তগুণ সর্ব্বথা
উদ্ভাসিত অনন্ত রূপেতে !—
যদ্গুণে অনন্ত বিশ্ব, প্রকাশিত দৃশ্যাদৃশ্য,
ত্রিধা সত্ত্ব-রজ-তমোগুণে !—
বন্দি সেই সর্ব্বরূপে, সর্ব্বেশ্বর গণাধিপে,
নমি' আদ্য-গণেশ চরণে !! ১ ।

সর্ব্বাদ্য অনাদি পূর্ণ, যাঁর শক্তি বলে তূর্ণ
নিখিল জগৎ আবির্ভূত !—
যাঁর শক্তি হো'তে ধাতা, বিশ্বহর বিশ্বপাতা,
ব্রহ্মা শিব বিষ্ণু প্রকটিত !—
ইন্দ্রাদি দেব-সমূহ, মনুষ্যাদি জীব-বূ্যহ,
প্রাদুর্ভূত যাঁর শক্তি-গুণে !—
বন্দি সেই সর্ব্বরূপে, সর্ব্বেশ্বর গণাধিপে,
নমি আদ্য গণেশ চরণে !! ২।

বহ্নি বায়ু পৃথ্বী বারি, ব্যোমাম্বুধি বন-গিরি,
সমুৎপন্ন যাঁর শক্তি-ফলে !—
অনন্ত আকাশ ভরা, সূর্য্য চন্দ্র গ্রহ তারা,
বিঘূর্ণিত যাঁর শক্তি-বলে !!—
লতা বৃক্ষ নদ নদী, স্থাবর জঙ্গম আদি,
সমুদ্গত যাঁর শক্তি-বশে !—
ভজি সে সর্ব্বকারণে, সর্ব্বময় নিরঞ্জনে,
নমি তথা সর্ব্বেশ গণেশে !! ৩।

কিন্নর দানব যক্ষ, গন্ধর্ব্ব চারণ রক্ষ,
সর্ব্ব-ভূত সর্ব্ব-দেব-যোনি !—
সদা যাঁর শক্তি হৈ'তে, উদ্ভূত সর্ব্ব জগতে,
সর্ব্ব স্রষ্টা সর্ব্ব পাতা যিনি !—

ভূ-জল-চর বিহঙ্গ, উরগ কীট পতঙ্গ,
উজ্জীবিত যাঁর শক্তি-বশে!—
ভজি সে সর্ব্বকারণে, সর্ব্ব-ময় নিরঞ্জনে,
নমি তথা সর্ব্বেশ গণেশে!! ৪।

মনোবুদ্ধি জ্ঞান ভক্তি, ইন্দ্রিয়-প্রাণজা-শক্তি,
আত্মবতী যাঁর শক্তিগুণে!—
যাঁহার কৃপা-প্রসাদে, অভীষ্ট ধন সম্পদে,
সৌভাগ্য প্রলব্ধ ভক্তজনে!—
সর্ব্ব সিদ্ধি আসাদিত, সর্ব্ব বিঘ্ন বিদূরিত
হয় যাঁর করুণা-প্রসাদে!—
বন্দি সেই সিদ্ধিদাতা, গজানন বিশ্বপাতা,
নমি তথা বিঘ্নহর-পদে!! ৫।

পুত্র কলত্র সমৃদ্ধি, বাঞ্ছিতার্থ ফলসিদ্ধি
প্রাপ্ত সদা যাঁর শক্তি-গুণে!—
শোক দুঃখ তাপ মোহ, ভক্তি-যোগে অহরহ,
নির্ব্বাপিত যাঁহারি' চরণে!—
ধর্ম্ম অর্থ কাম মোক্ষ, সর্ব্বানন্দ সর্ব্ব-সৌখ্য,
লব্ধ যাঁর করুণা-প্রসাদে!—
বন্দি সেই সিদ্ধি-দাতা, গজানন বিশ্বপাতা,
নমি তথা বিঘ্ন-হর পদে!! ৬।

ভূলোক-ভুব-স্বর্লোকে, ব্রহ্মা-বিষ্ণু-শিব-লোকে,
ব্যাপ্ত যাঁর অনন্ত শকতি!—
সর্ব্ব বিশ্ব চরাচরে, সর্ব্ববিধ জড়াজড়ে,
ব্যক্ত যাঁর অনন্ত মূরতি!—
যাঁহার শক্তি প্রযুক্ত, অনন্তদেব সুশক্ত,
বিশ্ব সনে ধরাদি ধারণে!—
ভজি সেই সর্ব্বরূপে, গজ-বক্ত্র গণাধিপে,
নমি তথা হেরম্ব-চরণে!! ৭।

সভয়ে অনন্ত শ্রুতি, করিলা যাঁহার স্তুতি,
মন্ত্রযোগে অনন্ত প্রকারে!—
"নেতি নেতি!" বাক্যে তথা, জগৎ হো'তে সর্ব্বথা,
বিশেষিলা যে জ্ঞান-রূপীরে!—
শুদ্ধ বুদ্ধ ব্রহ্মানন্দ, চিন্ময় সচ্চিদানন্দ,
মূর্ত্তি যাঁর অসংবেদ্য ধ্যানে!—
ভজি সেই বিঘ্নহরে, ব্রহ্ম-রূপী লম্বোদরে,
নমি তথা হেরম্ব চরণে!! ৮॥

---


[ প্রণাম মন্ত্র—অনুষ্টুপ্‌ছন্দ ]

এ-কদ-ন্ত! মহা-কা-য়! ল-ম্বো-দর গজা-নন-!
হে-র-ম্ব! চরণা-ম্ভো-জে—নমি বি-ঘ্ন বিনা-শন-!

[ পাঠ ফল—পয়ার ]

ত্রিসন্ধ্যা এ স্তব যেবা নিত্য পাঠ করে,
সর্ব্ব কার্য্য সিদ্ধ তার, সিদ্ধিদাতা-বরে !
অষ্ট বার পাঠে লব্ধ হয় অষ্ট সিদ্ধি,
একবিংশতি বারেতে, স্বর্গীয় সমৃদ্ধি !
সর্ববাঞ্ছা পূর্ণ হয় সর্ববদা পঠনে,
ধর্ম্ম অর্থ কাম মোক্ষ লব্ধ তার সনে !
পরাভক্তি সহ স্তোত্র জপিতে যে পারে,
গণেশত্ব প্রাপ্ত তা'র গণাধীশ-বরে !!

[ ইতি গণেশপুরাণোক্ত দেবগণকৃত শ্রীগণেশাষ্টক-
স্তোত্রের বঙ্গানুবাদ। ]



# শ্রীশিবাপরাধ-ক্ষমাপণ-স্তোত্র।

———:+:———

শান্ত পদ্মাসন-স্থিত, শশাঙ্ক-মুকুট-যুত,
পঞ্চানন দেব ত্রিলোচন !—
শূল বজ্র খড়্গ সনে, পরশুবর ধারণে,
দক্ষিণাঙ্গ পরম-শোভন !!
ঘণ্টা আর নাগপাশে, ডমরুবর-অঙ্কুশে
বাম অঙ্গ দিব্য সুশোভিত !
দীপ্ত নানা বিভূষণে, পার্ব্বতীশ-শ্রীচরণে
স্ফটিক-মণি-কিরণ ভূত !! ১।

বন্দি আমি উমাপতি, সুরগুরু জগপতি
বন্দি তথা জগৎ কারণে !
বন্দি বরদ শঙ্করে, পশুপতি মৃগধরে,
বন্দি শিব পন্নগ-ভূষণে !!
বন্দি শ্রীমুকুন্দপ্রিয়, প্রিয়ভক্ত জনাশ্রয়,
বন্দি মহাদেব-ত্রিলোচনে !—
বন্দি তথা ভক্তিভরে, শিব শম্ভু শুভঙ্করে,
সূর্য্য-বহ্নি-শশাঙ্ক-নয়নে !! ২।

আদিতে কর্ম্মের ফলে, জন্ম যদা ধরাতলে,
লব্ধ কত গর্ভের বেদনা !
অমেধ্য জঠরে তথা, প্রলব্ধ ভীষণ ব্যথা,
অনির্ব্বাচ্য জাঠর-যন্ত্রণা !!
বর্ণিতে সে দুঃখরাশি, কেমনে হবো প্রয়াসী
শক্তিহীন আমি নিরন্তর !
সর্ব্ব অপরাধ মম, ক্ষম' মহাদেব ক্ষম',
শিব শিব শম্ভো শুভঙ্কর !! ৩।

বাল্যকালে দুঃখ তদা, অপবিত্র দেহ যদা,
স্তন্যপানে প্রবল পিপাসা !
ইন্দ্রিয়-বিষয়-ভোগে, অবিশুদ্ধ অনুরাগে,
ছিন্ন মম অন্তরের আশা !!
তাহে নানা ব্যাধিঘোরে, কখনো ক্ষণেক তরে
স্মরিনি'কো শঙ্কর চরণ !
সর্ব্ব অপরাধ মম, ক্ষম' শুভঙ্কর ক্ষম',
শিব শিব শম্ভো ত্রিলোচন !! ৪।

যৌবনে ইন্দ্রিয়-বশে, বিষয়-পঞ্চের বিষে
আশীবিষ- দষ্ট- তনু- মনা !—
বিনষ্ট বিবেক জ্ঞানে, কল্মষ-মলিন-প্রাণে
দারা পুত্র, সম্পদ বাসনা !!

অবশেষে প্রৌঢ়কালে, গর্ব্ব-মান—কর্ম্মজালে,
তব চিন্তা বিহীন অন্তর !
সর্ব্ব অপরাধ মম, ক্ষম' মহাদেব ক্ষম'
শিব শিব শম্ভো মহেশ্বর !! ৫।

বার্দ্ধক্যে রোগ-সন্তাপে, বিয়োগান্ত পরিতাপে
দীন ক্ষীণ সর্ব্বেন্দ্রিয়-কায়া !
বর্দ্ধিত তবু'ও হৃদে, কল্মষ ভ্রম-প্রমাদে,
বিষ-পূর্ণ বিষয়ের মায়া !!
মিথ্যা মোহ অভিলাষে, সংসার-ভোগবিলাসে
চিত্ত—ধূর্জ্জটির ধ্যান হীন !
সর্ব্ব অপরাধ মম, ক্ষম' মহেশ্বর ক্ষম'
শিব শিব শম্ভো পিনাকিন্ !! ৬।

ভক্তিহীন স্মার্ত্তকর্ম্মে,—সুগহন শ্রৌতধর্ম্মে—
ব্রহ্মমার্গ তত্ত্ব অবিদিত !
প্রত্যবায় ভ্রমঘোরে, কর্ম্মহীন অবিচারে,
দ্বিজ কুল-জন্য যে বিহিত !!
অনাস্থা ধর্ম্মের প্রতি, অবাধ্য ইন্দ্রিয় গতি,
অশক্ত নিদিধ্যাসনে মন !
সর্ব্ব অপরাধ মম, ক্ষম' মহাদেব ক্ষম',
শিব শিব শম্ভো ত্রিলোচন !! ৭।

ঊষাকালে স্নান করি', সুপবিত্র গঙ্গাবারি,
না আনিনু' তব স্নান তরে!
কানন-বিটপী হোতে,—বিল্বপত্র বিধিমতে,
একখণ্ড না আনিনু' ঘরে !!
না আনিনু' পদ্মাকরে, পদ্মরাশি চিত্তভোরে,
গন্ধ ধূপ চন্দন নিচয়!
সর্ব্ব অপরাধ মম, ক্ষমহ শঙ্কর ক্ষম'
শিব শিব শম্ভো মৃত্যুঞ্জয় !! ৮।

কিম্বা দুগ্ধ মধু ঘৃতে,—প্রপূর্ণ কলস শতে,
স্নপন তোমার না করিনু'!
চন্দন কুঙ্কুম চুয়া, তব অঙ্গে মাখাইয়া,
স্বর্ণ-পুষ্পে তোমা' না পূজিনু' !!
সধূপ কর্পূর দীপে, সুভক্ষ্য বিবিধ রূপে,
অর্পণে অক্ষম দীনহীন!
সর্ব্ব অপরাধ মম, ক্ষম' শুভঙ্কর ক্ষম',
শিব শিব শম্ভো কপর্দ্দিন্ !! ৯।

মূলাধার পদ্মোপরে, সূক্ষ্মমার্গে সহস্রারে
স্বাস্তদেশে শান্তির মূরতি!
প্রণব কুম্ভকযোগে, লিঙ্গরূপী অগ্রভাগে,
কভু না লক্ষিনু' তব জ্যোতি !!

ব্রহ্মবাচ্য লিঙ্গদেহে, অনার্য্য অবরগোহে,
না হেরিনু'—শঙ্কর সুবেশ !
সর্ব্ব অপরাধ মম ক্ষম' মহাদেব ক্ষম'
শিব শিব শম্ভো ব্যোমকেশ !! ১০।

চিত্ত রাখি' ও চরণে, বিত্তরাশি বিপ্রগণে,
না অর্পিনু' কভু ভক্তিভরে !
বীজ মন্ত্র উচ্চারণে, না অর্পিনু' হুতাশনে,
লক্ষ সংখ্যা হব্য তব তরে !!
না রহিনু' গঙ্গাতীরে, ব্রত পরিচর্য্যা তরে,
রুদ্রজাপ—চিত্ত অগোচর !
সর্ব্ব অপরাধ মম, ক্ষমহ শঙ্কর ক্ষম'
শিব শিব শম্ভো মহেশ্বর !! ১১।

দিগম্বর সঙ্গচ্যুত, বিশুদ্ধ ত্রিগুণাতীত,
ধ্বস্ত-মোহ, সদানন্দ তনু !
দৃষ্টি নাসাগ্র-বিনত, ভবগুণ বিরহিত,
শিবরূপে কভু না হেরিনু !!
উন্মত্ত অবস্থা সনে কলিমল-বিনাশনে,
শঙ্করে না করিনু' স্মরণ !
সর্ব্ব অপরাধ মম, ক্ষম' মহাদেব ক্ষম',
শিব শিব শম্ভো সনাতন!! ১২।

শশাঙ্ক-শেখরে হরে,　স্মরহরে, গঙ্গাধরে,
শুভঙ্করে　সর্পকণ্ঠহারে !
নয়নোথ-বৈশ্বানরে,　দন্তি-ত্বগম্বর-ধরে,
ত্রৈলোক্য-সারে শঙ্করে হরে !
কর' চিত্ত শিবপদে,　সুদৃঢ় সম্পাদাপদে,
অন্য কর্ম্মে কিবা প্রয়োজন !
দেহ' মোর শক্তি চিতে　মোক্ষপদ দরশিতে,
শিব শিব শম্ভো সনাতন !! ১৩ ।

কিবা ফল ধনদানে,　সম্পদ বিভব ধনে,
অশ্ব গজ রাজ্যে কিবা হয় ?
কি লাগিয়া দারা পুত্র,　বান্ধব কলত্র মিত্র,
পশু পক্ষী দেহ গেহ চয় ?
এ সমস্ত ভোগ্যাবলি,　নশ্বর ভঙ্গুর বলি'
দূর হো'তে ত্যাগ কর মন !
আত্মার কল্যাণ তরে,　শ্রীগুরু-বাক্য-নির্ভরে,
ভজ' ভজ' শ্রীকণ্ঠ চরণ !! ১৪ ।

হের হের দিনে দিনে,　আয়ুনষ্ট ক্ষণে ক্ষণে,
ক্ষয় প্রাপ্ত যৌবন বিকাশ !
যে দিন চলিয়া যায়　ফিরেনাক পুনরায়,
কাল সর্পে করে সদা গ্রাস !!

চঞ্চলা তথা কমলা, তরঙ্গ-ভঙ্গ-চপলা,
চপলা-চঞ্চল এ জীবন !—
রক্ষ' মোরে এ বিপদে, শরণ দিয়া ওপদে,
শিব শিব শম্ভো ত্রিলোচন !! ১৫।

দুষ্কৃত কর চরণে, বাক্য কিম্বা কায়া মনে,
কর্ম্মজ গুণজ যে দুষ্কৃত !
নয়নে শ্রবণে মনে, এ জীবনে দিনে দিনে,
অপরাধ অসংখ্য যা কৃত !—
জ্ঞান বা অজ্ঞান-কৃত, বিদিত বা অবিদিত,
দুষ্কৃত যে সঞ্চিত শঙ্কর !
সর্ব্ব অপরাধ মম, ক্ষম' কৃপানিধে ক্ষম'
শিব শম্ভো শশাঙ্ক-শেখর !! ১৬।

শুভ্রগাত্র ভস্মসিত, সিত শুদ্ধ সুহসিত,
সিত হস্ত চরণ যুগল।—
খট্টাঙ্গ কপাল সিত, বৃষভ বাহন সিত,
কর্ণে সিত মাণিক্য কুণ্ডল !!
জটা গঙ্গা-ফেন-সিত, মৌলিদেশে বিকশিত,
সুবিমল শুভ্র শশধর।—
করুন করুণা মনে, সর্ব্ব পাপ ক্ষয় মনে,
সর্ব্বসিত শশাঙ্কশেখর !! ১৭।

[ প্রণাম মন্ত্র। ]

প্রণমি শিব শঙ্করে, শান্ত শুদ্ধ মহেশ্বরে,
কারণত্রয় আদি কারণে !—
নিবেদি তব চরণে, আত্মা দেহেন্দ্রিয় মনে,
তুমি মাত্র গতি এ জীবনে !!
না জানি তোমার তত্ত্ব, না জানি পরম সত্য
কীদৃশ পরমেশ্বর তুমি !
না জানি স্বরূপ বিভো ! যাদৃশ শঙ্কর প্রভো !
তাদৃশের চরণে প্রণমি !! ১৮ ॥

---

[ পাঠফল—পয়ার। ]

নিত্য যেবা শুদ্ধচিত্তে পঠে ভক্তি ভরে,
অপূর্ব্ব এ শিব-স্তোত্র একাগ্র অন্তরে !—
শশাঙ্ক শেখর তাঁরে করিয়া করুণা,
সর্ব্ব অপরাধ সদা করেন মার্জ্জনা !!
সর্ব্ব সুখ শান্তি তাঁর লব্ধ ধরা' পরে,
মোক্ষ পদে গতি তথা শিব শম্ভু-বরে !!

ভক্তি-জ্ঞান-প্রদ সুবিশুদ্ধ সুললিত,
পবিত্র এ স্তোত্র-গাথা শঙ্কর-রচিত !!

[ ইতি শ্রীমৎ শঙ্করাচার্য্য-বিরচিত শ্রীহরাপরাধ-ক্ষমাপণ-স্তোত্রের বঙ্গানুবাদ । ]

# শ্রীহর-মহিমা-স্তোত্র।

অনন্তব তব মহিমা, কে সক্ষম তা'র সীমা
বাক্য-যোগে নির্দ্দেশ করণে !
ব্রহ্মাদি দেবতা যেহ, নহে অধিকাবী কেহ,
পূর্ণ তব মহিমা বর্ণনে !!
তথাপি যেরূপ শক্তি, যা'র যথা অনুরক্তি,
স্তুতি তব করে সেই মতে !
আমি ও তেমতি হর ! স্তব কবি শুভঙ্কর !
দোষ মম না লহ'হ এতে !! ১ ।

বাক্য-মন-পথাতীত, অবাচ্য ভাবনাতীত,
শম্ভো ! তব অপার মহিমা !
"তন্ন তন্ন !" শব্দবতী, চকিতা ত্রপিতা শ্রুতি,
কভু তব দিতে নাবে সীমা !!
তত্রাপি তোমার কথা, বর্ণিতে মহিমাগাথা
নহে ইচ্ছা কা'র বাক্য-মনে ?
তাই প্রভো যথা-মতি, করি আমি তব স্তুতি,
কথঞ্চিৎ মহিমা কীর্ত্তনে !! ২ ।

যজ্ঞাদির মন্ত্রামৃত, দেবগণ যাহে প্রীত,
সর্ব্ব শ্রুতি তোমারি' রচনা!
দেব গুরু ব্রহ্মা-স্তবে, হয় কি কখনো' তবে
বিভো তব বিস্ময়-সাধনা?
সন্তোষ বিধানে তব, কেমনে সক্ষম হ'ব,
নাহি মম চিত্তে সে যুকতি!
শুদ্ধ মম বাক্যাবলি, পবিত্র করিব বলি'
আমি হর! করি তব স্তুতি!! ৩।

রজ-সত্ত্ব-তমোগুণে, পরমৈশ্বর্য্য ধারণে,
সৃষ্টি-স্থিতি-লয়-কর্ত্তা তুমি!—
ত্রয়ী-বাক্যে প্রতিষ্ঠিত, ত্রিগুণ-শক্তি-সংযুত,
ত্রিধা তুমি ত্রিজগৎ-স্বামী!!
জড়-বুদ্ধি কেহ কেহ, শক্তি-ময় তব দেহ,
ভ্রান্ত-মনে অবিশ্বাস করে!
অজ্ঞান-মলিন চিত্তে, বৃথা তব ঈশ্বরত্বে,
কুতর্ক উত্থাপে ভ্রম-ঘোরে!! ৪।

'শক্তি বা ইন্দ্রিয়কায়া, চেষ্টা বা ইচ্ছাদি ক্রিয়া,
চিদানন্দে কেমনে সম্ভবে?—
'কিমাধার কিরূপেতে, কোন্ উপাদান হো'তে,
সৃজিলা এ বিশ্ব হেন ভাবে?'—

ইত্যাদি কুতর্ক সহ, হত-বুদ্ধি যত কেহ,
হর! তব বিলোপ-প্রয়াসী!
অজ্ঞান-তিমিরে ভব! মাহাত্ম্য না জানি' তব,
বুঝি তা'রা ঈশ্বর-বিদ্বেষী!! ৫।

তব সত্তা অস্বীকারে, ভাষে অজ্ঞানান্ধ নরে,
'সর্ব্ব-লোক উৎপত্তি-রহিত!
এ যুক্তি অগ্রাহ্য সদা, বিশ্বমাঝে হয় কদা,
অবয়বী জন্ম-বিরহিত!!—
অথবা,—'জগৎ যত, ঈশ্বর-শক্তি ব্যতীত,
স্বত এব উৎপন্ন স্বভাবে!'—
এ হেন অলীক তর্ক, তব নামে অবিতর্ক্য!
করে শুদ্ধ মোহাচ্ছন্ন জীবে!! ৬।

কোন শাস্ত্রে হেরি যুক্তি, নিত্য জড়-অভিব্যক্তি,
জড়তত্ত্ব- পরমাণু- বাদে!—
কেহ বা অনিত্য তাহে, নিত্যানিত্য কেহ কহে,
আকাশ-বাদ বা শূন্য-বাদে!!
এ সমস্ত হেরি' ভব, বর্ণিতে মাহাত্ম্য তব,
সত্য মম লজ্জা করে মনে!
দুর্জ্ঞেয় পরম তত্ত্ব, তবু মম ধৃষ্ট চিত্ত,
দুরাকাঙ্ক্ষ মহিমা বর্ণনে!! ৭।

বেদ সাঙ্খ্য পাতঞ্জলে, বৈষ্ণবাদি শাস্ত্রমূলে,
বিবিধ- বিভিন্ন- পথাদৃত !—
সরল বা বক্র পথে, একেশ্বর শক্তিসাথে,
পর-তত্ত্ব তুমি সুনির্ণীত !!
দৃষ্ট যথা ধরা'পরে, বিভিন্ন তটিনী-নীরে,
একমাত্র গন্তব্য অম্বুধি!
তেমতি নিখিল স্বামী, একমাত্র হর! তুমি,
সর্ব্ব-শাস্ত্র-প্রতিপাদ্য নিধি !! ৮।

তোমারি' কৃপা-কটাক্ষে, ইন্দ্র চন্দ্র দেব-লক্ষে,
ভোগ-সৌখ্য-ঐশ্বর্য্য লক্ষিত!
তত্রাচ আত্ম-কারণে, খট্টাঙ্গ কুঠার সনে,
ব্যাঘ্র-কৃত্তি ভস্ম মাত্র ধৃত !!
বাহনে বৃষভ শুধু, অশনে গরল মধু,
ভূষণে কঙ্কাল আর ফণী!!
ব্যক্ত ইথে,—ভোগ আশা, বিষয়-সৌখ্য-পিপাসা-
অনাসক্ত আত্মারাম যিনি !! ৯।

স্রষ্ট্ৃত্বাদি স্পর্দ্ধা করি', একদা বিরিঞ্চি হরি,
তব সীমা নির্দ্ধারণে রত!
অনন্ত ঊর্দ্ধাধঃ দেশে, লিঙ্গ-সীমা অবশেষে,
না লভিয়া উভয়ে লজ্জিত !!

অতঃপর স্তব-প্রীত স্বরূপ তব অদ্ভুত
দেখাইলে বিরিঞ্চি কেশবে!
স্তুতি-বাক্যে হেন যবে, পূর্ণকাম হয় সবে,
মম আশা অপূর্ণ কি র'বে? ১০।

দশ-মুণ্ড মহাবলী, নিত্য এক মুণ্ড বলি,
অর্পি' তব পদে পদ্ম-সম!
তব কৃপা-শক্তি-বলে, স্বর্গ-মর্ত্ত্য-রসাতলে,
দুর্জ্জয় দুর্দ্দম্য শূরোত্তম!!
তব পদে করি' ভক্তি, লভিলা অসীম শক্তি,
ব্যক্ত যাহা বিংশতি-বাহুতে!
তোমারি' কারুণ্যগুণে, হর! তব ভক্তজনে,
কোন্ সিদ্ধি অসাধ্য জগতে? ১১।

পুনঃ যবে দশস্কন্ধ, স্ববিক্রম-দর্পে অন্ধ,
পূজা-পথ-ক্লান্তি দূরিবারে,—
চেষ্টিলা স্বশক্তি-ভরে, উৎপাটিয়া আনিবারে,
নিজপুরে কৈলাস-অদ্রিরে!—
তুমি তদা পদাঙ্গুষ্ঠে, প্রতিঘাতি' গিরিপৃষ্ঠে
নিক্ষেপিলা রক্ষে রসাতলে!
অক্ষয় তোমার শক্তি উপেক্ষিয়া কোন্ ব্যক্তি
বর্দ্ধিতে সক্ষম আত্ম-বলে? ১২।

বাণনামে ক্ষিতিপতি, সসাগরা ধরাপতি
ইন্দ্রাধিক ঐশ্বর্য্য লভিলা!
অপ্রতিহত প্রভাবে, আত্ম-পরিজন-ভাবে,
ত্রিভুবনে অধীন করিলা!
বিচিত্র নহে একথা, বচনে মনে সর্ব্বথা—
ভক্ত জনে, অসাধ্য কি ভবে?
শ্রীপদ যে করে সেবা, অলব্ধ তাহার কিবা,
হর! তব করুণা-প্রভাবে? ১৩।

সমুদ্র মন্থন কালে, সুতীব্র গরলানলে,
ব্রহ্মাণ্ডের ধ্বংস-দশা হেরি',—
দেবাসুর ভয়াপন্ন তব শরণ-প্রপন্ন,
প্রার্থিলা তব কারুণ্য-বারি!!
তদা সর্ব্ব-রক্ষা তরে, কালকূট কণ্ঠে ধোরে,
নীল-কণ্ঠ তুমি বিশ্ব-প্রভো!
রক্ষিতে লোক-সংহতি, শ্লাঘ্য তব এ বিকৃতি,
নির্ব্বিকল্প নির্ব্বিকার বিভো!!১৪।

যা'র শর দেবাসুরে, গন্ধর্ব্ব কিন্নর নরে
ব্যর্থ কভু নহেক, সে স্মর,—
সামান্য দেবতা জ্ঞানে, পুষ্প-বিশিখ-সন্ধানে,
হানিলা তোমার অঙ্গে হর!

তেগতি হইল তূর্ণ, মনসিজ দর্প চূর্ণ,
দগ্ধ তনু তব নেত্রানলে!
জিতেন্দ্রিয় তোমা' প্রতি, অবজ্ঞানে এদুর্গতি,
অতনু অর্জ্জিলা কর্ম্ম-ফলে !! ১৫।

ত্রিজগৎ রক্ষাতরে, রাক্ষসেরে মোহিবারে,
মহানৃত্য যে'ক্ষণ করিলে !—
মত্ত-পদাঘাতে ধরা, রসাতল-গতি-পরা,
গ্রহ-তারা ত্রস্ত নভস্তলে !!
জটাজূট সঞ্চালনে, বিক্ষেপিত ত্রিভুবনে,
সুর-নর-নাগ-লোক যত !—
প্রচণ্ড তব তাণ্ডবে, রক্ষা পরিবর্ত্তে ভবে,
ধ্বংস যেন সে'ক্ষণ লক্ষিত ॥ ১৬।

অম্বুধি বিশুষ্ক যদা, জাহ্নবী-প্রবাহ তদা,
পুনঃ তারে সম্পূর্ণ করিল!
ধরিত্রী বেষ্টন করি, অসীম সে গঙ্গা-বারি,
ত্রিভুবনে বিস্তৃত হইল !—
অখণ্ড-আকাশ-ব্যাপ্ত, সে অম্বু জটাবিলুপ্ত,
বিন্দু মাত্র লক্ষ্য তব শিরে!
পূর্ণ তব রূপ-তত্ত্ব, অনন্ত দেহ-গুরুত্ব,
সত্য তবে চিন্তিতে কে পারে? ১৭।

ত্রিপুরের বিনাশনে, চন্দ্র-সূর্য্য চক্রসনে,
রথ তব বসুমতী ক্ষৌণি!
বিরিঞ্চি সারথি ভব। মন্দর ধনুক তব,
শর যাহে বিষ্ণু চক্রপাণি!!
তৃণবৎ সে অসুরে বিনাশিতে ক্ষণতরে
কেন হর! আড়ম্বর এত?
বুঝিনু' এক্ষণ আমি কর্ম্মাধীন নহ' তুমি,
ক্রীড়া তব লীলা মাত্র স্মৃত!! ১৮।

অর্পি' তব পদোপরি, সহস্র কমল, হরি
নিত্য তোমা' অর্চ্চিতেন যদা!.
ভকতি পরীক্ষা ছলে, হরি' এক শতদলে,
হর! তুমি বক্ষিলে একদা!
এক পদ্ম ন্যূন দেখি, উৎপাটি' কমল আঁখি,
হরি তাহে অর্চ্চিলা তোমারে!
তুষ্ট হো'য়ে বিষ্ণু'পরে, ত্রিভুবন রক্ষা তরে,
সুদর্শন চক্র দিলে তাঁরে!! ১৯।

শ্রুতি-সিদ্ধ সুবিধানে, ক্রতু-ক্রিয়াসমাপনে,
উৎপাদিয়া যাজ্ঞিক-অদৃষ্ট,—
ক্রতু-ফল-প্রদ ভব! অপূর্ব্ব বিধানে তব
যজ্ঞ-ফল- হয় প্রবিনষ্ট!!—

সর্ব্ব-যজ্ঞ-ফল-দানে, প্রতিভূ তুমি ভুবনে,
ফল-সিদ্ধি অলব্ধ অন্যথা!
তব পদে ভক্তি বিনা, বিনা তব আরাধনা,
সর্ব্ব যজ্ঞ নিষ্ফল, সর্ব্বথা!! ২০।

ক্রিয়া-দক্ষ ক্ষিতি-পতি, দক্ষরাজ প্রজাপতি,
যজ্ঞ-কর্ত্তা যদা পুরাকালে!—
ঋষি-সঙ্ঘ ভৃগুপতি, পৌরোহিত্যে যথা ব্রতী,
সুর-বৃন্দ সদস্য যে স্থলে!!
এক মাত্র তব 'পরে অবজ্ঞা প্রকাশ তরে,
দক্ষ-যজ্ঞ নষ্ট তব কোপে!
যজ্ঞেশ্বর সুরার্চ্চিত, তুমি যত্র উপেক্ষিত,
হবে যজ্ঞ সুসিদ্ধ কিরূপে? ২১।

সন্ধ্যা-রূপে মুগ্ধ-ভাবে, পদ্ম যোনি ব্রহ্মা যবে,
স্বকন্যার সম্ভোগ-প্রকামী!—
হরিণী-রূপে চঞ্চলা, ধাবিতা ভয়-বিহ্বলা,
মৃগ-রূপে ব্রহ্মা অনুগামী!!
ব্যাধ-রূপে তুমি হর! নিক্ষেপিলে শর খর,
ত্রাসে ব্রহ্মা ত্রিলোকে বিব্রত!—
সভীতি-লজ্জিত বেশে, স্তুতি বাক্যে অবশেষে,
হর! তোমা' সম্বোধিলা কত!! ২২।

মুগ্ধ-চিত্তা যদি নারী, অর্দ্ধ-নারীশ্বর হেরি'
তব রূপে, স্ত্রৈণ তোমা' ভাবে!—
ভ্রান্ত হবে সে যুকতি, বিশ্ব-ধামে কে যুবতী
শক্তি-মতী, সম্মোহিতে ভবে?
ত্রৈলোক্য-সুন্দরী সতী, পূর্ণ-প্রভা হৈমবতী-
মূর্ত্তি-রূপে বিমোহিতে তোমা,'—
নেত্রানলে দগ্ধ-তনু, ব্যর্থ যদা পুষ্প-ধনু,
সম্মোহিতে কে তবে সক্ষমা? ২৩।

শ্মশান ক্রীড়ার ক্ষেত্র, ভুজঙ্গ-ভূষিত গাত্র,
সঙ্গী তব পিশাচ-নিবহ!
চিতা-ভস্ম বিলেপনে, নৃ-করোটী মালা-স্থানে,
পান-পাত্র কপাল সমূহ!!
শুভ-লক্ষণ বিনাশী, সর্ব্ব অমঙ্গল্য-রাশি,
দৃষ্ট তব সজ্জা-বিভূষণে!
তত্রাপি তোমারে হর! স্মরে যেবা শুভঙ্কর!
সর্ব্ব-শুভ অর্পহ সে জনে!! ২৪।

রোধি' প্রাণেন্দ্রিয়-শক্তি, প্রত্যাহরি' মনোবৃত্তি,
আত্ম-যোগী কৃতার্থ সংযমী,—
লভে যে পরম তত্ত্ব, গুণাতীত শুদ্ধ সত্ত্ব,
সত্য-রূপী সেই তত্ত্ব তুমি!!

আনন্দামৃত-সাগরে, যাঁর সঙ্গে চিদাধারে,
যোগীন্দ্র-জীবাত্মা সম্মিলিত!—
অখণ্ড নিখিলানন্দ, তুমি সে সচ্চিদানন্দ,
পরমাত্মা পরব্রহ্ম স্মৃত!! ২৫।

তুমি সূর্য্য, তুমি চন্দ্র, তুমি বহ্নি, তুমি, ইন্দ্র,
ক্ষিতি, বারি, বায়ু, বিশ্বপরে!
অখণ্ড আকাশ রূপে, অনন্ত কাল-স্বরূপে,
আত্মা তুমি সর্ব্ব-চরাচরে!!
তুমি দীপ্তি, তুমি প্রভা, তুমি কান্তি, তুমি শোভা,
মনোবুদ্ধি ইন্দ্রিয় প্রকৃতি!
ধর্ম্মাধর্ম্ম ভাব ভক্তি, সর্ব্ব গুণ, সর্ব্ব শক্তি,
অনন্ত অবোধ্য পরা গতি!! ২৬।

ঋক্-যজু-সাম-শ্রুতি, ভূর্ভুব-স্বর্লোক ভাতি,
জাগরণ-স্বপ্ন-নিদ্রা তথা!—
প্রণবোক্ত ত্রি-অক্ষরে, ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরে,
একাধারে ত্রিশক্তি সর্ব্বথা!!
প্রণবৈক-প্রতিপাদ্য, বিশ্ব বন্দ্য জগদাদ্য,
ত্রিগুণাত্ম একেশ্বর তুমি!
বিশ্ব-ধাতা বিশ্ব-পাতা, বিশ্ব-পতি বিশ্ব-পিতা,
বিশ্ব-রূপী তুমি বিশ্ব-স্বামী!! ২৭।

ক্ষিত্যাদি মূর্ত্তির সনে, চন্দ্র-সূর্য্য-যজমানে,
অষ্ট-মূর্ত্তি তব প্রকাশিত !
সর্ব্ব, ভীম, রুদ্র, ভব, উগ্রেশান, মহা, তব
পশুপতি, নামাষ্টক স্মৃত !!
ব্রহ্মাদি দেবতা গণে, তব নামৈক শ্রবণে,
সদা কত উৎসুক অন্তরে !
অষ্ট-নাম-প্রতিপাদ্য, পরমেশ্বর অনাদ্য,
ভক্তি-ভরে প্রণমি তোমারে !! ২৮।

প্রণমি আমি মহিষ্ঠে, পরমেষ্ঠী সর্ব্ব-শ্রেষ্ঠে
দবিষ্ঠে নেদিষ্ঠে নমোনমঃ !
প্রণমি আমি ক্ষোদিষ্ঠে, গরিষ্ঠে তথা লঘিষ্ঠে,
বর্হিষ্ঠে যবিষ্ঠে নমোনমঃ !!
নমি আমি বিশ্ব-রূপে, নমি তব ত্রি-স্বরূপে,
নমোনমঃ সর্ব্ববিশ্বাধারে !
নমি সর্ব্ব-শক্তিময়ে, নমি সর্ব্ব-ভূতাশ্রয়ে,
নমোনমঃ সর্ব্বে সর্ব্বেশ্বরে !! ২৯।

রজোগুণাশ্রয়ে তব, সৃষ্টিকর্ত্তা তুমি ভব !
নমোনমঃ তব ব্রহ্মা-রূপে !
তুমি মৃড় সত্ত্ব-গুণে, রক্ষা-কর্ত্তা ত্রিভুবনে,
নমোনমঃ শ্রীবিষ্ণু বিশ্বপে !!

তমোগুণে তুমি হর! সংহর্ত্তা সর্ব্ব-সংহর,
নমোনমঃ রুদ্র-রূপে তব!
নিস্ত্রৈগুণ্য শিব-নামে, মোক্ষদ তুমি নিষ্কামে,
নমোনমঃ ব্রহ্ম রূপে শিব!! ৩০।


মাহাত্ম্য তব অসীম, ক্ষুদ্র অতি বুদ্ধি মম,
জ্ঞান তাহে অবিদ্যা-প্রশ্রিত!
তাই তব স্তব-গানে, শম্ভো আমি বাক্য-মনে,
অপরাধী, শঙ্কিত, লজ্জিত!!
তবু প্রভো ভক্তি-ভরে, বাক্য-পুষ্প-উপহারে,
পাদ-পদ্ম পূজিনু' শঙ্কর!
সবব অপরাধ মম, ক্ষম' শুভঙ্কর ক্ষম'
শিব শম্ভো! শশাঙ্ক-শেখর!! ৩১।

মসি-পাত্র অম্বুধিতে, অসিতাদ্রি-সুমসিতে,
ধরি' অমর-দ্রুম-লেখনী!—
উর্ব্বী-পত্র'পরি ভব, অনন্ত মাহাত্ম্য তব
স্বয়ং লিখেন যদি বাণী!—
তত্রাপি অনন্ত কালে, অপূর্ণ বর্ণনা ছলে,
মহিমা তোমারি' মহেশ্বর!
এহেন মাহাত্ম্য তব, আমি কি বর্ণিব ভব!
ক্ষম' শিব! শশাঙ্কশেখর!! ৩২॥

[ পাঠ ফলাদি—মালিনীছন্দ ]

কুসুম দশন না–ম্না–সর্ব্ব গ–ন্ধ–র্ব্ব ঈ–শ– !
শিশু শশধর মৌ–লী– দে–ব দে–বে–র দা–স- !
স্তুতি ময় বর বা–ক্যে–প্রা–তিভ–ক্তি-প্রকা–শে–
হৃতনিজবলশ–ক্তি– প্রা–র্থিলা–সে–শিবে–শে–!
সুরবর হর পূ–জি'– স্বর্গ মো–ক্ষৈ–ক দা–তা,–
স্তবন বিমল রা–গে–যে–পঠে– শু–দ্ধ–চে–তা,–
গমন শিব সমী–পে– সে–করে–পা–শমু–ক্ত–
মিলিত চরণ প–দ্মে– সে– মহা–দে–ব ভ–ক্ত- !!

[ ইতি গন্ধর্ব্বরাজ শ্রীপুষ্পদন্ত কৃত মহিম্নঃ-স্তোত্রের বঙ্গানুবাদ । ]



# শ্রীশিবনামাবলী-স্তোত্র।

[ বসন্ত-তিলক ছন্দ। ]

হে- চ-ন্দ্র চূ-ড় মদনা-ন্তক শূ-লপা-ণে- !
স্থা-ণো-গিরী-শ গিরিজে-শ পিনা-ক পা-ণে-!
ভূ-তে-শ ভী-তি হর হে- ভব ক-ল্মষা-রে !
সং-সা-র দুঃ-খ গহনে- শিব ! র-ক্ষ' মো-রে-!! ১।

হে- পার্ব্বতী-হৃদয় বল্লভ সর্ব্ব রূ-প- !
ভূ-তা-ধিপ প্রমথনা-থ শিরী-শ জাপ-!
হে- বা-ম দে-ব ভব রুদ্র শিব স্মরা-রে- !
সংসা-র দুঃখ গহনে- হর ! রক্ষ' মো-রে !! ২।

গঙ্গা-ধর প্রমথ না-য়ক নন্দিকে-শ- !
বা-রা-ণসী-পুর পতে- মণিকর্ণিকে-শ-!!
হে- বিশ্ব না-থ করিয়া- করুণা-কটাক্ষ,-
সংসা-র দুঃখ গহনে- জগদী-শ ! রক্ষ'-!! ৩।

হে- নী-লকণ্ঠ বৃষভ ধ্বজ পঞ্চবক্ত্র- !
লো-কে-শ শে-ষ বলয়- প্রলয়া-নুরক্ত- !
হে- ধূর্জ্জটে- করি' স্তুতে- সুকৃপা-কটাক্ষ,-
সংসা-র দুঃখ গহনে- জগদী-শ ! রক্ষ'- !! ৪।

শ্রীমন্মহেশ্বর বিভো– শিব হে– দয়ালো–!
সর্ব্বজ্ঞ সর্ব্ব হৃদয়ে-শ মহা–কৃপা–লো– !
হে– ব্যো–মকে–শ শিতিকণ্ঠ হর স্মরা–রে– !
সংসা–র দুঃখ গহনে– শিব ! রক্ষ' মো–রে–!! ৫ ।

ভস্মাঙ্গরা-গ নৃকপা-ল কলা-প মা-লিন্ !
মৃত্যুঞ্জয় ত্রিনয়ন ত্রিগুণ ত্রিশূ-লিন্ !
না-রা-য়ণ প্রিয় মদা-পহ হে– পুরা-রে– !
সংসা-র দুঃখ গহনে– হর ! রক্ষ' মো-রে–!! ৬ ।

হে– বিশ্ববন্দ্য করুণা–ময় দী–নবন্ধো–!
গৌ–রী–পতে– ভবপতে– শিব শক্তি সিন্ধো–
দা–রিদ্র্য দুঃখ দহনার্দ্দিত আমি ত্র্যক্ষ !
সংসা-র দুঃখ গহনে– জগদী-শ ! রক্ষ' !! ৭ ।

শম্ভো- বিভো- নমি পদে- ক্ষম' চন্দ্রমৌলে-!
হে- শঙ্করী-প্রিয় ভবে-শ শশাঙ্ক মৌ-লে-!
পা-পী-জনে- বিতরণে- করুণা- কটাক্ষ-,
সংসা-র দুঃখ গহনে- জগদী-শ ! রক্ষ'-!! ৮ ॥

[ ইতি শ্রীমৎশঙ্করাচার্য্য-বিরচিত শ্রীশিবনামাবল্যষ্টক স্তোত্রের বঙ্গানুবাদ । ].

# শ্রীশিবাষ্টক স্তোত্র।

[ তোটক-ছন্দ। ]

জগদী-শ অনী-শ অশে-য গুণে,-
গুণ হী-ন মহেশ বিষা-ভরণে-!
রণ নি-র্জ্জিত দৈ-ত্য পুরা-রি ভবে,-
ভব ক-ল্প তরু-প্রণমা-মি শিবে-!! ১।

গিরিরা-জ সুতা-পতি বি-শ্বধরে-
সিত চ-ন্দ্র ছটা- বর অ-ঙ্গ পরে-!
বিধি বি-ষ্ণু শিব-স্তুত ঈ-শ শিবে,-
শিব ক-ল্প তরু-প্রণমা-মি ভবে-!! ২।

শশি র-ঞ্জিত স-ন্দিত স-মুকুটে-
কটি ল-ম্বিত সু-ন্দর কৃ-ত্তিপটে-!
সুর শৈ-বলিনী-কৃতজু-ট ধরে-
ভব ক-ল্প তরু-প্রণমা-মি হরে-!! ৩।

নয়ন-ত্রয় ভূ-ষিত চা-রু মুখে,-
শশি কো-টি বিভা-তব পা-দ নখে-!
বিধু খ-ণ্ড বিম-ণ্ডিত ভা-ল 'পরে,-
শিব ক-ল্প তরু-প্রণমা-মি হরে-!! ৪।

গরলা-সন আ-জি বিষা-ণ ধরে,—
বৃষ বা-হন শূ-ল পিনা-ক করে—!
ফণি ভূ-ষণ দে-ব ভব-প্রভবে,—
ভব ক-ল্প তরু-প্রণমা-মি শিবে—!! ৫।

প্রথমা-ধিপ সে-বক র-ঞ্জনকে,—
শশি শে-খর ম-ন্মথ গ-ঞ্জনকে—!
ভব ভী-তি নিবা-রণ ভ-র্গ ভবে,—
শিব ক-ল্প তরু-প্রণমামি শিবে—!! ৬।

পদপ-ঙ্কজ সা-র সুধা-সুষমা,—
কহিতে— তব স-ক্ষম কে— মহিমা—!
জগদু-দ্ভব পা-লন না-শ করে—
ভব ক-ল্প তরু-প্রণমা-মি হরে—!! ৭।

মম পা-প কলা-প সুপূ-র্ণ হিয়া—
কভু অ-র্চ্চিনু' না— জল পু-ষ্প দিয়া—!
ক্ষম' দে-ব কৃপা-করি' পা-তকিরে,—
শিব ক-ল্প তরু—প্রণমা-মি হরে—!! ৮॥

[ ইতি শ্রীশিবাষ্টকের মর্ম্মানুবাদ ]

# শ্রীকৃষ্ণস্তোত্র।

[ ত্রিপদী। ]

অজ্ঞান-কুণ্ঠিত-মতি, আকুলাত্মা মম প্রতি
সুপ্রসন্ন হও ভগবন্!
তবাঙ্ঘ্রি-পঙ্কজে রতি, উত্তমা ভকতি প্রীতি,
শক্তিহীনে করহ অর্পণ!! ১।

নমিত-দ্যুতি-পঞ্জর! দীনবন্ধো দুঃখ-হর!
সুপ্রসন্ন হও নারায়ণ!
পুরুষোত্তম অজেয়! অনাময় অপ্রমেয়!
অনাদে! অনন্ত বিশ্বাত্মন্!! ২।

অচিন্ত্য অজ অজ্ঞেয়! অনির্ব্বাচ্য অনির্ণেয়!
স্বসংবেদ্য অবোধ্য-প্রকৃতে!
চিদানন্দ-রূপ-ধর! বিশ্বপ পরমেশ্বর!
সুপ্রসন্ন হও বিশ্বপতে—!! ৩।

সর্ব্বতুঙ্গে তুঙ্গতম,! বিস্তীর্ণে বিস্তীর্ণ-তম!
গম্ভীরে গম্ভীর-তম বিভো!
অব্যক্ত নিখিলপতে! অগোচর মহাদ্যুতে!
সুপ্রসন্ন হও বিশ্ব-প্রভো!! ৪।

সর্ব্বাদ্য জাতির আদ্য! সর্ব্বেশ্বর বেদবেদ্য!
সর্ব্বগুরু-গরীয শ্রীহরে!
সর্ব্ব-লোক-নিয়োজন! সর্ব্ব-পাপ-বিমোচন!
সুপ্রসন্ন হও কৈতবারে ॥ ৫।

জয় শাশ্বত মাধব! জয় বৈকুণ্ঠ কেশব!
শঙ্খ-চক্র-গদা-পদ্ম-পাণে!
জয় মায়াত্মন্ হরে! মধুসূদন—মুরারে!
জয় জয় ভবাব্ধি-তরণে!! ৬।

জগদানন্দ নন্দন! জয় দেব জনার্দ্দন!
জয় রত্ন-কিরীট-মস্তক!
জয় পঙ্ক বিভূষণ নিরুদ্ধার্ক-করারুণ,
জয় জয় বিশ্ব-প্রপালন!! ৭।

প্রণমি তোমারে হরে, পাপহর নরকারে!
নমোনমঃ সর্ব্বভয়াপহ!
প্রণমি ললিতাপাঙ্গ! জ্যোতির্ম্ময় ললিতাঙ্গ!
নমোনমঃ শুদ্ধ-সত্ত্ব-দেহ ॥ ৮।

ঈশান নয়নাতীত! সম্ভূত সর্ব্বাত্মাশ্রিত!
নমোনমঃ সম্ভৃত-কৌস্তুভ!
বিভিন্ন-রূপ-বেশগ! নমঃ শ্রুতি পথাতিগ!
নমোনমঃ সত্য সর্ব্ব-শুভ!! ৯।

নমি তব বিশ্ব-রূপে, নমি তব ত্রি-স্বরূপে,
সর্গ হেতু ব্রহ্মা-রূপ-ধরে!
বিষ্ণু-রূপে নমি তব, নমি তোমা' তথা ভব!
শিবরূপী শশাঙ্কশেখরে!! ১০।

শক্তি-রূপে নিরুপম! সর্ব্ব তব রূপে নম,
নমোনমঃ সর্ব্ব-শক্তি-প্রদে।
নমঃ লীলাময় বিষ্ণো! বৃন্দারকারাতি-জিষ্ণো
নমোনমঃ কৃষ্ণ তব পদে!! ১১॥

চক্র-বন্ধু চক্র-ধরে, বিশ্ব-বন্দ্য বিশ্বস্তবে,
নমোনমঃ বিশ্ব-ভূতানুগে!
যোগি-ধ্যেয় আত্ম-ভাবে, ভক্তার্চ্চিত বিশ্ব-দেবে,
নমোনমঃ কৃষ্ণ-পদ-যুগে!! ১২॥

গো-গোপ-গোপিকাবীত, গোসহস্র-গোপ-বৃত,
গো-পালক গোকুল-নায়কে!
গো-ব্রাহ্মণ হিত-করে, গোবিন্দ গোলোক-সারে,
নমোনমঃ গোপাল-বালকে!! ১৩।

ভক্তি-প্রদ ভক্ত জনে, কৃপাপাঙ্গে ভক্তি-হীনে,
হের ভক্ত-বৎসল শ্রীহরে!
পাদ-পদ্মে নমি তব, গোপাল কৃষ্ণ কেশব!
শ্রীচরণে ভক্তি দেহ' মোরে!! ১৪।

পূজন হবন ধ্যানে, অর্চ্চন-নিদিধ্যাসনে,
প্রণমনে নাহিক সাধনা!
ভিক্ষা তাই কৃপানিধে! সিদ্ধ যেন হয় বিধে!
সর্ব্ব কর্ম্মে তব আরাধনা!! ১৫।

শ্রীগুরু-কৃপা-প্রসাদে, সদা যেন অপ্রমাদে,
সর্ব্ব কর্ম্ম অর্পি তব পদে!
পাদ-পদ্মে নমি তব, "গোপাল কৃষ্ণ কেশব!"
জপি যেন সম্পদে বিপদে!! ১৬॥

—০:*:০—

[ পাঠফল ]

হবন জপার্চ্চা ভেদে, ভক্তি-যুত বিষ্ণু-পদে,
পূজাদিক কর্ম্ম যেবা করে!
নিত্য যেবা ভক্তি ভরে, কৃষ্ণ-স্তোত্র পাঠ করে,
জন্ম-মৃত্যু-মুক্ত সে সংসারে!!
শ্রবণে এ স্তোত্র-গাথা, কৃষ্ণ-ময় মর্ম্ম-কথা,
সুপ্রীতি পরমা অধোক্ষজে!—
সৌভাগ্য সুকৃতি সৌখ্য, ধর্ম্ম অর্থ কাম মোক্ষ,
আপ্ত যাঁর শ্রীপদ-পঙ্কজে!!

[ ইতি তন্ত্রসারোক্ত শ্রীকৃষ্ণ-স্তোত্রের বঙ্গানুবাদ। ]

# শ্রীবিষ্ণু-দশাবতার-স্তোত্র।

—০ঃ*ঃ০—

বিনাশিয়া শঙ্খাসুরে, প্রলয়-সমুদ্র-নীরে,
উদ্ধারিয়া বেদ পরিকরে!—
অর্পিলা যে ব্রহ্মা করে, বন্দি সেই আদীশ্বরে,
মৎস্য-রূপী বিষ্ণু-অবতারে!! ১।

বাসুকী-মন্দর-করে, পুরা যদা দেবাসুরে
মহাব্ধি মন্থিলা সুধা তরে!—
মহা-বেগ-বিঘূর্ণিত- বসুধা-আধার-গত
বন্দি বিষ্ণু কূর্ম্ম-অবতারে!! ২।

সমুদ্র-মেখলা ধরা, সুমেরু-কিরীট-ভারা,
সরিদুত্তরীয়া বসুমতী!—
দন্তে যাঁর সুরক্ষিতা, দশনাগ্র-সমুদ্ধৃতা,—
চিন্তি বিষ্ণু-বরাহ-মূরতি!! ৩।

ভক্ত-ভয় বিমোচিতে, স্তম্ভ অন্তরাল হো'তে
বাহিরিয়া দেব মহাদ্যুতি!—
সুর-রিপু-কায়া-ছলা, নখাগ্রে যে বিদারিলা,
চিন্তি বিষ্ণু-নৃসিংহ-মূরতি!! ৪।

ভূলোক-ভুব-স্বর্লোকে, নিত্য যাঁর সর্ব্ব দিকে,
ত্রিপদ প্রব্যাপ্ত চরাচরে!—
বলী-অনুরক্ত দেবে, নমি আমি ভক্তি ভাবে,
ত্রিবিক্রম বামন-রূপীরে!! ৫।

ত্রিসপ্ত বার যে হরি, ক্ষত্রিয় নিধন করি,'—
পিতৃ-গণে তর্পিলা রুধিরে!—
দোর্দ্দণ্ড-প্রতাপ-শালী, নমি তথা মহাবলী,
ভৃগু-পতি-রূপী সে বিষ্ণুরে!! ৬।

জন্ম লো'য়ে রঘুকুলে, সেতু বাঁধি' সিন্ধু-জলে,
লঙ্কেশ্বরে বিনাশিয়া রণে!—
লক্ষ্মী-রূপা পতিব্রতা, উদ্ধারিলা যেবা সীতা,
বন্দি সেই শ্রীরাম-চরণে!! ৭।

শক্তি-যুত-হল-করী, উদ্যত-মুষল-ধারী,—
নিত্য যেবা নৃপতি-সংগ্রামে!—
কৃষ্ণ-বলে বলী-বরে, চিত্ত-মনে ভক্তি ভরে,
বন্দি তথা বল-ভদ্র-রামে!! ৮।

অসুর-বিজয়োদ্দেশে, চীবর-চিহ্ন-সুবেশে,
হিংসাহীন কারুণ্য-স্বভাবে!—
বর্ণিলা অমোঘ কল্প, শাস্ত্র যিনি নির্ব্বিকল্প,
বন্দি সেই আদি-বুদ্ধ-দেবে!! ৯।

কল্প অবসান কালে, নিমেষে খুরাগ্র-বলে,
মহাতেজ সংঘট্ট প্রভাবে !—
নষ্ট যে করেন বিশ্ব, বন্দি আমি সে নমস্য
অশ্বরূপী কল্কি-মহাদেবে !! ১০ ।

দশ অবতার ধারী, গরুড়-পৃষ্ঠ-বিহারী,
শঙ্খ-চক্র-গদা-পদ্ম-ধারী !—
ধৃত-শ্রীবৎস-বিভূতি, তমাল-সুনীল-দ্যুতি,
বন্দি বিষ্ণু পূর্ণরূপী হরি !! ১১ ।

সুস্মিত বক্ত্র-পঙ্কজে, অম্বুদাভ নেত্রাম্বুজে,
ক্ষীরাম্বুধি-শেষ-তল্প-পরে !—
শয়ান যে লক্ষ্মী-ক্রোড়ে, বন্দি সেই একেশ্বরে,
শ্রুতি-আদ্য অনন্ত শ্রীহরি !! ১২ ॥

---

[ পাঠফল ]

অনাদি পুরুষোত্তম জগন্নাথ হরি,
সুপ্রীত এ স্তববাক্যে বিশ্ব-রূপ-ধারী !

ভক্তি ভরে ভাষিলে এ বিষ্ণু স্তোত্র-গাথা,
ধর্ম্ম অর্থ কাম মোক্ষ লব্ধ হয় তথা !!

[ ইতি তন্ত্রসারোক্ত শ্রীবিষ্ণুর দশাবতার
স্তোত্রের বঙ্গানুবাদ ]

# শ্রীমধুসূদন-স্তোত্র ।

—০ঃ*ঃ০—

প্রণবের প্রতিপাদ্য, অবোধ্য তুমি অনাদ্য,
না জানিনু' তোমা' নিরঞ্জন !
কাল-নিদ্রা ভব-ঘোরে, সংসার-নির্জ্জিত মোরে,
ত্রাণ কর' শ্রীমধুসূদন !! ১ ।

ভব দুঃখ পারাবারে, গতি মাত্র তুমি হরে !
তাই তব লইনু' শরণ !—
পাপ-পঙ্কে মগ্ন আমি, সর্ব্ব-পাপ-হর তুমি,
ত্রাণ কর' শ্রীমধুসূদন !! ২ ।

অসার সংসার-গৃহে, দারা-পুত্র-ধন-মোহে,
মুগ্ধ মম চিত্ত অনুক্ষণ !
ভোগ-তৃষ্ণা দুরাশাতে, সংসার-যন্ত্রণা হো'তে,
ত্রাণ কর' শ্রীমধুসূদন !! ৩ ।

তব পদে ভক্তি-হীন, দুঃখ-শোকাতুর দীন,
নিরালম্ব আমি অভাজন !
তাপ-পূর্ণ ভব-ঘোরে, নিরাশ্রয় পাতকীরে,
ত্রাণ কর' শ্রীমধুসূদন !! ৪ ।

সংসার-বর্ত্ম অনন্ত, গমনাগমনে শ্রান্ত,
ক্লান্ত মম তনু প্রাণ মন !
এবে যেন তব বরে, আসিতে না হয় ফিরে,
ত্রাণ কর' শ্রীমধুসূদন !! ৫ ।

কামনা-নির্ম্মিত রথে, কত লক্ষ যোনি-পথে,
কত জন্ম কো'রেছি ভ্রমণ !
কৃপানিধে বিশ্বপতে ! গর্ভের যন্ত্রণা হো'তে,
ত্রাণ কর' শ্রীমধুসূদন !! ৬ ।

জন্ম জন্ম গর্ভ-বাসে, অসহ্য যন্ত্রণা-ক্লেশে,
দুঃখ-নীরে আমি নিমগন !
রক্ষ' মোরে এ বিপদে, প্রপন্ন আমি ও পদে,
ত্রাণ কর' শ্রীমধুসূদন !! ৭ ।

প্রতিজ্ঞা কোরেছি যত, বাক্যে মনে শত শত,
কার্য্যতঃ তা' করিনি' পালন !
তৎপাপ-সন্দোহ হো'তে, কল্মষারে লক্ষ্মীপতে !
ত্রাণ কর' শ্রীমধুসূদন !! ৮ ।

পুণ্য-কৃত্যে অপ্রয়াসী, অর্জ্জিয়া দুষ্কৃত-রাশি,
বৃথা কার্য্যে কাটানু' জীবন !
সংসারের মায়া-ঘোরে, নিমগ্ন পাতকী মোরে,
ত্রাণ কর' শ্রীমধুসূদন !! ৯ ।

জন্ম-মৃত্যু-মায়া-ছলে, সুতীব্র ত্রিতাপানলে,
দগ্ধ আমি তাহে আজীবন!
এবে প্রভো কর' দয়া, বিতরি' ও পদ-ছায়া,
ত্রাণ কর' শ্রীমধুসূদন!! ১০।

মন্দ-মতি হেরি' মোরে, জন্ম পুনঃ ভবাগারে,
দিবে যদি কর্ম্ম-নিবন্ধন!—
ভক্তি যেন থাকে পদে, সর্ব্ব সম্পদ-বিপদে,—
ত্রাণ কর' শ্রীমধুসূদন!! ১১।

তবাগ্রে উন্মত্ত মত, কহিনু' বিস্তর কত,
ভ্রান্তি-পূর্ণ প্রলাপ-বচন!
জরা-মৃত্যু-ভীত মোরে, দীন দুঃখী পাপাত্মারে,
ত্রাণ কর' শ্রীমধুসূদন!! ১২॥

---

[ পাঠফল ]

যে নর দ্বাদশাক্ষর মন্ত্র-জাপ সনে,
পাঠ করে এই স্তোত্র ভক্তি-যুক্ত মনে!—
সর্ব্ব-কাম লব্ধ তা'র হয় ক্ষিতি' পরে,
গর্ভ-বাস-যন্ত্রণায় মুক্ত সে অচিরে!

চন্দ্র-সূর্য্য-গ্রহাদি সর্ব্বদা যায় আসে,
সে কভু আসে না ফিরি' জন্ম-মৃত্যুবশে !!

জপিলে হরি-বাসরে বাসুদেবে স্মরি,'—
বিষ্ণু-ধাম প্রাপ্ত, যথা যোগেশ্বর হরি !!

[ ইতি শ্রীশুকদেব বিরচিত শ্রীমধুসূদন-স্তোত্রের বঙ্গানুবাদ। ]

# শ্রীকৃষ্ণের বিশ্বরূপ-স্তোত্র।

—০ঃ*ঃ০—

হেরি দেব ! তব দেহে, সর্ব্ব দেব জীব-ব্যূহে,
সর্ব্ব ভূত সর্ব্ব চরাচরে !—
পদ্মাসন ব্রহ্মা সনে, হেরি সর্ব্ব ঋষিগণে,
ভূচর খেচর জলচরে !! ১।

অনন্ত ও বাহু-বক্ত্র, অনন্ত উদর নেত্র,
হেরি তব অনন্ত-স্বরূপে !—
আদি মধ্য নাহি তাহে, বিশ্বেশ্বর তব দেহে,
অন্ত তব নাহি বিশ্ব-রূপে !! ২।

গদাধর চক্রপাণে ! কিরীটি-রত্ন-ভূষণে,
অপ্রমেয় তব দীপ্তি-বিভা !—
অনলার্ক তেজোযুত, সমুজ্জ্বল প্রদ্যোতিত,
দুর্নিরীক্ষ্য তব অঙ্গ-প্রভা !! ৩।

নিখিল জগৎস্বামী, পরম অক্ষর তুমি,
বেদিতব্য বিশ্বের নিধান !—
সর্ব্ব-ধর্ম্ম-গোপ্তা তুমি, অব্যয় অপরিণামী,
নিত্য সত্য পুরুষ প্রধান !! ৪।

অসীম অনন্ত শৌর্য্য, অমেয় অনন্ত বীর্য্য,
তবাঙ্গে অনন্ত শক্তি রাজে!—
শশী সূর্য্য তব নেত্রে, দীপ্ত হুতাশন বক্ত্রে,
প্রতপ্ত ব্রহ্মাণ্ড তব তেজে!! ৫।

আকাশ পাতাল ভূমি, সর্ব্ব-লোক-ব্যাপ্ত তুমি,
সর্ব্ব দিকে দৃষ্ট সর্ব্ব দেশে!—
অত্যদ্ভুত মোহকরী উগ্র তব মূর্ত্তি হেরি',
লোকত্রয় প্রব্যথিত ত্রাসে!! ৬।

অই কত সুরাসুরে, কৃতাঞ্জলি স্তব করে,
প্রবেশিয়া তোমারি' অঙ্গেতে!—
স্বস্তি-বাক্যে কত ঋষি, সিদ্ধ চারণ সন্ন্যাসী,
অর্চ্চে তোমা' পুষ্কল স্তুতিতে!! ৭।

রুদ্রাদিত্য বসু যত, সাধ্য অশ্বিনী মারুত,
পিতৃ গণ দেবাদি সভয়ে।—
সিদ্ধ কিন্নরাদি লক্ষ, গন্ধর্ব্ব অসুর যক্ষ,
সর্ব্বে তোমা' হেরে সবিস্ময়ে!! ৮।

বহু-বক্ত্র, বহু-নেত্র, মহাবাহু মহাগাত্রে,
হেরি' তোমা' মহাশক্তি-যুত!—
বহু-মুখ বহু-দন্ত, হেরিয়া তব অনন্ত!
সর্ব্ব লোক ভীতি-বিকম্পিত!! ৯।

নভঃ স্পর্শী নানা বর্ণ, সুবিশাল চক্ষু কর্ণ,
ব্যাত্তানন দীপ্ত তব হেরি,'—
বিষ্ণো! আমি মোহ-ঘোরে, শঙ্কিত ব্যথিতান্তরে,
ধৃতি শান্তি বুঝিতে না পারি!! ১০।

দংষ্ট্রা-করাল বদনে, কালাগ্নি তব লোচনে,
হেরি' তব কালাগ্নি শরীরে!—
দিঙ্মোহ মম নয়নে, শর্ম্ম শান্তি নাহি মনে,
দেবেশ! প্রসন্ন হও মোরে!! ১১।

অই তব দীপ্তাননে, ধার্ত্তরাষ্ট্র গণ সনে,
লক্ষ লক্ষ নৃপতি লক্ষিত!
ভীষ্ম দ্রোণ কর্ণ সহ, দৃষ্ট সর্ব্ব সেনা-ব্যূহ,
অস্মদীয় যোধমুখ্য যত!! ১২।

সর্ব্ব নর নরপতি, প্রবেশে ত্বরিত-গতি,
ভীষণ ও করাল বদনে!
কেহ বা দশনান্তরে, বিলগ্ন-তনু বিহরে,
বিচূর্ণিত কেহ বা দশনে!! ১৩।

অম্বু-ধারা-বেগবতী যথা সর্ব্ব স্রোতস্বতী,
পশে সদা অম্বুধি-সলিলে!—
তেমতি সুবেগান্বিত, নর-লোক বীর যত,
বক্ত্রে তব প্রবেশে সকলে!! ১৪।

যথা দীপ্ত হুতাশনে, আত্ম-বিনাশ কারণে
প্রবেশে পতঙ্গকুল বেগে!—
তেমতি হেরি হুতাশে, সর্ব্বলোক আত্ম-নাশে
পশে তব মুখ মধ্যভাগে !! ১৫।

প্রজ্বলিত তব মুখে, সমুজ্জ্বল অগ্নিশিখে,
সর্ব্ব লোক দগ্ধ হেরি হরে!
জ্বলন্ত ও মুখ-গ্রাসে, কালান্তকর হুতাশে,
বিনষ্ট সমস্ত চরাচরে !! ১৬।

জানি না অজ্ঞান আমি, উগ্র-রূপী কেবা তুমি,
ধ্বংস কর বিশ্ব তব তেজে!
প্রসন্ন হইয়া হরে! রক্ষা কর' দুঃখী মোরে,
নমি তব শ্রীপদ সরোজে !! ১৭।

অনন্ত তব স্বভাবে, পুনঃ কিবা হেরি এবে,
হৃষীকেশ! তব রূপ-প্রভা!
অনন্ত জগতে যাহে, দৃষ্ট হেন তব দেহে,
হর্ষ-অনুরক্তি-পূর্ণ বিভা !! ১৮।

দৈত্যাসুর রক্ষ যত, লক্ষি' তোমা' মহাভীত,
চতুর্দ্দিকে যায় পলাইয়া!
সুর-বৃন্দ শুদ্ধ মনে, সিদ্ধ গন্ধর্ব্বাদি সনে,
স্তুতি-বাক্য কহে প্রণমিয়া !! ১৯।

বিশ্ব-স্রষ্টা ব্রহ্মা হো'তে, গরিষ্ঠ বহু গুণেতে,
অনন্ত ব্রহ্মার স্রষ্টা তুমি!
ব্যাপ্ত তুমি সর্ব্বস্থানে, চিন্তি আমি সে কারণে,
কোথা' হো'তে তোমারে প্রণমি!! ২০।

একাংশে তব অচ্যুত, অনন্ত জগৎ স্থিত,
তুমি যে অনন্ত স্থান ব্যাপী!
সর্ব্ব দেবেশ বরিষ্ঠ, সর্ব্ব সদসৎ শ্রেষ্ঠ
অসীম অনন্ত কায়া-রূপী!! ২১।

তুমি বেত্তা, তুমি বেদ্য, অনন্ত তুমি অনাদ্য,
আদিদেব পুরুষ পুরাণ!
তব শক্তি-প্রস্ফুরিত সর্ব্বলোক উজ্জীবিত,
তুমি বিষ্ণো! বিশ্বের নিধান!! ২২।

অগ্নি বায়ু জল ভূমি, স্থান কাল সর্ব্ব তুমি,
সর্ব্ব দেব অনন্ত ভুবনে!
সর্ব্ব জগতের গতি, গ্রহ তারা দিন পতি,
তুমি বিভো! শশাঙ্ক গগনে!! ২৩।

প্রজাপতি পিতামহ, ভবাদ্য প্রপিতামহ,
পূর্ণ তুমি অমিত-বিক্রমে!
অচিন্ত্য তোমারে স্মরি,' সহস্র প্রণতি করি,
নমো নমঃ পুনঃ তব নামে!! ২৪।

সর্ব্বেশ্বর সর্ব্ব লোকে, ব্যাপ্ত তুমি সর্ব্ব দিকে,
সর্ব্ব-রূপী তুমি বিশ্ব-ধামে !
পুরোভাগে পৃষ্ঠ পাশে, ঊর্দ্ধ অধঃ সর্ব্বদেশে,
নমো নমঃ পুনঃ তব নামে !! ২৫ ।

না জানি' তব মহিমা, সখা মম ভাবি' তোমা,'—
প্রসভ সমুক্ত কত পদে !
"হে কৃষ্ণ যাদব সখে !"—সম্ভাষিনু কত মুখে,
প্রণয়ে বা কশ্মল প্রমাদে !! ২৬ ।

হাস্য পরিহাস সনে, বিহার শয্যা ভোজনে,
অসৎকার আর যত কৃত !—
সর্ব্ব অপরাধ মম, ক্ষম' দেবদেব ক্ষম',
কৃপানিধে ! অবোধ্য অচ্যুত !! ২৭ ।

সর্ব্ব লোক চরাচরে, পিতা তুমি বিশ্ব'পরে,
বিশ্ব-বন্দ্য সর্ব্ব গুরু স্মৃত !
অদ্বিতীয় নিজোপম, নাহি অন্য তব সম,
অপ্রতিম-প্রভাব-সংযুত !! ২৮।

ভাবনা করি তত্রাপি, পুত্র-পক্ষে পিতৃ রূপী,
সখা-পক্ষে সখা-রূপী তোমা' !—
প্রিয় পক্ষে প্রিয় তম, অপ্রমেয় অপ্রতিম !
চিন্তি হেন তোমারি' মহিমা !! ২৯ ।

সর্ব্বদোষ বাক্য-মনে, ক্ষম' দেব কৃপা গুণে,
নমো নমঃ তব শ্রীচরণে!
সীমাবদ্ধ ক্ষুদ্র আমি, অসীম অনন্ত তুমি,
ত্বৎস্বরূপ বুঝিব কেমনে!! ৩০।

অদ্ভুত অদৃষ্ট-পূর্ব্ব, তব সর্ব্বেশ্বর সর্ব্ব
অনন্ত এ বিশ্ব-রূপ হেরি'!—
চিত্ত মম ব্যথাক্লিষ্ট, মুহ্যমান ভয়াবিষ্ট,
রক্ষ' মোরে এ রূপ সংহরি'!! ৩১।

নমো নমঃ বিশ্বপতে! প্রসন্ন হো'য়ে শ্রীপতে!
ভক্ত প্রতি অনুকম্পা করি'!
দর্শাহ পুনশ্চ হরে! চতুর্ভুজ মূর্ত্তি মোরে,
শঙ্খ-চক্র-গদা-পদ্ম-ধারী!! ৩২॥

[ইতি শ্রীভগবদ্গীতা বর্ণিত, অর্জ্জুন কৃত বিশ্ব-রূপী-
শ্রীকৃষ্ণ-স্তোত্রের বঙ্গানুবাদ।]



# শ্রীগোপালাষ্টক-স্তোত্র।

—০:*:০—

[ তোটক-ছন্দ। ]

তনু নী-রদ নী-ল সুকা-ন্তি ধরা-!
যুগ নী-রজ লো-চন দী-প্তি ভরা-!
ঘন কৃ-ষ্ণ সুকু-ঞ্চিত কে-শ ঘটা-।
শুভ সু-ন্দর ব-ঙ্কিম অ-ঙ্গ ছটা-!!
পরমে-শ পরাৎপর পূজ্য বরে-,
ভজি কৃ-ষ্ণ ধনে- সুত রূ-প ধরে-!! ১।

মণি র-ত্ন সুব-র্ণ কিরী-ট 'পরে-,
শিখি পু-চ্ছ বিভা-সুষমা-বিতরে-!
বন পু-ষ্প বিচি-ত্রিত কে-শ পটে-!
চল কা-ঞ্চন কু-ণ্ডল গ-ণ্ড তটে-!!
ভুবনে-শ সুরা-সুর ব-ন্দ্য বরে-,
ভজি কৃ-ষ্ণ ধনে-সুত রূ-প ধরে-!! ২।

বদনে-অকল-ঙ্ক শশা-ঙ্ক কলা-!
রুচিরৌ-ষ্ঠ পুটে বিধু হা-স্য ছলা- !

ধৃত ব-ক্ষ 'পরে- স্ফুট পু-ষ্পদলে-,
মণি কৌ-স্তুভ হা-র সুচা-রু গলে-!!

বিধি বি-ষ্ণু শিবা-র্চ্চিত বি-শ্বহিতে-,
নমি কৃ-ষ্ণ ধনে-ব্রজরা-জ সুতে-!! ৩।

বর অ-ঙ্গ 'পরে-ললিত-প্রতিভা-!
কর প-দ্ম যুগে-মণি র-ত্ন বিভা-!

দধি পা-য়স শ-র্কর দু-গ্ধ সরে-,
ধৃত হৈ-য়ঙ্গবী- ন সবো-জ করে-!!

জগতে-র পিতা-শ্রিত রূ-প যুতে-,
নমি কৃ-ষ্ণ ধনে-ব্রজরা-জ সুতে-!!৪।

মৃদু মা-রুত ক-ম্পিত পী-ত ধটী-!
ফুল মা-লা সুশো-ভিত চা-রু কটী-!

সিত চ-ন্দন চি-ত্রক চ-ন্দ্র করে-,
নব কু-ঙ্কুম প-ত্রক অ-ঙ্গ 'পরে-!!

করুণা-ময় বৎসল ভ-ক্ত জনে-
নমি কৃ-ষ্ণ নিধে-! তব ও- চরণে- !! ৫।

মণি কি-ঙ্কিণি শি-ঞ্জিত অ-ঙ্ঘ্রি 'পরে-!
অরবি-ন্দ পদে-মকর-ন্দ ঝরে !
নখরে- শত ই-ন্দু সুধা-সুষমা-!
পদ প-দ্ম যুগে-অমিয়া-মহিমা-!!
করুণা-কর' কা-তর দী-ন জনে-,
নমি কৃ-ষ্ণনিধে-! তব ও-চরণে-!! ৬।

জন পা-লক তা-রক কা-রক হে-!
ভয় পা-তক হা-রক বা-লক হে-!
যতনে-কভু না-দিনু' ভ-ক্তি-সনে-,
তুলসী-দল চ-ন্দন ও-চরণে-!
ক্ষম' দো-ষ কৃপা-করি' কে-শব হে-!
তব পা-দ যুগে- নমি মা-ধব হে-!! ৭।

ভব পা-প কলা-প বিলা-প যুত-!
অপ রা-ধ বিষা-দ বিবা-দ বৃত-!
মম অ-ন্তর কা-তর মো-হ মদে-!
তব কি-ঙ্কর পা-মর, রা-খ' পদে-!!
ক্ষম' কৈ-তব যা-দব মা-ধব হে-!
নম কৃ-ষ্ণ নিধে ! মম কে-শব হে-!! ৮ ॥

[ পাঠ ফল—পয়ার। ]

অপূর্ব্ব গোপাল-স্তোত্র যেবা ভক্তি ভরে,
ত্রিসন্ধ্যা একাগ্র-চিত্তে নিত্য পাঠ করে!—
সর্ব্বেশ গোপাল-কৃষ্ণ তুষ্ট তা'র প্রতি,
অভীপ্সিত বর-দানে অর্পেন্ সুগতি!
রাজ-বল্লভতা ভবে লব্ধ হয় তা'রে,—
সর্ব্ব-জন-প্রিয় তথা হয় সে সংসারে!
বাৎসল্য করুণা-ভক্তি-প্রীতি-পূর্ণ মনে,—
লক্ষ্মী যুত বাগ্মী কবি হয় সে ভুবনে !!

# শ্রীকৃষ্ণাষ্টক-স্তোত্র।

—ঃ*ঃ—

স্থির-চর-গুরু আদ্য, সর্ব্ব-বেদ-প্রতিপাদ্য,
বুদ্ধি-স্থলে সাক্ষী রূপী যিনি!—
বিষ্ণু হরি দৈত্য-হারী, ইন্দীবর-অক্ষি ধারী,
শঙ্খ-চক্র-গদা-পদ্ম-পাণি!—
যিনি পূর্ণ-শোভা-শালী, পীতাম্বর বনমালী,
লোকেশ শরণ্য চরাচরে!—
হোন্ সে পুরুষোত্তম, লক্ষ্মী-যুত কৃষ্ণ মম,
আবির্ভূত অক্ষির গোচরে!! ১।

অনিলাকাশাদি দৃশ্য, সর্ব্বভূতাত্মক বিশ্ব,
সমুদ্ভূত যাঁর শক্তি হো'তে!
স্থিতি-কল্পে সর্ব্ব-গুণী, স্বকীয় সুখাংশে যিনি,
বিশ্ব-পাতা অনন্ত জগতে!—
কল্পান্তে প্রলয় কালে, সর্ব্ব-বিশ্ব লীলা ছলে,
লীন হয় যাঁহার শরীরে!—
হোন্ সে পুরুষোত্তম, লক্ষ্মী-যুত কৃষ্ণ মম
প্রকটিত অক্ষির গোচরে!! ২।

শুদ্ধ-চেতা মুনি গণে, যম-নিয়মাদি গুণে—
নিরোধি' ইন্দ্রিয়-বৃত্তি যত !—
প্রাণ-শক্তি সংযমনে, সর্ব্ব-তত্ত্ব দেহ মনে
লয় করি'—ধ্যান-সমাহিত !—
সর্ব্ব-পূজ্য লোকেশ্বরে, মায়া-দেহী যে হরিরে,
আত্ম-যোগে হেরেন অন্তরে !—
হো'ন্ সে পুরুষোত্তম, লক্ষ্মী-যুত কৃষ্ণ মম
আবির্ভূত অক্ষির গোচরে !! ৩।

পৃথ্বী- 'পরে অধিষ্ঠাতা যাঁ'র শক্তি-নিয়মিতা—
পৃথ্বী কভু না জানেন যাঁরে !—
চতুর্ব্বেদে যিনি উক্ত, নির্ব্বিকার পর-তত্ত্ব,
অধীশ্বর বিশ্ব-চরাচরে !—
শরণ্য যে লোকেশ্বরে, সিদ্ধ মুনি সুর নরে
ধ্যান সদা করেন অন্তরে !—
হো'ন্ সে পুরুষোত্তম, লক্ষ্মী-যুত কৃষ্ণ মম,
প্রকটিত অক্ষির গোচরে !! ৪।

ইন্দ্রাদি দেব অনন্ত, যাঁর বলে বলবন্ত,
জিনিবারে দিতি-পুত্র-গণে !—
যাঁর চেষ্টা-শক্তি বিনা, স্বতন্ত্র কার্য্য সা
সম্ভাবিত নহে ত্রিভুবনে !—

পাণ্ডিত্য-কবিত্ব-গর্ব্ব,　　যাঁর কাছে চির খর্ব্ব,
একেশ্বর যিনি বিশ্ব 'পরে!—
হো'ন্ সে পুরুষোত্তম,　　লক্ষ্মী-যুত কৃষ্ণ মম,
আবির্ভূত অক্ষির গোচরে !! ৫।

যাঁর ধ্যান বিনা ভবে,　　সহস্র জন্ম মানবে,
শূকরাদি-পশুত্ব প্রাপিত!—
যাঁর জ্ঞান ব্যতিরেকে,　　মনুষ্য এ নর-লোকে,
জন্ম-মৃত্যু-ভয়-প্রপীড়িত!—
বিনা যাঁর স্মৃতি-কথা,　　ক্রিমি-যোনি লব্ধ তথা
লক্ষ লক্ষ জন্ম ধরা 'পরে!—
হোন্ সে পুরুষোত্তম,　　লক্ষ্মী-যুত কৃষ্ণ মম,
প্রকটিত অক্ষির গোচরে !! ৬।

সর্ব্ব-ভীতি-ভ্রান্তি-হারী,　　ঘন-শ্যাম-কান্তি-ধারী,
যিনি বিষ্ণু রাম রঘুপতি!—
ব্রজ-বালক-বয়স্য,　　অর্জ্জুন-সখা নমস্য,
শরণ্য-শরণ্য সর্ব্বগতি!—
স্বয়ম্ভু ত্রিলোক পাতা,　　বিশ্বে যিনি সর্ব্ব-পিতা,
সর্ব্ব-সুখ-প্রদাতা সংসারে!—
হোন্ সে পুরুষোত্তম,　　লক্ষ্মী-যুত কৃষ্ণ মম,
আবির্ভূত অক্ষির গোচরে !! ৭।

ধর্ম্ম-গ্লানি ভবে যদা, প্রকট-শরীরী তদা,
ধর্ম্ম-সংস্থাপনে যিনি রত!—
সাধু-জন-ধাতা যিনি, বেদ-বেদ্য সর্ব্ব গুণী,
লোক-স্বামী সর্ব্ব-গুণাতীত!—
নির্ব্বিকল্প ব্রজপতি, নিরাশ্রয়ে যিনি গতি,
বরেণ্য শরণ্য চরাচরে!—
হোন্ সে পুরুষোত্তম, লক্ষ্মী-যুত কৃষ্ণ মম,
প্রকটিত অক্ষির গোচরে!! ৮॥

---

[ পাঠ ফলাদি। ]

মাতৃ-মোক্ষ কামনায় শ্রীশঙ্কর যতি,
এই স্তোত্রে কো'রেছিলা শ্রীকৃষ্ণের স্তুতি!
জগদাত্ম শ্রুতি-বেদ্য সর্ব্বগুণ-ধারী,
সাধু-বন্ধু কৃপা-সিন্ধু ভক্ত-ভয়-হারী!—
স্তবে তুষ্ট হো'য়ে কৃষ্ণ শঙ্কর উপরে,
সুখ-সদ্ম গদা-পদ্ম শঙ্খ-চক্র-করে!—
ভক্ত-গতি বিশ্ব-পতি আবির্ভূত সুখে—
লক্ষ্মী-সহ দিব্য-দেহ, শঙ্কর-সম্মুখে!!

[ ইতি শ্রীমৎ শঙ্করাচার্য্য বিরচিত শ্রীকৃষ্ণাষ্টক-স্তোত্রের বঙ্গানুবাদ। ]

—০ঃ*ঃ০—

# শ্রীহরি-হর-স্তোত্র।

—০ঃ০ঃ০—

[ বসন্ততিলক ছন্দ। ]

গো-বি-ন্দ মা-ধব মুকু-ন্দ হরে-মুরা-রে-!
শ-ম্ভো-শিবে-শ শশি শে-খর ম-ন্মথা-রে-!!
দা-মো-দরা-চ্যুত জনা-র্দ্দন বা-সুদে-ব-!
গ-ঙ্গা-ধরা-ন্ধক রিপো-হর দে-ব দে-ব-!!
গো-বি-ন্দ শ-ঙ্কর বিভো-মধু কৈ-টভা-রে-!
শৌ-রে-হরে- হরি হর-প্রণমি-স্মরা-রে-!! ১।

বৈ-কু-ণ্ঠ কৈ-টভ-রিপোঽকমঠা-ব্জ পা-ণে-!
ভূ-তে-শ খ-ণ্ড পরশো-মৃড় শূ-ল পা-ণে-!!
বি-ষ্ণো-নৃসিং-হ মধুসূ-দন-ল-ক্ষ্মি না-থ-!
স-র্ব্বে-শ্বর-ত্রিপুর-সূ-দন কা-লি না-থ-!!
গো-বি-ন্দ শ-ঙ্কর বিভো-মধুকৈ-টভা-রে-!
শৌ-রে-হরে-হরি হর প্রণমি-স্মরা-রে-!! ২।

না-রা-য়ণা-সুর নিব-র্হণ চ-ক্র পা-ণে-!
মৃ-ত্যু-ঞ্জয়ো-গ্র বিষমে-ক্ষণ ব-জ্রপা-ণে-!!

শ্রী-কা-ন্ত পী-ত বসনা-ম্বুদ নী-ল কা-ন্ত-!
ঈ-শা-ন কৃ-ত্তি বসন-দ্যুতি শু-ভ্র শা-ন্ত-!!
গো-বি-ন্দ শ-ঙ্কর বিভো-মধু কৈ-টভা-রে-!
শৌ-রে-হরে-হরি হর প্রণমি-স্মরা-রে-!! ৩।

ল-ক্ষ্মী-পতে-মধুরিপো-পুরুষো-ত্তমা-দ্য-!
গৌ-রী-পতে পুরবিপো-হর বে-দ বে-দ্য-!
আ-ন-ন্দ ক-ন্দ ধরণী-ধর শা-র্ঙ্গ পা-ণে-!
শ্রী-ক-ণ্ঠ দিগ্‌বসন রু-দ্র পিনা-ক পা-ণে-!!
গো-বি-ন্দ শ-ঙ্কর বিভো-মধু কৈ-টভা-রে-!
শৌ-রে-হরে-হরি হর প্রণমি-স্মরা-রে-!! ৪।

ব্র-হ্মা-ণ্য দে-ব গরুড়-ধ্বজ কে-শি না-শ-!
স্থা-ণো-ত্রিলো-চন মহে-শ্বর চ-ণ্ডিকে-শ-!!
শ্রী-রা-ম রা-ঘব রঘে-শ্বর রা-বণা-রে-!
তা-ক্ষ্যা-বণা-ভরণ তা-রণ ক-ল্মষা-রে-!!
গো-বি-ন্দ শ-ঙ্কর বিভো-মধু কৈ-টভা-রে-!
শৌ-রে-হরে-হরি হর প্রণমি-স্মরা-রে-!! ৫।

চা-ণূ-র ম-র্দ্দন হৃষী-ক পতে-মুরা-রে-!
ভ-র্গ-ত্রিনে-ত্র ভবভূ-ত পতে-পুরা-রে-!!

গো-পী-পতে-যদুপতে-শিখি-পুচ্ছ চূ-ড়-!
শূ-লিন্ গিরী-শ বৃষভা-সন চ-ন্দ্র চূ-ড়-!!
গো-বি-ন্দ শ-ঙ্কর বিভো-মধু কৈ-টভা-রে-!
শৌ-রে-হরে-হরি হর প্রণমি-স্মরা-রে- !! ৬।

কং-স-প্রণা-শন সনা-তন কৃ-ষ্ণ গো-প-!
শ-ম্ভো-শিব-ত্রিপথগা-দ্র´ জটা-কলা-প-!!
গো-ব-র্দ্ধনো-দ্ধরণ গো-হিত কৃ-ষ্ণ-গা-ত্র-!
ক-র্পূ-র গৌ-র বৃষভ-ধ্বজ ভা-ল নে-ত্র-!
গো-বি-ন্দ শ-ঙ্কব বিভো-মধু কৈ-ট-ভা-রে-!
শৌ-রে-হরে-হরি হর ! প্রণমি-স্মরা-রে-!! ৭।

গো-পে-শ গো-কুল পতে-ভব দী-ন ব-ন্ধো-!
গৌ-রী-শ ধূ-র্জ্জটি ভবে-শ্বর ভা-ব সি-ন্ধো-!!
গো-পা-ল কে-শব হরে-কর' মো-র র-ক্ষা-!
গৌ-রী-পতে-তব পদে-মম এ-হি ভি-ক্ষা-!!
গো-বি-ন্দ শ-ঙ্কব বিভো-মধু কৈ-টভা-রে !
শৌরে-হরে-হরি হর ! প্রণমি-স্মরা-রে-!! ৮॥

[ পাঠ ফল—পয়াব ]

অপূর্ব্ব এ স্তোত্র-হার নাম রত্নে গাঁথা !
ঈশ্বর সচ্চিদানন্দ মধ্য-মণি যথা !!

একেশ্বর হরি হরে অভিন্ন চিন্তনে,
হরি-হর-স্তোত্র যে বা পঠে ভক্তি মনে !

সর্ব্ব-সুখ লব্ধ তা'র হয় ভবে সদা !!
রক্ষা তা'রে হরি হর করেন সর্ব্বদা !!

সর্ব্বাপদ নষ্ট তা'র হয় ধরা 'পরে,
যম-ভট গণে তারে স্পর্শিতে না পারে !!

[ ইতি স্কন্দ পুরাণোক্ত ধর্ম্মরাজ বিরচিত শ্রীহরি হর স্তোত্রের মর্ম্মানুবাদ। ]

# শ্রীরাম-স্তোত্র।

—০ঃ০ঃ০—

ভব দুঃখ হর যিনি, ভাবেন হৃদে ভবানী
সতত যে ইন্দীবর-শ্যামে!—
যিনি ভাবাভাব হেতু, ভব-পারাবার-সেতু,—
ভক্তি-ভরে ভজি সে শ্রীরামে!! ১।

পরমেশ পরানন্দ, নির্ব্বিকার চিদানন্দ,
দুঃখ-হর যিনি 'হরি'-নামে!
স্বরোঙ্কার-মহাহবে, নর-রূপী যিনি ভবে,—
ভক্তি-ভরে ভজি সে শ্রীরামে!! ২।

সর্ব্বেশ্বর সুবরেণ্য, সর্ব্ব-বিপন্ন-শরণ্য,
প্রপন্নে আনন্দ যাঁর বরে!
তপোযোগ ধ্যান-পাত্র, দেব-নর-কপি-মিত্র,—
ভজি সে শ্রীরাম রঘুবরে!! ৩।

ভোগী জনে দুরারাধ্য, দুর্জ্ঞেয় চির-দুর্ব্বোধ্য,
ব্যক্ত যিনি ভক্তের অন্তরে!—
সদানন্দ ধনু পাণি, সীতানন্দ-রূপী যিনি,—
ভজি সে শ্রীরাম রঘুবরে!! ৪।

সমাশ্রয়ে যোগমায়া, লীলা ছলে নর কায়া
ধরিলা যে চিদাত্ম-প্রসাদে!
শুনি যাঁর লীলা-গাথা, লুপ্ত হয় ভব-ব্যথা,—
নমি সেই সীতাপতি পদে!! ৫।

ত্রিলোকের যিনি স্বামী, ভুলেছিনু' তারে আমি,
অভিমান-পূর্ণ মায়া-মদে!
সর্ব্ব অভিমান মনে, বিনষ্ট যাঁহার গুণে,—
নমি সেই সীতাপতি-পদে!! ৬।

নীলাভ্র-শ্যামল-কান্তি, অঙ্গে মাখা সৌম্য শান্তি,
পদ্ম যাঁর রাজীব-লোচনে!
শ্যামাঙ্গে নীলাব্জ-বিভা, শ্রীপদে শশাঙ্ক-প্রভা,
নমি সেই শ্রীরাম-চরণে!! ৭।

সৌদামিনী স্বর্ণলতা, বামাঙ্গে যাঁহার সীতা,
হাস্য-যুতা শশাঙ্ক-বদনে!
ভজি সেই ক্ষিতিপতি, রাঘবেন্দ্র সীতা-পতি,
নমি তথা শ্রীরাম-চরণে!! ৮॥

[ পাঠ ফল । ]

ইন্দ্র-কৃত রাম-স্তোত্র পরা ভক্তি-ভরে,—
এক চিত্তে নিত্য নিত্য যেবা পাঠ করে !—

সৌখ্য সনে শৌর্য্য তা'র প্রজ্ঞা সনে প্রীতি,
ভক্তি সনে লব্ধ তা'র ধর্ম্ম যশঃ খ্যাতি !

সতত শ্রীরাম-ভক্ত লক্ষ্মী পদাশ্রিত !—
ভ্রাতা তা'র লব্ধ ভবে লক্ষ্মণের মত !!

সুপুত্র সুকন্যা তা'র ধর্ম্মের সংসারে,
পত্নী তা'র সতী-সাধ্বী, সীতা-পতি-বরে !!

[ ইতি অধ্যাত্ম-রামায়ণ যুদ্ধকাণ্ডে ইন্দ্র-কৃত শ্রীরাম-স্তোত্রের মর্ম্মানুবাদ । ]

# শ্রীরামাষ্টক স্তোত্র।

—০ঃ*ঃ০—

[ পঞ্চচামর ছন্দ। ]

ভজি–প্রধা–ন সু–ন্দরে–, সম–স্ত পা–প খ–ণ্ডনে–!
নমা–মি রা–ম অ–দ্বয়ে–, স্ব ভ–ক্ত চি–ত্ত র–ঞ্জনে–!! ১।

জটা–কলা–প শো–ভিতে–, সম–গ্র পা–প না–শকে–,
নমা–মি রা–ম অ–দ্বয়ে–, নিজ–স্বরূ–প বো–ধকে–!! ২।

হরিৎ–প্রভা–সু ভূ–ষিতে–, স্ব ভ–ক্ত ভী–তি ভ–ঞ্জনে–,
নমা–মি রা–ম অ–দ্বয়ে–, সদা–শিবে–নির–ঞ্জনে–!! ৩।

জগৎ–প্রপ–ঞ্চ কা–রণে–; অনা–ম রূ–প অ–ব্যয়ে–,
নমা–মি রা–ম অ–দ্বয়ে–, চিদা–ত্মকে– নিরা–ময়ে–!! ৪।

সু নি–র্বিক–ল্প চি–ন্ময়ে–, জড়–প্রপ–ঞ্চ নি–র্ম্মলে–,
নমা–মি রা–ম অ–দ্বয়ে–, সু নী–ল কা–ন্তি কো–মলে–!!৫।

গুণা–করে– কৃপা–করে–, ভবা–ব্ধি পো–ত রূপকে–,
নমা–মি রা–ম অ–দ্বয়ে–, অশেষ দে–হ ধা–রকে– !! ৬।

মহা–মনু–প্রবো–ধিতে–, ত্রিতা–প স–ন্ত ন্না–শনে–,
নমা–মি রা–ম অ–দ্বয়ে–, ভবা–ব্ধি ভী–তি খ–ণ্ডনে–!!৭।

শিব–প্রদে–শুভ–প্রদে–, ভব–চ্ছিদে–ভ্রমা–পহে–,
নমা–মি রা–ম অ–দ্বয়ে–, অন–ন্ত পা–প তা–পহে–!!৮॥

—০ঃ৵ঃ০—

[ পাঠ ফল —পয়ার। ]

রামাষ্টক ব্যাসকৃত পঠনে শ্রবণে,—
পুণ্য সনে বিদ্যা লক্ষ্মী প্রলব্ধ ভুবনে!
তৎসহ বিপুল সৌখ্য অনন্ত সুখ্যাতি,
দেহ-নাশে লব্ধ তথা মোক্ষপদ গতি !!

[ ইতি শ্রীরামাষ্টক স্তোত্রের
বঙ্গানুবাদ সমাপ্ত। ]

# শ্রীকৃষ্ণ-রামাষ্টক-স্তোত্র।

—০:*:০—

[ স্রগ্বিনী-ছন্দ। ]

অ–চ্যুতে–কেশবে– রা–ম না–রা–য়ণে–,
কৃ–ষ্ণ দা–মো–দরে– কৌ–স্তুভী–বামনে–!
জা–নকী–ব–ল্লভে– গো–পিকা–না–য়কে–
ব–ন্দি সে–রা–ঘবে– কৃ–ষ্ণ গো–পা–লকে–!! ১।

বিষ্ণু রে–জিষ্ণু রে– শ্রীধরে– সুন্দরে–
সচ্চিদা–নন্দ গো–বিন্দ পী–তাম্বরে–!
বা–সুদে–ব স্থিতি– সৃ–ষ্টি সং–সা–ধকে–
বন্দি সে– রা–ঘবে– কৃষ্ণ গো–পা–লকে–!! ২।

পুণ্ডরী–কাক্ষ গো–পেন্দ্র গো–পেশ্বরে–
গো–পিকা–কা–ন্ত রা–ধে–শ রা–সেশ্বরে–!
মা–ধবা–ধোক্ষজে– বৈ–নতে–য় ধ্বজে–!
বন্দি সে– কৃষ্ণ গো–পা–ল পা–দাম্বুজে–!! ৩।

পদ্মনা–ভ স্বভু– রা–ধিকা–রঞ্জনে–
গো–কুলা–নন্দ সে– দে–বকী–নন্দনে–!

অন্তরে— অন্তরে— মো–র হৃৎপঙ্কজে–
বন্দি সে কৃষ্ণ গো–পাল পা–দাম্বুজে– !! ৪ ।

কৃষ্ণ গো–বিন্দ হে– রা–ম না–রায়ণ-
শ্রী–পতে– চক্রপা–ণে– জগৎ কা–রণ–!
পা–প তা–পে–ভরা–দুস্তরে–সা–গরে–
রক্ষ' গো–পা–ল হে– দী–ন বন্ধো–হরে–!! ৫।

নী–ল কান্ত দ্যুতে–! কৃষ্ণ দা–মো–দর–!
শ্রী–নিধে– শ্রী–শ হে– শ্রী–হরে–শ্রীধর–!
ভক্তি হী–নে–পদে– .পা–মরে– কা–তরে–
রক্ষ' গো–পা–ল হে– দী–ন বন্ধো–হরে–!! ৬ ।

রুক্মিণী–না–থ বংশী–ধর শ্রী–পতে–!
জানকী–না–থ সী–তে–শ সী–তা–পতে–!
কৃষ্ণ গো–বিন্দ হে– আ–পদে– সম্পদে–
রক্ষ' এ দী–ন হী–নে– হরে– শ্রী–পদে– !! ৭ ।

ভক্তি পুষ্পে প্রভো–! অঙ্ঘ্রি না– অর্চ্চিনু'–!
শ্রী–পদ শ্রী–শ ! না– চন্দনে– চর্চ্চিনু'–!!
সর্ব্ব দো–ষ–প্রভো–! মার্জ্জিয়া– দুর্ম্মদে–
রক্ষ' দী–নে– সদা– শ্রী–হরে–শ্রী–পদে !! ৮ ॥

[ইতি শ্রীকৃষ্ণ-রামাষ্টক-স্তোত্রের
বঙ্গানুবাদ সমাপ্ত।]

# শ্রীগুরু-স্তোত্র।

—:*:—

[ অনুষ্টুপ্ ছন্দ ]

নম--স্তে--ধূ--র্জ্জটী--রূ--প--! মহা--ম--ন্ত্র--প্রদা--য়ক-- !
ব্র--হ্ম--জ্ঞা--ন সুধা--দা--য়িন্ ! সং--সা--র দুঃখ হা--রক--!!
দি--ব্যা--তি সৌ--ম্য স--ম্পূ--র্ণ--! বী--র অ--জ্ঞা--ন না--শক--!
নম--স্তে--কুলনা--থে--শ ! কুলকৌ--লি--ন্য দা--য়ক !! ১ ।

শিব রূপিন্ সদানন্দ শিবতত্ত্ব প্রবোধক !
সাধকাভয় দায়িন্ শ্রীগুরো ব্রহ্ম প্রকাশক !
সর্ব্বাচার প্রদর্শিন্ ভো সর্ব্ব ভাব বিধায়ক !
ভাবাভাব বিনির্মুক্ত নমস্তে মুক্তি দায়ক !! ২ ।

নিত্য সত্য ভবানন্দ সত্বরূপ প্রপালক !
জ্ঞানানন্দ স্ব সংবেদ্য পরমৈশ্বর্য্য ধারক !
শক্তি নাথ শিব ব্রহ্ম সচ্চিদানন্দ রূপক !
কাম রূপ গুরো শ্রীমন্ নমস্তে কাম সংজ্ঞক !! ৩ ।

ব্রহ্মরন্ধ্র স্থিত শ্রীশ কুল পূজোপদেশক !
সর্ব্বানন্দময় ব্রহ্ম সর্ব্ব শক্তি প্রসাধক !

হের মোরে কৃপা নেত্রে সর্ব্ব পাপ বিনাশক !
নমোঽস্তু ত্বৎ পদাম্ভোজে শ্রীগুরো ভব তারক !! ৪ ।

[ পাঠফল পয়ার । ]

নিত্য যে বা গুরু স্তোত্র পড়ে ভক্তি ভরে,
বিদ্যা সনে জ্ঞানানন্দ লভে সে অন্তরে !
স্মরে যে বা গুরু স্তোত্র সম্পদে বিপদে,
সর্ব্ব শুভ লব্ধ তা'র শ্রীগুরু প্রসাদে !!

[ ইতি কুব্জিকাতন্ত্রোক্ত শ্রীগুরু-স্তোত্রের বঙ্গানুবাদ ।]

# শ্রীগুরু পাদুকা-স্তোত্র।

—০:*:০—

[ রথোদ্ধতা ছন্দ। ]

ব্র-হ্ম র-ন্ধ্র সরসী- রুহো-দরে-
নি-ত্য ল-গ্ন অবদা-ত অ-দ্ভুত-!-
দ্বা-দ-শা-র্ণ সরসী-রুহে- ভজি-
কু-ণ্ডলী- বিবর কা-ণ্ড ম-ণ্ডিত !! ১।

প-দ্ম ক-ন্দলিত ক-র্ণিকা-পুটে-
কৢপ্ত রে-খ অকথা-দি অ-ঙ্কিত-!-
কো-ণ ল-ক্ষিত হল-ক্ষ মণ্ডলী-
ভা-ব ল-ক্ষ্য অবলা-লয়-স্মৃত-!! ২।

তৎ পুটে- পটু তড়িৎ কড়া-রিম-
স্পা-র্দ্ধমা-ন মণি বি-স্ব পাটলে-,
চি-ন্তি আ-মি হৃদি মূ-র্ত্তি চি-ন্ময়ে-
বি-ন্দু না-দ মণি পী-ঠ ম-ণ্ডলে-!! ৩।

ঊ-র্দ্ধ তা-র হুতভুক্ শিখা-সখে-
ত-দ্বিলা-স পরিবৃং-হণা-স্পদে-!-

বি–শ্ব ঘ–স্মর মহো–ৎসদো–ৎকটে–
চি–ন্তি আ–দি যুগ হংস স–ম্পদে–!! ৪।

ত–ন্ত্র না–থ চরণা–র বি–ন্দ ঐ–
কু–ঙ্কুমা–সব ঝরী– সু সু–ন্দর–!–
ই–ন্দু ক–ন্দ মকর–ন্দ শী–তল–
দ্ব–ন্দ্ব পা–দ ভজি সে– শুভ–ঙ্কর!! ৫।

[পৃথ্বী ছন্দ।]

নিষ–ক্ত মণি পা–দুকা– প্রশমিতা–ঘ স–ন্দো–হক–!
স্ফুরৎ কিশলয়া–রুণে– নখ সমু–ল্লস–চ্চ–ন্দ্রক–!–
পরা–মৃত সরো–বরে– স্ফুট সরো–জ রো–চি–র্ম্ময়ে–
নমা–মি শিরসি–স্থিতে– গুরু পদা–র বি–ন্দ–দ্বয়ে–!!

[অনুষ্টুপ্]

পা–দুকা–পঞ্চক স্তো–ত্র পঞ্চবক্ত্র বিনির্গত।–
ষড়া–ম্না–য় ফলো–পে–ত প্রপঞ্চে দুর্লভ স্মৃত !!

[ইতি শ্রীমাতৃকা-ভেদ তন্ত্রোক্ত শ্রীগুরু-পাদুকা-
স্তোত্রের প্রচ্ছন্ন বঙ্গানুবাদ।]

# শ্রীশ্রীদেব্যপরাধ-ক্ষমাপণ-স্তোত্র ।

—০ঃ০ঃ০—

[ ত্রিপদী । ]

অজ্ঞাত মা তব মন্ত্র, অজ্ঞাত মা পূজা-যন্ত্র,
স্তুতি তব তবু অবিদিত !
না জানি আহ্বান তব, না জানি মা ধ্যান তব,
স্তব বাক্য তবু মা অজ্ঞাত !
ঈশানি জগজ্জননি, মুদ্রা তব নাহি জানি,
জানি নে মা তবু বিলপন !
জানি শুদ্ধ কায় মনে, মা তব অনুসরণে
সর্ব্ব ক্লেশ হয় নিবারণ !! ১ ।

বেদ-বিধি-অজ্ঞানতা, বিভবার্থ-বিহীনতা,
অলসতা হেতু ধর্ম্ম-ব্রতে,—
বিধি কার্য্য সম্পাদিতে, অক্ষমতা মম চিতে,
চ্যুতি যাহে পাদ-পদ্ম হো'তে !!
সর্ব্ব অপরাধ মম, ক্ষম' নিস্তারিণি ! ক্ষম',
সর্ব্ব-জীব উদ্ধারিণি শিবে !
যদি মা অদৃষ্ট ক্রমে, কুপুত্র কেহ জনমে,
তবু কি মা কুমাতা সম্ভবে ? ২ ।

ব্রহ্মাণ্ড-জননি শিবে, কত পুত্র তব ভবে,
সংখ্যা হীন সরলতা-ময় !
তা'র মধ্যে ক্ষুদ্র অতি, বিরল তরল মতি,
আমি যে মা তোমারি' তনয় !!
এ রূপে মা চির তরে, পরিত্যাগ ভব-ঘোরে,
সমুচিত নহে তব শিবে!
গুণ-হীন নিরানন্দ, পুত্র যদি হয় মন্দ,
তবু কি মা কুমাতা সম্ভবে ? ৩।

জননি বিশ্ব-জননি ! জগদম্বে ত্রিনয়নি !
শ্রীচরণ কভু না সেবিনু' !—
কিম্বা ওমা এলোকেশী ! ধন ধান্য রাশি রাশি,
বর পদে কভু না অর্পিণু' !!
তথাপি করুণা-ভরে, নিরূপম স্নেহ মোরে,
অনুক্ষণ কর' তুমি শিবে !
মন্দ যদি হয় পুত্র, তবু সে মা স্নেহ-পাত্র,
কুমাতা যে সম্ভবে না ভবে !! ৪।

বিধি-সেবা-ভীত-মনে, পরিত্যজি' দেব-গণে,
সমাকুল ব্যাকুল অন্তর !
দেখিতে দেখিতে ভবে, বয়ঃক্রম মম এবে,
পঞ্চাশীতি অধিক বৎসর !!

বিস্মরি' মা তব পদে, মহিষ-ঘণ্টা-নিনাদে,
শঙ্কিত কম্পিত প্রাণ মন !
নিরালম্ব এবে আসি, জগদম্বে ! বিনা তুমি,
কা'র অন্য ল'বো মা শরণ ? ৫ ।

শৈশবে ছিল মা ভক্তি, ছিল নাকো বাক্য-শক্তি,
মা তোমারি' মন্ত্র-প্রজপনে !
কৈশোরে বিদ্যা-প্রয়াসে, যৌবনে বিষয়-বিষে,
প্রমত্ত হৃদয় চিত্ত-সনে !!
বার্দ্ধক্যে এক্ষণ যদি, উত্তরিতে ভব-নদী,
করুণা না কর' বিতরণ !
নিরালম্ব, জগদ্ধাত্রি ! লম্বোদর-প্রসবিত্রি !
কা'র অন্য ল'বো মা শরণ !! ৬ ।

অধম চণ্ডাল জনে, তোমারি' করুণা-গুণে,
লভে জ্ঞান সুবাক্য-মাধুরি !
বসিয়া আপন বাটি' লভে মা কাঞ্চন-কোটি,
দীন দুঃখী দরিদ্র ভিখারী !!
কৃপা বিনা তব কর্ণে, অপর্ণে ! মন্ত্রের বর্ণে,
কা'র সাধ্য নিয়োগিতে পারে ?
মা তব করুণা-কণা- প্রদ্যোতিত জ্ঞান বিনা,
কা'র সাধ্য জপে মা তোমারে ? ৭ ।

চিতা-ভস্ম বিলেপনে, সুতীব্র গরলাশনে,
দিগম্বর স্বরূপ ধারণে!—
জটা-জূট বিমণ্ডনে, ভুজঙ্গ কণ্ঠ-ভূষণে,
ভূত সনে কপাল-গ্রহণে!—
একমাত্র উমা-ধব, বন্দিতে পদবী তব,
সমর্থ মা ভুবন মণ্ডলে!—
ভজিতে তোমারে শিবে! সক্ষম শঙ্কর ভবে,
তব কর-গ্রহণেরি' ফলে!! ৮।

বিনা তব কৃপা কণা, তব মন্ত্রের সাধনা,
কিরূপে সাধিব কাত্যায়নি?—
তুমি না করিলে দয়া, না দিলে ও পদ ছায়া
কিসে মায়া ঘুচিবে জননি!
অজ্ঞান অধম বো'লে, থেকো না কখনো' ভুলে,
ব্রহ্মময়ি! শক্তি স্বরূপিণি!
অপরাধ লক্ষ মম, ক্ষম' ক্ষেমঙ্করি ক্ষম',
স্নেহময়ি বিশ্বের জননি!! ৯।

কভু মাগো এ জীবনে, বিধিমতে বাক্য-মনে,
অর্চ্চিনি' শ্রীপাদ-পদ্ম শিবে!
অকার্য্য-কলুষ-জালে, আবদ্ধ পাপ-কবলে,
নিরাশ্রয় আমি যে মা ভবে!!

বিপন্ন হইয়া এবে, স্মরি' মা তোমায় শিবে,
এতে নাহি শঠতা অন্তরে !
ক্ষুধা তৃষ্ণাতুর যদা, প্রব্যাকুল পুত্র তদা
মাতা ভিন্ন ভাবে অন্য কা'রে ? ১০।

জানি মা গো ত্রিজগতে, মহাপাপী আমা' হো'তে
নাহি কেহ সর্ব্বাবাধ্যে শিবে !
তত্রাচ সত্য জানি মা, নাহি কেহ তব সমা,
সর্ব্বপাপ হন্ত্রী ভবার্ণবে !!
তাই মাতঃ এ বিপদে, প্রপন্ন তোমারি' পদে,
মহাপাপী আমি মহেশানি !
আশা মম এই মাত্র, আমি মা তোমারি' পুত্র,
তুমি যে মা বিশ্বের জননী !! ১১।

ইচ্ছা নাহি মোক্ষ পদে, বিভব ধন সম্পদে,
বাঞ্ছা নাহি জ্ঞান বা বিজ্ঞানে !
আকাঙ্ক্ষা নাহিক মনে, চন্দ্রাননি ত্রিলোচনে,
সৌখ্যরাশি সম্ভোগ কারণে !!
তাই মা গো যাচি' পদে, শঙ্করি শিবে শুভদে !
শুদ্ধ যেন তব কৃপাবলে,—
"মৃড়ানি ভব-রুদ্রাণি ! শিবানি শিব-ভবানি !
দুর্গে দুর্গে !"—জপি মৃত্যু কালে !! ১২ ॥

—:*:—

[ পাঠ ফল—পয়ার। ]

অপূর্ব্ব এ দেবী-স্তোত্র নিত্য ভক্তি-ভরে,—
দৈন্য-যুক্ত শুদ্ধ-চিত্তে যে বা পাঠ করে!—
সর্ব্ব অপরাধ তা'র ক্ষমিয়া সর্ব্বাণী,
সর্ব্ব-সৌখ্য দেন তা'রে বিশ্বের জননী!
দৈন্য দুঃখ তা'র কভু থাকে না সংসারে,—
রাজ-রাজেশ্বরী যা'র জননী অন্তরে!
ভক্তি-প্রীতি-সুখ-শান্তি-পূর্ণ তা'র চিত!
পবিত্র এ স্তোত্র-গাথা শঙ্কর-রচিত!!

ইতি পরমহংস পরিব্রাজক শ্রীমৎ শঙ্করাচার্য্য-
বিরচিত শ্রীশ্রীদেব্যপরাধ-ক্ষমাপণ-
স্তোত্রের বঙ্গানুবাদ। ]

আপদুদ্ধার-কল্পে

# শ্রীশ্রীদুর্গা-স্তোত্র।

—:*:—

[ পয়ার ]

নমো নমঃ সানুকম্পে ! শরণ্যে পালিকে !
নমো বিশ্ব-রূপে শিবে ! নিখিল-ব্যাপিকে !
নমো নমঃ বন্দ্য-পদ-পঙ্কজ-ধারিণি !
ত্রাণ কর' দুর্গে দুর্গে ! জগৎ-তারিণি !! ১ ।

নমো নমঃ চিতি-রূপে ! চিদ্‌ঘন-স্বভাবে !
যোগ-রূপে জ্ঞান-রূপে ! ভক্তি-রূপে শিবে !
নমো নমঃ সদানন্দ-আনন্দ-রূপিণি !
ত্রাণ কর' দুর্গে দুর্গে ! জগৎ-তারিণি !! ২ ।

অনাথ সুদীন ভীত, বদ্ধ তথা ভবে,
ক্ষুধা-তৃষ্ণাতুর দুঃখী মায়াচ্ছন্ন জীবে,—
একমাত্র গতি মা গো তুমি নিস্তারিণি !
ত্রাণ কর' দুর্গে দুর্গে ! জগৎ-তারিণি !! ৩ ।

অরণ্যে দারুণ-রণে শত্রুর ভিতরে,
রাজ-গেহে অনলে বা দুস্তর সাগরে,—

এক মাত্র তুমি দেবি! নিস্তার-কারিণী!
ত্রাণ কর' দুর্গে দুর্গে! জগৎ-তারিণি!! ৪।

অপার দুস্তর ঘোর বিপদ্-সাগরে,
তুমি মা নিস্তার-নৌকা ভব-পারাবারে!
এক মাত্র গতি তুমি বিঘ্ন-বিনাশিনি!
ত্রাণ কর' নমি দুর্গে! জগৎ-তারিণি!! ৫।

নমো নমঃ চণ্ডিকে! দোর্দ্দণ্ড-লীলাবতি!
দুর্জ্জন-আতঙ্ক-প্রদে! দেবি ভগবতি!
তুমি মাত্র গতি বিঘ্ন-সন্দোহ-হারিণি!
ত্রাণ কর' নমি দুর্গে! জগৎ-তারিণি!! ৬।

একেশ্বরী আরাধিতা তুমি মা অজিতা!
সত্ত্ব-রূপা সত্য-প্রিয়া অক্রোধ-সংশ্রিতা!!
তুমি মা ইড়া-পিঙ্গলা-সুষুম্না-রূপিণী!
ত্রাণ কর' নমি দুর্গে! জগৎ-তারিণি!! ৭।

নমো নমঃ ভীম-নাদে! শিবে ভয়ঙ্করি!
সরস্বতি অরুন্ধতি সতি শুভঙ্করি!
তুমি মা বিভূতি-শচী-রাত্রি-স্বরূপিণী!
ত্রাণ কর' নমি দুর্গে! জগৎ-তারিণি!! ৮।

শরণ মা তুমি সুর সিদ্ধ বিদ্যাধরে,
দনুজ কিন্নরে, ব্যাধি-প্রপীড়িত নরে !
নৃপাশ্রিতে দস্যু-পরিবৃতে নিস্তারিণি !
তুমি মা শরণ দুর্গে ! দুর্গতি-নাশিনি !! ৯।

তুমি মা শরণ সর্ব্বে স্বর্গে রসাতলে !
এক মাত্র গতি মাগো তুমি ক্ষিতি তলে !
বিপন্নে শরণ পদে দেহ' নিস্তারিণি !
নমো নমঃ দুর্গে দুর্গে ! জগৎ-তারিণি !! ১০ ॥

---

[ পাঠ ফল। ]

স্তব-রাজ ইহা,—আপদুদ্ধার-কারণে,—
সমুক্ত তবাগ্রে শিবে ! শুভে ত্রিলোচনে !!
ত্রিসন্ধ্যা বা এক সন্ধ্যা এ স্তব পঠনে,
সঙ্কটে বিমুক্ত সবে হয় ত্রি ভুবনে !
সমস্ত এ স্তোত্র, কিম্বা শ্রদ্ধা-ভক্তি-ভরে,
এক মাত্র শ্লোক যে বা সর্ব্বদা উচ্চারে !—
সর্ব্ব-পাপ-মুক্ত সেহ লভে পরা গতি !
সর্ব্ব-সিদ্ধি-শান্তিদ এ স্তোত্র ভগবতি !!

[ইতি বিশ্বসার তন্ত্রোক্ত আপদুদ্ধার-কল্পে
শ্রীশ্রীদুর্গা-স্তবরাজের বঙ্গানুবাদ।]

# শ্রীশ্রীকালী-অপরাধ-ভঞ্জন-স্তোত্র।

—):০:*:০:(—

[ ত্রিপদী। ]

পূর্ব্ব জন্মে দেহাশ্রয়ে, শ্রীপদে শরণ লো'য়ে,
অর্চ্চিনি' কভু মা তোমা' শিবে!
সেই পাপে জন্মান্তরে, ভ্রান্ত আমি ভব-ঘোরে,
জঠরাগ্নি-জর্জ্জরিত এবে!!
এ জন্মেও ভ্রম-মদে, না পূজিনু' তব পদে,
না লইনু' শরণ চরণে!
সর্ব্ব অপরাধ মম, ক্ষম' মা কালিকে! ক্ষম',
কাম-রূপে! করাল-বদনে!! ১।

বাল্যে বালা অভিলাষে, বাল্য-ক্রীড়া-পরবশে,
বিজড়িত-জড়-বুদ্ধি আমি!
বুঝিতে পারিনি' তদা, সর্ব্ব-ভোগ-মোক্ষ-প্রদা
একমাত্র পাপ-হন্ত্রী তুমি!!
আচার অর্চ্চনা স্তুতি, যজন-ভারতী, শ্রুতি,
ছিল মা গো অজ্ঞাত সে' ক্ষণে!
সর্ব্ব অপরাধ মম, ক্ষম' মা কালিকে! ক্ষম',
কাম-রূপে! করাল-বদনে!! ২।

যৌবন-সংযুত যদা, নষ্ট-গাত্র আমি সদা,
ইন্দ্রিয়-ভুজঙ্গম-দংশনে !
নষ্ট-প্রজ্ঞ মদ-মত্ত, ব্যস্ত তদা মম চিত্ত,
পর-বিত্ত পর-স্ত্রী-হরণে !!
অজ্ঞান কলুষ মোহে, তব অঙ্ঘ্রি-সরোরুহে,
ক্ষণ তরে স্মরিনি' সে'ক্ষণে !
সর্ব্ব অপরাধ মম, ক্ষম' মা শঙ্করি ! ক্ষম',
কাম-রূপে ! করাল-বদনে !! ৩ ।

প্রৌঢ় কালে আমি পরে, পত্নী-পুত্র-কন্যা তরে,
দ্বারে দ্বারে ভিক্ষা-অভিলাষী !
কোথা গেলে ভিক্ষা পা'ব, কেমনে অন্ন লভিব,—
এই চিন্তা-দগ্ধ দিবানিশি !!
তব পদে ধ্যান-ভক্তি, ছিল না তদা আসক্তি,
ভজন-পূজন-সংকীর্ত্তনে !
সর্ব্ব অপরাধ মম, ক্ষম' মা শঙ্করি ! ক্ষম',
কাম-রূপে ! করাল-বদনে !! ৪ ।

এবে মম বৃদ্ধ-দশা, নয়ন শ্রবণ নাসা,
শক্তিহীন দন্ত বিগলিত !
শ্বাস-কাস-অতিসারে, বিকলাঙ্গ ব্যাধি-ঘোরে,
ধৃতি-স্মৃতি-বুদ্ধ্যাদি বিকৃত !!

অনুতাপ দগ্ধ এবে, নিরাশ্রয় আমি ভবে,
মৃত্যু মাত্র ধ্যান মগ্ন মনে!
সর্ব্ব অপরাধ মম, ক্ষম' মা কালিকে! ক্ষম',
কাম-রূপে! করাল-বদনে!! ৫।

নিত্য প্রাতঃস্নান করি, প্রস্ফুট-কুসুম বারি,
কভু না আনিনু' তব তরে!
ধূপ-দীপ-গন্ধামোদে, নৈবেদ্যাদি তব পদে,
কভু না অর্পিনু' ভক্তি-ভরে!!
ন্যাস-পূজা স্তব-স্তুতি, তব পদে রতি প্রীতি,
কভু না হইল এ জীবনে!
সর্ব্ব অপরাধ মম, ক্ষম' মা কালিকে! ক্ষম'
কাম-রূপে! করাল-বদনে!! ৬।

না বুঝিনু' পরাৎপরা, তুমি ভব-ভয়-হরা,
নিত্যানন্দময়ী নিরুপমা!
না বুঝিনু' সিদ্ধিময়ী, সর্ব্ববেদ ফলময়ী,
দয়াময়ী লীলাময়ী তোমা'!!
মিথ্যা-কার্য্য অভিলাষে, দিবানিশি কর্ম্ম-পাশে,
দুঃখ শুধু লব্ধ তনু-মনে!
সর্ব্ব অপরাধ মম, ক্ষম' ক্ষেমঙ্করি! ক্ষম'
কাম-রূপে করাল-বদনে!! ৭।

কালাম্বুদ-শ্যামাঙ্গিনি! মহাকালি! কপালিনি!
খড়্গ-করে! নৃমুণ্ড-মালিনি!
ভীমরূপে ভয়ঙ্করি! এলোকেশি দিগম্বরি!
ইষ্টপ্রদে! অট্ট-বিহাসিনি!!
বরাভয়-প্রদায়িনি! সংসার-সার-রূপিণি!
স্মরিনি' তোমারে ত্রিলোচনে!
সর্ব্ব অপরাধ মম, ক্ষম ক্ষেমঙ্করি! ক্ষম'
কাম-রূপে! করাল-বদনে!! ৮।

তব পদ-সরোরুহ, অর্চ্চেন মা অহরহ,
ভক্তি-ভরে ব্রহ্মা বিষ্ণু ভব!
ভাগ্য-হীন ভব-ঘোরে, আমি শুধু ক্ষণ তরে,
না অর্চ্চিনু' পাদ-পদ্ম তব!!
মিথ্যা লোভে মিথ্যা মোহে, বিকলিত চিত্ত-দেহে,
এবে আমি প্রপন্ন চরণে!!
সর্ব্ব অপরাধ মম, ক্ষম' মা কালিকে! ক্ষম,
কাম-রূপে! করাল-বদনে!! ৯।

সদা মত্ত রাগ-দ্বেষে, নিমগ্ন কলি-কল্মষে,
মিথ্যা-ভোগ-বিষয়-প্রকামী!
কার্য্যাকার্য্য-জ্ঞান-চ্যুত, কুল-ধর্ম্ম-বিরহিত,
কৌল-সঙ্গ-বিহীন মা আমি!!

নাহি মম ধ্যানার্চ্চনা, জপ-পূজন-সাধনা,—
কখনো করিনি' এ জীবনে !
সর্ব্ব অপরাধ মম, ক্ষম' মা কালিকে ! ক্ষম',
কাম-রূপে ! করাল-বদনে !! ১০ ।

দীন হীন ব্যাধি-গ্রস্ত, কলুষ-ত্রিতাপ-ত্রস্ত,
সদা আমি দুঃখে নিপতিত !
নিদ্রালস্য-বশীভূত, বিপন্ন আমি সতত,
স্বজঠর-ভরণে বিব্রত !!
ভজন পূজন ধ্যানে, বল' তবে ত্রিলোচনে,
চিত্ত মম যাবে মা কেমনে ?
সর্ব্ব অপরাধ মম, ক্ষম' মহেশ্বরি ! ক্ষম',
কাম-রূপে ! করাল-বদনে !! ১১ ।

মিথ্যা-ভোগ অনুরক্ত, পাপ-কার্য্যে সদাসক্ত,
ধর্ম্ম-হীন দারিদ্র্য-প্রভাবে !
মিথ্যা-মোহ-রাগাশ্রিত, ক্লেশ-সঙ্ঘ-পরিবৃত,
ক্ষুধা-তৃষ্ণা-ব্যাকুল যে ভবে !—
অর্চ্চন-পূজন-স্তুতি, সাধু-সঙ্গ সাধু-মতি,
হয় কি মা কভু হেন জনে ?
সর্ব্ব অপরাধ মম, ক্ষম' মহেশ্বরি ! ক্ষম',
কাম-রূপে ! করাল-বদনে !! ১২ ।

অগ্রে আমি পিতৃ-দেহে, পরে মাতৃ-গর্ভ-গেহে,
ছিনু' আমি বিশ্ব-প্রজননি!
এ সমস্তে তুমি কর্ত্রী, তুমি মাগো কারয়িত্রী,
সর্ব্ব-কর্ম্ম-হেতু-স্বরূপিণী!!
তুমি বুদ্ধি তুমি চিত্ত, তুমি মা আমারো' তত্ত্ব,
সর্ব্ব বিশ্ব তোমারি' কারণে!
সর্ব্ব অপরাধ মম, ক্ষম' মা কালিকে! ক্ষম',
কাম-রূপে! করাল-বদনে!! ১৩।

তুমি জল, তুমি ভূমি, তুমি অগ্নি, বায়ু তুমি,
তুমি মাগো আকাশ-রূপিণী!
মনোবুদ্ধি অহঙ্কৃতি, তুমি অনাত্মা প্রকৃতি,
তুমি আত্মা-শক্তি-স্বরূপিণী!!
ঈশ্বরা জগ-জননী, সচ্চিদানন্দরূপিণী,
আত্মা-রূপা তুমি ত্রিভুবনে!
সর্ব্ব অপরাধ মম, ক্ষম' মা কালিকে! ক্ষম,'
কাম-রূপে! করাল-বদনে!! ১৪।

কালী তারা শুভঙ্করী, তুমি মা ভুবনেশ্বরী,
মহাবিদ্যা ভীমা ধূমাবতী!
সুন্দরী ষোড়শী সতী, গিরিসুতা হৈমবতী,
তুমি গৌরী লক্ষ্মী সরস্বতী!!

তুমি বগলা হিঙ্গুলা, তুমি মাতঙ্গী মঙ্গলা,
কৃপাপাঙ্গে হের' মা সন্তানে !
নমোনমঃ তব পদে, ক্ষম' মোরে শিব-প্রদে !
কাম-রূপে ! করাল-বদনে !! ১৫ ॥

---

[ পাঠফল—পয়ার। ]

পবিত্র এ স্তোত্রপাঠ করি' ভক্তি-ভরে
নিত্য যেবা একচিত্তে প্রণমে দেবীরে !—
পুত্র ভাবি' তা'রে জগদম্বা মহেশ্বরী,
সর্ব্ব অপরাধ ক্ষমা করেন শঙ্করী !!
সব্ব বিঘ্ন ব্যাধি তা'র দুঃখের যন্ত্রণা
সর্ব্বদা হরেন কালী করাল-বদনা !
নিষ্পাপ সে নিষ্কলঙ্ক দয়ান্বিত বলী,
কুবের হইতে তথা ধনী দানশালী !!
সৎকথা-কুশল কবি ভক্ত সত্যপ্রিয়
নিত্যানন্দ ধার্ম্মিক সে সদা জিতেন্দ্রিয় !
সংসারাব্ধি-তরণে তাহার চিন্তা কিবা,
গিরিজা-শ্রীপাদপদ্মে ভক্তি-যুত যেবা !!

[ ইতি গুপ্তার্ণব তন্ত্রোক্ত শ্রীকাল্যপরাধ-ভঞ্জন-
স্তোত্রের বঙ্গানুবাদ। ]

—:*:—

# আদ্যাশক্তি-স্তোত্র।

—০:*:০—

[ অনুষ্টুপ্ ছন্দ। ]

নমো—দে—বী—মহা—দে—বী—মহে—শী—চরণে—নমঃ—!
নমোঽ—ন—ন্ত—স্বরূ—পা—দ্যা—স—র্ব্বে—শী—চরণে—নমঃ !! ১ ।

গৌ—রী—ধা—ত্রী—শিবা—রৌদ্রী—যিনি নি—ত্যা—সনা—তনী—!
নমঃ—তাঁ'—র পদে—যে—মা—বি—শ্বে—শা—স্ত্র—স্বরূপিণী—!!২।

সর্ব্বভূতাশ্রয়া দেবী সূর্য্যাগ্নি-প্রতিভাবতী !
নমঃ তাঁ'র পদে যে মা চিৎস্বরূপা পরা সতী !! ৩।

দুর্গ-পারা দুরারাধ্যা দুর্গা দুর্গতি-হারিকা !
নমঃ তাঁ'র পদে যে মা সারাৎসারা পরাম্বিকা !! ৪ ।

অতি সৌম্যাতিরুদ্রা যে দেবী বিশ্ব-বিধায়িনী !
নমঃ তাঁ'র পদে যে মা সর্ব্বাণী সর্ব্ব-রূপিণী !! ৫ ।

জগৎকর্ত্রী জগদ্ধাত্রী জগন্নাশ-করা বরা !
নমঃ তাঁ'র পদে যে মা জগন্মাতা পরাৎপরা !! ৬ ।

ব্রহ্মাণী বৈষ্ণবী শৈবী যে দেবী ত্রিগুণাত্মিকা !
নমঃ তাঁ'র পদে যে মা ঈশ্বরী জগদম্বিকা !! ৭ ।

সর্ব্ব-কল্যাণদা দেবী বৃদ্ধি-ঋদ্ধি-স্বরূপিণী !
নমঃ তাঁ'র পদে যে মা সর্ব্ব-সৌখ্য-বিধায়িনী !! ৮।

শ্বেত-কৃষ্ণ-সুবর্ণাঙ্গী ধূম্র-বর্ণা মহেশ্বরী !
নমঃ তাঁ'র পদে যে মা বিশ্ব-রূপা শুভঙ্করী !! ৯।

ক্ষিত্যাপ্‌তেজমরুদ্রূপা দেবী আকাশ-রূপিণী !
নমঃ তাঁ'র পদে যে মা জ্যোৎস্না-ইন্দু-স্বরূপিণী !! ১০।

যে দেবী সর্ব্বভূতেতে শৈত্য তাপ দ্যুতি প্রভা !
নমঃ তাঁরে নমঃ তাঁরে যে দেবী দীপ্তি-সন্নিভা !! ১১।

যে দেবী সর্ব্বভূতেতে সত্তা-শক্তি-স্বরূপিণী !
নমঃ তাঁরে নমঃ তাঁরে যে দেবী সত্তা-রূপিণী !! ১২।

যে দেবী সর্ব্বভূতেতে বিষ্ণুমায়া প্রকীর্ত্তিতা !
নমঃ তাঁরে নমঃ তাঁরে যে দেবী সর্ব্ব-সংস্থিতা !! ১৩।

যে দেবী সর্ব্বভূতেতে চৈতন্য-রূপিণী সদা !
নমঃ তাঁরে নমঃ তাঁরে যে দেবী সুখ-মোক্ষদা !! ১৪।

যে দেবী সর্ব্বভূতেতে বুদ্ধিরূপে ব্যবস্থিতা !
নমঃ তাঁরে নমঃ তাঁরে যে দেবী প্রকৃতি স্মৃতা !! ১৫।

যে দেবী সর্ব্বভূতেতে চিত্ত-বৃত্তি-স্বরূপিণী !
নমঃ তাঁরে নমঃ তাঁরে যে দেবী চিত্ত-রূপিণী !! ১৬।

যে দেবী সর্ব্বভূতেতে দেহেন্দ্রিয়-অধীশ্বরী!
নমঃ তাঁরে নমঃ তাঁরে যে দেবী ভুবনেশ্বরী !! ১৭।

যে দেবী সর্ব্বভূতেতে ক্ষুধা-তৃষ্ণা স্বরূপিণী!
নমঃ তাঁরে নমঃ তাঁরে যে দেবী অন্ন-দায়িনী !! ১৮।

যে দেবী সর্ব্বভূতেতে নিদ্রা-মোহ-স্বরূপকা!
নমঃ তাঁরে নমঃ তাঁরে যে দেবী সর্ব্ব-ধর্ম্মকা !! ১৯।

যে দেবী সর্ব্বভূতেতে ভীতি-লজ্জা স্বরূপিণী!
নমঃ তাঁরে নমঃ তাঁরে যে দেবী ভ্রান্তি-রূপিণী !! ২০।

তুষ্টি-পুষ্টি-স্বরূপাদ্যা অনাদ্যা ভূত-সংস্থিতা!
নমোনমো নমঃ তাঁরে যে দেবী বিশ্ব-বন্দিতা !! ২১।

খ্যাতি-জাতি-স্বরূপা যে দেবী শ্রদ্ধা দয়া স্মৃতি!
নমোনমো নমঃ তাঁরে যে দেবী সত্ত্ব ধী ধৃতি !! ২২।

ক্ষান্তি-শান্তি-স্বরূপা যা ধর্ম্মাধর্ম্ম-প্রযোজিকা!
নমোনমো নমঃ তাঁরে যে দেবী কামরূপকা !! ২৩।

তৃপ্তি-রূপা মহাদেবী ভক্তি-শক্তি-স্বরূপিণী!
নমোনমো নমঃ তাঁরে যে দেবী লক্ষ্মি-রূপিণী !! ২৪।

বাগ্‌রূপা বরদা বাণী বিদ্যা-বুদ্ধি-বল-প্রদা!
নমোনমো নমঃ তাঁরে যে দেবী মোক্ষ-পারদা !! ২৫।

কালরূপা মহাকালী মহাঘোরা মহাহরী !
নমোনমো নমঃ তাঁরে যে দেবী কাল ভৈরবী !! ২৬।

প্রচণ্ড তেজ সংদৃপ্তা ভীমবেশা ভয়ঙ্করী !
নমোনমো নমঃ তাঁরে যে দেবী প্রলয়ঙ্করী !! ২৭।

ব্রহ্মানন্দময়ী যে মা সচ্চিদানন্দ-রূপিণী !
নমোনমো নমঃ তাঁরে যে দেবী চিৎস্বরূপিণী !! ২৮।

মাতৃ-রূপা কৃপা-নেত্রা জগদ্ধাত্রী সুরেশ্বরী !
নমোনমো নমঃ তাঁরে যে দেবী পরমেশ্বরী !! ২৯।

যে দেবী স্নেহদা সর্ব্ব-মঙ্গলা জননী মম !
নমোনমো নমঃ তাঁরে নমঃ তাঁরে নমোনমঃ !! ৩০।

—০:※:০—

[ পাঠফল—পয়ার।

আদ্যাশক্তি চিন্ময়ীরে অর্চ্চি বিধিমতে,—
পঠে যে এ স্তব নিত্য ভক্তি-যুত-চিতে !—

ব্রহ্ম-ময়ী পরাশক্তি অনাদ্যা প্রকৃতি,
সর্ব্ব-ময়ী সর্ব্ব-রূপা তুষ্টা তা'র প্রতি !!

জ্ঞান ভক্তি অর্পি চিতে শক্তি সহকারে,
সর্ব্ব-সুখ দেন তারে ঈশ্বরী সংসারে !!

সমাহিত শুদ্ধ-চিতে ধ্যান-মগ্ন মনে,
অপূর্ব্ব পরম-তত্ত্ব বিদিত সে জনে।

চিদানন্দময়ী তথা শক্তি-স্বরূপিণী,
হৃদ্‌পদ্মে প্রকাশিতা ব্রহ্মাণ্ড-জননী !!

[ ইতি শ্রীমার্কণ্ডেয়-চণ্ডী বর্ণিত দেবগণকৃত আদ্যা-
শক্তি-স্তোত্রের মর্ম্মানুবাদ। ]

# অর্গলা-স্তোত্র ।

—০:*:০—

[ অনুষ্টুপ্ ছন্দ । ]

জয় মা- দে-বি চা-মু-ণ্ডে- জয় ভূ-তা-পহা-রিণি-!
নমঃ-স-র্ব্ব গতে-কা-ল রা-ত্রি স-র্ব্ব-স্বরূ-পিণি-!! ১।

জয়-ন্তী ম-ঙ্গলা-কা-লী- ভ-দ্র কা-লী-কপা-লিনী-!
তুমি দু-র্গা-ক্ষমা-ধা-ত্রী-নম-স্তে-বি-শ্ব রূ-পিণি-!! ২।

স্বধা-স্বা-হা-স্বরূ-পে-মা-মধুকৈ-টভ হা-রিণি-!
রূ-প দে-জয় দে-মা-গো-কী-র্ত্তি দে-শ-ত্রু না-শিনি !!৩ ।

নমঃ-শিবে-জগ-দ্ধা-ত্রি বর দে-বি-শ্ব পা-লিকে-'
রূ-প দে-জয় দে-মা-গো-কী-র্ত্তি দে শ-ত্রু না-শিকে-!!৪ ।

মহিসাসুর-নির্নাশি ভক্তে সৌভাগ্য দায়িনি !
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে শত্রু নাশান !! ৫ ।

ধূম নেত্র-বধে দেবি ধর্ম্ম কামার্থ দায়িকে !
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে শত্রু নাশিকে !! ৬।

রক্তবীজ হরে দেবি চণ্ড মুণ্ড বিনাশিনি !
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে শত্রু নাশিনি !! ৭।

নিশুম্ভ শুম্ভ নির্নাশি ত্রৈলোক্য শুভ সাধিকে !
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে শত্রু নাশিকে !! ৮।

বন্দিতাঙ্ঘ্রি যুগে দেবি সর্ব্ব-সৌভাগ্য-দায়িনি !
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে শত্রু নাশিনি !! ৯।

অচিন্ত্য রূপ চরিতে সর্ব্ব শক্তি ধরাম্বিকে !
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে শত্রু নাশিকে !! ১০।

প্রপন্নে চরণে ভক্তে অপর্ণে পাপ হারিণি !
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে শত্রু নাশিনি !! ১১।

নতি স্তুতি পরে দেবি চণ্ডিকে ব্যাধি হারিকে !
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে শত্রু নাশিকে !! ১২।

অর্চ্চে যে মা সদা তোরে, তাঁ'রে ভক্তি প্রদায়িনি !
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে শত্রু নাশিনি !! ১৩।

আরোগ্য সুখ সৌভাগ্য দে মা সৌখ্য বিধায়িকে !
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে শত্রু নাশিকে !! ১৪।

সর্ব্ব কল্যাণ সঙ্গে মা শ্রী দে লক্ষ্মী-স্বরূপিণি !
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে শত্রু নাশিনি !! ১৫।

সর্ব্ব-শত্রু-প্রণাশে মা শক্তি দে শক্তি রূপকে !
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে শত্রু নাশিকে !! ১৬।

বিদ্যা লক্ষ্মী যশঃ সর্ব্ব দে মোরে সর্ব্ব-দায়িনি !
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে শত্রু নাশিনি !! ১৭ ।

সুরাসুর-শিরোরত্ন-সংস্পৃষ্ট-পাদ-পদ্মকে !
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে শত্রু নাশিকে !! ১৮ ।

দেবি-প্রচণ্ড দোর্দ্দণ্ড-দৈত্য-দর্প-নিসূদিনি !
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে শত্রু নাশিনি !! ১৯ ।

প্রচণ্ডে দৈত্য দর্পঘ্নে অম্বিকে প্রণতাত্মকে,—
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে শত্রু নাশিকে !! ২০ ।

চতুর্ভুজে চতুর্ব্বক্ত্র-সংস্তুতে ভব তারিণি !
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে শত্রু নাশিনি !! ২১ ।

ব্রহ্মা বিষ্ণু স্তুতে দেবি কৃষ্ণ বন্দ্যে পরাম্বিকে !
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে শত্রু নাশিকে !! ২২ ।

গৌরীনাথ স্তুতে দেবি পরমেশ্বরি তারিণি !
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে শত্রু নাশিনি !! ২৩ ।

ইন্দ্রাদি সর্ব্ব দেবের আরাধ্যে জগদম্বিকে !
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে শত্রু নাশিকে !! ২৪ ।

দেবি ভক্ত জনে সৌখ্য-সর্ব্বানন্দ-বিধায়িনি !
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে শত্রু নাশিনি !! ২৫ ।

সংসার-সাগরে সর্ব্ব-তারিণি ভ্রান্তি-হারিকে!
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে শত্রু নাশিকে!! ২৬।

ভার্য্যা মনোরমা দে মা মনোবৃত্ত্যনুসারিণী!
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে শত্রু নাশিনি!! ২৭।

পুত্র কন্যা মনে দে মা ধনধান্য সদাম্বিকে!
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে শত্রু নাশিকে!! ২৮।

সুখ শান্তি সদা দে মা সর্ব্ব সৌখ্য বিধায়িনি!
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে শত্রু নাশিনি!! ২৯।

ভক্তি দে চরণে দেবি! নম স্তে জগদাত্মিকে!
রূপ দে জয় দে মা গো কীর্ত্তি দে জগদম্বিকে!! ৩০॥

---

[ পাঠফল—পয়ার। ]

অপূর্ব্ব অর্গলা-স্তোত্র বিধি পূর্ব্ব যেবা,
পঠে ভক্তি-ভরে, তা'রে সুপ্রসন্না শিবা!

সুখ সিদ্ধি জয় শান্তি লভে সে সংসারে,
মোক্ষ-পদ লব্ধ তথা চণ্ডিকার বরে!!

[ ইতি শ্রীমার্কণ্ডেয়-চণ্ডী গ্রন্থোক্ত অর্গলা-
স্তোত্রের বঙ্গানুবাদ। ]

# শ্রীশ্রীজগদ্ধাত্রী-স্তোত্র।

—০:*:০—

[ অনুষ্টুপ্ ছন্দ। ]

আধারাধেয় ভূতে! ধী-ধৃতি-রূপে! ধুরন্ধরে!
নমো ধ্রুব-পদে! ধীরে! জগদ্ধাত্রি! ধ্রুবে! পরে!!১।

শক্তি-রূপে শবাকারে! শক্তিস্থে শক্তি-বিগ্রহে!
নমঃ শাক্ত-প্রিয়ে দেবি! জগদ্ধাত্রি! শুভাবহে!! ২।

জয় দে জগদানন্দে! জগদেক-প্রপূজিতে!
নম স্তে জগদারাধ্যে! জগদ্ধাত্রি! জগদ্ধিতে!! ৩।

পরমাণু-স্বরূপাদ্যে! দ্ব্যণুকাদি-স্বরূপিণি!
নম স্তে সর্ব্ব-ভূতাত্মে! জগদ্ধাত্রি! সনাতনি!! ৪।

স্থূল-সূক্ষ্ম-স্বরূপাখ্যে! প্রাণাপানাদি-রূপিণি!
নমো নমঃ জগদ্ধাত্রি! ভাবাভাব-স্বরূপিণি!! ৫।

কাল-রূপে মহাকালি! কালাকাল-বিভেদিনি!
নমো নমঃ জগদ্ধাত্রি! ত্রি কাল জ্ঞে ত্রি রূপিণি!! ৬।

মহাদেবি! মহোৎসাহে! মহামায়ে! মহেশ্বরি!
নমো বর প্রদে সাধ্বি! জগদ্ধাত্রি! শুভঙ্করি!! ৭।

সর্ব্বাদ্যে জগদাধারে! মাহেশ্বরি বরাঙ্গনে!
নমঃ শুভ প্রদে দেবি! জগদ্ধাত্রি! ত্রি লোচনে!! ৮ ॥

অবোধ্যাশেষ-রূপস্থে! জগদম্বে! সুরার্চ্চিতে!
নম স্তে সর্ব্ব-ভূতস্থে! জগদ্ধাত্রি! জগৎ স্থিতে!! ৯।

দ্বি-সপ্ত-কোটি মন্ত্রের শক্তি-রূপে! সনাতনি!
নম স্তে ভাব-কূটস্থে। জগদ্ধাত্রি! নিরঞ্জনি!! ১০।

অগম্য-ধাম-ধামস্থে! যোগী-হৃদয়-বাসিনি!
নমো নমঃ জগদ্ধাত্রি! দুর্গে! বিঘ্ন-বিনাশিনি!! ১১।

দয়া-রূপে! দয়া-দৃষ্টে! দয়ার্দ্রে! দুঃখ-মোচিনি!
নমো নমঃ জগদ্ধাত্রি! দুর্গে! দুর্গতি-হারিণি!! ১২॥

—:*:—

[ পাঠফল—পয়ার।

জগদ্ধাত্রী-স্তব যেবা পঠে ভক্তি সনে,
রক্ষা তাঁরে জগদম্বা করেন ভুবনে!

স ভক্তি-প্রণতি-স্তুতি-তুষ্টা ভগবতী,
ধর্ম্ম অর্থ কাম সনে দেন মোক্ষ-গতি!

আনন্দ-মাধুরি-সুধা সন্তত বিরাজে,
জগ-কর্ত্রী জগদ্ধাত্রী শ্রী পদ-পঙ্কজে !

অর্চ্চে যে চরণ-পদ্ম শিবোক্ত এ স্তবে,
সর্ব্ব-সৌখ্য সর্ব্ব-সিদ্ধি লব্ধ তা'র ভবে !!

[ ইতি জগদ্ধাত্রী-কল্পে শিবকৃত জগদ্ধাত্রী-
স্তোত্রের বঙ্গানুবাদ । ]

# শ্রীশ্রীঅন্নপূর্ণা-স্তোত্র।

—)ঃ০ঃ৹ঃ০ঃ(—

[ শার্দ্দূল বিক্রীড়িত ছন্দ। ]

'নি-ত্যা-ন-ন্দ করী-বরা-ভয়করী-সৌ-ন্দ-র্য্যর-ত্না-করী,'-
সং-সা-রে-তুমি জী-বপা-লনকরী- প্র-ত্য-ক্ষমা-হে-শ্বরী-!
অ-ন্না-ঢ্যে-ভব তা-পদুঃ-খ হরণে-! কা-শী-পুরা-ধী-শ্বরি-!
ভি-ক্ষা-দে-করুণা-করি'-ত্রিনয়নে-! মা-অ-ন্ন পূ-র্ণেশ্বরি !! ১

'না-না-রত্ন বিচিত্র ভূ-ষণ করী- হে-মাম্বরা-ড়ম্বরী-,'
মুক্তাহা-র পযো-ধরা-তুমি শিবে-! মা-ণিক্য ভূ-ষাধরী-!
কাশ্মী-রাগুরু চর্চ্চিতাঙ্গ রুচিরে-! কা-শী-পুরা-ধীশ্বরি-!
ভিক্ষা-দে'-করুণা-ময়ি ত্রি নয়নে-! মা-অন্ন পূর্ণেশ্বরি-!! ২।

'যো-গানন্দকরী- রিপু ক্ষয় করী- ধর্ম্মার্থ নিষ্ঠা-করী-,'
চন্দ্রার্কা-নল কান্তিকা-তুমি সদা- ত্রৈলোক্য রক্ষা-করী-!
সর্বৈশ্বর্য্যযুতে- তবা-ধম স্থতে-কা-শী-পুরা-ধীশ্বরি-!
ভিক্ষা-দে'-করুণা-করি' ত্রিনয়নে-! মা-অন্ন পূর্ণেশ্বরি-!! ৩।

বে-ণী-নী-ল সুকুন্তলে-ভগবতি ! স্বর্গা-দি লো-কেশ্বরী-,
উর্ব্বী-সর্ব্ব-জনেশ্বরী- তুমি শিবে-! নিত্যান্ন দা-নেশ্বরী-!
সর্ব্বা-নন্দ করে- দশা-শুভ করে- ! কা-শী-পুরা-ধীশ্বরি-!
ভিক্ষা-দে'-করুণা-ময়ি ত্রি নয়নে-! মা-অন্ন পূর্ণেশ্বরি-!! ৪।

'দে-বী-সর্ব্ব বিচিত্র রত্ন রচিতা-দাক্ষা-য়ণী সুন্দরী-'
স্নে-হ প্রী-তি পয়ো-ধরা-তুমি ভবে-সৌ-ভাগ্য মা-হেশ্বরী-!
সর্ব্বা-নন্দ ময়ি প্রভা-ময়ি শিবে-! কা-শী-পুরা-ধীশ্বরি-!
ভিক্ষা-দে'-করুণা-করি' ত্রি নয়নে-! মা-অন্ন পূর্ণেশ্বরি-!! ৫।

'চন্দ্রার্কা-নল কো-টি কো-টি সদৃশী- চন্দ্রাং-শু বিম্বা-ধরী,-'
চন্দ্রার্কা-গ্নি সুকুণ্ডলা-তুমি শিবে-! চন্দ্রার্কবর্ণেশ্বরি-!
মা-লা-পুস্তক পা-শকাঙ্কুশধরে-! কা-শী-পুরা-ধীশ্বরি-!
ভিক্ষা-দে'-করুণা-ময়ি ত্রি নয়নে-! মা-অন্ন পূর্ণেশ্বরি-!! ৫।

'ক্ষৌ-মা-বী-নিগমার্থ গো-চর করী-ওঙ্কার বী-জাক্ষরী-,'
কৈ-লা-সা-চল শো-ভনা-তুমি সতী গৌ-রী-উমা-শঙ্করী-!
ধর্ম্মার্থ ব্রত মোক্ষ দে-অভয় দে-! কা-শী-পুরা-ধীশ্বরি-!
ভিক্ষা-দে'-করুণা-করি' ত্রি নয়নে-! মা-অন্ন পূর্ণেশ্বরি-!! ৬।

দৃশ্যাদৃশ্য সমস্ত পা-লন করী- ব্রহ্মাণ্ড ভাণ্ডোদরী-,
লী-লা-সাধন শক্তি দা-তুমি ভবে-বিজ্ঞা-ন দী-পাঙ্কুরী-!
শ্রী-বিশ্বে-শ মনঃ প্রসা-দন করে-! কা-শী-পুরা-ধীশ্বরি-!
ভিক্ষা-দে'-করুণা-ময়ি ত্রি নয়নে-! মা-অন্ন পূর্ণেশ্বরি-!! ৮।

আ-দীক্ষা-ন্ত সমগ্র বর্ণন করী- শম্ভু ত্রি ভা-বা-করী,-
লো-ক ত্র ত্রিজলেশ্বরী- তুমি শিবে-! নিত্যাঙ্কুরা-শঙ্করী-!
ভক্তাভীষ্ট বর প্রদে- বিভব দে-! কা-শীপুরা-ধীশ্বরী-!
ভিক্ষা-দে-করুণা-করি' ত্রি নয়নে-! মা-অন্ন পূর্ণেশ্বরি-!! ৯।

সর্ব্ব ত্রা-ণ করী-মহা-ভয় হরী- ভক্তে-কৃপা-সা-গরী,-
সাক্ষান্মোক্ষ করী-শিবে-! তুমি ভবে-বিশ্বেশ্বরশ্রী-ধরী-!
শ-ত্রু ধংস করে-নিরা-ময় করে-! কা-শীপুরা-ধীশ্বরি-!
ভিক্ষা-দে'-করুণা-ময়ি ত্রি নয়নে-! মা-অন্ন পূর্ণেশ্বরী-!!১০।

অন্না-ধা-র ধরে-ধরা-ধর সুতে-! দে-অন্ন বিশ্বেশ্বরী-!
বৈ-রাগ্য ব্রত কা-মনা-মম চিতে-দে-পুণ্য পূর্ণেশ্বরি-!
সং-সা-রাব্ধি ভয়ে-পদা-শ্রিত জনে-কা-শী-পুরাধীশ্বরী-!
ভিক্ষা-দে'-করুণা-করি' ত্রি নয়নে-মা-অন্ন পূর্ণেশ্বরি-!!১১।

পা-পে-তা-প বিকা-র মো-র হৃদয়ে-দেখ্ মা-দিবা-শর্ব্বরী-
দুঃ-খী-দী-ন জনে-পদে-ভব ভয়ে-রাখ্ মা-শিবে-শঙ্করি-!
ভক্তি জ্ঞা-ন সুধা- সদাধম সুতে-কা-শী-পুরা-ধীশ্বরি-!
ভিক্ষা দে-চরণাশ্রিতে গিরি সুতে-! মা-অন্ন পূর্ণেশ্বরি-!!১২॥

—০ঃ৹ঃ০—

[ পাঠফল - পয়ার। ]

অন্নপূর্ণা স্তোত্র যেবা পঠে ভক্তি ভরে,
সর্ব্ব শুভ লব্ধ তা'র অন্নপূর্ণা বরে !—

অর্পেণ সে জনে সদা অন্নদা শিবেশী,
ধন ধান্য অন্ন সনে পুণ্য রাশি রাশি !

মহেশ্বরী মাতা তা'র পিতা সদানন্দ,
আত্মীয় বান্ধব তা'র শিব ভক্ত-বৃন্দ।

ত্রি লোক স্ব দেশ তা'র অন্নদা ঈশ্বরী।
অন্ন পূর্ণা-স্তবে তুষ্টা অন্ন পূর্ণেশ্বরী॥

[ইতি শ্রীমৎ শঙ্করাচার্য্য বিরচিত শ্রীঅন্নপূর্ণা-
স্তোত্রের বঙ্গানুবাদ।]

# শ্রীশ্রীমহালক্ষ্মী-স্তোত্র।

—:০:—

[ অনুষ্টুপ্ ছন্দ। ]

নমো-নমঃ-- মহা-লক্ষ্মি-! শ্রী-পী-ঠে-সুর পূ-জিতে-!
শ-ঙ্খ চ-ক্র গদা-হ-স্তে-। নম-স্তে-বিশ্ব-ব-ন্দিতে !!১।

নম স্তে গরুড়ারূঢ়ে ! কোলাসুর-ভয়ঙ্করি !
নমো নমঃ পদে দেবি ! মহালক্ষ্মি শুভঙ্করি !! ২।

সর্ব্ব জ্ঞে সর্ব্ব দে শান্তে ! সিদ্ধি-বুদ্ধি-শুভ-প্রদে !
সর্ব্ব-দুঃখ-হরে দেবি ! মহালক্ষ্মি নমঃ পদে !! ৩।

মন্ত্র-মূর্ত্তি-ধরে দেবি ! ভক্তি-মুক্তি-প্রদায়িনি।
নমো নমঃ মহালক্ষ্মি। পর-ব্রহ্ম-স্বরূপিণি !! ৪।

আদ্যন্ত-রহিতে মাতঃ ! আদ্য শক্তি মহেশ্বরি !
নমো নমঃ পদে দেবি ! মহালক্ষ্মি মহোদরি !! ৫।

যোগ জে যোগ-সম্ভূতে স্থূল-সূক্ষ্ম-স্বরূপিণি !
নমো নমঃ মহালক্ষ্মি ! সর্ব্ব-সৌখ্য-বিধায়িনি !! ৬।

পদ্মাসন-স্থিতে দেবি ! পদ্ম-কানন-সংশ্রিতে !
নমো নমঃ মহালক্ষ্মি ! জগন্মাতঃ জগৎ স্থিতে !! ৭।

শ্বেতাম্বর-ধরে সৌম্যে! দিব্যালঙ্কার-ভূষণে!
নমো নমঃ মহালক্ষ্মি! পরমেশি ত্রি লোচনে ॥ ৮ ।

[ পাঠফল—অনুষ্টুপ্। ]

মহালক্ষ্ম্যষ্টক স্তোত্র পাঠে ভক্তি ভবে নরে,
সর্ব্ব সিদ্ধি সনে লব্ধ রাজ্য সৌভাগ্য ভূ'পবে!

নিত্য যেবা পঠে এক বার ভক্তি-সমন্বিত,
মহাপাপ হরে তা'র সদা সে সুখ-সংবৃত!

দ্বিবার যে পঠে নিত্য, মহালক্ষ্মী-কৃপা গুণে,
ধন-ধান্য সনে তা'র লব্ধ শান্তি-সুধা মনে!

ত্রি বারে সে লভে সর্ব্বৈশর্য্য মুক্তি ভবার্ণবে,
মহালক্ষ্মী সদা তা'রে প্রসন্না বরদা ভবে!!

[ ইতি ইন্দ্রকৃত শ্রীশ্রীমহালক্ষ্মী স্তোত্রের
বঙ্গানুবাদ। ]

# শ্রীশ্রীলক্ষ্মী-স্তোত্র।

—:০:—

[ অনুষ্টুপ্ ছন্দ। ]

ক্ষম' মা-তঃ-! ক্ষমা-শী-লে-! মহা-দে-বি! পরাৎ-পরে-!
শু-দ্ধ স-ত্ত্ব-স্বরূ-পে-! মা- স-র্ব্ব পা-প হরে-! বরে-!!

সাধ্বী দেবী-গণে দিব্যোপমে! মা দেব-পূজিতে!
মৃত প্রায় জগৎ-সর্ব্ব বিনা তোমা সুরার্চ্চিতে!!

সর্ব্ব-সম্পৎ-স্বরূপা মা তুমি সর্ব্ব-স্বরূপিণী!
সর্ব্বৈশ্বর্য্য-ময়ী নিত্যা ভবদংশে সর্ব্বকামিনী!!

নারায়ণী মহা দেবী তুমি মা নিখিলাত্মিকা!
কৈলাসে পার্ব্বতী-রূপা ক্ষীরোদে সিন্ধু-কন্যকা!!

স্বর্গ-লক্ষ্মী তুমি স্বর্গে মর্ত্ত্য-লক্ষ্মী ধরাতলে!
বৈকুণ্ঠে মা মহালক্ষ্মী, লক্ষ্মী-রূপা জলে স্থলে!!

রাজ-লক্ষ্মী নৃপাগারে পূজিতা হৃৎ সরোরুহে,
তুমি মা গো অধিষ্ঠাত্রী গৃহ-লক্ষ্মী গৃহে গৃহে!!

তুমি মা তুলসী গঙ্গা দেব-দেবী সরস্বতী!
সাবিত্রী ব্রহ্ম-লোকে মা গোলোকে রাধিকা সতী!

কৃষ্ণ প্রাণাধি দেবী শ্রী বৃন্দাবন-বনে বনে,
রাসে রাসেশ্বরী রম্যা চন্দ্রা চন্দন-কাননে ॥

ভাণ্ডীরে তুমি মা কৃষ্ণ-প্রিয়া সর্ব্ব-শুভঙ্করী।
শত-শৃঙ্গে তথা নাম-রূপে মা তুমি সুন্দরী ॥

বিরজা চম্পকারণ্যে মালতী মালতী-বনে,
পদ্মাবতী তথা পদ্মা তুমি মা পদ্ম কাননে ॥

কুন্দোপবন সংশ্লিষ্টা তুমি মা কুন্দ-দন্তিকা।
কদম্ব-কাননে মা গো কদম্ব-পুষ্প-মালিকা ॥

তুমি মা কেতকী-কুঞ্জে সুশীলা নাম-ধারিণী।
সর্ব্বাধিষ্ঠাত্রি-রূপে মা তুমি লক্ষ্মি-স্বরূপিণী ॥

মাত র্ভগবতি। প্রীতি-ভক্তি-মুক্তি-প্রদায়িকে।
কর' দৃষ্টি কৃপা-নেত্রে সর্ব্ব-মঙ্গল-সাধিকে ॥

ক্ষম' মা করুণাপাঙ্গে। অপরাধ মম ক্ষম'।
প্রসীদ মা মহালক্ষ্মি। পাদ পদ্মে নমো নমঃ ॥

[ পাঠফল—অনুষ্টুপ্। ]

ইতি লক্ষ্মী-স্তব প্রোক্ত দেব-বক্ত্র-বিনির্গত।
পুণ্যদ প্রীতি-ভক্তি-শ্রী-সমৃদ্ধি-ক্ষেম-সংযুত ॥

প্রাতরুত্থান-কালে যে ভক্তি ভাবে পঠে স্তব,
সর্ব্বেচ্ছা পূরণে সে যে সর্ব্ব-সৌখ্য লভে ধ্রুব !!

অভার্য্য লভয়ে ভার্য্যা সতী সাধ্বী পতি ব্রতা,
অনিন্দ্য-সুন্দরী রম্যা ধর্ম্ম শীলা সতী-ব্রতা !!

দুহিতা সে লভে সাধ্বী সু শীলা প্রিয়-বাদিনী !
পুত্র পৌত্রবতী শুদ্ধা কুলজা কোমলাঙ্গিনী !!

অপুত্রক লভে পুত্র বিষ্ণু-ভক্ত সু রূপবান্,
যশস্বী পরৈশ্বর্য্য-বিদ্যা-বুদ্ধি-প্রভাববান্ !!

ভ্রষ্ট-রাজ্য লভে রাজ্য শ্রী হীন শ্রী লভে জন,
হৃত-বন্ধু লভে বন্ধু ধন-ভ্রষ্ট লভে ধন !!

কীর্ত্তি-হীন লভে কীর্ত্তি প্রতিষ্ঠা খ্যাতি সদগতি !
ধর্ম্মার্থ কামনা সিদ্ধ, পঠনে এ বর স্তুতি !!

সর্ব্ব মঙ্গলদ স্তোত্র শোক সন্তাপ নাশন,—
হর্ষানন্দ কর শ্রীমৎ চতুর্ব্বর্গ প্রসাধন !!

[ইতি দেবগণ কৃত শ্রীশ্রীলক্ষ্মী-স্তোত্রের
বঙ্গানুবাদ।]

# শ্রীশ্রীসরস্বতী-স্তোত্র।

—০:*:০—

[ মালিনী ছন্দ। ]

সিত শত দল হা—স্যে— শুভ্র দে—হে— শর—ণ্যে—!
সিত শশি হসিতা—স্যে— শ্বে—ত ব—র্ণে— বর—ণ্যে—!
সিত সরসিজ স—দ্মে— সা—র দে— স—ত্ত্ব রূ—পে—!
প্রণমি চরণ প—দ্মে— জ্ঞা—ন দে—বাক্ স্বরূ—পে—!! ১।

সিত কুসুম সুবে—শে— শ্বে—ত পু—ষ্পো—প চা—রে—!
সিত বসন সুভূ—ষে— স—ত্ত্ব দে— শুভ্রহা—রে—!
সিত শত দল স—দ্মে— নি—ষ্কলে— নি—ত্য শু—দ্ধে—!
প্রণমি চরণ প—দ্মে— নি—র্মলে— সি—দ্ধি বি—দ্যে—!! ২।

অসিত চিকুর ভা—রে— বু—দ্ধি দে— শু—দ্ধি রূ—পে—!
হসিত কমল হা—রে— সি—দ্ধি দে— বু—দ্ধি রূ—পে—!
অমর নর অবে—দ্যে— শা—ন্তি দে— কা—ন্তি দে—হে—!
প্রণমি চরণ প—দ্মে— ক্ষা—ন্তি দে— প—দ্ম গে—হে—!!৩।

অমল কমল শো—ভা— হৃৎ—পদে— স—ম্প্রকা—শে—
বিমল ধবল আ—ভা— কা—ন্তি মা—তে— বিকা—শে—!
সুর নর জগ ব—ন্দ্যে— মো—ক্ষ দে— জ্ঞা—ন সা—রে—
প্রণমি চরণ প—দ্মে— সৌ—খ্য দে— দুঃ—খ হা—রে—!! ৪।

শশধর রুচি র–ম্যে– ব–ল্লকী– ব্য–গ্র হ–স্তে–!
সিত বিধু কর গৌ–ম্যে– স–র্ব্ব গী–র্ব্বা–ণ শস্তে!
হিম কর সু বিশু–দ্ধে– বে–দ হ–স্তে– অনা–দ্যে–!
প্রণমি চরণ প–দ্মে– বা–ণি বাগ্ দে–বি বি–দ্যে–!! ৫।

ত্রি ভুবন জন ই–ষ্টে– দে–বি সংসা–র সা–রে–
নিখিল গুণ বরি–ষ্ঠে– নি–র্গুণে– নি–র্ব্বিকা–রে–!
হরি হর সুর ব–ন্দ্যে– শ্বে–ত হ–স্তে– সুব–র্ণে–!
প্রণমি চরণ প–দ্মে– ভা–রতি–জ্ঞা–ন পূ–র্ণে–!! ৬।

হরি রমণি সিতা–ব্জে– প্রী–তি রূ–পে–প্রধা–নে!
কমল ভব মুখা–ব্জে– ভূ–তি রূ–পে– পুরা–ণে!
নিখিল ভব নিমি–ত্তে– বে–দ বে–দা–ঙ্গ গী–তে–!
প্রণমি চরণ প–দ্মে– বা–ণি বি–জ্ঞা–ন পূ–তে–!! ৭।

রুচির সুযশ বে–শে– ক–জ্জল–জ্ঞা–ন নে–ত্রে!
দুরিত কুমতি না–শে– প্রো–জ্জ্বলে– শু–ভ্র গা–ত্রে!
সুর ঋষি অভি বা–দ্যে– সা–র দে– চিৎ–স্বরূ–পে–!
প্রণমি চরণ প–দ্মে– ভা–রতি– জ্ঞা–ন রূ–পে–!! ৮।

বিজড়িত ভব মো–হে– আ–মি মা– দী–ন দুঃ–খী–!
কলুষিত চিত তা–হে– শু–দ্ধ মা– পা–প সা–ক্ষী–!
ভব ভয় অভি ব–ন্ধে– র–ক্ষ' মা– মো–হ ঘো–রে–!
প্রণমি চরণ প–দ্মে– পা–প হে– তা–প হা–রে–!! ৯।

কলি কলুষ কলা-পে- চি-ত্ত বৃ-ত্তি- প্রমু-গ্ধ-!
নিশি দিন মন পা-পে- তা-প দা-হে- বিদ-গ্ধ-!
কর' কর' মম বি-ত্থে- সা-ধনে- চিত্ত শু-দ্ধি-!
প্রণমি চরণ প-দ্মে- দে-হ মা- জ্ঞা-ন বু-দ্ধি- !!১০

নিখিল ভুবন নি-ত্যে- চা-হি নে আ-মি মু-ক্তি-!
বিতর' অধম চি-ত্তে- মা-র দে- মা-র ভ-ক্তি-!!
সুমতি মম ভবা-দ্যে- অ-ন্তরে- দে-হ' সৌ-ম্যে-!
প্রণমি চরণ প-দ্মে- ভ-ক্তি দে- বি-ষ্ণু র-ম্যে-!!১১।

কর' করুণ কটা-ক্ষে- স-ত্ত্ব ধী- মো-র চি-ত্তে-!
স্মিত মুখি ভব মু-খ্যে- রা-খ মো-রে- কবি-ত্বে-!!
সিত শত দল স-দ্মে- ব-ল্লকী-বেদ হ-স্তে-!
কবি চিত পদ প-দ্মে- রা-খ মা- গো- নম-স্তে-!!১২ ॥

[ পাঠফল—পয়ার। ]

পবিত্র এ স্তোত্র যেবা পঠে ভ-ক্তিভরে,
ভগবতী বীণা-পাণি তুষ্টা সদা তা'রে !

নিত্য যেবা এই স্তোত্র পঠে শুদ্ধ-চিতে,
সাত্ত্বিক পরমানন্দ পায় সে মহিতে !

সু জ্ঞান সু বুদ্ধি বিদ্যা চিত্ত-শুদ্ধি সনে,
কবিত্ব মহত্ত্ব খ্যাতি প্রলব্ধ সে জনে!

শ্রী পঞ্চমী পূজা দিনে এ স্তব পড়িলে,
সর্ব্ব-বিদ্যা-সিদ্ধি সনে মোক্ষ-পদ মিলে!!

# শ্রীরাধিকাষ্টক-স্তোত্র।

—০ঃ৵ঃ০—

[ অনুষ্টুপ্ ছন্দ। ]

শ্রী-রা-ধে-! পরমে- রম্যে-! রা-সে-শ্বরি শুচি-স্মিতে-!
কৃষ্ণ কান্তে- হরি-প্রী-তে- কৃষ্ণ বক্ষঃ-স্থল স্থিতে-!
কৃষ্ণ প্রা-ণা-ধিকে-মুখ্যে-মহা-লক্ষ্মি-স্বরূপিণি-!
নমঃ-শ্রী-রা-ধিকে-দে-বি! সত্য সত্যে- সনা-তনি-!! ১।

ব্র-হ্মা বিষ্ণু-প্রসূ- পূ-র্ণে- অনা-দ্যে- পরমে-শ্বরি-!
বিষ্ণু মা-য়া স্বরূ-পাদ্যে- বিষ্ণু প্রিয়ে- শুভঙ্করি-!
নির্লিপ্তে- নির্গুণে- নিত্যে- ব্রহ্মা-নন্দ-স্বরূ-পিণি-!
নমঃ-শ্রী-রা-ধিকে- দে-বি! কৃষ্ণা-নন্দ-প্রসা-ধিনি-!! ২।

বৃষ ভা-নু সুতে- তী-র্থ পূ-তে- কান্তে- কুলে-শ্বরি-!
প্রথমা-গো-পিকে- গো-প মা-তৃকে- গো-কুলেশ্বরি-!
সা-নন্দে- পরমা-নন্দে- বৃন্দা-বন বিহা-রিণি-!
নমঃ শ্রীরা-ধিকে- দে-বি! শ্রী-গো-বিন্দ বিলা-সিনি-!!৩।

বিদ্যুৎ প্রভে- সু গৌ-রাঙ্গে- ফুল্ল পদ্ম বরা-ননে-!
শশাঙ্ক-শ্রী-মুখে- সৌ-ম্যে- নী-ল পঙ্কজ লো-চনে-!

কুন্তলা-কুল গণ্ডে- শ্রী-কৃষ্ণ কান্তে- সু কে-শিনি-!
নমঃ-শ্রী-রা-ধিকে- দে-বি! কুঞ্জ কা-নন চা-রিণি-!! ৪।

রত্ন রো-চি র্ময়ে- রা-ধে- রুক্ম বর্ণে- সরস্বতি-!
কল্যা-ণি কা-মদে- কন্যে- কা-ম রূপে- কলা-বতি-!
পীতাম্বর-প্রিয়ে- পুণ্যে- প্রী-তি পূর্ণে- প্রমো-দিনি-!
নমঃ- শ্রী-রা-ধিকে- দে-বি! প্রেমা-নন্দ স্বরূ-পিণি-!!৫।

রা-ধা- রা-সেশ্বরী-রূ-পে- তুমি মা- কে-শবাত্মিকা-!
আদ্যা-শক্তি স্বরূ-পে-তে- তুমি মা- জগদম্বিকা-!
তুমি মা- বৈষ্ণবী-শৈবী- ব্রহ্মা-ণী- কৃষ্ণ কা-মিনি-!
নমঃ- শ্রী-রা-ধিকে- দে-বি! সচ্চিদা-নন্দ রূপিণি-!! ৬।

না-রা-য়ণী মহা-দে-বী- তুমি লক্ষ্মী- সরস্বতী-!
সা-বিত্রী- তুলসী-গঙ্গা- তুমি মা- পার্ব্বতী-সতী-!
তুমি গৌ-রী- ভবা-রাধ্যা- তুমি বিষ্ণু বিনো-দিনী-!
নমঃ- শ্রী-রা-ধিকে- দে-বি! কৃষ্ণ ভক্তি প্রদা-য়িনি-!!৭।

পা-পী-তা-পী- ভবে- আ-মি, মহিমা- জা-নি নে- তব-!
সর্ব্ব মঙ্গল দে- রা-ধে-! ভিক্ষা- শ্রী-চরণে- তব-!
অপাঙ্গে হে-রি' কৃপা-পাঙ্গে- কৃষ্ণ-ভক্তি হৃদে- মম-!
নমঃ- শ্রী-রা-ধিকে- দেবি! পা-দ পদ্মে- নমো নমঃ!! ৮॥

—০:#:০—

[ পাঠফল—পয়ার। ]

রাধাষ্টক-স্তোত্র যেবা পঠে ভক্তি-ভরে,
কৃষ্ণ-প্রিয়া রাধা রাণী তুষ্টা সদা তা'রে!

জগদাদ্যা নারায়ণী রাধা-রূপা সতী,
অর্পেন্ অন্তরে তা'রে কৃষ্ণ-ভক্তি-রতি!

সর্ব্ব-সৌখ্য ভক্ত-হৃদে অর্পিয়া শুভদা,
লক্ষ্মী-রূপে তা'র গৃহে বিরাজেন সদা!

অভিন্ন শ্রী রাধা কৃষ্ণ একেশ্বর স্মৃত!
শ্রী রাধা-অর্চ্চনে তাই শ্রী কৃষ্ণ অর্চ্চিত!!



# শ্রীশ্রীগঙ্গাষ্টক-স্তোত্র।

—:*:—

[ ত্রিপদী। ]

পতিত-পাবনি গঙ্গে! হারাবলি ক্ষিতি-অঙ্গে,
শৈল-সুতা-সপত্নি! জননি!
স্বর্গ-পথ-বৈজয়ন্তী, তুমি মা কলুষ-হন্ত্রী,
ভাগীরথি! পুণ্য-তরঙ্গিণি!!
তব তীরে বাস করি', পান করি' তব বারি,
উৎক্ষেপিয়া তোমারি' প্রবাহ,—
গঙ্গে! তব নাম স্মরি', অঙ্গের তরঙ্গ হেরি,'
নষ্ট যেন হয় মম দেহ!! ১।

পুণ্য-তোয়ে! তব তীরে, তরু-কোটর অন্তরে,
ধন্য যত বিহঙ্গম জাতি!
জাহ্নবি! তোমার নীরে, নিত্য-বাস-ভাগ্য তরে,
ধন্য মৎস্য কচ্ছপ-সংহতি!!
তোমা'-শূন্য অন্য স্থানে, মদান্ধ-করীন্দ্রাসনে,
জয়োল্লাস-আনন্দ-সম্মোহে!—
শক্র-নারী-প্রপূজিত, নৃপেন্দ্র সুখ-সংবৃত,
কভু মা গো তুল্য তা'র নহে!! ২।

কাক-চঞ্চু-নিষ্কুষিত, শ্ব-বদন-কবলিত,
তরঙ্গ-সংঘাত-সন্দোলিত !—
প্রবাহ-পরিচালিত, তব তটান্ত-মিলিত,
গোমায়ু-নিবহ-বিলুণ্ঠিত !—
হেন মম দেহ ভবে, বল মা হেরিব কবে,
ত্রিপথ গে !—ঊর্দ্ধ-পথ হো'তে !—
সু চারু-চামর-করী, দিব্য-রূপা বিদ্যাধরী,
সু ব্যজন লভিতে লভিতে !! ৩।

বিষ্ণু-পাদ-পদ্ম-তলে, তুমি মা পুণ্য-সলিলে !
মৃণাল-রূপিণী সু নির্ম্মলা !
শুভ্র-ফেন-সিতাঙ্গিনী, শিব-মৌলি-সুশোভিনী,
তুমি মা মালতী-পুষ্প-মালা !!
তুমি মা অঘ-হারিণী, কলি-কলঙ্ক-নাশিনী,
মোক্ষ-লক্ষ্মী-বিজয়-পতাকা !
সুপবিত্র কর' সবে, তুমি মা জাহ্নবি ! ভবে,
সর্ব্ব-জীবে কৈবল্য-দায়িকা !! ৪।

স্বর্গে তুমি সুরধুনী, শূন্য-দেশে মন্দাকিনী,
ভাগীরথী গঙ্গা ধরাতলে !
ভব-কল্মষ-নাশিনী, জীব-মোক্ষ-বিধায়িনী,
আবির্ভূ'তা পবিত্র-সলিলে !!

তুমি মা বিশ্ব-পাবনী, অনাদ্যা ভীষ্ম-জননী,
ব্রহ্ম-কমণ্ডলু-নিবাসিনী !
বিষ্ণু-পদ-নির্ঝরিণী, শম্ভু-শির-বিস্তারিণী,
নিস্তারিণী অনন্ত-রূপিণী !! ৫।

হিন্তাল-তমাল-শালে, বৃক্ষ-বল্লী-লতা জালে,
সূর্য্য-কর-প্রতাপ-রহিত !—
স্নিগ্ধ-স্রোত মনোহারি, সুশীতল তব বারি,
শঙ্খ-ইন্দু-কুন্দ-সু শোভিত !!
গন্ধর্ব্ব-অমর-সুতা, সিদ্ধ-কিন্নর-বনিতা,
তুঙ্গ-পয়োধর-আস্ফালিত !—
নিত্য মম স্নান তরে, নির্ম্মল সে গঙ্গা-নীরে,
লব্ধ যেন হয় মা অমৃত !! ৬।

গঙ্গে ! তব মনোহারি, সুধা-সুনির্ম্মল বারি,
মুরারি-চরণ-পদ্ম-চ্যুত !—
ত্রিপুরারি-শির-চারি, ভব-ভয়-অঘ-হারি,
দুরিতারি তরঙ্গ-সংশ্রিত !—
দূর-দিগন্ত-প্রচারি, কল্লোল-ঝঙ্কার-কারি,
গিরি-রাজ-গহ্বর-বিদারি !—
নিত্য মা গো তব নীরে, পবিত্র করুন্ মোরে,
গঙ্গে ! তব শুভ কারি বারি !! ৭

না জানি পূজা-পদ্ধতি, না জানি ভকতি স্তুতি,
না জানি মা মন্ত্রের সাধনা!
অধম সন্তান বো'লে, রক্ষ' মা গো পদ-তলে,
এই মাত্র চরণে প্রার্থনা!!
ভব-লীলা-অবশেষে, যেন তব কৃপা-বশে,
দেহ মম পশে গঙ্গা-জলে।
শ্রী-অঙ্গ হেরি' অন্তরে, যেন মা গো ভক্তি-ভরে,
"গঙ্গে! গঙ্গে!"—জপি মৃত্যু-কালে!! ৮॥

[ পাঠফল—পয়ার। ]

সংযত-অন্তরে স্নান কালে বা প্রভাতে,
গঙ্গাষ্টক পঠে যেবা ভক্তি-পূর্ণ চিতে,—

কলিজ কল্মষ-পঙ্ক হয় প্রক্ষালিত,
মোক্ষ-পদ লব্ধ তা'র জন্ম নিরাকৃত!!

সত্ত্ব-শুদ্ধ সুপবিত্র চিত্ত-দেহ সনে,
সর্ব্ব সুখ-শান্তি তা'র লব্ধ এ ভুবনে!

অন্তিমে সে জড়-দেহ অর্পি' গঙ্গা-নীরে,
মোক্ষ-ধামে যায় চলি' চিন্ময়-শরীরে!!

[ ইতি শ্রীমন্ মহর্ষি বাল্মীকি-বিরচিত গঙ্গা-
স্তোত্রের মর্ম্মানুবাদ। ]

# শ্রীশ্রীগঙ্গা-স্তোত্র।

—০ঃ৵ঃ০—

[ পজ্ঝটিকা—ছন্দ। ]

'দে-বি সুরে-শ্বরি ভগবতি গ-ঙ্গে-!
'ত্রি ভুবন তা-রিণি তরল তর-ঙ্গে-!!'

'শ-ঙ্কর মৌ-লি নিবা-সিনি বিমলে-'
মম মতি থা-কুক তব পদ কমলে-!!

'ভা-গী-রথি সুখ দা-য়িনি মা-ত-
স্তব জল মহিমা- নিগমে- খ্যা-ত-' !!

না-হিক জা-নি তব সলিল মহিমা,-
না-হিক জা-নি চরণ গুণ গরিমা-!

হরি পদ প-দ্ম তর-ঙ্গিণি গ-ঙ্গে-!
হিম বিধু মু-ক্তা- ধবল তর-ঙ্গে-!!

দু-স্কৃতি ভা-র করহ মম দূ-রে-!
দী-নে- লহ' ভব সা-গর পা-রে-!!

বা-রি বিমল তব পা-ন করে- যে-,
সা-র পরম পদ লা-ভ করে- সে-!!

গ-ঙ্গে- যে- নর তব পদ ভ-ক্ত,-
দরশে- সে- জন শমন অশ-ক্ত-!!

'পতিতো-দ্ধা-রিণি জা-হ্নবি গ-ঙ্গে-!
খ-ণ্ডিত গিরি বর ম-ণ্ডিত ভ-ঙ্গে-'!!

ভী-ষ্ম জননি অয়ি মুনি বর ক-ন্যে-!
পতিত নিবা-রিণি ভুবন সর-ণ্যে-!!

ক-ল্প লতা- তুমি ফল দা- লো-কে-
তব চরণে- নত অপতিত শো-কে-!!

পা-রা-বা-র বিহা-রিণি গ-ঙ্গে- !
করুণা-পা-ঙ্গিনি অয়ি তরলা-ঙ্গে-!!

সুমনে- যে- তব স্রো-তঃ-স্না-ত,-
হয় না- সে- কভু জঠরে- জা-ত-!!

'নরক নিবা-রিণি জা-হ্নবি গ-ঙ্গে-
কলুষ বিনা-শিনি মহিমো-ত্তু-ঙ্গে-!

ভব ভয় হা-রিণি পু-ণ্য তর-ঙ্গে-!
জয় জয় জা-হ্নবি করুণা-পা-ঙ্গে-!!

ই-ন্দ্র মুকুট মণি র-ঞ্জিত চরণে-!
সুখ দে- শুভ দে- সে-বক শরণে-!'

রো-গ শো-ক পরিতা-পে- পা-পে-
হর' মম ভগবতি! কুমতি কলা-পে-!!

ত্রি ভুবন সা-রে- বসুধা- হা-রে-
তুমি মম গতি মা-খলু সং-সা-রে-!!

অলকা-ন-ন্দে- পরমা-ন-ন্দে-!
কর' কর' করুণা- কা-তর ব-ন্দ্যে-!!

তব তট নিকটে- যে- জন বসতি,-
খলু বৈ-কু-ণ্ঠে- সে- জন সুগতি-!

মী-ন কমঠ বর মা- তব নী-রে-
অথবা- শরট করট তব তী-রে-!

তী-রে দী-ন অধম অতি শ্রে-ষ্ঠ-!
নহি তবু দূ-রে- নৃপতি বরি-ষ্ঠ-!!

দে-বি সু জল ময়ি মুনি বর ক-ন্যে-!
ভো- ভুবনে-শ্বরি ভগবতি পু-ণ্যে-

অধমে- সু জলে-! লইয়া- কো-লে
রা-খি হ চরণে- অ-ন্তিম কা-লে-!!

[ পাঠ—ফল। ]

গ-ঙ্গা- স্তব ইহ পা-ঠে- নি-ত্য,-
বিজয়ী- হয় নর ভুবনে- স-ত্য-!

যে- জন হৃদয়ে- গ-ঙ্গা- ভ-ক্তি,-
সে- জন লভয়ে- চরমে- মু-ক্তি-!

গ-ঙ্গা- স্তব বদনে- নিতি গা-য়্ যে,-
পরমা-ন-ন্দ সুধা- সুখ পা-য়্ সে-!!

গ-ঙ্গা- স্তব ভব সা-র স্ব ললিত-!-
শ-ঙ্কর সে-বক শ-ঙ্কর রচিত-!!

[ ইতি পরমহংস পরিব্রাজক শ্রীমৎ শঙ্করাচার্য্য-
বিরচিত গঙ্গা-স্তোত্রের বঙ্গানুবাদ। ]

# শ্রী-গুরু-স্তোত্র।

—০:*:০—

[অনুষ্টুপ্ ছন্দ।]

নম-স্তে দে-ব দে-বে-শি! নম-স্তে- হর পূ-জিতে-!
ব্র-হ্ম বি-দ্যা-স্বরূ-পা-খ্যে-! নম-স্তে-ব্র-হ্ম সং-স্থিতে-!!১।

অজ্ঞান তিমিরান্ধের জ্ঞানাঞ্জন-স্বরূপিণি!
নম স্তে জ্ঞান দে দেবি! মোক্ষ দে ভব তারিণি!! ২।

শ্রী নাথ বাম ভাগ স্থে! অম্বিকে সুর পূজিতে!
নম স্তে করুণাপাঙ্গে! মহা দেবি ভবার্চ্চিতে!! ৩।

সহস্রারে মহা পদ্মে সদানন্দ-স্বরূপিণি!
ত্রি গুণাত্মময়ি ব্রাহ্মি! ব্রহ্মানন্দ প্রদায়িনি!! ৪।

চন্দ্র-সূর্য্যাগ্নি-নেত্রে! সংঘূর্ণিতাক্ষি ত্রি লোচনে!
ব্রহ্মা-বিষ্ণু-শিবত্বাদি বীজ ভূতে বরাননে!! ৫।

মহা-মোক্ষ-প্রদে দেবি! জীবন্মুক্তি-প্রদায়িনি!
নম স্তে রুদ্র-রূপে মা ব্রহ্মা-বিষ্ণু-স্বরূপিণি!! ৬।

সর্ব্বেশ্বরি জগন্মাতঃ! সর্ব্বেশে সর্ব্ব-সংস্তুতে!
নম স্তে জগদারাধ্যে! নম স্তে বিশ্ব-বন্দিতে!! ৭।

শ্বেতাব্জ-শোভিতে শুভ্রে ! শুদ্ধ সত্ত্ব-স্বরূপিণি ।
নমো নমঃ মহা দেবি ! ব্রহ্ম রন্ধ্র-নিবাসিনি ॥ ৮ ॥

—০ঃ৪ঃ০—

[ পাঠফল—পয়ার । ]

পঠনে স্ত্রী গুরু স্তোত্র নিত্য ভক্তি ভাবে,
জ্ঞান বুদ্ধি সনে সিদ্ধি লব্ধ হয় ভবে !
গুরু পূজা করি' প্রাতে এ স্তব পড়িলে,
দেবী-পুত্র রূপে ভবে রাজ্য পদ মিলে !!

[ ইতি শ্রীমাতৃকাভেদ তন্ত্রোক্ত স্ত্রীগুরু-স্তোত্রের মর্ম্মানুবাদ । ]

# শ্রীশ্রীমাতৃ-স্তোত্র।

—০:*:০—

[ শিখরিণী ছন্দ। ] *

মহা- মা-য়া-ঘো-রে- বিষয় বিষ তা-পে- বিকলিত-!
চিন্তা-অগ্নি ত্রা-সে- হৃদয় মন 'আ-রো'- বিচলিত-!
কৃপা- মা-তোর্ এ-বে- অধম তনয়ে- না- হয় যদি-,
তবে- বল্ মা- শ্যা-মা- তরিব কি মতে- এ-ভব নদী-!! ১।

ভু'লে- মিথ্যা-ভো-গে- ভব ঘরণি পূ-জা-শ্রম ভবে-,
মহা- মো-হে- মা-গো- করিনি' তব সে-বা-র্চ্চন শিবে-!
দয়া-দী-নে- এ-বে- করুণ নয়নে-! না-কর যদি-,
তবে- বল্ মা- দুর্গে-! তরিব কি মতে- এ- ভব নদী-!! ২।

বৃথা-ভো-গে- রো-গে- করিনি' কভু মা-গো- মন ভুলে-,
স্থরা-রাধ্যে- আ-দ্যে-! তব চরণ পূ-জা- ফুল জলে-!
সদা- পা-পে- তা-পে- কু মতি পরি লিপ্ত ত্রি নয়নে-!
ক্ষমা- কর্ মা মো-রে- অধম সুত বো'-লে-নিজ গুণে-!!৩

---

* "ন মন্ত্রং নো-যন্ত্রং তদপি চ ন জা-নে- স্তুতি মহো-" এই ছন্দে।

চিতে- আ-শা- তা'ও মা- তব চরণ সা-রা-মৃত কণা-।
সু পুত্রে- কা-পুত্রে- নিয়ত সম মা- তো-রি' করুণা-।
ভবে- আ-মি শ্যা-মা- তব অতি কু পুত্র ত্রি নয়নে-!
ক্ষমা- কর্ গো মা- মো-রে- অধম সুত বো'লে-নিজ গুণে-!!৪

মিছা- মা-য়া-পা-শে- ধন জন সুখা-শে- হৃত চিত-।
কিরূ-পে- মা- সা-ধি- প্রিয় চরণ পূ-জা- সু বিহিত-!
ভু'লে মা- তোর্ পা-দা-ম্বুজ যুগল সৌম্যা-মৃত ভবে-,
সদা- দুঃখে- আ-মি- ক্লিশিত চিত কাত্যা-য়নি শিবে-!!৫।

সুখা-শা- সংসা-রে- নিতি দিন নিরা-শে- পরিণত-!
সুধা- মো-হে- দে-হে- গরল শুধু মা- মোর্ অবসিত-!
মিছা- আ-শা- ঘো-রে- অহরহ দুরা-শা- অভি ভবে-,
সদা- দুঃখী- আ-মি- ত্রি গুণ ময়ি না-রা-য়ণি শিবে-!! ৬।

পিতা- মা-তা- ভ্রা-তা- ভগিনি গণ মো-র্ না-হিক ভবে-!
তদা- সা-ধের্ পুত্রে- ফিরি' নিলি অকা-লে- অয়ি শিবে-'!
চিতা-নল্ মা- প্রা-ণে- দগধ হৃদয়ে- আ-র্ কত স'বো-?-
কিরূ-পে- এ- দুখ্ মা- তব পদ বিনে- পা-সরি' র'বো !!৭।

মনে- প্রা-ণে- মা-গো- নিরবধি কি এম্নি ই দুখ দি'বি-?
হবে- না- কি- জ্ঞা-নে- কভু হৃদয় টা-কা- সুখ ছবি-?

জলজ্বা–লা– মা–লা– দহন দুখ মা– আর্ কত স’বো–?
কিরূ–পে– এ– দুখ্ মা–তব পদ বিনে– পা–সরি’ র’বো !!৮

সদা– দুঃখে– দুঃখে– দিবস রজনী– মোর্ অপগত–!
দিনে–কের্ জন্যে– মা– সুখ কভু নহে– মোর্ সু বিদিত–!
শিবে–! দে–দে– মা– ঐ বর চরণ পদ্মা–মৃত কণা–!
ভবে–সুখ্ আর্ কো–থা–জগ জননি মা–তোর্ পদ বিনা !!৯

হিয়া–কাঁ–পে– ত্রা–সে– শমন ভয় মো–হে– অবিরত–!
চিতা– দৃশ্যে–দৃশ্যে– নয়ন মন তা–হে– সমুষিত–!
শিবে–তাই মা–চাই তোর্ বর চরণ চন্দ্রা–মৃত কণা–।
অভয়্ আর্ কো–থায় মা–অভয় বরদে– তোর্ পদ বিনা !!১০

শ্মশা–নে– কোন্ সা–ধে– ধন জন সুখেচ্ছা– ত্রি নয়নে–!
কি আ–শে– আ–বার্ মা– ভব বিষ পিপা–সা– চিত মনে–!!
সুখা–শে– সংসা–রে– দুখ জলধি ঘো–রে– ডুবি’ মরি–!
শিবে–! দে–দে মো–রে– ভব জলধি পা–রে– পদ তরি–!!১১

বৃথা–কা–র্য্যে– জী–বন্ অপস্মৃত বিমো–হে– নিতি নিতি–!
‘সদা– চিন্তা– এ–বে করিনু’ কি ভবে– মা– ভগবতি–!!
চিতে–পাইনে–শান্তি–প্রতন ভব ঘো–রে– ঘুরি’ ঘুরি’–!
শিবে–! দে–দে– মো–রে– ভব জলধি পা–রে–পদ তরি–!!১২

ঘুচা-য়ে-দে মা-য়া- চরণ শশি ছা-য়া- বিতরণে-!
মুছা-য়ে-দে- মা-গো-নয়ন জল ধা-রা- ত্রি নয়নে-!!
তু'লে-নে-মা-কো-লে- বিহসি' শুভ দে-! হৃৎ-শত দলে-!
শিবে-! দুঃখী-দী-নে- অধম বলি রাখ্ মা- পদ তলে-!!১৩।

মহা-পা-পী-আ-মি ত্রি গুণ ময়ি! মা-গো-গিরি সুতে!
অশক্ত প্রে-ষ্ঠে-! মা-তব চরণ ছা-যা- পরশিতে-!!
পদে- তাই মা-ভিক্ষা-শুধু করুণ নে-ত্রে- অবি চলে-!
শিবে-! দুঃখী-দী-নে- অধম বলি রাখ্-মা-পদ তলে-!! ১৪।

ভবে-চাইনে-আর্ মা-সুখ কিছু শিবে-! তোর্ পদ বিনা-!
শুধুই দে-মা-চিত্তে- বর পদ যুগ-ধ্যা-নঁ করুণা-!
মমা সা-রে-পূ-জা- চরণ 'পরি নে-মা-গিরি সুতে-!
ভবা-রাধ্যে-! দুর্গে-! ভকতি রতি দে-মা-কবি চিতে-!! ১৫

সদা-নন্দে-! সন্ধে-! নিখিল ভুবনে-শি-! ত্রি নয়নে-!
প্রমুক্তি-প্রজ্ঞা-নে- অনবগত আ-শা- মম মনে-!
পদে-ভক্তি-প্রী-তি- প্রকৃতি ভরি' দে-মা- মম চিতে-!
মুখে-"মা-মা-!!" বো'-লে-মরণ হয় যা-হে-গিরি সুতে-!! ১৬

প্রথম স্তবক—স্তোত্র-পুষ্প-মালা

সমাপ্ত ॥

—:*:—

# ভক্তি-পুষ্পাঞ্জলি।

দ্বিতীয় স্তবক।

## নাম-পুষ্প-মালা।

# শ্রীশ্রীগণেশ-নামাবলী।

—০:⁂:০—

[ অনুষ্টুপ্‌—ছন্দ। ]

দ্বৈ-মা-তুর, গণা-ধী-শ, সর্ব্বেশ্বর, গজা-নন !
গণে-শ, দে-ব দে-বে-শ, সর্ব্ব বিঘ্ন বিনা-শন !

এ-ক দন্ত, মহা-কা-য়, লম্বো-দর, গণা-ধিপ !
সিদ্ধি দা-তা-, করী-বক্তৃ, বিঘ্ন রা-জ, ত্রি লো-কপ !

মূ-ষিক বা-হন, জ্ঞা-ন রূ-পী-, দে-ব বিনা-য়ক !
হে-রম্ব, বে-দ সংবে-দ্য, সর্ব্ব সিদ্ধি বিধা-য়ক !

যো-গেন্দ্র, সচ্চিদা-নন্দ, বিঘ্ন হা-রী,- নিরঞ্জন !
পঞ্চ বিংশতি এ না-মে- খ্যা-ত দে-ব গজা-নন !

গণে-শ না-ম সংক্ষে-পে,- যৎ কিঞ্চিৎ ইহ বর্ণিত !
শক্তি ভে-দে- অসংখ্যে-য় না-ম আ-রো-’প্রকীর্ত্তিত !!

না-ম মা-লা- পঠে- যে-বা,- জপে--বা- মধুরা-রবে !
সিদ্ধি দা-তা- বরে- সে-জন্ সর্ববসিদ্ধি লভে- ভবে-!!

পূ-জিয়া- শ্রীগণা-ধী-শে-, না-ম মা-লা- জপে- যদি,
সর্ব্ব সিদ্ধি সনে-সে-জন্ সৌখ্য শুদ্ধি লভে-হৃদি !!

সর্ববা-পদ সদা- নষ্ট, সর্ব্ব বিঘ্ন বিদূ-রিত-,
গণা-ধী-শ বরে- তা’-র সর্বব মঙ্গল সা-ধিত’ !!

# শ্রীব্রহ্মা-নামাবলী।

—০ঃ*ঃ০—

[ অনুষ্টুপ্—ছন্দ। ]

হিরণ্য গর্ভ, লো-কে-শ, স্বয়ম্ভু-, চতুরা-নন।
পরমেষ্ঠী,- সুর জ্যেষ্ঠ, আত্মভূ, কমলা-সন।

বে-ধা,- চতুর্ম্মুখ, ব্রহ্মা,- স্রষ্টৃত্বাদি গুণা-বহ।
বিরিঞ্চি, দ্রুহিণ, স্রষ্টা,- বে-দ গা-তা-, পিতা-মহ।

সগঙ্গা- কুণ্ডিকা-ধা-রী-, রক্ত বা-স, প্রজা-নিধি।
অজ যো-নি, জগৎ কর্ত্তা-, বিধা-তা-, বিশ্ব সৃক্, বিধি

পদ্ম যো-নি, স্বভূ-, ধা-তা,- সা-বিত্রী-শ, প্রজা-পতি
লো-ক না-থ, প্রজা-না-থ, হংসা-রূ-ঢ়, জগৎ পতি।

বে-দ কর্ত্তা-, জগৎ স্রষ্টা-, নিখিলোৎপত্তি কা-রণ।
উদ্যদা-দিত্য সঙ্কা-শ, কৌ-ষ বা-স বি-ভূষণ।

চতু র্ব্বক্ত্র, চতু র্ব্বেদ বক্তা-, বিশ্ব বিধা-য়ক।
কৌ-ষান্তঃ স্ফুর লাবণ্য, সর্ব্ব লোক নিয়া-মক।

অম্ভো-জ যো-নি, বিশ্বে-শ, অনাদ্যন্ত, অযো-নিজ।
ব্রহ্মা- না-মে- তথা- খ্যা-ত, অম্বুজা-সন, অব্জজ॥

পঞ্চা–শৎ না–ম সংক্ষে–পে– প্রোক্ত ব্রহ্মা–র এ–স্থলে–,
পঠনে স্তবনে– যা–হা–, সর্ব্ব সিদ্ধি ধরা–তলে–!!

অনন্ত শক্তি সংযুক্ত ঈশ্বর ত্রিগুণা–শ্রিত–!
এ–কেশ্বরে– গুণা–লম্বে– অনন্ত না–ম কীর্ত্তিত॰ !!

বিভে–দ বুদ্ধি সংহা–রি' না–ম মা–লা– জপে– নরে–,
ধর্ম্মার্থ কা–মনা–সিদ্ধ মুক্তি মার্গে– ধরা 'পরে–!!

# শ্রীশিব নামাবলী।

—০:※:০—

[ অনুষ্টুপ্—ছন্দ। ]

মহা-দে-ব, মহা-কা-ল, মৃত্যু-ঞ্জয়, মহে-শ্বর !
মৃড়, রুদ্র, বিরূ-পা-ক্ষ, গঙ্গা-ধর, জটা-ধর !

বজ্রী,- ধূ-র্জ্জটি, সর্ব্বে-শ, ত্রিশূ-লী,-চন্দ্র শে-খর !
কৃশা-নু রে-ত, সংহর্ত্তা-, শিব, ঈ-শা-ন, ঈশ্বর !

লো-ক না-থ, কৃপা-না-থ, বা-ম দে-ব, ত্রি লো-চন !
কৈ-লা-সে-শ্বর, বিশ্বে-শ, ভূ-তে-শ, বৃষ বা- হন !

কৃত্তি বা-স, গিরী-শ, শ্রী-কণ্ঠ, শম্ভু, কপা-ল ভৃৎ !
নী-ল কণ্ঠ, ক্রতু ধ্বংসী-, উগ্র, ভী-ম, অনঙ্গ জিৎ !

শ্মশা-ন প্রিয়, দে-বে-শ, পঞ্চা-নন, শুভ ঙ্কর !
বিভূ-তি ভূ-ষণ, ব্যাঘ্র বা-স, ঈ-শ, দিগম্বর !

নী-ল লো-হিত, যো-গীন্দ্র, যো-গে-শ, জন তা-রক !
ত্রৈ-লো-ক্য না-থ, কা-শী-শ, মহে-শ, ত্রিপুরান্তক !

ভবে-শ, খণ্ড পরশু, স্মরা-রি, বৃষভ ধ্বজ !
শিবে-শ, অন্ধক রিপু, প্রমথে-শ, অযো-নিজ !

কা–ম রূ–প, ত্রি লো–কে–শ, কপা–লী–, বিষ মেক্ষণ।
ত্রি নেত্র, ত্র্যম্বক, ত্রা–তা, কপর্দ্দী, ফণি ভূষণ।

ভর্গ, পশু পতি, স্থা–ণু, আ–শু তো–ষ, উমা–পতি।
উমে–শ, শঙ্করী–না–থ, গৌ–রী–শ, পার্ব্বতী–পতি।

মদনান্তক, দুর্গে–শ, শূ–ল পা–ণি, শশাঙ্ক ভৃৎ।
পুরারি, প্রমথা–ধী–শ, শশি শে–খর, কা–ম জিৎ

শিতি কণ্ঠ, মহা–রুদ্র, দে–ব দে–ব, সতীশ্বর।
প্রলয়ঙ্কর, সর্ব্বাখ্য,—শিব শম্ভু শুভঙ্কর।

গিরিজে–শ, ভবা–নী–শ, ব্যো–ম কে–শ, মহা–, ভব।
গৌ–রী–না–থ, উমা–না–থ, সদা–নন্দ, সদা–শিব।

চন্দ্র চূ–ড়, শশী–মৌ–লি, পিনা–কী–, হর, শঙ্কর।
মনঃ প্রা–ণ ভরা–না–ম শিবে– শশাঙ্ক শে–খর।।

শক্তি ভে–দে–না–ম আ–রো–' অসংখ্যে–য় প্রকীর্ত্তিত।
অষ্টোত্তর শত না–ম, তন্মধ্যে– অত্র বর্ণিত।

অনন্ত শক্তি সংযুক্ত নির্ব্বিকা–র নিরঞ্জন,
না–ম রূ–পী– মহা–দে–ব শক্তি না–থ সনা–তন।
পূ–জিয়া– দে–ব দে–বে–রে–, শ্রী–পদে– অর্পিয়া–মতি,
না–ম মা–লা–পঠে– যে–বা–, চিত্ত ভক্তি ভরে–নিতি–।

সর্ব্ব বিঘ্ন সনে- তা'-র সর্ব্ব ব্যা-ধি বিদূ-রিত !
সর্ব্ব সম্পৎ সনে- তা'র সর্ব্ব মঙ্গল সা-ধিত !

শিব না-মা-বলী- নিত্য জপনে- ভক্ত অন্তরে,-
শৈ-বী- শক্তি সনে- সর্ব্ব সিদ্ধি লব্ধা- মহী- 'পরে !!



# পীঠাদি-ক্রমে শ্রীশিব-নাম-শতক।

—০:*:০—

[ অনুষ্টুপ্ ছন্দ। ]

মহা-শূ-ন্যে- মহা-কা-ল, মহা-কা-লী- সমা-শ্রিত !
দে-হ ম-ধ্যে- সদা- আ-মি লি-ঙ্গা-কা-রে-প্রতিষ্ঠিত !!

মূলাধারে স্বয়ম্ভু-, কুণ্ডলী-শক্তি-স্থ বেষ্টিত !
স্বাধিষ্ঠানে মহাবিষ্ণু-, ত্রৈলোক্য-পালক স্মৃত !!

মণিপূরে মহারুদ্র,- সর্ব্ব-সংহার-কারক !
অনাহতে ঈশ্বর, ত্রি লোক-শক্তি-বিধায়ক !

ষোড়শারে বিশুদ্ধাখ্যে সদাশিব উপাহিত !
আজ্ঞা-চক্রে শিব প্রোক্ত চিত্ত-রূপে স্থ সংস্থিত !!

সহস্রার-মহাপদ্মে ত্রি কোণ-নিলয়-স্থিত !
বিন্দু-রূপে সদা আমি পরমেশ্বর কীর্ত্তিত !!

বাহ্য-রূপে তথা আমি নানা-রূপে-প্রকাশক !
কৈলাসে জ্যোতি রূপেতে কৈলাসেশ্বর-সংজ্ঞক !!

পার্ব্বতী-বল্লভ প্রোক্ত আমি দেবি ! হিমালয়ে !
বিশ্বেশ্বর তথা বাণেশ্বর, কাশী-শিবালয়ে !!

বাণ-লিঙ্গ নর্ম্মদাতে, কেদারে পাবকেশ্বর !
মথুরাতে কংস নাথ, মিথিলাতে ধনুর্দ্ধর !!

শম্ভু নাথ চন্দ্র নাথ চন্দ্র শেখর-পর্ব্বতে !
হিঙ্গুলাতে কৃপা নাথ, রূপ নাথোর্দ্ধ-অদ্রিতে !!

হর আমি দ্বারকাতে, পুষ্করে প্রমথেশ্বর !
অযোধ্যাতে কৃত্তি বাস, কাশ্মীরে কপিলেশ্বর !!

চিত্র কূটে চন্দ্রচূড়, যোগীন্দ্র বিন্ধ্য-পর্ব্বতে !
লক্ষ্মী-কান্ত মহেশানি ! আমি শ্রী শৈল-অদ্রিতে !!

গঙ্গা ধর হরি দ্বারে, কাঞ্চীতে ত্রি পুরেশ্বর !
পুণ্য তীর্থ কুরু ক্ষেত্রে আমি সে পাণ্ডবেশ্বর !!

পশুপত্যাখ্য বিজ্ঞাত দেশে নেপাল-সংজ্ঞকে !
শূল-ভৃৎ নাম আমারি' প্রভাস-পুণ্য-তীর্থকে !!

গোকুলে গোপিনী-পূজ্য গোপেশ গোপিকেশ্বর !
কেশব শ্রী বৃন্দাবণ্যে, গয়া ধামে গদা ধর !!

ভোজ-পুরে ভোজ-নাথ, গোকর্ণেতে ত্রি লোচন !
ত্র্যম্বক গোমতী-তীরে, আমি দেব নিরঞ্জন !!

রামেশ্বর সেতু বন্ধে, লঙ্কাতে রাবণেশ্বর !
রত্নাকর-নদী-তীরে ঘণ্টেশ্বর শুভঙ্কর !!

নীলাচলারণ্য মধ্যে ভুবনেশ্বর ঈরিত।
আমি কোচ বধূ-পূরে জল্পেশ্বর শিব স্মৃত॥

নকুলেশ কালী ঘাটে, শ্রী হট্টে হাটকেশ্বর।
উৎকলে বিমলা ক্ষেত্রে জগন্নাথ মহেশ্বর॥

ভাগীরথী নদী তীরে কপালেশ্বর কীর্ত্তিত।
ভদ্রেশ্বর তথা আমি কল্যাণেশ্বর সংজ্ঞিত॥

বীর ভূমে সিদ্ধি নাথ বক্রেশ্বর শুভোদকে।
ঝাড় খণ্ডে বৈদ্য নাথ তারকেশ্বর রাঢ়কে॥

বদরিকাশ্রমে আমি কপি নাথেশ্বর স্মৃত।
রজতাদ্রি মহাতীর্থে কুবেরেশ্বর কীর্ত্তিত॥

আদি নাথ সিন্ধু তীরে, কাম রূপে বৃষ ধ্বজ।
জম্বু-দ্বীপে জগৎ কর্ত্তা' শাক-দ্বীপে চতুর্ভুজ॥
কুশ-দ্বীপে কপর্দ্দীশ, ক্রৌঞ্চ-দ্বীপে কপাল ভৃৎ।
মীন-দ্বীপে মীন-নাথ, প্লক্ষ-দ্বীপে শশাঙ্ক ভৃৎ॥

আমি সে পুষ্কর-দ্বীপে পুরুষোত্তম কীর্ত্তিত।
সর্ব্ব-তীর্থে সর্ব্ব-রূপে পূর্ণ আমি প্রতিষ্ঠিত॥

অবতারে শঙ্করাখ্য, বিরূপাক্ষ মহেশ্বর।
কুলীশ চক্র-মধ্যেতে, অম্বুতে বরুণেশ্বর॥

আমি সে কামিনী মধ্যে কামেশ্বর উপাধিক।
আশু তোষ ভক্ত-মধ্যে, শত্রুতে ত্রি পুরান্তক॥

গুরু আমি শিষ্য মধ্যে, পদ্মমাখ্য সনাতন।
পরাৎ পর তথা আমি, পরমেষ্ঠী নিরঞ্জন॥

দীন-নাথ দীন মধ্যে উমা নাথ তথা দৃত।
নৃপ মধ্যে সদা আমি রাজ রাজেশ্বর স্মৃত॥

ব্যাসেশ্বর পুরাণেতে, আগমে নাগ ভট্টক।
যোগেশ্বর যোগ শাস্ত্রে, নিগমে নাদ রূপক॥

সর্ব্বজ্ঞ জ্যোতিষী-মধ্যে আমি দেব ত্রি লোচন।
দেব মধ্যে বাসুদেব, আমি নিত্য নিরঞ্জন॥

সমুদ্র-মন্থনে আমি নীল কণ্ঠ শুভঙ্কর।
ত্রৈলোক্যে লোক নাথাখ্য, রুদ্র লোকে মহেশ্বর॥

স্বর্গ-লোকে দেব দেব, সদাশিব ধরা প'রে।
পাতালে বাসুকী-নাথ, যমরাট্ কাল মন্দিরে॥

পুষ্প দন্তেশ্বর খ্যাত গন্ধর্ব্ব লোক সংস্থিত।
বৈকুণ্ঠেতে মহেশানি। আমি নারায়ণ স্মৃত॥

হরি হরাখ্য গো লোকে আমি দেবি। সুখাবহে।
ভূত নাথ শ্মশানেতে, জগদ্ গুরু গৃহে গৃহে॥

চন্দ্র লোকে সোমনাথ, স্বর্ভানু ভানু-মণ্ডলে!
সত্য-লোকে পর ব্রহ্ম, অনন্তাখ্য রসা তলে!!

অনন্ত-বিশ্ব-সংব্যাপ্ত সচ্চিদানন্দ রূপক!
আব্রহ্ম-স্তম্ব পর্য্যন্ত আমি লিঙ্গ-স্বরূপক!!

অনন্ত শক্তি-সংযোগে বহুনাম প্রিয়ে! মম!
সমুক্ত দেবি! তন্মধ্যে নাম-মালা শতোত্তম!!

পবিত্র এ নাম মোর পঠনে শ্রবণে তথা,
কোটি কোটি মহাপাপ বিনষ্ট দেবি! সর্ববথা!!

অজ্ঞানীর জ্ঞান-সিদ্ধি, জ্ঞানীর পরমা গতি,
মহাদীন দরিদ্রের সর্বব-সৌভাগ্য-সঙ্গতি!—

ভোগীর ভোগ-সংসিদ্ধি, যোগীর যোগ-সাধনা,—
মম নাম গুণে ভক্তে সু সিদ্ধ সর্ব্ব-কামনা!!

অপুত্রক লভে পুত্র, ধনাকাঙ্ক্ষী লভে ধন!
বিদ্যার্থী লভয়ে বিদ্যা, মুক্তি মুমুক্ষু যে জন!!

জলে স্থলে অন্তরীক্ষে বিদেশে সঙ্কটাবহে,—
বন মধ্যে রণ মধ্যে রাজ দ্বারে সভা গৃহে!—

মহারোগে মহাশোকে, মহাচিন্তা-মহাভয়ে,—
সর্ব্বাপদে সদা দুর্গে! রক্ষি' আমি মদাশ্রয়ে!!

নিত্য যেবা নাম যোগে পূজি', মোর করে স্তব,—
মম নাম গুণে দেবি! স্বয়ং সে শ্রী সদাশিব!!

নির্জ্জনে রজনী যোগে, মমাগ্রে যে মহা মতি
মোর নাম পঠে নিত্য, স্বয়ং সে শিব-পার্ব্বতী!!

চতুর্দ্দশী অমাবস্যা সোম বারে বিশেষিয়া,
পূজি' যেবা পঠে নাম মনঃ প্রাণ সমর্পিয়া!

সর্ব্ব কাম সদা তা'র সিদ্ধ আমি করি প্রিয়ে!
সঙ্গে তা'র সদা থাকি' রক্ষি তারে মমাশ্রয়ে!!

অসাধ্য কিছুই না তা'র, মন্নাম-ভক্ত যে জন!—
শতোত্তম মম নাম চতুর্ব্বর্গ-প্রসাধন!!

আমি সৎ জগদাধার মমাধার তুমি প্রিয়ে!
অর্দ্ধ-নারীশ্বর মোরা, তব দেবি! গুণাশ্রয়ে!!

ব্রহ্মা বিষ্ণু শিব খ্যাত আমি সচ্চিৎ সতী-গুণে!
ব্রহ্মাণী বৈষ্ণবী শৈবী তুমি দেবি! ত্রি লোচনে!!

শিব বিষ্ণু তথা দুর্গা অভেদে যে করে মতি !
মম নামে অধিকারী শুদ্ধ সে জন পার্ব্বতি !!

ভেদ বুদ্ধি করে এতে যে অজ্ঞানান্ধ দুর্জ্জনে,—
শত নামোত্তম শ্রীশে ! দিবে না কভু সে জনে !!

[ ইতি শ্রীমহালিঙ্গেশ্বর তন্ত্রে শ্রীশিবপার্ব্বতী-সংবাদে
পীঠাদিক্রমে শিব-শত-নাম স্তোত্রের
বঙ্গানুবাদ। ]

# শ্রীবিষ্ণু নামাবলী।

—০ঃ৯ঃ০—

[ অনুষ্টুপ্—ছন্দ। ]

কৌস্তুভ,- কমলা-কান্ত, কুণ্ডলী,- কমলা-ধব,-
কৌ-মো-দকী-ধর, ক্লে-শ বিনা-শী,- কৃষ্ণ, কে-শব!

গরুড়-ধ্বজ, গো-গোপ্তা, গোলোক-গরুড়েশ্বর,
গোলোক-পতি, গোবিন্দ, গুরু শ্রেষ্ঠ, গদা ধর!

চিৎ স্বরূপ, চিদানন্দ, চক্র পাণি, চতুর্ভুজ,
চক্রী, চরাচর-ব্যাপ্ত, চন্দ্রাংশু-চরণাম্বুজ!

জগৎ পাতা, জগদ্ভর্ত্তা, জগজ্জাড্য-বিনাশন,
জামদগ্নি, জগৎ কর্ত্তা, জগন্নাথ, জনার্দ্দন!

ত্রি গুণেশ, ত্রি লোকেশ, ত্রি কালজ্ঞ, ত্রি বিক্রম,
তুলসী-প্রিয়, তার্ক্ষ্যেশ, ত্রি তাপ-তারণোত্তম!

দেব দেবেশ দৈত্যারি দানবাসুর-নিগ্রহ,
দামোদর দয়া সিন্ধু দৈন্য-দুঃখ-ভয়াপহ!

নারায়ণ, নিরাকার, নির্ব্বিকার, নিরঞ্জন,
নৃসিংহ, নিত্য-রূপাঢ্য, নিখিলাত্ম-নিয়োজন!

প্রধান, পুণ্ডরীকাক্ষ, পরমেষ্ঠী, পরাৎ পর,
পদ্ম নাভ, পর ব্রহ্ম, পূর্ণেশ, পরমেশ্বর।

বিষ্টর শ্রব, বৈকুণ্ঠ, বিশ্বাত্মা, বিশ্ব-রূপক,
বিধু, বামন, ব্রহ্মণ্য-দেব, ব্রহ্ম-স্বরূপক।

বিশ্বম্ভর, বলি-ধ্বংসী, বিষ্বক্ সেন, বস্থ-প্রদ,
বিশ্ব পালক, বিশ্বেশ, বিষ্ণু, বিশ্ব-বলাস্পদ।

মন্ত্রাধার, মহাবিষ্ণু, মুরারি, মৎস্য-রূপক,
মন্ত্র কর্ত্তা, মহী ভর্ত্তা, মূল-মন্ত্র-স্বরূপক।

মাধবাদ্য, মহামূর্ত্ত, মধু-কৈটভ-নাশন,
মোক্ষ-দাতা, মহাপ্রজ্ঞ, মুকুন্দ, মধু-সূদন।

যজ্ঞ-সাধন, যজ্ঞেশ, যম-ভীতি-নিবারণ,
যজ্ঞ-ভৃৎ, যজ্ঞ-কৃৎ, যজ্ঞী, যজ্ঞ-ভুক্, যজ্ঞ-বাহন।

রত্ন-ভূষ, রমা নাথ, রুক্ম-রত্ন-বর-দ্যুতি,
রম্য-রূপ, রমা কান্ত, রাম-রূপা, রমা-পতি।

লোক-পালক, লোকেশ, লোচন-স্মিত-পঙ্কজ।
লক্ষ্মী-নায়ক, লক্ষ্মীশ, লসচ্চন্দ্র-পদাম্বুজ॥

শৌরি, শার্ঙ্গধর, শ্যাম, শঙ্খ-চক্র-বিভূষণ,
শালগ্রাম-শিলা শুদ্ধ, শশাঙ্কাস্থ-স্থ শোভন।

শ্রী ধর, শ্রী পতি, শ্রীশ, শ্রী নাথ, শ্রীমতীশ্বর,
শ্রী বিষ্ণু, শ্রী নিবাস, শ্রী কান্ত, শ্রী লোক শঙ্কর!

সর্ব্বাধার, সুরারাধ্য, সুদর্শন-সু শোভিত,
সহস্র-বক্ত্র-পাদাঢ্য, সহস্রাক্ষ-বিমণ্ডিত!

স্বয়ম্ভূ, সর্ব্ব ধর্ম্ম জ্ঞ, সত্ত্ব-রূপ, সুরার্চ্চিত,
সর্ব্বেশ, সচ্চিদানন্দ, সহস্রার-বিরাজিত!

হিরণ্য-গর্ভ, হৃচ্চারী, হরি, হীন জনাশ্রয়,
হৃষীকেশ, হিরণ্যাক্ষ নাথ, হৈমবতী-প্রিয়!

অচ্যুতানন্ত, আদ্যেশ, আত্মারাম, অধোক্ষজ,
ইন্দ্রাবরজ, আদিত্য, ইন্দিরেশ, অযোনিজ!!

বিষ্ণু-নাম অসংখ্যেয়, শক্তি ভেদে প্রকীর্ত্তিত!
শত-নাম স-পঞ্চাশৎ-, তন্মধ্যে ইহ বর্ণিত!!

অনন্ত-শক্তি-সম্পন্ন, বিষ্ণু বিশ্ব-প্রপালক!
অনন্ত-মূর্ত্তি-সংযোগে অনন্ত নাম-ধারক!!

অদ্বিতীয়, এক, নিত্য, পরমেশ পরাৎ পর!
অবোধ্যানন্ত রূপাঢ্য, অচিন্ত্য অখিলেশ্বর!!

স্রষ্টা-রূপে যিনি ব্রহ্মা, পাতা বিষ্ণু স্বয়ং তিনি,
সংহর্ত্তা রুদ্র-রূপেতে, বিশ্ব-রূপী সদা যিনি !!

চিদংশে নির্গুণ ব্রহ্ম, নিরাকার নিরঞ্জন!
সাকর ত্রি গুণে ঈশ, ব্রহ্মা বিষ্ণু ত্রি লোচন !!

সৃষ্টি-স্থিত্যন্ত-সিদ্ধ্যর্থে এক দেব পরাৎ পর,
সংজ্ঞা-ধারী পৃথক্-মাত্র, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর !!

ভেদ-বুদ্ধি করি' ত্যাগ, নাম মালা জপে ভবে,
সর্ব্ব-সিদ্ধি সুখৈশ্বর্য্য প্রলব্ধ নিত্য মানবে !!

এক-চিত্তে সদা ভক্ত বিষ্ণু-নাম করে যদি,
আবির্ভূত স্বয়ং বিষ্ণু স্ব রূপে সে জনা' হৃদি !!

বিষ্ণু-নাম পরা-ভক্তি সনে যে অন্তরে করে,
নির্ভয়ে হৃদয়ানন্দে তরে সে ভব-সাগরে !!

বিষ্ণু সর্ব্ব-জগৎ-পাতা, বিষ্ণু সর্ব্ব-জগৎ-পতি !
সংসারার্ণব-উদ্ধারে, বিষ্ণু-নাম পরা-গতি !!

# শ্রীকৃষ্ণ-নামাবলী ।

—০ঃ*ঃ০—

[ অনুষ্টুপ্ ছন্দ। ]

কৃষ্ণ, কেশব, কংসারি, কুঞ্জ-চারী, কৃপা-নিধি,
কেশি-সূদন, কাণ্ডারী, মুঞ্জ-কেশ, কৃপাম্বুধি !

কাম্য-কায়, কৃপা-সিন্ধু, কদম্ব-কানন-স্থলী,
কৌরবান্তক, কালিন্দী-কল-নাদ-কুতূহলী !

গোবিন্দ, গো কুলানন্দ, গো পাল, গোপ বালক,
গোপেন্দ্র, গোপিকা-বন্দ্য গোপেশ, গোপ-পালক !

গোবর্দ্ধন-করী, গোষ্ঠ-বিহারী, গোকুলেশ্বর,
গো-ব্রাহ্মণ-হিতাকাঙ্ক্ষী, গোপি নাথ, গুণাকর !

গোপী-বল্লভ, গোপীশ, গোপিকেশ্বর, গো প্রিয়,
গোপীন্দ্র, গোপিকা-কান্ত, গোপীন্দু, গোকুলাশ্রয় !

গোমতি-প্রিয়, গো-স্বামী, গিরি-ধারী, গুণেশ্বর,
গুহ্য-গোপ্তা, গুরু-শ্রেষ্ঠ, গোত্র-ধারী, গুণাঙ্কুর !

চলচ্চিকুর, চন্দ্রাস্য, চিত্র-চন্দন-চর্চ্চিত,
চন্দ্রকী-চন্দ্রকা-কীর্ণ-চারু-চূড়, চিদাশ্রিত !

জলদ-জ্যোতি-চার্ব্বঙ্গ, জিষ্ণু, জীব-গুরো গুরু,
জনার্দ্দন, জগৎ-পাতা, জগদীশ, জগদ্ গুরু!

দীন বন্ধু, দয়া-সিন্ধু, দুঃখ-হারী, দয়াকর,
দীন-বৎসল, দীনেশ, দ্রৌপদী-হৃদয়েশ্বর!

দৈবকী-নন্দন, দ্বারকেন্দ্র, দৈত্য-নিসূদন,
দীন-পালক, দীনেন্দ্র, দুঃখ-দাহ-নিবারণ!

ধেনু-চারণ-সম্প্রীত, ধরা-ধর্ম্ম-প্রবর্ত্তক,
ধরাধর-ধরা-ধারী, ধরিত্রী-ভার-নাশক,

ধার্ম্মিক-সাধু-সংরক্ষী, ধর্ম্ম-রক্ষী, ধনেশ্বর,
ধনঞ্জয়-সখা, ধীমান্, ধর্ম্ম-সাক্ষী, ধুরন্ধর!

নীল কান্ত-প্রভা-ধারী, নীলেন্দীবর-লোচন,
নব-নীরদ-নীলাঙ্গ, নীল-চন্দ্র-নিভানন!

নলিনাক্ষ, নর শ্রেষ্ঠ, নরকাঘ-বিনাশন,
নবনীতে-বিলিপ্তাঙ্গ, নিত্য-রূপী, নিরঞ্জন!

পুণ্ডরীকাক্ষ, পূর্ণেশ, পূর্ণেন্দু-নিন্দিতানন,
পঙ্কজাঙ্ঘ্রি, পরা শক্তি-পূর্ণ-ব্রহ্ম-সনাতন!

পীতাম্বর, প্রেমা-রূপ, প্রীতিমান্, পুরুষোত্তম,
পরমেশ্বর, পাপঘ্ন, পূর্ণ, পূর্ণ-পরাক্রম!

পূতনা-সূদন, প্রেম-ভক্তি-জ্ঞান-বিধায়ক,
পাঞ্চজন্য-ধর, প্রেষ্ঠ, পাণ্ডু-বংশ-প্র পালক!

বাসুদেব, ব্রজানন্দ, ব্রজ-নাথ, ব্রজেশ্বর,
বংশী-ধর, বক-ধ্বংসী, বন-মালী, বরাম্বর!

বৃন্দেশ, ব্রজ-গোপেশ, ব্রজ-বালক-সংবৃত,
বন্দ্য, বৃন্দাবনানন্দ, ব্রজেন্দ্র, বেদ-বন্দিত!

বৃষ ভানু-সুতা-নাথ, বিপ্র-বন্ধু, বরানন,
ব্রহ্মণ্য, বেদ-সংবেদ্য, বেণু-বাদ্য-বিনোদন!

মুকুন্দ, মথুরা-নাথ, মন্দার-মুরলী-ধর!
মাধুর্য্য-মহিমা-পূর্ণ, মন্মথাঙ্গ-মনোহর!

মনোজ্ঞ, মৌক্তিকাকল্প, ময়ূর-পুচ্ছ-মস্তক,
মণি-মঞ্জীর-মাণিক্য-মঞ্জুল-পুষ্প-মাল্যক!

যমুনা-তট-সঞ্চারী, যশোদানন্দ-বর্দ্ধন,
যাদবেন্দ্র, যশশ্চন্দ্র, যমলার্জ্জুন-ভঞ্জন!

যবিষ্ঠ, যাদব-শ্রেষ্ঠ, যম-ভীতি-নিবারক,
যজ্ঞেশ্বর, যদু-শ্রেষ্ঠ, যথা-যোগ্য-নিয়োজক!

রাধেশ, রাধিকা-কান্ত, রাধানন্দ-প্রদায়ক,
রাধা-বল্লভ, রাসেশ, রাধা-রুক্মিণি-নায়ক!

রাধা-রঞ্জন, রাসেন্দ্র, রাধা-কান্ত,, রসেশ্বর,
রামানুজ, রমা-নাথ, রম্য-রূপ-বিভাকর !

শ্রীকৃষ্ণ, শ্রীধর, শ্রীশ, শ্রীহরি, শ্যাম-সুন্দর,
শ্রীবৎস-লাঞ্ছন, শ্রীমান্, শ্রীদামাদি-সখেশ্বর !

শিশুপাল-প্রণাশী, সাধু-সন্ন্যাসী-ভয়াপহ,
শিখণ্ডী, শৌরি, সর্ব্বেশ, সচ্চিদানন্দ-বিগ্রহ !

উপেন্দ্র, অরবিন্দাক্ষ, অনাদি, আদ্য, ঈশ্বর,
অম্বুজাক্ষ, অজানন্ত, ইষ্ট-মন্ত্র-অধীশ্বর !

অক্রূরেশ, অনাদ্যন্ত, উদ্ধবেশ্বর, অচ্যুত,
অরবিন্দ-পদ-দ্বন্দ্ব-মকরন্দ-পরিপ্লুত !!

শান্ত-রূপী, সখা-রূপী, পুত্র-রূপা, পরা-গতি,
জগৎ-প্রভু, জগন্নাথ, কান্ত-রূপী, জগৎ-পতি !!

সর্ব্ব-ভাব-ময প্রোক্ত, বিশ্ব রূপী পরন্তন !
পূর্ণাবতার শ্রী কৃষ্ণ, স্বযং বিষ্ণু সনাতন !!

অসংখ্য নাম-ধারী শ্রী বিষ্ণু অচ্যুত অব্যয় !
সংক্ষেপে বর্ণিত শ্রেষ্ঠ কৃষ্ণ-নাম শত দ্বয় !!

কৃষ্ণ-নাম সুধা-সার, মানবে ভক্তি-দাস্য-দ !
কৃষ্ণ-নাম ধরা-ধামে, ধর্ম্মার্থ-কাম-মোক্ষ দ !!

কৃষ্ণ-নাম পরা ভক্তি, কৃষ্ণ-নাম পরা রতি !
কৃষ্ণ-নাম পরা মুক্তি, কৃষ্ণ-নাম পরা গতি !!

কৃষ্ণ-নাম পরা শান্তি, কৃষ্ণ-নাম পরা স্তুতি,
কৃষ্ণ-নাম পরা প্রীতি, কৃষ্ণ-নাম পরা স্মৃতি !!

বিশ্ব-পাবন এ নাম, বিশ্বাধার গুণাৎ পর !
কৃষ্ণ-নাম জগদ্বীজ, কৃষ্ণ-নামে চরাচর !!

কৃষ্ণ-নামে জগৎ-সৃষ্টি, কৃষ্ণ-নামে জগৎ-স্থিতি !
বিশ্ব-মূল মহা-মন্ত্র কৃষ্ণ-নামে জগদ্ধৃতি !!

কৃষ্ণ-নাম পরা নৌকা, ভীতি-পূর্ণ ভবার্ণবে !
নাহি অন্য কিছুই ত্রাণে, কৃষ্ণ-নাম বিনা ভবে !!

"হরে কৃষ্ণ হরে কৃষ্ণ" নাম সর্ব্বোপরে তথা !
কলি-কালে বিনা এ নাম্ নাহি যে গতি অন্যথা !!

"হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে !"
নাম-যুগ্মে সুধা-সার অক্ষরে অক্ষরে ক্ষরে !!


"হরে রাম হরে রাম রাম রাম হরে হরে !" !
নাম-যুগ্ম সুধা ঢালে, তাপ-দগ্ধ হিয়া 'পরে !!

কৃষ্ণ-নাম জপে যাঁ'র চিত্ত-বৃত্তি ব্যবস্থিত,
বিষ্ণু-পাদাম্বুজে তাঁ'রি' সর্ব্ব কর্ম্ম সমর্পিত !

অৰ্চ্চনাদি করে যাহা, কৃষ্ণ-নাম-পরায়ণ,
তৎ সর্ব্ব-গ্রহণে তুষ্ট স্বয়ং বিষ্ণু সনাতন!

মুখে "গোপাল গোবিন্দ" নাম যেবা করে ভবে,
পাপ তাপ কিবা তা'র ভাবনা বা ভবার্ণবে!!

অর্পি' শ্রী চরণে চিত্ত, গাহ জীব সদা তরে,
"কৃষ্ণ গোপাল গোবিন্দ, হরে কৃষ্ণ হরে হরে"!!



# শ্রীশ্রীজগদ্ধাত্রী দুর্গার

## অষ্টোত্তর-শত নাম।

—০ঃ৯ঃ০—

[ অনুষ্টুপ্ ছন্দ। ]

অনা-দ্যা-, অ-ম্বিকা-, অম্বা-, অন-ন্তা-, অপরা-জিতা-!
স-র্বে-শ্বর-, সুরা-রা-ধ্যা-, সর্ব্বা-ণী-, সর্ব্ব পূ-জিতা-!!

সতী-, সাধ্বী-, ভব প্রীতা-, শিবা-নী-, ভব মোচনী!
আর্য্যা-, দুর্গা-, জয়া-, আদ্যা-, ত্রি নেত্রা-, শূল ধারিণী!!

পিনাক ধারিণী, চিত্রা, চণ্ড ঘণ্টা, সদা গতি!
মনো বুদ্ধি-অহঙ্কারা, চিত্ত রূপা, চিতা,' চিতি!!

সর্ব্ব-মন্ত্র-ময়ী, সত্যা, সত্যানন্দ-স্বরূপিণী!
ভব্যা ভব্যা তথা ভাব্যা, ভবানী, ভব-ভাবিনী!!

ভৈরবী, দেব-দেবেশী, চিন্তা, রত্ন-প্রিয়া, সদা!
দাক্ষায়ণী, দয়া-রূপা, অপর্ণা, শুভ-মোক্ষ দা!!

নানা বর্ণা, বিশ্ব-রূপা, পাটলা পাটলাঙ্গিনী!
পট্টাম্বর ধরা, প্রীতা, কল-মঞ্জীর-রঞ্জিনী!!

বিমলোৎকর্ষিণী, জ্ঞানা, ক্রিয়াদ্যা, পুরুষাকৃতি !
বুদ্ধি দা, বহুল প্রেমা, বহুলা, শঙ্করী, যতি !!

নিশুম্ভ-শুম্ভ-সং হর্ত্রী, মহিষাসুর-মর্দ্দিনী !
চামুণ্ডা, চণ্ডিকা, চণ্ডী, চণ্ড-মুণ্ড-বিনাশিনী !!

সর্ব্ব-শক্তি ময়ী, বিদ্যা, সর্ব্ব-বাহন-বাহনা !
সর্ব্ব-শস্ত্র-ময়ী, সিদ্ধা, জগদ্ধাত্রী, ত্রি লোচনা !!

মধু-কৈটভ-সংহারা, সর্ব্ব-দানব-ঘাতিনী !
সর্ব্ব-শাস্ত্র-ময়ী, সর্ব্বানন্দা, সর্ব্ব-স্বরূপিণী !!

কৌমারী, যুবতী, প্রৌঢ়া, বৃদ্ধা, মাতা, বল-প্রদা !
কিশোরী, কমলা, কন্যা, অবৃদ্ধা, সুখ-সিদ্ধি দা !!

ব্রাহ্মী, মাহেশ্বরী, ঐন্দ্রী, বৈষ্ণবী, লক্ষ্মি-রূপিণী !
বারাহী, বরদা, শৈবী, শাম্ভবী, শিব-গেহিনী !!

আনন্দ-রূপিণী, গৌরী, সুন্দরী, পুর সুন্দরী !
মাতঙ্গী, বন-দুর্গা, ত্রি লোক-পূজ্যা, মহেশ্বরী !!

সু ভক্ত যে পঠে নিত্য দুর্গা-নাম শতাষ্টক,—
অসাধ্য কিছু না তাঁ'র ভবে সে সর্ব্ব সাধক !

ধন ধান্যাশ্ব হস্তী অপত্য জায়া যশস্বতী—,
চতুর্ব্বর্গ সনে অন্তে লভে সে মূর্ত্তি শাশ্বতী !!

পূজিয়া দেব দেবীরে, পঠে যে ভক্তি সংযুত,—
সর্ব্ব সিদ্ধি লভে সে জন্ সর্ব্ব-সম্পৎ-সমাবৃত !!

[ ইতি শ্রীবিশ্বসার তন্ত্রে ঈশ্বরোক্ত-
শ্রীশ্রীজগদ্ধাত্রী দুর্গার অষ্টোত্তর-
শত-নামের বঙ্গানুবাদ। ]

# শ্রীশ্রীজগদম্বা-নামাবলী।

—০:*:০—

[ অনুষ্টুপ্ ছন্দ। ]

অপর্ণা-, অম্বিকা-, অম্বা,- অন্নদা,- অভয়ঙ্করী,-
আ-নন্দ রূ-পিণী,- আত্ম স্বরূ-পা,- অখিলেশ্বরী-!!

অন্ন-পূর্ণা,- উমা,- ঈ-শা,- ঈশ্বরী,- আদ্য সংস্তুতা,-
ঈ-শা-নী,- অভয়া,- আদ্যা,- অনাদ্যা,- অপরা- জিতা !!

কামাখ্যা, কামদা, কাম্যা, কাম্য-রূপা, কপালিনী !
কৌলেশী, করুণাপাঙ্গী, কৌশিকী, কমলেক্ষণী !!

কালী, কাত্যায়নী, কাল-রূপা, কালাগ্নি-লোচনা !
কুল-কুণ্ডলিনী, কাম-রূপিণী, কমলাসনা !!

কৃষ্ণ-বর্ণা, কলা, কৃষ্ণ-রূপিণী, কৃষ্ণ-পূজিতা !
কৃষ্ণ-প্রিয়া, কৃপা-রূপা, করালী, কৌল-বন্দিতা !!

গণেশ-জননী, গঙ্গা, গায়ত্রী, গুহ্য-গোপিনী !
গিরীন্দ্র-নন্দিনী-গৌরী, গিরি-জায়া, গুণাঙ্গিনী !!

গরিষ্ঠা, গিরিজা, গুর্ব্বী, গুহ্য কালী, গরীয়সী !
ঘোর-রূপা, ঘন-শ্যামা, ঘূর্ণ-নেত্র-মহৌজসী !!

চিন্ময়ী, চণ্ডিকা, চণ্ড-ঘণ্টা, চিদ্ঘন-রূপিণী !
চৈতন্য-রূপিণী, চণ্ডী, চামুণ্ডা, চণ্ড-নাশিনী !!

চিত্ত-রূপা, চিতা, চিত্রা, চিৎ স্বরূপা, চিদাত্মিকা !
চিন্তা-রূপা, চিদানন্দা, চিতি, চৈতন্য-চন্দ্রিকা !!

জগদম্বা, জগৎ-পাত্রী, জননী, জগদীশ্বরী !
জগৎ-কর্ত্রী, জগদ্ধাত্রী, জগন্মাতা, জয়েশ্বরী !!

জয় দা, জগদারাধ্যা, জগৎ-সারা, জগদ্ধিতা !
জয়ন্তী, জগদানন্দা, জগদেক-প্র পূজিতা !!

ত্রি লোচনা, ত্রয়ী-বেদ্যা, ত্রি রূপা, ত্রি গুণেশ্বরী !
ত্র্যম্বকা, ত্রি গুণাতীতা, তারিণী, ত্রি দিবেশ্বরী !

ত্রি জগজ্জননী, তারা, ত্রৈলোক্য-ত্রাণ-কারিণী !
ত্রি তাপ-হারিণী, ত্রাস-নাশিনী, তত্ত্ব-রূপিণী !

দেব-মাতা, দয়া-রূপা, দূরাদূর-বিহারিণী !
দক্ষিণা, দেব-দেবেশী, দুর্গা, দুর্গতি-নাশিনী !

দশায়ুধ-ধরা, দক্ষ-বালা, দুর্ম্মতি-হারিণী !
দাক্ষায়ণী, দুঃখ-দৈন্য-নাশিনী, দীন-তারিণী !

দবিষ্ঠা, দিব্য-রূপাঢ্যা, দেব-পূজ্যা, দয়েশ্বরী !
ধূর্জ্জটীশা, ধরিত্রীশা, ধর্ম্মাধর্ম্ম ধুরন্ধরী !!

ধূম্র-নেত্র-হরা, ধীরা, ধূমাবতী, ধরাত্মিকা !
ধর্ম্মাধর্ম্ম-স্বরূপাদ্যা, ধর্ম্ম-কামার্থ-দায়িকা !!

নারায়ণী, নগেন্দ্র-নন্দিনী, নৃমুণ্ড-মালিনী !
নিশুম্ভ-শুম্ভ-সংহর্ত্রী, নিত্যানন্দ-স্বরূপিণী !!

নিস্ত্রৈগুণ্যা, নিরালম্বা, নর্ম্মদা, নিগমাঙ্কুরী !
নাগেশ্বরী, নভোরূপা নিষ্কলা, নকুলেশ্বরী !!

পূর্ণ-রূপা, পরা-শক্তি, প্রসন্না, পুর-সুন্দরী !
পূর্ণেন্দু-বদনা, পূর্ণা, পার্ব্বতী, পরমেশ্বরী !!

প্রকটাঙ্গা, প্রধানাখ্যা, পুরারীশা, পরা পরা !!
প্রীতি-পূর্ণা, প্রমা-রূপা, পরমেশী, পরাৎ পরা !!

বেদ-মাতা, বরা, বিদ্যা, বাগ্-বাণী, বেদ-পাবনী !
বিশ্ব-সৃষ্টি-করা, বিশ্ব-জননী, ব্রহ্ম-রূপিণী !!

বেদ-গর্ভা, বিশালাক্ষী, বর-পদ্ম-গদাধরী !
বিশ্বেশ্বরী, বরারাধ্যা, বিজয়া, বরুণেশ্বরী !!

বিশ্বম্ভরা, বিয়দঙ্গা, বিরূপাক্ষী, বিরোচনী !
বর দা, বিশ্ব পা, ব্রাহ্মী, বিধাত্রী, বিন্ধ্য-বাসিনী !!

বেদ-বেদ্যা, বৃষারূঢ়া, বিমলা, বিশ্ব-রূপিণী !
বারাহী, বারুণী, বন্দ্যা, বগলা, বর-বর্ণিনী !!

ভদ্র-কালী, ভবারাধ্যা, ভব-ভার্য্যা, ভবেশ্বরী !
ভবেশ-ভামিনী, ভর্ত্রী, ভবানী, ভুবনেশ্বরী !!

ভীমা, ভগ-বতী, ভদ্রা, ভুবনা, ভব-গেহিনী !
ভ্রামরী, ভক্তি দা, ভৈমী, ভৈরবী, ভব-তারিণী !!

মৃড়ানী, মোক্ষ দা, মায়া, মহিষাসুর-মর্দ্দিনী !
মহাকালী, মহাদেবী, মহাকাল-স্বরূপিণী !!

মহারূপা, মহেশানী, মহাশক্তি, মহেশ্বরী !
মাহেশ্বরী, মহামায়া, মহালক্ষ্মী, মহোদরী !!

মাতঙ্গী, মন্মথারীশা, মঙ্গলা, মঙ্গলেশ্বরী !
মহারৌদ্রা, মহানন্দা, মঙ্গল্যা মুকুটেশ্বরী !!

যবিষ্ঠা, যজমানস্ত্রী, যমুনা, যুগ-বাসিনী !
যোগীন্দ্র-হৃদয়ানন্দা, যোগেশী, যোগ-রূপিণী !!

যোগ মায়া, যতীন্দ্রেশা, যশোদা, যজ্ঞ-নাশিনী !
যোগারাধ্যা, যশশ্চন্দ্রা, যজ্ঞেশী, যজ্ঞ-রূপিণী !!

রম্য-বেশা, রম্য-রূপা, রুদ্রেশী, রুদ্র-রূপিণী !
রমা কান্ত-প্রিয়া, রৌদ্রী, রুদ্রাণী, রণ-রঙ্গিণী !!

রক্ত বীজ-হরা, রাত্রি, রেণুকা, রক্ত-দন্তিকা !
রৌরবান্ত-করা, রুদ্রা, রণ-চণ্ডী, রটন্তিকা !!

লোক-মাতা, লয়াধীশা, লোল-জিহ্বা, লয়ান্তিকা!
লীলা-ধর্ম্ম-ময়ী, লক্ষ্মী, লিঙ্গ-ব্রহ্ম-স্বরূপকা!!

শিবেশী, শঙ্কর-প্রীতা, শিবানী, শিব-গেহিনী!
শৈলজা, শাম্ভবী, শৈবী, শঙ্করী, শক্তি-রূপিণী!!

শর্ব্বাণী, শঙ্করী, শ্যামা, শরণ্যা, শিব-শঙ্করী!
শাকম্ভরী, সুরাবাধ্যা ষোড়শী সুর-সুন্দরী!!

সর্ব্ব-শক্তীশ্বরী, সত্যা, সর্ব্বেশী, সর্ব্ব-রূপিণী!
সদানন্দ-ময়ী, সর্ব্ব-মঙ্গলা, সিংহ-বাহিনী!!

সার দা, সিদ্ধি দা, সাধ্বী, সাবিত্রী, সত্ত্ব-রূপিণী!
সতী-রূপা, সদানন্দা, সহস্রার-বিলাসিনী!!

সিদ্ধেশ্বরী, শিবারাধ্যা, শিব-ধ্যেয়া, শিবেশ্বরী!
সর্ব্ব-সিদ্ধি-প্রদা, শুদ্ধা, সার দাত্রী, শুভঙ্করী!!

শীতলা, সঙ্কটা, ষষ্ঠী, তুলসী, সৌম্য-রূপিণী!
সিদ্ধি-রূপা, সিতাম্ভোজা, মনসা, সিদ্ধ-যোগিনী!!

শুদ্ধ-সত্ত্ব-স্বরূপাদ্যা, সংসারার্ণব-পার দা!
সুরেশ্বরী, স্ব সং বেদ্যা, সর্ব্বাণী, সর্ব্ব-সার দা!!

হংসারূঢ়া, হরি-প্রাণা, হ্লাদিনী, হেতু রূপিণী!
হর্য্যক্ষ-বাহনা, হব্য-প্রিয়া, হৃৎ পদ্ম-বাসিনী!!

হিমালয়-সুতা, হৈমবতী, হেম-প্রভাঙ্গিনী !
হেরম্ব-জননী, হৈমী, হিঙ্গুলা, হর-কামিনী !!

ক্ষেত্র জ্ঞা. ক্ষণ দা, ক্ষৌণী, ক্ষৌমাম্বর-বরাঙ্গিনী !
ক্ষীরোদ-শায়িনী, ক্ষেমঙ্করী, ক্ষীরাব্ধি-বাসিনী !!

ক্ষেমঙ্করী, ক্ষমা-রূপা, ক্ষেম দা, ক্ষান্তি-রূপিণী !
ধর্ম্মার্থ-কামনা-মোক্ষ-চতুর্ব্বর্গ-প্রদায়িনী !!

আদ্যা-শক্তি, জগন্মূলা, মূল-প্রকৃতি, সুন্দরী !
ত্রি গুণাত্ম-ময়ী, স্রষ্ট্রী, পালন-প্রলয়ঙ্করী !!

সৃষ্টি-স্থিতি-লয়াধীশা, ত্রি শক্তি, ত্রি গুণান্বিতা !
ব্রহ্মাণী, বৈষ্ণবী, শৈবী, ত্রি মূর্ত্তা, ত্রি পুরার্চ্চিতা !!

আকাশাগ্নি-মরুদ্রূপা, ভূমি-বারি-স্বরূপকা !
বিশ্ব-রূপা, জগদ্ব্যাপ্তা, শশাঙ্ক-সূর্য্য-নেত্রকা !!

অশ্বিনী, ভরণী, স্বাতী, গ্রহ-নক্ষত্র-মালিনী !
শর্ব্বরী, সুষমা, সন্ধ্যা, ঊষা, দীপ্তি-স্বরূপিণী !!

গান্ধারী, পঞ্চমী, গৌরী, রাগিণী, রাগ-রূপিণী !
সপ্ত-স্বর-ময়ী, শাব্দী, শব্দ-ব্রহ্ম-স্বরূপিণী !!

শ্রদ্ধা, মেধা, দয়া, লজ্জা, ক্ষুধা, তৃষ্ণা, ক্ষমাক্ষমা !
কান্তি, শান্তি, স্পৃহা, বাঞ্ছা, নিদ্রা, তন্দ্রা, রমা, অমা !!.

তুষ্টি, পুষ্টি, অভীষ্টেশী, শুদ্ধি-বুদ্ধি-স্বরূপকা।
ধৃতি-স্মৃতি-প্রবৃত্তীশা, বুদ্ধ্যহঙ্কার-বোধিকা॥

দেহ-প্রপঞ্চ-সংশ্লিষ্টা, প্রাণাপান-স্বরূপিণী।
মনো বাগিন্দ্রিয়াধীশা, নিত্য-চৈতন্য-রূপিণী॥

পুং রূপা, পিঙ্গলা-শক্তি, ইড়া, স্ত্রী-শক্তি-ধারিণী।
গৌরী, চান্দ্রী, দ্বি শক্তীশা, সুষুম্না, অগ্নি-রূপিণী॥

কুল-কুণ্ডলিনী-রূপা, স্বয়ম্ভু-লিঙ্গ-বেষ্টিতা।
ষট্-পদ্ম-বাসিনী দেবী, ব্রহ্ম-রন্ধ্র-বিসর্পিতা॥

কৌমারী, যুবতী, প্রৌঢ়া, বৃদ্ধাতি বৃদ্ধ-রূপিণী।
কল্যাণী, কমলা, কন্যা, অবৃদ্ধা, গিরি-নন্দিনী॥

উগ্রা, উগ্র-প্রভা, নীলা, কৃষ্ণা, নীল-সরস্বতী।
তুরীয়া, তরলা, তন্বী, ত্রি পুরেশী, তরস্বতী॥

অট্ট-হাস্যা, করালাস্যা, ঘূর্ণ-নেত্রা, ভয়ঙ্করী।
উগ্র-তারা, মহা-ঘোরা, মুক্ত-কেশী, দিগম্বরী॥

ছিন্ন-মস্তা, খড়্গ-হস্তা, মুণ্ড-মালা-বিভূষণা।
রক্ত-বাসা, রক্ত-ভূষা, রজোরূপা, শবাসনা॥

চন্দ্র-কোটি-পদাম্ভোজা, জবা-পদ্ম-পদা, শুভা।
চন্দ্র-সূর্য্য-হুতাশাক্ষী, চন্দ্র-শেখর-বল্লভা॥

হংস-যুক্ত-বিমান স্থা, ব্রহ্মাণী-রূপ-ধারিণী।
কৌষাম্ভঃ-ক্ষরিকা দেবী নারায়ণী, সনাতনী ।।

শঙ্খ-চক্র-গদা-পদ্ম-ধারিণী, শ্যাম-বর্ণিনী !
বৈষ্ণবী-রূপিণী দেবী, নারায়ণী, নিরঞ্জনী ।।

শ্বেত-বর্ণা, ত্রি শূলাহি-পাশ-চন্দ্র-বিভূষণা !
মাহেশ্বরী-স্বরূপা মা নারায়ণী ত্রি লোচনা ।।

দ্বি ভুজা বা চতুর্ব্বাহা, আর্য্যা, দশভুজাদ্যকা !
অষ্টাদশ-ভুজা দেবী, সহস্র-লক্ষ-হস্তকা ।।

এক-নেত্রা, ত্রি নেত্রা, অনেক-নেত্রা, অনেত্রকা !
মনো বাগিন্দ্রিয়াতীতা, অবোধ্যা, জগদাত্মিকা ।।

ক্লেশ-কর্ম্মাপরামৃষ্টা, সচ্চিদানন্দ-রূপিণী !
ব্রহ্মাণ্ড-জননী, বিশ্বাধারা, ব্রহ্ম-স্বরূপিণী ।।

গুপ্ত-রূপা, দুরারাধ্যা, ব্যক্ত-রূপা, উপাসিতা !
অণু-রূপা, বৃহদ্রূপা, স্থূ রূপা, রূপ-বর্জ্জিতা ।।

বেদ-হস্তা, মহা-মন্ত্রা, দেবী প্রণব-রূপকা !
বেদ-মন্ত্র-ময়ী, বেদ্যা, ভূর্ভুবঃস্বঃ-চিদাত্মকা ।।

সর্ব্ব জ্ঞা, সর্ব্ব-লোকেশী; সর্ব্ব-জীবাত্ম-সংস্থিতা !
সর্ব্ব-নাম-ধরা দেবী, সর্ব্ব-নাম-বিবর্জ্জিতা ।।

পুণ্য দা, পুত্র দা, পুণ্যা, ধন দা, সুখ দায়িনী
বল দা, ফল দা, দেবী, ধর্ম্ম দা, মোক্ষ দায়িনী !!

সর্ব্ব-ক্লেশ হরা, মাতা সর্ব্ব-তাপ-নিবারিণী !
জননী, করুণাপাঙ্গী, দীন-দুর্গতি-নাশিনী !!

বিশ্ব-পূজ্য-পদাম্ভোজা, ভক্ত-হৃৎ-পদ্ম-রাজিতা !
বিশ্ব-বন্দ্যা, বরেণ্যা মা বলরাম-প্র পূজিতা !!

সংখ্যা-হীন জগন্মাতা- নাম-মালা সুধা সম,
পঞ্চ-শতাধিক প্রোক্ত, তন্মধ্যে নাম উত্তম !!

একেশ্বরী, জগদ্ধাত্রী, অদ্বিতীয়া, পরাৎ পরা !
শক্তি-কর্ম্ম-বিভেদে অনন্ত-নাম-ধরা, বরা !!

চিন্ময়ী, নিগু‍ৰ্ণা, নিত্যা, নিরুপাস্যা নিরঞ্জনী !
স গুণা সর্ব্ব নামাঢ্যা সর্ব্বারাধ্যা সনাতনী !!

সৃষ্টি-স্থিত্যন্ত-সিদ্ধ্যর্থে, একা দেবী মহেশ্বরী,
ব্রহ্মাণী বৈষ্ণবী শৈরী, ত্রি-মূর্ত্তি ত্রি গুণেশ্বরী !!

অনন্ত-বিশ্ব-বিস্তীর্ণা, অনন্ত-বিশ্ব রূপকা !
অনন্ত-শক্তি-সম্পন্না, অনন্ত-রূপ-নামকা !!

একেশ্বরী জগন্মাতা, লীলা-ভেদে দয়া-বতী !
দুর্গা, কালী, জগদ্ধাত্রী, রাধা, লক্ষ্মী, সরস্বতী !!

যে দেবী পার্ব্বতী গৌরী, হেমাঙ্গিনী বরাম্বরা !
লীলা কারণ সে দেবী শ্যামাঙ্গিনী দিগম্বরী !!

যে দেবী শৈলজা শৈবী শঙ্করী শিব-গেহিনী !
সে দেবী বৈষ্ণবী রাধা বাণী-লক্ষ্মী-স্বরূপিণী !!

অদ্বিতীয়া মহা-দেবী, বিশ্ব-চৈতন্য-রূপকা !
অনন্ত-শক্তি-সং সক্তা, অনন্ত-নাম-ধারকা !!

ভেদ-জ্ঞান করি' ত্যাগ, ভক্তি-কোমল-সু স্বরে,
নাম-মালা পঠে যেবা নিত্য সংযত অন্তরে !

কৃপাপাঙ্গে সদা তা'রে হেরিয়া জগদীশ্বরী,—
সর্ব্বাভীষ্ট-সনে সৌখ্য দেন তা'রে শুভঙ্করী !!

নাম-মালা-জপাসক্ত অর্চ্চে যে জগদম্বিকা,—
সর্ব্ব-পাপ হরেন্ তা'র, সর্ব্বেশী কলুষান্তকা !!

নাম-মন্ত্রে সদা চিত্তে পূজে যেবা জগন্ময়ী,—
ধর্ম্মার্থ-কামনা-মোক্ষ দেন তা'রে দয়া ময়ী !!

বিপদে যে স্মরে মা'রে, ডাকে বা ব্যাকুলান্তরে,—
সর্ব্বাপদ হরে তা'র, সর্ব্ব-বিঘ্ন-হরা-বরে !!

সম্পদে যে স্মরে মা'রে, ভক্তি-সংযত অন্তরে,—
সর্ব্ব-সম্পৎ মহালক্ষ্মী দেন তা'রে ধরা 'পরে !!

জগতে জননী নামে মত্ত যেবা অহর্নিশ ,—
জগন্মাতা-বরে তা'রে স্পর্শে না দুঃখ-কল্মষ !!

মা'র নাম নিতে যা'র, নেত্র-ধারা পড়ে ঝরি'—
মুছায়ে নয়ন, স্নেহ দেন তা'রে মহেশ্বরী !!

'মা' বো'লে আপনা-হারা, কাঁদে যে মোহিয়া হিয়া,—
রক্ষা তা'রে করেন্ কোলে, পুত্র বো'লে ভব-প্রিয়া !!

অভয়া জননী-নামে, দূরে যায় ভয়-ভাবনা,—
মাতৃ-ভক্ত হৃদম্ভোজে থাকে না যম-যাতনা !!

শোক দুঃখ মহা-মোহ, পাপ তাপ নিবারিত,—
ভবে মৃত্যুঞ্জয়ী-নামে, মৃত্যু-ভীতি নিরাকৃত !!

দেহ জ প্রাণ জ ব্যাধি, আধি আদি যথা যত,
ভবে সর্ব্বেশ্বরী-নামে, সর্ব্ব-ব্যাধি বিদূরিত !!

জলে স্থলে মহারণ্যে, রাজ-দ্বারে, মহার্ণবে,—
ত্রি জগজ্জননী- নামে, সর্ব্বাপৎ নষ্ট হয় ভবে !!

শোক-তাপ-সমাকীর্ণ ঘোর সংসার-কাননে,
সদানন্দ-ময়ী-নামে, সদানন্দ সুধী-জনে !!

অমৃতানন্দ-নিঃস্যন্দি মা'র নাম ধরা 'পরে,—
মনঃ-প্রাণ-ভরা সার মা'র নামে সুধাক্ষরে !!

নিরাশা-দুঃখ-সংক্ষুব্ধ সংসারের মহাহবে,
নাহি আর কিছুই সার, মা'র নাম বিনা ভবে !!

মা'র শ্রী চরণ-দ্বন্দ্ব তরী মাত্র ভবার্ণবে,—
'মা' বিনা অন্য কে আছে আপনা বলিতে ভবে !!

অর্পি' চিত্ত তদা জীব ! জগদম্বা-পদাম্বুজে,
নাম-মালা সদা গাহ' হেরি' 'মা' হৃদি পঙ্কজে !!

# শ্রীশ্রীসরস্বতী-নামাবলী।

—০:*:০—

[ অনুষ্টুপ্ ছন্দ। ]

বা-গ্‌দে-বী-, বর দা-, বা-ণী-বী-ণা-পা-ণি, বরা-ঙ্গিনী!
বু-দ্ধি দা-, বা-গধি-ষ্ঠা-ত্রী-, ব্র-হ্মা-ণী-, ব্র-হ্ম-বা-দি-নী-!!

বে-দ বী-ণা- করা-, ব্রাহ্মী-, বা-ক্য বো-ধ-স্বরূ-পকা-
বু-দ্ধি রূ-পা-, বরা,-বিদ্যা-, অবি-দ্যা তিমিরা-ন্তকা-!!

বেদ-বেদা-ন্ত-সঙ্গীতা, বাগ্-রূপা, বেদ-বাদিনী!
বেদ-মন্ত্র-ময়ী দেবী, ব্রহ্মা-বিষ্ণু-বিনোদিনী!!

বল্লকী-ব্যগ্র-হস্তা, শ্বেত-বস্ত্রা, শ্বেত-পুষ্পিণী!
শুভ্র-রূপা, শুভা, শুভ্রা, শুদ্ধি-রূপা, সু হাসিনী!!

শ্বেত-পদ্মাসনা দেবী, শ্বেত-পুষ্পোপ শোভনা!
শ্বেতাম্বর-ধরা, শুদ্ধা, শ্বেত-গন্ধানুলেপনা!!

শ্বেত কান্তি-ময়ী দেবী, সিতাংশু-হসিতাননী!
শুভ্র-স্বচ্ছ-স্বরূপা, শ্বেত-বর্ণা, সত্ত্ব রূপিণা!!

শ্বেত-হস্তা, সতী, সাধ্বী, শ্বেত-শঙ্খ-বিভূষণা!
সিতাব্জ-বাসিনী দেবী, শ্বেত-পদ্ম-স্মিতাননা!!

শ্বেত-নেত্রা, সিতাপাঙ্গী, শ্বেতাজ হাস্য-সংযুতা।
শ্বেত-পয়োধরা, সৌম্যা, শ্বেত-চন্দন-চর্চ্চিতা॥

শ্বেতাঙ্গিনী, শুভ-শ্বেত-পাদ-পদ্ম-সুধা-বতী।
শুভ্র-দেহা, সদানন্দা, পদ্ম-গেহা, সরস্বতী॥

শুচি স্মিতা, সুরারাধ্যা শশাঙ্ক-শুভ্র-হাস্যকা।
শ্বেত-পদ্মাননা দেবী, জ্ঞান-কজ্জল-নেত্রকা॥

জ্ঞান দা, গুণ দা প্রজ্ঞা-জ্ঞান-বিজ্ঞান-রূপিণী।
জ্ঞান-শুভ্রা, গুণাধীশা, জ্ঞানানন্দ-প্রদায়িনী॥

চিৎ-স্বরূপা, চিদানন্দা, চিন্ময়ী, চিদ্‌ঘনাঙ্গিনী।
চিদ্রূপা, চিত্ত-বুদ্ধীশা, সচ্চিদানন্দ-রূপিণী॥

নিত্য-শুদ্ধা, নরারাধ্যা, নিত্যানন্দ-স্বরূপিণী।
নারায়ণী, নিসর্গেশী, নির্ব্বিকারা, নিরঞ্জনী॥

ভূতি-রূপা, ভবারাধ্যা, ভারতী, ভ্রান্তি-হারিণী।
ভদ্রা, ভগবতী, ভাষা-রূপিণী-, ভক্তি-দায়িনী॥

সার দা, সিদ্ধি দা, ঋদ্ধি-দায়িনী, শুদ্ধ-রূপিণী।
ধর্ম্ম দা, অর্থ দা দেবী, কাম দা, মোক্ষ-দায়িনী॥

সদানন্দময়ী, সত্যা, সুর-দানব-বন্দিতা।
বিষ্ণু-রম্যা, বরারাধ্যা, কৃষ্ণ-রাম-প্র পূজিতা॥

সঙ্গীত-কাব্য-সন্তোষা, বিদ্যা-জ্ঞান-প্রভাবতী !
ভক্তি-মুক্তি-প্র দা দেবী, জগদ্ধাত্রী সরস্বতী !!

প্রোক্ত সংক্ষেপতঃ বাণী-নাম-মালা শতাষ্টক !
শ্বেত-পদ্ম-দলে গাঁথা, পুষ্প-মালা সু রম্যক !!

বাগ্-যোগে যে রচে নাম-পুষ্প-মালা সুধা ভরা,
সদা তা'র প্রতি প্রীতা, বাগ্দেবী, বর দা, বরা !!

নাম-মালা পঠে যেবা ভক্তি-কোমল-অন্তরে,—
সর্ব্ব-জ্ঞান লভে সে জন্ বাগ্ দেবী-জ্ঞান দা-বরে !

ত্রি সন্ধ্যা যে পঠে নিত্য, নাম-মালা, ধরা 'পরে,—
সর্ব্ব-বিদ্যা লভে সে জন্, বিদ্যেশী-বরদা-বরে !!

পূজি বিদ্যেশ্বরী ভক্তি-ভরে শ্রী পঞ্চমী-দিনে,
নাম-মালা পঠে যেবা শুদ্ধ-বুদ্ধি-মনঃ সনে,—

স দয়া ভারতী দেবী, সন্তুষ্টা সে জন প্রতি,
সর্ব্ব-সিদ্ধি-বর শ্রেষ্ঠ দেন তা'রে সরস্বতী !!

জ্ঞানানন্দ-হিয়ানন্দ-ধর্ম্মার্থ কাম-মোক্ষ দ !
বাণী-নাম-সুধা-সার ভবে সর্ব্ব-শুভ-প্র দ !!

# শ্রীশ্রীলক্ষ্মী নামাবলী।

—০:*:০—

[ অনুষ্টুপ্ ছন্দ। ]

[illegible]-লয়া-, প-দ্মা-, মা-, রমা-, শ্রী-, হরি-প্রিয়া-।
ক্ষী-রো-দ তনয়া-দে-বী-, কমলা-, কমলা-লয়া-॥

পদ্মাসনা, মহা-পদ্মা, পদ্ম-কানন-সংস্থিতা।
ফুল্ল-পদ্ম-মুখী, দেবী, পদ্ম-ভূষণ-ভূষিতা॥

শঙ্খ-চক্র-গদা-পদ্ম-করা, দেবী চতুর্ভুজা।
পদ্ম-গেহা, পদ্ম-দেহা, সুধা-সিক্ত-পদাম্বুজা॥

রত্ন-মাণিক্য-সম্ভারা, পদ্ম-রাগ-বিভূষণা।
হিরণ্য-ভূষ-হেমাঙ্গী, পদ্ম-নেত্রা, ত্রি লোচনা।

পূর্ণেন্দু-বদনা, পূর্ণা, ইন্দিরা, ইন্দু-রূপিণী।
সিন্ধু-বালা, সদানন্দা, সুন্দরী, সিন্ধু-নন্দিনী॥

শঙ্খ-শুক্তি-সমাসীনা, রুক্মিণী, মণি-মৌক্তিকা।
কম্বু-শম্বুক-রত্নাধীশ্বরী, অম্বুধি-কন্যকা॥

অর্থ দা, স্বর্ণ দা দেবী, ধন-ধান্য-প্রদায়িনী।
অন্ন দা, পুণ্য দা, পুণ্যা, অন্ন-পূর্ণা-স্বরূপিণী॥

সর্ব্ব-সম্পৎ-স্বরূপা মা, সর্ব্ব-সৌখ্য-বিধায়িনী !
সিন্ধু-কন্যা, সুরারাধ্যা, সর্ব্বেশী, সিন্ধু-বাসিনী !!

লোক-মাতা, মহালক্ষ্মী, নারায়ণ-বিনোদিনী !
নারায়ণী, মহাদেবী, স্থূল-সূক্ষ্ম-স্বরূপিণী !!

আদ্যন্ত-রহিতা দেবী, আদ্যা-শক্তি, মহেশ্বরী !
শ্রী-পীঠা, গরুড়ারূঢ়া, কোলাসুর-ভয়ঙ্করী !!

গৌরী, গৌরাঙ্গিনী দেবী, হেমাঙ্গিনী, বরাননী !
শ্যামা, শ্যামাঙ্গিনী, সর্ব্ব-বর্ণা, বিশ্বাত্ম-রূপিণী !!

কৈলাসে পার্ব্বতী-রূপা, বিশ্বেশী, বিশ্ব-বন্দিতা !
বৈকুণ্ঠে মা মহালক্ষ্মী, বৈষ্ণবী, বিষ্ণু-পূজিতা !!

স্বর্গ-লক্ষ্মী সদা স্বর্গে, মর্ত্ত্য-লক্ষ্মী ধরা 'পরে !
পাতালে নাগ-লক্ষ্মী মা, লক্ষ্মী সর্ব্ব-চরাচরে !!

রাজ-লক্ষ্মী নৃপাগারে, গৃহ-লক্ষ্মী গৃহে গৃহে !
সর্ব্ব-লক্ষ্মী-স্বরূপা মা ভক্ত-চিত্ত-সরোরুহে !!

নানা-রূপ-ধরা লক্ষ্মী, গো লোকে রাধিকা সতী !!
সাবিত্রী ব্রহ্ম লোকে মা, সত্য-লোকে সরস্বতী !!

রাসে রাসেশ্বরী রমা ব্রজ-ধামে ব্রজেশ্বরী !
কৃষ্ণ-প্রাণাধি দেবী মা, নিত্য-বৃন্দাবনেশ্বরী !!

বিরজা চম্পকারণ্যে, চন্দ্রা চন্দন-কাননে।
সুন্দরী মা শত শৃঙ্গে, মালতী মালতী-বনে॥

কুন্দ-কুঞ্জ-প্রিয়া দেবী ষোড়শী, কুন্দ দন্তিকা।
কদম্ব-কাননে কৃষ্ণ-কেলী-কদম্ব-মাল্যকা॥

ভূলোকে তুলসী, গঙ্গা, সুশীলা কেতকী-বনে।
পদ্মা, পদ্মাবতী, পদ্ম-মালিনী পদ্ম-কাননে॥

সর্ব্ব-রূপ-ধরা দেবী, যোগজা, যোগ-বাসিনী।
চিদানন্দ-ময়ী, সত্যা, পর-ব্রহ্ম-স্বরূপিণী॥

নিষ্কলা, নির্ব্বিকারা মা নিত্য-বৈকুণ্ঠ-শোভনা।
চঞ্চলা, চপলা নামে কীর্ত্তিতা কমলাসনা॥

অনন্ত-রূপিণী লক্ষ্মী' অনন্ত নাম বিশ্রুত।
বিংশাধিক-শত শ্রেষ্ঠ নাম অত্র প্রকীর্ত্তিত॥

নাম-পুষ্প-দলে প্রাণানন্দ-সার ক্ষরে সুধা।
নাম-পদ্ম-মধু-প্রীতে, থাকে না অপর ক্ষুধা॥

ভক্তি-যুক্ত-চিতে যে বা, নাম-মালা পঠে নিতি,—
স দয়া সর্ব্বদা লক্ষ্মী সম্প্রীতা সে জন প্রতি॥

পূজিয়া দেব-দেবীরে শুদ্ধ-সংযত অন্তরে,—
লক্ষ্মী-নাম জপে যে বা, লক্ষ্মী-বান্ সে ধরা 'পরে॥

ধন-ধান্য সনে ভূমি-বত্ন-রাজি প্রদানিয়া,—
সর্ব্ব-সম্পৎ সদা তা'রে দেন দেবী হরি-প্রিয়া !!

কোজাগরী নিশা-যোগে, পৌর্ণমাসী শশী-করে,—
অর্চ্চিয়া ইন্দিরা দেবী, নাম উচ্চার' যে করে !—

সদা তা'ব প্রতি প্রীতা সিন্ধু-বালা দয়া ময়ী,
সর্ব্ব-সৌভাগ্য-সমৃদ্ধি দেন তা'রে হিবণ্ময়ী ।।

চিত্ত যা'র সদা রত, লক্ষ্মী-পাদ-সরোরুহে,
চঞ্চলা চপলা লক্ষ্মী, অচলা সে জন গৃহে !!

গাহ জীব ! সদা লক্ষ্মী-নাম-মালা দিনে দিনে !
লক্ষ্মী-নাবায়ণ প্রীত সদা এ নাম-কীর্ত্তনে !!

# শ্রীশ্রীরাধা-নামাবলী।

—০ঃ*ঃ০—

[ অনুষ্টুপ্ ছন্দ। ]

শ্রী-রা-ধা-, পরমা-রা-ধ্যা-, রা-ধিকা-, রা-স মো-হিনী-!
রা-সো-ল্লা-স পরা-, র-ম্যা-, রমা-, রা-স বিলা-সিনী-!!

কা-ঞ্চনা-ঙ্গী-, কৃপা-পা-ঙ্গী-, কমলা-, কু-ঞ্জ বা-সিনী-!
কা-ম রূ-পা-, কুর-ঙ্গা-ক্ষী-, কা-ম দা-, কো-মলা-ঙ্গিনী-!!

রুক্স-বর্ণ-ধরা, রত্ন-ভূষণা, রসিকেশ্বরী!
রাজ-রাজেশ্বরী, রাগ-রূপিণী, রস-মঞ্জরী!!

কল্যাণী, কেশব-প্রীতা, কুণ্ডলা কুল-গণ্ডকা!
কৌমারী, কমলাকল্পা, কদম্ব-কুন্দ-মাল্যকা!!

ধ্রুবানন্দ-প্র দা রাধা, ধর্ম্ম দা, ধরণীশ্বরী!
ধরাধর-ধর-প্রীতা, ধরিত্রীশা, ধুরন্ধরী!!

কৃষ্ণ-সেবা-পরা, কৃষ্ণা, কৃষ্ণ-ধ্যান-পরায়ণী!
কৃষ্ণ-প্রাণাধিকা, কান্তা, কৃষ্ণ-প্রেম-বিনোদিনী!!

গোবিন্দ-বল্লভা দেবী, গোকুলানন্দ-দায়িনী!
গো লোক-বাসিনী, গোপী, গৌরাঙ্গী, গজ-গামিনী!!

কৃষ্ণ-কান্তা, কলাধীশা, কৃষ্ণ-বক্ষঃ স্থল-স্থিতা!
কৃষ্ণ-কামা, কৃপা শীলা, কৃষ্ণ-ভক্তি-বতি-ব্রতা!!

গন্ধ-পুষ্প-ধরা দেবী, গন্ধ-মালা-বিভূষণা!
গন্ধ-চন্দন-চার্ব্বঙ্গী, গুঞ্জ-পুঞ্জ-স্থ শোভনা!!

কৃষ্ণানন্দ-প্র দা, কাম্যা, কৃষ্ণ-প্রেম-তরঙ্গিণী!
কৃষ্ণ-প্রেম-ময়ী, পুণ্যা, কৃষ্ণ-প্রেম-কলঙ্কিনী!!

প্রথমা-গোপিকা, গোপ-মাতৃকা, গোপিকেশ্বরী!
গোপাল-কামিনী, গঙ্গা গোপিনী, গোকুলেশ্বরী!!

চম্পকাঙ্গী, চলচ্চারু-চেলকা, চির-যৌবনা!
চন্দ্রাননা, চলচ্চিত্রা, চারু-চঞ্চল-লোচনা!!

নব-যৌবন-সম্পন্না, নানালঙ্কার-ভূষণা!
নিষ্কলঙ্কা, নিকুঞ্জেশা, নীলাব্জ-দল-লোচনা!!

চতুরা, চঞ্চলা, চিত্র-লেখা, চৈতন্য-রূপিণী!
চিন্ময়ী, সচ্চিদানন্দা, চতুর্ব্বর্গ-প্রদায়িনী!!

নির্লিপ্তা, নির্গুণা, নিত্যা, নিত্যানন্দ-স্বরূপিণী!
নারায়ণী, নিরাধারা, নির্ব্বিকারা, নিরঞ্জনী!!

জগৎ-কর্ত্রী, জগদ্ধাত্রী, জগদ্বীজ-স্বরূপিণী!
জগন্মাতা, জগন্নাথ-প্রিয়া, যা বট-বাসিনী!!

পীতাম্বর-ধরা, প্রীতি-পূর্ণা, প্রেম-প্রমোদিনী।
প্রেম-রূপা, পরানন্দা; প্রেমানন্দ-প্রদায়িনী॥

জাহ্নবী-যমুনা-রূপা, যমুনা-তট-বাসিনী।
যৌবন-পূর্ণ-সৌন্দর্য্যা, যশোদানন্দ-দায়িনী॥

পদ্ম-নেত্রা, পলাশাক্ষী, পূর্ণেন্দু বদনা, পরা।
পদ্ম-কোমল-গৌরাঙ্গী, পীন-পদ্ম-পয়োধরা॥

তপ্ত-কাঞ্চন-বর্ণাভা, তুলসী-পুষ্প-তোষণা।
তরুণাদিত্য-সঙ্কাশা, তরুণী, নিত্য-যৌবনা॥

পদ্ম-রাগ-ধরা, পদ্মা, পদ্মিনী, পদ্ম-মালিনী।
প্রেম-পূর্ণা, পরাবাধ্যা, প্রেমানন্দ-স্বরূপিণী॥

দেব-দেবী, দুরারাধ্যা, দ্বারকেশী, দ্রবাঙ্গিনী।
দীন হীনে দয়া শীলা, দুঃখ-দুর্গতি-নাশিনী॥

বেণু-বাদ্য-প্রিয়া, বেদ্যা, ব্রজ-লক্ষ্মী, ব্রজেশ্বরী।
বৃষ ভানু-সুতা, বন্দ্যা, ব্রজ-বালা, বৃকোদরী॥

লোলাক্ষী, ললিতাপাঙ্গী, লাবণ্য-লসিতাঙ্গিনী।
লীলা-ময়ী, ললামাস্যা, লাস্য-হাস্য-প্রমোদিনী॥

বংশী-বট-প্রিয়া, রাধা, বৃন্দাবন-বিলাসিনী।
বিদ্যুদ্‌গৌরী, বরারোহা, বিচিত্রাম্বর-ধারিণী॥

শ্রী রাধা, শ্রী হরি-প্রাণা, শ্রী সতী, শ্রী পতি-প্রিয়া!
শ্রী প্র দা শুভ দা, শান্তা, শ্রী রূপা, শ্রী হরি-প্রিয়া!

বেদ-বেদ্যা, বিশালাক্ষী, বৈষ্ণবী, বিষ্ণু-কামিনী!
ব্রহ্মা-বিষ্ণু-প্রসূ, বেদ-মাতা, ব্রহ্ম-স্বরূপিণী!!

শ্যাম-সুন্দর-সম্প্রীতা, শক্তি-রূপা, শুভান্বিতা!
শশাঙ্ক-শ্রী মুখী, সৌম্যা, সদানন্দা, শুচি-স্মিতা!!

বৃন্দা, বৃন্দাবনানন্দা, বৃন্দাবন-বিহারিণী!
সানন্দা, পরমানন্দা, শ্রী গোবিন্দ-বিলাসিনী!!

সু কেশিনী, সু বেশাঢ্যা, সত্ত্ব-রূপ-সবোজিনী!
সুন্দরী, সুভগা, সত্যা, সত্য-রূপা, সনাতনী!!

ভাগ্য-দা, ভক্তি দা, ভাব্যা, ভাগ্যেশী, ভব-তারিণী!
ভক্ত-প্রাণা, ভবারাধ্যা, ভক্তেশী, ভক্তি-রূপিণী!!

হরি-দাসী, হরি-প্রীতা, হ্লাদিনী, হংস-গামিনী!
হেমাঙ্গিনী, হরি-প্রেমা, হৃদ্যা, হেমাব্জ-রূপিণী!!

মন্মথ-মোহিনী, মুগ্ধা, মাধবী, মণি-ভূষণা!
মল্লিকা-মালতী-মাল্যা, মানিনী, মৃগ-লোচনা!!

ক্ষেমঙ্করী, ক্ষমা-রূপা, ক্ষীরাব্ধি-তনয়া, শুভা!
ক্ষপা-কর-মুখী রাধা, ক্ষৌম-ভূষ-ক্ষণ-প্রভা!!

আনন্দ-রূপিণী রাধা, ইন্দিরা, ইন্দু-মালিনী !
অরবিন্দ-পদ-দ্বন্দ্বা, অরবিন্দ-দলেক্ষণী !!

সাবিত্রী, তুলসী, গঙ্গা, গায়ত্রী, পার্ব্বতী, সতী !
সর্ব্ব-রূপ-ধরা রাধা, গৌরী, লক্ষ্মী, সরস্বতী !!

অনন্ত-রূপিণী দেবী, অনাদ্যা, অখিলেশ্বরী !
অষ্ট-সিদ্ধি-প্রদা, আদ্যা, ইষ্টদা, পরমেশ্বরী !!

বিষ্ণু-বন্দ্যা, শিবারাধ্যা, সৃষ্টি-স্থিত্যন্ত-কারিণী।
কৃষ্ণ-প্রেম-ময়ী রাধা, কৃষ্ণ-ভক্তি-প্রদায়িনী !!

লীলা-ভেদে অসংখ্য শ্রী রাধা-নাম সুধা সম !
প্রোক্ত দ্বিশত-পঞ্চাশৎ, তন্মধ্যে নাম উত্তম !!

নাম-পুষ্প-স্রগাধারে, ভক্তি-সার সুধা ক্ষরে !
রাধা-নাম সুধা-সিন্ধু, কৃষ্ণ-ভক্তি-সুধাকরে !!

রাধা-নাম পরা ভক্তি, রাধা-নাম পরা গতি !
রাধা-নাম পরা মুক্তি, রাধা-নাম পরা রতি !!

রাধা-নাম পঠে যে বা নিত্য সংযত-অন্তরে !
কৃষ্ণ-ভক্তি লভে সে জন, কৃষ্ণ-ভক্তি-প্রদা-বরে !!

রাধা-নাম জপে যে বা কৃষ্ণ-ভক্ত ধরা 'পরে,—
সর্ব্ব-সম্পৎ লভে সে জন, লক্ষ্মী-নারায়ণী-বরে !!

রাধা-ময় সদা কৃষ্ণ, রাধা কৃষ্ণ-ময়ী তথা।
রাধা-কৃষ্ণ অভেদাত্মা, অভিন্ন-রূপ সর্ব্বথা !!

রাধিকা স দয়া যাঁ'রে, কৃষ্ণ সম্প্রীত সে জনে !
রাধা-কৃষ্ণ অভেদাত্ম, ভিন্ন ভাবে অ ভাজনে !!

রাধা-শক্তি-গুণে কৃষ্ণ, বিষ্ণু বিশ্ব-প্র পালক !
জগন্মাতা জগৎ-পাতা রাধা-কৃষ্ণ-স্বরূপক !!

সর্ব্ব-শক্তি-ময়ী রাধা, সৃষ্টি-পালন-সং ক্ষয়ে !
সর্ব্ব বিশ্ব সমুৎপন্ন, রাধা-কৃষ্ণ-পদাশ্রয়ে !!

লক্ষ্মী নারায়ণ ব্রহ্মা-ব্রহ্মাণী, ভব দা-ভব,—
মহা-দেবী-মহা-দেব, রাধা-কৃষ্ণ শিবা-শিব !!

সুর-দানব-গন্ধর্ব্ব, ব্রহ্মা রুদ্র অধোক্ষজ,—
সর্ব্ব-বিশ্ব সদা ধ্যায়ী—রাধা-কৃষ্ণ পদাম্বুজ !!

একেশ্বরে প্রভেদে যে মোহ-অজ্ঞানতা-বশে,—
অধিকারী নহে রাধা-কৃষ্ণ-নামে কদাপি সে !!

রাধা-কৃষ্ণে, শিবা-রুদ্রে, অভেদে যে করে স্তুতি !
কৃষ্ণ-গোপাল-গোবিন্দ, সম্প্রীত সে জন প্রতি !!

অতএব সদা জীব ! অভিন্ন-জ্ঞান-সংশ্রয়ে !
রাধা-নাম-সুধা-সার গাহ' কৃষ্ণ-পদাশ্রয়ে !!

# শ্রীশ্রীগঙ্গা-নামাবলী।

—০ঃ*ঃ০—

[ অনুষ্টুপ্ ছন্দ। ]

গ-ঙ্গা-, ভা-গী-রথী-, জ-হ্নু ক-ন্যা-, পু-ণ্য পয়-স্বিনী-!
জা-হ্নবী-, বিমলা-, পদ্মা-, পু-ণ্যা-, পু-ণ্য-প্রবা-হিনী-!!

বি-ষ্ণু পা-দা-র্ঘ্য স-ম্ভূ-তা-, ব্র-হ্মা-কম-ণ্ডলু-স্থিতা-!
স্ব-র্গা-রোহ-ণ সো-পা-না-, বি-ষ্ণু প-দ্ম পদ-স্থতা-!

স্বর্গে মন্দাকিনী দেবী, স্বর্ণদী সুর-দীর্ঘিকা!
সিদ্ধ গঙ্গা, বিয়ৎগঙ্গা, স্বর্গ-কৈবল্য-দায়িকা!!

সুর-শৈবলিনী, স্বর্গ-সরিৎ, দেবী সুরেশ্বরী!
গঙ্গা সুরধুনী, বিশ্ব-ব্যাপকা, ত্রি দশেশ্বরী!!

ব্রহ্ম-লোকে চতুর্ভদ্রা, সীতা, অলক-নন্দিনী!
কেশবা, দ্যু-নদী, দেব-নদী, ব্রহ্ম-বিনোদিনী!!

দেব-লোকে শুভা গঙ্গা, নন্দিনী, নলিনী স্মৃতা!
বৃন্দা, পৃথ্বী, সুরৈশ্বর্য্যা, বিষ্ণু-পাদ-পদামৃতা!!

সুর-স্রোতস্বতী, চক্ষু-নামকা, সুর-নিম্ন গা!
নভঃ-সরিৎ, সুরারাধ্যা, সুধা ধারা, সুরাপ গা!!

আকাশে মা নভোগঙ্গা, আকাশামৃত-রূপিণী
অনন্ত-ব্যাপিনী দেবী, অনন্ত-বিশ্ব-পাবনী !!

পাতালে নাগ-লোকে মা, গঙ্গা ভোগবতী স্মৃতা !
মর্ত্ত্যে মা অলকানন্দা, গঙ্গা নামে প্রকীর্ত্তিতা !!

ভারতে পুণ্য-ধামে মা, আবির্ভূতা দ্রবাঙ্গিনী !
পুণ্য দা, বসুধা-হারা, গঙ্গা পুণ্য-তরঙ্গিণী !!

দেবী ত্রি পথ গা, গঙ্গা ত্রি স্রোতা, তীর্থ-রূপিণা !
পুণ্য-তোয়া, নরারাধ্যা, বন্দ্যা, ত্রি পথ-গামিনী !!

ত্রি রূপা ত্রি গুণা দেবী, ত্রি ধারা, তনু-শাশ্বতী !
কালিন্দী যমুনা-রূপা, গঙ্গা শুভ্রা সরস্বতী !!

গোদাবরী, মহানন্দা, চন্দ্র-ভাগা, পয়োষ্ণিকা !
নর্ম্মদা, সিন্ধু, কাবেরী, গোমতী, পুষ্করাদিকা !!

কৌশিকী, সরযূ, রেবা, তুঙ্গ-ভদ্রা, দৃষদ্বতী !
বিশাখা, অজয়া, বেণা, ময়ূরাক্ষী, পয়স্বতী !!

সর্ব্ব-নাম-ধরা গঙ্গা, সর্ব্ব-রূপ-সমাশ্রিতা !
সর্ব্ব-তীর্থ-ময়ী দেবী, সর্ব্ব-লোক-প্র পূজিতা !!

অনন্ত-রূপিণী গঙ্গা, ভূম্যাকাশ-দিবি স্থিতা !
বিষ্ণু-পাদোদ্ভবা দেবী, বৈষ্ণবী, বিষ্ণু পূজিতা !!

পবিত্রাম্বু-ময়ী গঙ্গা, কল-কল্লোল-নাদিনী।
সমুত্তুঙ্গ-তরঙ্গা মা, অম্বুধি-ক্রোড়-কাঙ্ক্ষিণী॥

দেবী বিষ্ণু-পদী, বিষ্ণু-পাদ-পদ্ম মৃণালিনী।
শৈল-বালা-স পত্নী মা, শম্ভু-মৌলি-নিবাসিনী॥

উল্লোল-ভঙ্গ-সংক্ষোভা, গিরি-গহবর-ভেদিনী।
রণঝঙ্কারিণী, ঘোরা, পৃথ্বী-প্লাবন-কারিণী॥

পতিতোদ্ধারিণী গঙ্গা, কলি-কল্মষ-নাশিকা।
সর্ব্ব-পাপ-হরা দেবী, সর্গ-ক্ষেম-প্র দায়িকা॥

তমাল-তাল-হিন্তাল,- নারিকেল-স্থ শোভিতা।
কদম্ব-কদলী-কুঞ্জ-বৃক্ষ চ্ছায়া-সমাবৃতা॥

মোক্ষ-লক্ষ্মী-ধ্বজা-রূপা, পাপ-তাপ-নিবারিকা।
ব্যোম-কেশ-শিরঃ-শোভি-মালতী-পুষ্প-মালিকা॥

বৃক্ষ-বল্লী-লতাচ্ছন্না, স্নিগ্ধ-স্রোতা, সু শীতলা।
শঙ্খ-রত্ন-সমাকীর্ণা, ইন্দু-কুন্দ-সমুজ্জ্বলা॥

বিষ্ণু-পাদ-সুধা ধারা, গঙ্গা মকর-বাহনা।
ভীষ্ম-মাতা, রমা-রূপা, দেবী শন্তনু-লোভনা॥

পদ্মোৎপল-সিতাম্ভোজা, পদ্মাকর-প্রিয়াম্ভসা।
বলাকা-বরটা-ক্রৌঞ্চ-রথাঙ্গ-হংস-সারসা॥

অষ্ট-বসু-প্রসূ দেবী, অষ্ট-সিদ্ধি-প্রদায়িনী !
বাক্কায়-মানস-ক্লেশ-পাপ-সঙ্ঘ-নিবারিণী !!

শাল-রোহিত-রাজীব-পাঠীন-মীন-সঙ্কুলা !
দেবী-বিদ্যাধরী-স্নান-জল-কেলি-কুতূহলা !!

ত্রি পুরারি-শিরশ্চারি-পুণ্য-বারি-প্রবাহিনী !
মুরারি-চরণাম্ভোজ-সুধা-নির্ঝর-রূপিণী !!

সিদ্ধ-কিন্নর-কন্যার নগ্ন-দেহ-বিমজ্জিনী !
গন্ধর্ব্ব-দেব-বালার উত্তুঙ্গ-স্তন-রঙ্গিনী !!

সাগরোদ্ধারিণী দেবী, জননী, জহ্নু-নন্দিনী !
ধর্ম্ম-দ্রবী, ধরানন্দা, পুণ্য-তোয়-তরঙ্গিণী !!

দিব্য-কান্তি-ধবা দেবী, সিন্ধু-সঙ্গম-তৎ পরা !
সদানন্দময়ী গঙ্গা, সুধা-সিন্ধু-পয়োধরা !!

শঙ্খ-চক্র-গদা-পদ্ম-ধারিণী, ভগবৎ-পদী !
নিত্যানন্দ-ময়ী গঙ্গা, বিশ্ব-বন্দ্যা, মহানদী !!

হিমালয়-সুতা গঙ্গা, গিরি জা, গিরি-নন্দিনী !
বক্ষে ভারত-মাতার কণ্ঠ-হার-স্বরূপিণী !!

বিষ্ণু-স্নান-জলা, দেব-পিত্রাদি-তর্পণোদকা !
অর্ঘ্য-পূজা-ময়ী, বিশ্ব-পাবনী, সর্ব্ব-শোধকা !!

পূজা-দত্ত-জবা-পুষ্প-পদ্ম-রাশি-প্রবাহিনী !
বেদ-গীত-ময়ী গঙ্গা, বেদ-ধর্ম্ম-প্রচারিণী !!

গয়া-কাশী-প্রভাসাদি-তীর্থ-ক্ষেত্র-বিহারিণী !
সার্দ্ধ-ত্রিকোটি,তীর্থের পুণ্য-বারি-স্বরূপিণী !!

সদ্যঃ-পাতক-সংহন্ত্রী, সদ্যো দুঃখ-বিনাশিনী !
সুখ দা, মোক্ষ দা গঙ্গা, শান্তা, শান্তি-প্রদায়িনী !!

চন্দ্রোচ্ছ্বাস-হসা গঙ্গা, নৌ বক্ষা, তরি-মাল্যকা !
পোত-বাহক-সঙ্গীত-মোদিত-প্লব-পোতকা !!

ত্রি লোক-তারিণী দেবী, সর্ব্ব-লোক-প্রসাধিনী !
অমৃতানন্দ-রূপা মা, অমৃতানন্দ দায়িনী !!

বিদ্যা-জ্ঞান-যশো-লক্ষ্মী-দীপ্ত-পত্তন-শালিনী !
বাণিজ্য-পণ্য-সম্ভারা, ধন-ধান্য-বিবর্দ্ধিনী !!

অন্নপূর্ণা-স্বভাবে মা অন্নদা, ফল-শস্য-দা !
ধর্ম্মার্থ-কামনা-মোক্ষ-চতুর্ব্বর্গ-ফল-প্রদা !!

তুষার-ধবল-স্রোতা, মুক্তা-শ্বেত-তরঙ্গিণী !
শশাঙ্ক-শ্বেত-সৌন্দর্য্য-জ্যোৎস্না-রাশি-সু হাসিনী !!

সর্ব্ব-সম্পৎ-স্বরূপা মা, সর্ব্বেশী, পরমেশ্বরী !
সর্ব্ব-পুণ্য-বিধাত্রী মা, গঙ্গা দেবী শুভঙ্করী !!

অনন্ত-ব্যাপিনী দেবী, অনন্ত-শক্তি-শালিনী।
অনন্ত-রূপিণী গঙ্গা, অনন্ত-নাম-ধারিণী॥

সমুক্ত দ্বিশত শ্রেষ্ঠ নাম-মালা শুভোত্তম।
হৃসচ্চন্দ্র সুধা-সিন্ধু-ঊর্ম্মি মালা-স্রজোপম॥

ভক্তি-পদ্ম-সুধা মাখা নাম পুষ্প-সুধাকরে।
গঙ্গা-নামে সুধা-ধারা অক্ষরে অক্ষরে ক্ষরে॥

বিষ্ণু-পাদোদ্ভবা-নাম পঠে যে ভক্ত সু স্বরে,—
পাদ-পদ্ম-সুধা-সার লভে সে অবনী 'পরে॥

দেহ-শুদ্ধি, মনঃ শুদ্ধি, ইন্দ্রিয়াত্ম-পবিত্রতা,—
চিত্ত-শুদ্ধি, পরা-ভক্তি, গঙ্গা-নামে সমাহৃতা॥

নাম-মালা পঠে যে বা নিত্য সংশুদ্ধ অন্তরে,—
পুণ্য-ভক্তি লভে সে জন্ পুণ্য দা জাহ্নবী-বরে॥

গঙ্গা-নাম পঠে যে বা স্নান-কালে মুখে মনে,—
গঙ্গা-স্নান-ফল শ্রেষ্ঠ লভে সে সত্ত্ব-ধী সনে॥

গঙ্গা-স্নায়ী পঠে যে বা নাম-মালা জলোপরি,
সন্তুষ্টা সে জনে নিত্য, গঙ্গা-দেবী মহেশ্বরী॥

অর্পিয়া যতনে তাঁরে সর্ব্ব-সৌখ্য দয়াবতী,—
ইষ্ট-সিদ্ধি সনে দেন চরমে পরমা গতি॥

গঙ্গা-তীরে সদা বাস-ভাগ্য যে পুণ্য-সঞ্চয়ে,—
গঙ্গা-নীরে সদা স্নান-পান যে ভাগ্য-সংশ্রয়ে !—

সর্ব্ব-পুণ্য স্ব সৌভাগ্য গঙ্গা-নামে প্রবর্ত্তিত !
গঙ্গা-নামে সদা সর্ব্ব-তীর্থ সর্ব্বত্র সংস্থিত !!

গঙ্গা-নামে যথা ভক্ত অর্চ্চে দেবী সনাতনী,—
আবির্ভূ তা তথা গঙ্গা, বিশ্ব-ব্যাপি-তরঙ্গিণী !!

গঙ্গা দেবী জগন্মাতা, গঙ্গা দেবী মহেশ্বরী !
ব্রহ্মা-বিষ্ণু-শিবারাধ্যা, জাহ্নবী জগদীশ্বরী !!

সাবিত্রী, পার্ব্বতী,দুর্গা, গৌরি লক্ষ্মী, সরস্বতী !—
সর্ব্ব-দেবী-স্বরূপা মা গঙ্গা পুণ্য পয়স্বতী !!

লীলা-ভেদে পৃথগ্ রূপা, দেবী এক-স্বরূপকা !
"গঙ্গা-নারায়ণ-ব্রহ্ম"—বাণী একার্থ-বোধকা !!

শব্দ-লিঙ্গ-বিভেদে বিভিন্ন-নাম গুণাকরী,—
গঙ্গা-নারায়ণ-ব্রহ্ম সদা একেশ্বরেশ্বরী !!

ভেদ-জ্ঞান-ঘুচায়ে যে অর্চ্চে দেবী ধরা তলে,—
দেহ-ত্যাগ লভে সে জন্, অন্তিমে জাহ্নবী-জলে !!

গঙ্গা-নারায়ণ-ব্রহ্ম অভেদে যে করে স্তুতি,—
কোল তা'রে মহা-নীরে দেন দেবী দয়াবতী!!

মোহ-কাম-তৃষা-আশা পাপ-তাপ নিভাইয়া,—
জন্ম-মৃত্যু-গর্ভ-বাস দেন তা'র ঘুচাইয়া !!

"গঙ্গা-নারায়ণ-ব্রহ্ম"—কহিতে কহিতে মুখে,—
গঙ্গা-নীর-তরঙ্গে যে ত্যজে দেহ মহা-সুখে !—

সানন্দে যায় সে ঊর্দ্ধ-পথে বিষ্ণু-স্বরূপক !—
দিব্য-স্ত্রী-চামরাবর্ত্ত-বীজ্যমান-স্থ দেহক !!



# ব্রহ্ম-নামাবলী।

—০ঃ*ঃ০—

[ অনুষ্টুপ্ ছন্দ। ]

পরমাত্মা, পর ব্রহ্ম, নির্ব্বিকার, নিরঞ্জন!
নির্ব্বিকল্প, নিরাকার, নিরুপাধিক, নির্গুণ!!

নিস্ত্রৈগুণ্য, নিরৈশ্বর্য্য, নিঃশক্তিক, নিরিন্দ্রিয়!
নির্লিপ্ত, নিষ্ক্রিয়, ব্রহ্ম, নিরুপাস্য, নিরাময়!!

নির্ব্বিশেষ, নিরাসক্ত, নিরালম্ব, নিরন্তর!
নিঃসঙ্গ, নিরবচ্ছিন্ন, নিষ্কাম, নির্গুণাকর!!

স্ব-প্রকাশ, স্ব-সংবেদ্য, স্বয়ম্ভূ, নিজ-বোধক!
চিন্মাত্র, সচ্চিদানন্দ, চৈতন্য, চিৎ-স্বরূপক!!

তত্ত্ব-রূপ- ত্রয়ী-বেদ্য, দ্রষ্টা, সাক্ষী, প্রকাশবান্
তুরীয়, ত্রি গুণাতীত, শুদ্ধ-বুদ্ধ-স্বরূপবান্!!

প্রণবাখ্য, পরানন্দ, সর্ব্ব-ব্যাপী, স্ব নামক!
সর্ব্ব-স্পর্শী, তথা সর্ব্ব-অস্পর্শী, নিখিলাত্মক!!

অখণ্ড, অপরিচ্ছিন্ন, অসীমানন্ত, অব্যয়!
অবেদ্য, অপরীবর্ত্ত, আত্মা, অনাদি, অক্ষয়!!

অশব্দ-ময়, অস্পর্শ, অগন্ধ, অবসান্বিত !
অরূপ, অমনঃ আত্মা, অশক্ত, অনুপাহিত !!

অসূক্ষ্ম ব্রহ্ম অস্থূল, অ-কৃষ্ণ-গৌর-লোহিত !
অক্ষুদ্র, অবৃহদ্রূপ, অসঙ্কীর্ণ, অবিস্তৃত !!

অন্তঃ-প্রজ্ঞ, বহিঃ প্রজ্ঞ, প্রজ্ঞান-ঘন-রূপক !
অপ্রজ্ঞাপ্রজ্ঞ, অজ্ঞেয়, শুদ্ধ-চৈতন্য-সংজ্ঞক !!

দেহ স্থ জীব-চৈতন্য, "দেহাত্মা"-নাম-লক্ষিত !
মনঃ-প্রাণেন্দ্রিয়াধীশ, 'অন্তরাত্মা' উপাহিত !!

'জ্ঞানাত্মা' বুদ্ধ্যবচ্ছিন্ন জীব-চৈতন্য সংজ্ঞিত !
কারণাখ্য-অবচ্ছেদে,'পরমাত্মা' প্রকীর্ত্তিত !!

অচক্ষু, অশরীরী, অ-কর্ণ, অ-পদ-হস্তক !
অ-স্ত্রী, অপুরুষ ব্রহ্ম, অক্লীব,লিঙ্গ-রূপক !!

অ-কর্ত্তা, অ-বিধাতা, অসংহর্ত্তা, অ-ভয়াভয় !
অমাতা, অ-পিতা ব্রহ্ম, অ-পাতা, অ-দয়াময় !!

অপ্রেম, অ-প্রভু ব্রহ্ম, অস্নেহক, অপালক ।
অ-বন্ধু, অ-দয়াসিন্ধু, অ-শরণ্য অ-রক্ষক ।।

রাগ-দ্বেষ-বিনির্ম্মুক্ত, গুণাতীত, স্বয়ম্প্রভ !
সুখ-দুঃখ- ক্ষমা-ক্রোধ-বিহীন, অ-শুভাশুভ !!

অদৃশ্য ব্রহ্ম অস্পৃশ্য, অচিন্ত্য, অ-মনোগম্য !
মনোবাগিন্দ্রিয়াতীত, অনির্ব্বাচ্য, অতীন্দ্রিয় !!

অনির্ণেয় পর ব্রহ্ম, অনির্দ্দেশ্য, অনামক !
অবাচ্য, অনভিজ্ঞেয়, অচিন্ত্যেয়, অরূপক !!

ব্রহ্ম-নাম ইহ প্রোক্ত, শত-ত্রিংশতি-সংখ্যক !
অ-নাম-রূপক ব্রহ্ম, ঈদৃশানন্ত-নামক !!

"তন্ন তন্ন" মহা-বাক্যে, বেদে ব্রহ্ম বিচারিত !
"নেদং নেদং" মহা-মন্ত্রে, ব্রহ্ম-তত্ত্ব প্রকীর্ত্তিত !!

যে কিছু জ্ঞাত বা দৃষ্ট, অনুভূত চিত্তে তথা,—
তৎ-সর্ব্ব হইতে ব্রহ্ম বিভিন্ন-রূপ সর্ব্বথা !!

যে কিছু প্রোক্ত বা ধ্যাত, বাক্যে বা চিত্ত-অন্তরে,—
তৎ-সর্ব্ব হইতে ব্রহ্ম পৃথগ্-রূপ চরাচরে !!

মানবে মানসে জ্ঞানে, করে যে কিছু ভাবনা,—
তৎ-সর্ব্বের পৃথগ্-ব্রহ্ম, নাহি যাঁ'র উপাসনা !!

গুণাচ্ছন্ন মনে, যাঁ'র অসাধ্য ধ্যান-ধারণা,—
নির্গুণ সে পর ব্রহ্ম, নাহি যাঁ'র উপাসনা !!

অচিন্ত্যেয়, অবিজ্ঞেয়, অবাচ্য যে চরাচরে,—
অর্চ্চনোপাসনা তাঁ'র, সম্ভবে কেমনে নরে ?

পিতা মাতা প্রভু ত্রাতা, নহেন যে গুণান্তরে,—
পূজা-উপাসনা তাঁ'র সম্ভবে কেমনে নরে ?

ভাবাভাব-বিনির্মুক্ত, অদ্বৈত যে নিরঞ্জন,—
অর্চ্চন-স্তুতি সে ব্রহ্মে, নহে সিদ্ধ কদাচন !!

যথা সে নির্গুণ-ব্রহ্মে, নাহি পূজা উপাসনা,—
তথা সে চিৎ-স্বরূপের নাহি চিত্তে বিধারণা !!

জড়-শক্তি-ময়াধারে, চিদ্‌জ্ঞান কেমনে হবে।—
গুণাচ্ছাদিত-চিত্তে কি নির্গুণ-জ্ঞান সম্ভবে ?

'বিজ্ঞাতা-জ্ঞান বিজ্ঞেয়' থাকে যাবৎ বিভিন্নক,—
'ব্রহ্ম-জ্ঞান' কথা তাবৎ, অর্থ হীন অমূলক !!

ব্রহ্ম-জ্ঞান অনালভ্য, অন্তরে হৃদয়ে মনে,—
ব্রহ্ম-জ্ঞান অসম্ভাব্য, প্রার্থনা-স্তুতি-বাদনে !!

দ্বৈত-বুদ্ধি অহং-ভাবে, যদা চিত্ত সমাবৃত,—
ব্রহ্ম-তত্ত্ব-পরানন্দ তদা জীবে অলক্ষিত !!

অষ্টাঙ্গ-যোগ যে প্রোক্ত, সংযম-নিয়মাসনে,—
প্রাণায়াম-যুত-প্রত্যাহার সমাধি-সাধনে !—

কঠোর জ্ঞান-মার্গে সে, যদা জীব সমাহিত,
জীবাত্মা পরমাত্মার যদা ঐক্য প্রসাধিত !—

মনো-বুদ্ধি-অহঙ্কার-সর্ব্ব-শক্তি-নিবোধনে,—
ব্রহ্ম-তত্ত্ব তদা লব্ধ আত্মানন্দ-সুধা সনে !!

তৎ পূর্ব্বে মানবে 'ব্রহ্ম-জ্ঞান' স্বপ্ন-কথা সম !
অধিকারী ইথে শুদ্ধ ব্রহ্মর্ষি ব্রহ্ম-বিত্তম !!

# ঈশ্বর-নামাবলী।

—০:§:০—

[ অনুষ্টুপ্ ছন্দ। ]

পরমাত্মা, পর ব্রহ্ম, পরা-প্রকৃতি-সংযুত,—
পূর্ণ-রূপ, পরানন্দ, পরমেশ্বর সংজ্ঞিত !!

শক্ত্যর্থে নিগু'ণ ব্রহ্ম, সদা স গুণ ঈশ্বর !
আত্মা-শক্তি-স্থ সংযোগে, চিদ্রূপী পরমেশ্বর !!

পরমেশ্বর পিতৃত্বে, মাতৃত্বে পরমেশ্বরী !
জগদীশ্বর, সর্ব্বেশ, সর্ব্বেশী, জগদীশ্বরী !!

জগদ্ধাতা, জগৎ-পাতা, জগদ্ধাত্রী, জগল্লয়ী !
জগৎ-পিতা, জগৎ-কর্ত্তা, জগন্মাতা, জগন্ময়ী !!

জগদীশ, জগদ্বন্ধু, জয়ন্তী, জগ-পালিকা !
জগৎ-প্রভু, জগন্নাথ, জননী, জগদম্বিকা !!

বিশ্বেশ্বর, গুণাধার, বিশ্বেশ্বরী, গুণাৎ পরা !
পরমেশ, পরাধীশ, পরমেশী, পরাৎ পরা !!

ভগবান্, পরমারাধ্য, আত্মা, ভগবতী, সতী !
সর্ব্ব জ্ঞ, সর্ব্ব লোকেশ, সর্ব্ব-জ্ঞান-প্রভাবতী !!

সর্ব্ব-শক্তি-ময়, শ্রীশ, সর্ব্ব-শক্তি-মতী, পরা !
ইচ্ছাময়, গুণাধীশ, ইচ্ছা-শক্তি-ময়ী, বরা !!

সর্ব্ব-কর্ত্তা, ক্রিয়া-রূপী, সর্ব্বাণী, সর্ব্ব-কারিণী !
কার্য্য-কারণ-রূপাত্ম, সর্ব্ব-কারণ-কারণী !!

সর্ব্ব-শক্তীশ, বিশ্বেশ, বিশ্বেশী, সর্ব্ব-শক্তিকা !
সর্ব্ব-রূপেশ, সাকার, সাকারা, স গুণাত্মিকা !!

বিশ্ব-রূপ, জগদ্ব্যাপী, বিশ্ব রূপা, বরাঙ্গিনী !
বিশ্ব-নাথ, জগদ্রূপ, নিত্যানিত্য-স্বরূপিণী !!

বহ্নি-বায়ু-জলাকাশ-স্বরূপ, ক্ষিতি-রূপকা !
শব্দ-স্পর্শ-রসাধীশ, রূপ-গন্ধ-স্বরূপকা !!

তন্মাত্রাহঙ্কৃতি-শ্লিষ্ট, সর্ব্ব-তত্ত্ব-বিরাজিনী !
মনঃ-প্রাণেন্দ্রিয়াধীশ, চিত্তেশা, বুদ্ধি-রূপিণী !!

শ্রদ্ধা-মেধা-ক্ষুধা-রূপ, নিদ্রা-তন্দ্রা-বিকাশিনী !
শুদ্ধি-সিদ্ধি-ক্ষমা-রূপ, বৃত্তি-কীর্ত্তি-স্ব রূপিণী !

সর্ব্ব-রূপ, সমগ্রেশ, সর্ব্ব-শক্তি-স্বরূপকা !
সর্ব্বাকার-ধর, শ্রেষ্ঠ, সর্ব্বাকার-প্রসাধিকা !!

অভূত, অভবিষ্যন্ত, নিত্য-রূপা, সনাতনী !
কাল-রূপ, মহাকাল, মহাকালী-স্বরূপিণী !!

অনন্ত-শীর্ষ, দেবেশ, অনন্তাক্ষী, মহোদরী !
অনন্ত-বাহু-পাদাঢ্য, অনন্তাস্যা, গুণেশ্বরী !!

নিখিল-গ্রহ-তারেশ, দেবী নক্ষত্র-মাল্যিকা !
দিবা-রাত্রি-যুগাধীশ, শশাঙ্ক সূর্য্য-নেত্রকা !!

রৌদ্রোষ্ণ-তেজ-সম্পন্ন, জ্যোৎস্না-রাশি-বিহাসিনী !
অমৃতানন্দ-সঙ্কাশ, সুধানন্দ-তরঙ্গিণী !!

বিশ্ব-কানন-সংব্যাপী, গন্ধ-চন্দন-চর্চ্চিতা !
কুঞ্জ-কানন-সঞ্চারী, পুষ্প-পুঞ্জ-সু শোভিতা !!

পদ্ম-ভূষণ, পদ্মাক্ষ, কমলা, কমলাসনা !
ত্রি লোচন, ত্রি কাল জ্ঞ, ত্রি কাল জ্ঞা, ত্রি লোচনা !!

ঘন-শ্যামাঙ্গ-সংশোভ, কাদম্বা-কেশ-সুন্দরী !
সু নীলাকাশ-সংব্যাপ্ত, বিদ্যুদ্বর্ণা, দিগম্বরী !!

প্রসন্নাস্য, প্রসন্নাক্ষ, প্রসন্নানন-পঙ্কজা !
পাদ-পদ্ম-সুধাধার, সুধা-সার-পদাম্বুজা !!

সর্ব্ব-ভাব-স্বরূপেশ, সর্ব্ব-রূপা, সু রূপিণী !
সর্ব্ব-দেশ-পরিব্যাপ্ত, সর্ব্ব-ভূষা, সু হাসিনী !!

সর্ব্ব-মঙ্গল দ, শ্রেষ্ঠ, সর্ব্ব-মঙ্গল-দায়িনী !
সত্য-রূপ, সদানন্দ, সদানন্দ-স্বরূপিণী !!

কৃপা-স্নেহ-দয়াধার, সদয়া, করুণাময়ী !
সর্ব্বারাধ্য, জগৎ-পূজ্য, শরণ্যা, সুবরাভয়ী !!

কর্ত্তা, হর্ত্তা, প্রপাতা, ত্রিগুণা, ত্রৈলোক্য-তারিণী !
পিতা; মাতা, সখা, বন্ধু, জননী, জন্ম-দায়িনী !!

ভক্ত-প্রাণ, ভব-ত্রাণ, ভক্তিদা, ভক্ত-বৎসলা !
সর্ব্ব-সারদ, সিদ্ধীশ, সারদা, সর্ব্ব-মঙ্গলা !!

দীন-বন্ধু, দয়া-সিন্ধু, দীনেশী, দীন-তারিণী !
দয়াময়, দরিদ্রেশ, দীন-দুর্গতি-নাশিনী !!

ভুবনেশ, জগদ্বন্দ্য, জগদ্বন্দ্যা, ভবেশ্বরী !
মহেশ্বর, মহাদেব, মহাদেবী, মহেশ্বরী !!

সর্ব্বৈশ্বর্য্য-ময়, শ্রীশ, সর্ব্ব-সম্পৎ-স্বরূপিণী !
ধর্ম্মার্থ-কাম-মোক্ষেশ, চতুর্ব্বর্গ-প্রদায়িনী !!

অনন্ত-গুণ-সম্পন্ন, অনাদ্যা, অখিলেশ্বরী !
অনন্ত-নাম-রূপাঢ্য, ঈশ্বরী, পরমেশ্বরী !!

ঈশ্বরের অসংখ্যেয় নাম-মালা প্রকীর্ত্তিত !
সর্ব্ব-সম্মত তন্মধ্যে নাম দ্বিশত বর্ণিত !!

পিতৃ-মাতৃত্ব-শক্তীশ পর ব্রহ্ম গুণাকর,—
অর্দ্ধ-নারীশ্বর প্রোক্ত, অদ্বিতীয় মহেশ্বর !!

একেশ্বর যিনি ঈশ, ঈশা একেশ্বরী তিনি !
অদ্বিতীয় মহাদেব, মহাদেবী সনাতনী !!

পরমেশ্বর যে তত্ত্ব, তত্তত্ত্ব পরমেশ্বরী !
জগৎ-পিতা জগন্মাতা, এক ঈশ্বর ঈশ্বরী !!*

ইথে যে কশ্মল-ক্লিষ্ট, বিভেদ কল্পনা করে !
ঈশ্বর-নাম-গানে সে নহে সক্ষম ভূ'পরে !!

পর ব্রহ্ম-স্বরূপে যে নাম-মালা শ্রুতি-স্মৃত !
চিন্ময় ঈশ্বরে সেহ সর্ব্ব নাম উপাহিত !!

পরা প্রকৃতি-সংযুক্ত পর ব্রহ্ম সদা বিভু !
অভিন্ন পূর্ণ-চিচ্ছক্তি, পৃথগ্‌ভূত নহেন্‌ কভু !!

নিত্য-যোগে সমাশ্লিষ্ট, ব্রহ্ম-শক্তি চরাচরে !
নিত্য-রূপ তথা ব্যক্ত, ঈশ্বরী জগদীশ্বরে !!

চিদংশে নির্গুণ ব্রহ্ম, নিরুপাস্য নিরন্তর !
পরা-শক্তি-সুসংযোগে, সমারাধ্য মহেশ্বর !!

জগদীশ্বর সংপূজ্য, সমর্চ্চ্যা পরমেশ্বরী !
নিখিলেশ্বর আরাধ্য, উপাস্যা অখিলেশ্বরী !!

স্তব-পূজার্চ্চনা-ভক্তি ব্রহ্মে নাহি উপাসন !
বেদ-শিষ্ট-শুভাচারে, মানবে ঈশ্বরার্চ্চনা !!

পূজা-নৈবেদ্য-সম্ভার, ঈশ্বরে সুসমর্পিত !!
যা' কিছু প্রিয় সংসারে, শ্রী পদে তন্নিবেদিত !!

কর্ম্ম-যোগ সনে ভক্তি-যোগে ঈশ্বর অর্চ্চনা !
জ্ঞান-যোগে তথা মন্ত্র-যোগে তাঁ'র উপাসনা !!

সর্ব্ব-শক্ত্যাশ্রয়ে জীবে, পরমেশী সমর্চ্চিতা !
দেহেন্দ্রিয়-মনঃ-প্রাণে, ঈশ্বরী সমুপাসিতা !!

শব্দ-রূপ-রস-স্পর্শ-গন্ধে, ঈশ্বর-অর্চ্চনা !
রসনা-চক্ষু-কর্ণাদ্যে, ঈশ্বরীর উপাসনা !!

ক্ষিত্যাকাশ-লতা-বৃক্ষে, শিলা-শৈলে, ফুলে দলে,—
ঈশ্বর-ঈশ্বরী-পূজা, অনলে অনিলে জলে !!

অশনে বসনে পূজা, ভূষণে স্তুতি-বাদনে !—
ঈশ্বর-ঈশ্বরী-পূজা, হৃদয়ে বচনে মনে !!

ধূপ-দীপক-নৈবেদ্যে, গন্ধ-চন্দন-পুষ্পকে !—
ঈশ্বর-ঈশ্বরী-পূজা, তুলসী-বিল্ব-পত্রকে !!

অন্তরীক্ষে, মহারণ্যে, গৃহে, যানে, জলে স্থলে !—
ঈশ্বর-ঈশ্বরী-পূজা, শশাঙ্ক-সূর্য্য-মণ্ডলে !!

ভগবৎ-চরণ-প্রান্তে সর্ব্ব-কর্ম্ম-সমর্পণে,—
ঈশ্বর-ঈশ্বরী-পূজা, পদে আত্ম-বিসর্জ্জনে !!

তত্রাপি ভগবৎ-পূজা, ভবে দুর্ল্লভ দুষ্কর!—
অসীমানন্ত দুর্ব্বোধ্য মহেশানী মহেশ্বর!!

ভয়ে যাঁ'র, সদা অগ্নি, তাপ-সন্দগ্ধ কেবল!
ভয়ে যাঁ'র, মহাকাশে অম্বুভৃৎ বরষে জল!—

ভয়ে যাঁ'র, সমুত্তপ্ত অংশুমালী সদা দিশি!
ভয়ে যাঁ'র, মহা-ত্রস্ত মৃত্যু ধায় দিবা-নিশি!—

ভয়ে যাঁ'র, জগদ্বায়ু বহে বিশ্ব-চরাচরে!
ভয়ে যাঁ'র, ছুটে সূর্য্য চন্দ্র তারা নভো 'পরে!!—

ক্ষুদ্রাৎ ক্ষুদ্র নরে, সেহ ভগবৎ-করুণা বিনা,—
কা'র সাধ্য ভবে তাঁ'র করে পূজা উপাসনা!!

অসীম-শক্তি-সম্পন্ন অনন্ত সে মহেশ্বরে,—
বুঝিতে ক্ষমবান্ কেবা মায়াচ্ছন্ন ধরা 'পরে!!

পাপ-তাপ-সমাক্লিষ্ট অবিদ্যা-মূঢ় মানবে,—
দুর্ল্লভ ঈশ্বর-জ্ঞান ভ্রান্তি-পূর্ণ ভবার্ণবে!!

দুর্জ্ঞেয় ভগবত্তত্ত্ব, দুরারাধ্যা মহেশ্বরী!
দুর্ব্বোধ্য ভগবদ্রূপ, দুর্লক্ষ্যা জগদীশ্বরী!!

'জানি' যে ভাবয়ে চিত্তে, জানে না সে মহেশ্বরে!
'অজ্ঞেয়' যে কহে তাঁ'রে, কথঞ্চিৎ জানে সে নরে!!

আপনি না দিলে দেখা, ভক্তাভীষ্ট-বর-প্রদ,—
শক্য কেবা ধরা ধামে, লক্ষিতে ভগবৎ-পদ !!

স্থান-কাল তথা পাত্র-বিভেদে, ভক্তি লক্ষণে,—
প্রবৃত্তি-শক্তি-বীজের অধিকার বিচারণে !—

বেদোক্ত-বিবিধ-শ্রেষ্ঠ-বিধান-সার-বর্ত্মকে,—
বিভিন্ন পদ্ধতি প্রোক্ত, পূজা-উপাসনাদিকে !

বিধি-পূর্ব্ব, সদাচারী পূজাদি যে করে নর,—
সমর্চ্চিত সদা তাহে, ঈশ্বরী জগদীশ্বর !!

বিভিন্ন সর্ব্ব মার্গের লক্ষ্য একেশ্বরেশ্বরী !
সমারাধ্য পৃথগ্‌-ভাবে এক ঈশ্বর ঈশ্বরী !!

যথা সর্ব্ব স্রোত-গা'র গন্তব্য এক অম্বুধি,—
তথা সর্ব্ব-সাধনা'র লক্ষ্য এক কৃপা নিধি !!

দ্বিতীয় স্তবকে এবে শব্দ-সার সুধান্বিত,—
সার্দ্ধ-দ্বিসহস্র যেবা নাম-পুষ্প সুসজ্জিত !—

ভক্তি সারামৃতানন্দ-শান্তি-প্রীতি-শুভান্বিত,—
একেশ্বরেশ্বরী-লক্ষ্যে, সর্ব্ব নাম প্রকীর্ত্তিত !!

একেশ্বর অনন্তাখ্য, একেশা বহু-নামকা !
সর্ব্বেশ্বরেশ্বরী একা, অনন্ত-নাম-রূপকা !!

দ্বৈত-বুদ্ধি করে যেবা ঈশ্বরে অজ্ঞতা-বশে,—
সর্ব্বেশ্বরেশ্বরী নামে অধিকারী নহেক সে !!

অভেদে নাম-মন্ত্রে যে অর্চ্চয়ে ঈশ্বরীশ্বরে,—
সর্ব্বেশ্বরেশ্বরী তা'রে সদয়া ধরণী 'পরে !!

সর্ব্ব সিদ্ধি সমালব্ধ, সর্ব্ব বিঘ্ন নিরাকৃত !—
সর্ব্বেশ্বরেশ্বরী নামে সর্ব্ব ব্যাধি বিদূরিত !!

ভক্তি-প্রীতি সুখ-স্বস্তি জ্ঞান-বুদ্ধি প্রসারিত !—
সর্ব্বেশ্বরেশ্বরী নামে পাপ-তাপ নিবারিত !!

দয়া-স্নেহ, সমাসক্তি স্ব-জাতি-স্ব-জন প্রতি,—
সর্ব্বেশ্বরেশ্বরী নামে স্ব দেশের সুখোন্নতি !!

বাণিজ্য-শিল্প-বিজ্ঞান ধন-ধান্যাদি-সংযুত,—
সর্ব্বেশ্বরেশ্বরী নামে, সর্ব্ব-সম্পৎ সমুচ্ছ্রিত !!

রাজ-শক্তি প্রজা-শক্তি ধর্ম্মার্থ-মোক্ষ-সম্মতা,—
সর্ব্বেশ্বরেশ্বরী নামে সর্ব্ব শক্তি প্রতিষ্ঠিতা !!

ঈশ্বরী ঈশ্বরে ত্যাগি' কর্ম্ম যে আচরে ভবে,—
অশান্তি-অনলে শুদ্ধ দগ্ধ সে জন্ ভবাহবে !!

অবজ্ঞাত অসংস্পৃষ্ট যে কার্য্যে ঈশ্বরীশ্বর,—
দুঃখ-তাপ-নিরাশাচ্ছন্ন সে কার্য্য ধরা 'পর !!

পাপ-তাপ-পরিক্লিষ্ট যন্ত্রণাময় এ ভবে,—
সর্ব্বেশ্বরেশ্বরী নামে শান্তি মাত্র ভবার্ণবে !!

অতএব পরা ভক্তি অর্পি' শ্রী পদ-পুষ্করে,—
সর্ব্বেশ্বরেশ্বরী নাম গাহ জীব ! সদা তরে !!

ভবে আর কিছুই সার নাহি রে কর্ম্ম-সাধনা,
জগৎ-পিতা-জগন্মাতা- পাদ-পদ্ম-সুধা বিনা !!

দ্বিতীয় স্তবক—নাম-পুষ্প-মালা
সমাপ্ত।

# ভক্তি-পুষ্পাঞ্জলি।

## তৃতীয় স্তবক।

## ভাব-পুষ্প-মালা।

# পূজায় আত্ম-নিবেদন।

## ১ম গুচ্ছক।

[ দীর্ঘ পয়ার-ছন্দ ] *

জগদম্বা-পদাম্বুজ-সুধা-লুব্ধ মধুকর,—
প্রীতি-ভক্তি-প্রমুদিত খ্যাত কোন দ্বিজ-বর,

অম্বিকা-চরণ-পদ্ম-মকরন্দ পিপাসায়,—
বৎসরেক পরে পুনঃ নয়নে হেরিতে মা'য়,—

করিলা বিহিত কালে বিধি মত আয়োজন,
**শারদীয়া মা'র** পূজা সাধিবারে সযতন!

হেন কালে এক নিশা, স্বপনে ভূদেব-বর,
মহর্ষি নারদ-মুখে শুনিলা বিস্ময়-কর—

---

* বাঙ্গালা মালতী-ছন্দের অনুরূপ ষোড়শাক্ষরী পয়ার। সংস্কৃত অনুষ্টুপা-দির ন্যায় ইহাতে দীর্ঘ-হ্রস্ব উচ্চারণ ভেদ নাই। চরণের শেষ অক্ষর গুলি সমস্তই 'হসন্ত' উচ্চারিত।

অভিশাপ-বাণী সম মর্ম্ম-ভেদি এ বচন,—
"মর্ত্ত্য-ধামে এ বারে না হবে মা'র আগমন !!"

শুনিলা ব্যাকুল-চিতে দ্বিজ-বর সে বচন,—
"ধরা-ধামে এ বারে না হবে মা'র আগমন !!"

ছিন্ন হো'লো মর্ম্ম-গ্রন্থি, শুনি' কথা নিদারুণ ;
উচ্ছলিল মনে প্রাণে শোকোচ্ছ্বাস সকরুণ !!

ঝটিতি সে দ্বিজ-বরে ভাঙ্গিল নিদ্রার ঘোর,
স্বপ্ন-কথা স্মরি' তথা চিত্ত বিষাদ-বিভোর !!

ক্ষণ তাঁরে চিন্তি' হৃদে, দ্বিজোত্তম সদাশয়,
সত্ত্ব হীন চিত্ত প্রতি ভাষিলা নিরাশা-ময় !!—

'কেন রে হৃদয় ! তবে বৃথা আর ভ্রম-ঘোর ;
জননীরে হেরিবারে কেন রে দুরাশা তোর !!

অসত্য আশার ছলে, কেন সে দুরভিলাষ !
রহি' রহি' শূন্য সম কেন তব দেহ-শ্বাস ?

নিদাঘ-মার্ত্তণ্ড-তাপে প্রতপ্ত সমীর প্রায়,
উজ্জীবিত কেন পুনঃ উচ্ছ্বসিত যাতনায় ?

"কারুণ্য-বিক্ষোভে মাথি' বিকলিত প্রাণ-চয়,
কেন রে করণ গণে কর' নির্জীবতা-ময় ?

উল্লসিত হো'য়ে গেছে, দুরাশার ছলনায়,—
হেন আশা ভঙ্গে পুনঃ ভা'স কেন নিরাশায় ?

অলীক দুরাশা-ছলে, রচি' স্বরগ-সোপান,
বিনাশে তাহার পুনঃ, কেন হেন ম্রিয়মাণ ?

"অতীত শরতে কভু, মহা-পূজা-মহিমায়,—
ভুবনেশী-পাদ-পদ্ম-নখ-শশি-প্রতিভায়

হইত তুরীয়-ধাম তৃণ-কুটী তব মন !—
জগৎ-জননী যথা করিতেন আগমন !—

জানিবে এ কথা চিত্ত ! অসত্য বলি' নিশ্চয় !—
স্বপনের স্মৃতি মাত্র, তথ্য ইহা কভু নয় !!

"নিখিল জগতে যত শক্তি কিম্বা গুণ-চয়,—
যেখানে যা' আছে কিছু কায়া-মনোজ্ঞান-ময় !

'ভবে লোক কোষ' আদি বিবিধ বিভেদ যা'র
শ্রুত্যাদি-শাস্ত্রের বাক্যে নিত্য আছে পরচার !

তিন চারি পঞ্চ বা অধিক যে বিভেদ-গ্রাম,
ঋষিগণ বিশ্লেষিত 'বিশেষাদি' যা'র নাম !

"তা'র মধ্যে সর্ব্বোপরি 'ভাবাদি' যে পরতন,
পরশিয়া তাও যিনি না করেন পরশন

চিন্তিয়া দেখহ মন! সম্ভবে কেমনে তাঁর,
জঘন্য এ ধরা ধামে সমবতরণ-সার!!

নির্লিপ্তা নিষ্কলা হেন চিন্ময়ী সে ঈশ্বরীর
আবির্ভাব জড়-ধামে সম্ভবে কি জননীর?

"ঋক্-সূক্তে সমুক্ত যে ধরা-তল-ব্যাপ্তি মা'র,
আধার-আধেয় ভাবে নহেক সে সমাহার!!

পতি প্রতি সতী-চিত্ত-যোগ তুল্য নহে মন!
জল-মৃদ্-যোগ সম নহে তথা সে মিলন!!

পরিচ্ছেদ-আধেয়ত্ব-বিহীন সে সুবিকাশ!
নিরাধার নির্বিকার নিরালম্ব পরকাশ!!

"সুরথ নৃপতি তথা হিমগিরি, রঘুবর,—
কাত্যায়ন আদি-আরো' মহাভাগ বহুতর,—

পুণ্য-বলে ধরা ধামে হেরেছিলা শ্রীচরণ!—
সে জন্যও আশা তব বিহিত নহেক মন!!

সরসিজ-বনে মধু পিবয়ে মধুপ দল,—
তা' বলি' কি ভেক কভু লভে রে সে পরিমল?

"বিধি-চর বিবুধ-গণের কথা কিবা আর,—
আপনি বিধাতা বিষ্ণু সুধা দিতে মুখে যাঁ'র,—

ত্রপিত-চকিত-চিত্তে ভাবেন সংভ্রম-মগ্ন,—
'চরণ-কমল হো'তে যে সুধা ক্ষরিত হয়,—
'দশম কলার যোগ্য নহে ইহা ও সুধার !—
'কেমনে অমৃত তবে শ্রীমুখে অর্পিব তাঁ'র ?'

"কে তবে তোষিতে তাঁরে পারে পূজা-বচনায় !
কৃপা বিনা তাঁর ভবে দরশন কেবা পায় ?
আপনি না দিলে দেখা,—বিনাশিয়া মায়া-ভার,—
কা'র সাধ্য হেরে কভু শ্রীচরণ-ছায়া মা'র ?
তবে তাঁ'রে হেরিবারে কেন রে বাসনা তোঁর !
ত্যজ' মন ! 'এ দুরাশা, পরিহর' ভ্রম-ঘোর !!

"ঋষি-বর মিথ্যা-ভাষী নহে চিত্ত ! কদাচন
অসত্য না হয় তথা, অশুভের কু স্বপন !!
অশুভ-লক্ষণাবলী চারি দিকে হেরি' তায়
সুদৃঢ় প্রত্যয় আরো' স্বপনেরি' সে কথায় !
অতএব ত্যজি' মন ! দুরাশা-বিভ্রম-ঘোর
জীবাত্ম-শকতি পুনঃ উজ্জীবিত কর' মোর !!"

## ২য় গুচ্ছক।

চিত্ত প্রতি উক্ত হেন সান্ত্বনা-বচন-চয়,—
নৈরাশ্য-অনল-মাখা, প্রখর-নিকৃতি-ময়!

মহর্ষির বাক্য তথা শিখা-পূর্ণ হুতাশন!—
দ্বিবিধ সে অগ্নি-শিখে সখ্যতার সুমিলন!!

উপশান্ত হবে কোথা' বাড়িল ব্যাধি-বিকার,
পিত্ত-শূলে ত্রিকটু কি করে কভু উপকার?

পাবকে পাবক-রাশি দ্বিগুণ জ্বলিল তা'য়,—
প্রাণ হো'তে হিয়া যেন খুলি গেল নিরাশায়!!

সন্তাপে আপনা-হারা দ্বিজ-বর ম্রিয়মাণ!
সংহৃত পৌরুষ-শক্তি, চঞ্চল অধীর প্রাণ!!

অতঃ পর হো'লো যদা মনোবুদ্ধি স্থির-তর,
অধীত শাস্ত্রের জ্ঞানে করি' চিত্ত দৃঢ়তর,—

চিন্তিলা প্রশান্ত-হৃদি দ্বিজ-বর মহোদয়,
"চপলতা হেন কভু, ধীরের উচিত নয়!

"বিপত্তি-পাতের অগ্রে, শোক-দুঃখ অকারণ!
বিজ্ঞাত যদিও কাল, অবিকৃত সুধী জন!!"

"সংশয় মূঢ়তা ইথে হেরি সদা শুভ-ময় !
উহারি' আশ্রয়ে ভবে কর্ম্মের সাধনা হয় !

'ত্যজি' কর্ম্ম জীব যদি ভাসে শুধু নিরাশায়,
কর্ম্ম-লোপে অবশেষে জগতেরি' লয় তায় !!"

ঈদৃশ বিচারি' মনে দ্বিজ-রাজ ভক্তি-মান্
মা'র পূজা তরে পুনঃ হইলা প্রযত্ন-বান্ !

মনঃ-প্রাণ-ভক্তি-ভরে, পূজা তরে বরদা'র,
আহরিলা পাদ-পদ্ম-অনুরূপ উপচার !!

অতঃ পর দ্বিজ-শ্রেষ্ঠ স্নাত-দেহ পূত-মন,
সপ্তমী প্রত্যূষে করি' নিত্য-ক্রিয়া সমাপন,—

আত্মা সহ জ্ঞান-কর্ম্ম-ইন্দ্রিয় হৃদয় মন,
পদ-যুগ-সরসিজে করি' তদা নিয়োজন,—

পত্নী-পুত্র-অনুজাদি সহিত ভকতি-মান্,
জননী মন্দিরে এবে পশিলা অধীর-প্রাণ !

জগদম্বা প্রতিমার পুরোভাগে কিছুক্ষণ
ধ্যান-মগ্ন দ্বিজ-বর স্থগিত-করণ-মন !!

অবশেষে হেরিয়া সে বর-রূপ-শোভা মা'র,
ভূমি-বিলুণ্ঠিত দেহে প্রণমিলা তিন বার !*

সমুত্থিত দ্বিজ তদা জাগরি' ইন্দ্রিয়-চয়,
আচমি' পবিত্র জলে ভক্তি-বিমল হৃদয় !—

বিঘ্ন-পাপ বিনাশনে, উচ্চারিলা অবিরাম,
"দুর্গে দুর্গে দুর্গে !"—ইতি দুর্গতি-হারিণী নাম !!

হৃদয়ে স্থাপিয়া তথা, পাদ-পদ্ম অম্বিকার,—
আরম্ভিলা মহা-পূজা অর্পি' শত উপচার !!

'রাত্রি দেবী' আদি যত ঋগ্‌বেদ-সূক্ত-চয়,
তৈত্তিরীয় স্তব তথা সাম-মন্ত্র গীতি-ময়,—

স্মৃতি-তন্ত্র-ব্যক্ত আরো' ব্রহ্মা-আদি দেবতার,
মানস-সঞ্জাত যত শক্তি-ময় স্তুতি-হার,—

স্বর-বিধি অনুসারে করি' তাহা উচ্চারণ,
আচরিলা ভক্তি-ভরে মহা-দেবী আরাধন !

তথাপি হো'লো না হৃদি পদ-রোচি পরচার !
তথাপি গেল না দেখা পদ-ছটা গিরিজা'র !!

একান্ততা-ভঙ্গ দোষ শঙ্কা করি' দ্বিজ-বর,
সুতীব্র আবেগে এবে চিত্ত করি' দৃঢ়-তর,—

এক-মনে এক-প্রাণে, ধ্যান-মগ্ন অবিরাম,
নিরোধিলা মনোবলে, চপল করণ-গ্রাম !

বাহ্য বিষয়াদি হো'তে করি' তাহা প্রত্যাহার,
সংযোজিলা মাতৃ-গুণে, অনুকূল যে যাহার !

তথাপি হো'লো না হৃদি পদ-রোচি পরচার !
তথাপি গেল না দেখা পদ-ছটা গিরিজা'র !!

জগদম্বা-রূপে পুনঃ নিয়োজিলা দু নয়ন,—
বাক্যে তাঁ'র মিলাইলা শ্রোত্র-যুগ সযতন !

চরণ-পঙ্কজে করি' ঘ্রাণেন্দ্রিয় বিনিয়োগ
পীযূষ-সৌরভ-কণা করিলেন উপভোগ !

ত্বকে মিশাইয়া তথা স্পর্শ-সুখ সুকোমল,
রসনায় মিলাইলা পাদ-পদ্ম-পরিমল !

তথাপি এলো না হৃদি পদ-রোচি ভবানীর !—
তথাপি গেল না দেখা পদ-ছটা পাষাণীর !!

## ৩য় গুচ্ছক।

—:*:—

না হেরি' চরণ-ছায়া দ্বিজ পরম অধীর !
অবিরল গণ্ড-যুগে প্রবাহিত অশ্রু-নীর !!

ব্যাকুল ইন্দ্রিয় রাজি বিগলিত মনঃ-প্রাণ !
বিষাদ-সন্তপ্ত চিত্ত উচ্ছলিত-শোক-বান্ !!

স্মরিয়া অন্তরে তদা মাতৃ-চরণ-যুগল,—
উত্থিত আবার দ্বিজ বদ্ধ-যুগ-করতল !—

অস্থির উন্মত্ত-ভাবে ভাসি' নয়ন-ধারায়,—
সমুচ্চ কাতর কণ্ঠে কহিতে লাগিলা মা'য় !—

"জগদম্বে ! কোথা' তব শ্রীপদ-পঙ্কজ সার,—
বিধি-বিষ্ণু-শীর্ষ-শোভা-বর্দ্ধিনী প্রতিভা যা'র !!

হত ভাগ্য আমি বা কোথায় ! ও মা ভাবি তাই !
তত্রাপি দুরাশা হেন, তোমারে হেরিতে চাই !!

জানি মা গো হেন আশা, জ্ঞান-কৃত অপরাধ !
তথাপি দুর্ব্বিশ চিত্তে হেরিতে তোমারে সাধ !!

তিরস্কার কত তা'রে কোরেছি মা এ কারণ !
বুঝায়েছি বারে বারে কত তা'রে সযতন !!

"নিভাবে কোথায় তাহে, বে'ড়ে গেছে আশানল!
আকাঙ্ক্ষা-অনলে মা গো হবি সম সে সকল!!

অসীম গুরুতা তব, সুদীন হীনতা মোর,
যতই বুঝেছি, তত বেড়েছে দুরাশা-ঘোর!!

রাজ-রাজেশ্বরী মাতা, সসাগরা বসুধায়,—
দীন হীন পুত্র যদি এ কথা শুনিতে পায়!—

যত কেন হোক্ না সে অপরাধী গুণ-হীন,—
জননী-সাম্রাজ্য-লাভে থাকে কি সে উদাসীন?

"হৃদয়-বিদারি অহো! অসহ এ দুঃখ-ভার!—
অন্তর-যন্ত্রণা মা গো তোমারে কি ক'বো আর?

সুবিজ্ঞাত তব, এই দুঃখ-তাপ সমুদয়,—
জ্ঞান-রূপা ভগবতী তুমি যে মা চিতি-ময়!!

চিন্তাবেগে তথাপি স্বভাব-গুণে তনয়ের,—
কহি মা তোমার কাছে ব্যথা মম হৃদয়ের!

প্রাণের যন্ত্রণা সনে অস্থির মনোবিকার,
মা'র কাছে কহিলে যে লঘু হয় শোক-ভার!!

"ভাবি মা আবার মনে, পিতা মাতা না হ তোর!
কেমনে বুঝিবি মা গো, মা'র তরে ব্যথা মোর!!

স্থচির-আনন্দময়ি! নাহি তব দুঃখ-লেশ!—
কেমনে বুঝিবি মা গো মম অন্তরের ক্লেশ!!

তাই মা ব্যাকুল-চিত্তে, ডাকি তোরে অনিবার,
ক্ষণ-তরে দে'খে যা' মা, যন্ত্রণা-রাশি আমার!!

ত্রি-তাপ-সন্তপ্ত হৃদি আছে যে দহন ঘোর,
দাঁড়ায়ে সেখানে শিবে! হের মা দুর্দ্দশা মোর!!

"ছুঁ'ওনা কিছু মা সেথা, থেকো না অধিক ক্ষণ!
আপনি দেখো মা শুধু, দিও নাক দরশন!!

হেরিলে মা স্ব-নয়নে, বুঝিবে যন্ত্রণা-ভার,
প্রমিতি-বিষয়ে যে মা, প্রত্যক্ষ প্রমাণ সার!!

হের মা গো ক্ষণ তরে! জ্বলদনল-শিখায়,—
দেহ-রূপ গেহ-মধ্যে আছি আমি কি দশায়!

হের মা দুর্দ্দশা মোর, দারিদ্র্য-হুতাশ-ময়!
হের মা তাহার সনে ব্যাধি-দুঃখানল-চয়!!

"তদুপরি না লভি' মা তব পদ-দরশন,—
হের মা হৃদয়ে আরো জ্বলে কিবা হুতাশন!!

চতুরগ্র বহ্নি-শিখা হৃদয়ে জ্বলিছে তাই!
কিছু বুঝি আমা মাঝে, নাহি মা অনল বই!!

হের মা নয়ন-কোণে, দে'খো যেন হুতাশন—
তব পদাম্বুজ-শোভা না করে মা পরশন !!

দগ্ধ মা অনলে মম হৃদয় ইন্দ্রিয়-চয় !—
দগ্ধ মা তাহার সনে মনঃ-প্রাণ শিখা-ময় !!

"হের'মা সপর্ব্ব-কায়া অঙ্গ-সনে সমুদায়,
জ্বলন্ত সন্তাপানলে, রেণু রেণু উড়ি' যায় !!

মর্ম্ম-শিরা-ধমনী মা হুতাশনে জ্বলে অই !
অস্থি-মজ্জা-মাংস তথা পোড়ে মা অনলে অই !!

হের মা সে অগ্নি-কুণ্ডে, বিচরিত যজ্ঞ-সাজ !
ক্রব্য-যাগ করে যথা যুগ-পতি কলিরাজ !!

যজ্ঞ-স্থলে অধিষ্ঠাতা, কাম-রূপী প্রেত-বর !
লোভ-মোহ-রূপে তথা রক্ষ-পিশাচ নিকর !!

"দৈত্য-রূপী তা'র পার্শ্বে, দ্রোহ-ক্রোধ-অভিমান !
অসূয়া-পৈশুন্য আদি নিশাচর বলবান্ !!

জ্বলন্ত অনল-কুণ্ডে হের' সবে সানুরাগ
মহোৎসাহে ভুঞ্জে কিবা নিজ নিজ যজ্ঞ-ভাগ !!

যুগপৎ পৃথক্ বা পূর্ণ করি' মনস্কাম,
পাপের আহুতি রাশি ভুঞ্জে তা'রা অবিরাম !!

হের' মা আহুত সেথা দগ্ধ মম প্রাণ-মন্‌-
কাম-ক্রোধ-হিংসা আদি ভুঞ্জে কিবা অনুক্ষণ !!

"লোভের উচ্ছিষ্ট তথা আহুত ইন্দ্রিয়-চয়,
রূপ-রস-গন্ধ আদি বিভুক্ত সর্ব্ব-বিষয় !

ভক্ষে তা'রা হের মাগো, প্রজ্ঞা সনে বুদ্ধি-স্থান !—
মোহ-লালা-চ্ছন্ন মম ভক্তি-প্রীতি-ধর্ম্ম-জ্ঞান !!

ভীষণ সে অগ্নি-কুণ্ডে পাপ-তাপ-জ্বালা-ময়
বিভক্ষিত আমা' সনে সর্ব্ব মম গুণ-চয় !!

শূন্য-ময় দগ্ধ হৃদি হেরি শুধু অন্ধকার !
রক্ষ' মা করুণাময়ি ! আমি ভবে নিরাধার !!"

## ৪র্থ গুচ্ছক।

কহিতে লাগিলা দ্বিজ,—"লভি' হেন দশা ঘোর,
কেমনে র'বো মা আমি—বিস্মরি' চরণ তোর ?

এ হেন অনল-রাশি প্রজ্বলিত চিতে যা'র,
থাকিতে কি পারে সে মা বিনা পদ-সুধা মা'র ?

শান্তি চিতি কৃপাময়ি! করুণ-নয়নে চাও!—
অথবা শঙ্করি শিবে! এবে মোরে বো'লে দাও,—

সুতীব্র দুর্দ্দশানলে হেন ভাবে যে অধীর,—
শ্রীচরণ—স্মৃতি ছাড়ি' কেমনে সে র'বে স্থির ?

"সর্ব্বেশ্বরি শক্তি-রূপে! দনুজ-দলনী তুই!
সদানন্দে সত্ত্ব-দেহে! দুর্গতি-হারিণী তুই!!

বুঝিয়া-মরম ব্যথা, হেরিয়া দুর্গতি মোর,
তথাপি না হয় যদি করুণা পাষাণি তোর!—

তবে মা তারিণ! আজি তাপিত এ তনু-ভার,
হুতাশনে নিবেদিয়া, ঘুচা'বো দুঃখ আমার!!

মা তব বাসনা-স্পৃষ্ট মম দেহেন্দ্রিয়-চয়,
পিশাচ-দনুজ-ভোগে কদাচ বিহিত নয়!"

নিবেদিলা হেন রূপে, সর্ব্ব কথা হৃদয়ের,
তথাপি গেল না দেখা, চারু-ছটা চরণের !!

প্রতপ্ত-হৃদয় হো'তে উচ্ছলিত আঁখি নীর !
তথাপি হো'লো না দয়া, নিরদয়া পাষাণীর !!

জগদম্বা-আবির্ভাবে না হেরি' কোন লক্ষণ,
স্ব তনু-যজনে দ্বিজ করিলা সুদৃঢ় মন !

একাকী ভূদেব এবে রুদ্ধ করি' গৃহ-দ্বার,
প্রজ্বালিলা অগ্নি-রাশি, পুরোভাগে প্রতিমা'র !!

জ্বলিল পাবক শিখা ! বিশুষ্ক শরীর মন !
নৈরাশ্য-অনল-তাপে, শুখাইল দু' নয়ন !!

জননী-চরণ-পদ্মে দ্বিজ এবে ধ্যান-ময় !
সুসংযত বাক্য-তনু, হৃদয়-ইন্দ্রিয়-চয় !!

নিমীলিত অক্ষি-যুগ, সর্ব্ব-বাহ্য-জ্ঞান-হীন
বহ্নি-তটে ক্ষণ তরে দ্বিজ-বর সমাসীন !!

উঠিয়া সহসা তদা, তুলি' যুগ বাহু-কর,—
"মা ! মা ! শিবে দুর্গে দুর্গে !"—ভাষিলা কাতর-স্বর !

"জগদানন্দ-তনুকে ! ত্রিনয়নে মা আমার !
নিখিল-ভুবনেশ্বরি ! লহ' মা এ তনু-ভার !!

তব পদ-সুধা-হীন বিশুষ্ক এ দেহ মোর—
অনলে আহুতি দিয়ে, অর্পি মা চরণে তোর !!"

কহিতে কহিতে ইহা, প্রমত্ত সে দ্বিজ বর,
ঝটিতি পতিত কুণ্ডে জ্বলিত অনলোপর !!

ত্যজিয়া তুরীয়-ধাম, অহো ঠিক্ সেই ক্ষণ !—
হুতাশনে মহামায়া দিলা আসি দরশন !!

পড়িতে পড়িতে দ্বিজে দিয়া অঙ্ক সুশীতল,
কহিলা আশ্বাস-বাণী সকরুণ সুকোমল !—

"রহ' রহ' রহ' বৎস ! না কর' শরীর-নাশ !
রক্ষা তরে হের' আমি সমাগতা তব পাশ !!

**'আত্ম-নিবেদনে'** তব প্রীতা আমি অতিশয় !
মম বরে বৎস ! তব ঘুচি' যাবে ভব-ভয় !!

আধি-ব্যাধি-দুঃখানলে, পাবে না যন্ত্রণা আর !
শান্তি-মধুরিত চিতে লভিবে আনন্দ-সার !!

তোমারি' কারণে বৎস ! আসিনু' এ বসুধায় !
পূজহ তেমনি এবে অন্তরে যেমন চায় !!"

নিভাইল সঙ্গে সঙ্গে, রশ্মি-মালা অনলের !
নিভাইল বহ্নি-শিখা দ্বিজ-বর হৃদয়ের !!

পুলক-প্লাবিত দ্বিজ, উচ্ছলিত প্রাণ-মন ;
সুধা-সরোবরে যেন নিত্য তরে নিমগন !!

মহানন্দে আত্ম-হারা, মাতৃ-পদ ধ্যান-পর,
উঠিলা গিরিজা সনে কুণ্ড হো'তে দ্বিজ-বর !!

সহসা চপলা সম অলৌকিকী প্রতিভায়—
মিশিলা সে রূপ-রাশি, ভবেশীর প্রতিমায় !!

অন্তরে বাহিরে হেরি' পদ-কান্তি ভবানীর,
গণ্ড-যুগ-প্রবাহিত পরানন্দ-অশ্রু নীর !!

সমাহিত-চিত্তে এবে দ্বিজ-বর ভক্তি-মান্
বসিয়া জননী অগ্রে উল্লসিত-মনঃ-প্রাণ,—

স্বকীয় ঐশ্বর্য্য সনে, সহ তথা আপনার,
আরম্ভিলা মহা-পূজা বিশ্ব-মাতা অভয়া'র !!

ইতি ভক্ত-পণ্ডিত-প্রবর শ্রীযুক্ত শশধর
তর্কচূড়ামণি-বিরচিত ( ও ১৩০৯
পূজার বঙ্গবাসীতে প্রকাশিত )
"শ্রীদুর্গোৎসবে আত্ম-
নিবেদনম্" শীর্ষক অপূর্ব
সংস্কৃত কাব্যের সংক্ষিপ্ত
মর্ম্মানুবাদ ॥

# পরিশিষ্ট।

## চিত্র-পুষ্প-মালা।

## ভগবত্তত্ত্ব !

পরমাত্মা পরব্রহ্ম অনির্ব্বাচ্য নির্ব্বিকার
চিন্ময় নির্গুণ তিনি ব্রহ্ম অংশে নিরাকার
অশব্দ অস্পর্শ যিনি ব্রহ্মাদি উপাধি হীন
অবোধ্য প্রভবে সদা মহাবিশ্বে প্রবিলীন
চিদংশে স্বভাব শূন্য শিব বিষ্ণু রূপ চয়
অজ অপ্রমেয় ব্রহ্ম অচক্ষু অমনোময়
নিঃশক্তিক নিরুপাস্য ব্রহ্ম অংশে মহেশ্বর
ত্রিশক্তি সংযোগে পুনঃ উপাস্য পরমেশ্বর
ত্রিগুণে ত্রিরূপ ধারী অদ্বিতীয় একেশ্বর

পরমাত্মা পর ব্রহ্ম অনির্ব্বাচ্য নির্ব্বিকার !
চিন্ময় নির্গুণ তিনি ব্রহ্ম-অংশে নিরাকার !!

অশব্দ অস্পর্শ যিনি ব্রহ্মাদি-উপাধি-হীন !
অবোধ্য-প্রভবে সদা মহা-বিশ্বে প্রবিলীন !!

চিদংশে স্বভাব-শূন্য শিব-বিষ্ণু-রূপ-চয় !
অজ অপ্রমেয় ব্রহ্ম অচক্ষু অমনোময় !!

নিঃশক্তিক নিরূপাস্য ব্রহ্ম-অংশে মহেশ্বর !
ত্রি শক্তি-সংযোগে পুনঃ উপাস্য পরমেশ্বর !!

ত্রি গুণে ত্রিরূপ-ধারী অদ্বিতীয় একেশ্বর !
ত্রি শক্তি-প্রভাবে যিনি ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর !!

# অর্দ্ধ-নারীশ্বর !

ব্রহ্মরূপে অকর্ত্তা সচ্চিদানন্দ পরাৎপর
ব্রহ্মাদি স্বরূপে কর্ত্তা পাতা হর্ত্তা মহেশ্বর
ব্রহ্মাণী বৈষ্ণবী শৈবী অস্বারূপে কহে তাঁ'য়
ঈশ্বরী বৈভবপূর্ণা যে তাঁরে যে মনে চায়
শ্রীরূপে বৈষ্ণবী বিনি মহাবিষ্ণু তাঁ বি' নাম
মাহেশ্বরী শৈবী তথা শিব বিশ্বগুণধাম
ব্রহ্মাণী বৈষ্ণবী শৈবী ব্রহ্মাদি অনন্ত দেব
জগদম্বা মহাদেবী ব্রহ্মা বিষ্ণু মহাদেব
মাতৃত্ব পিতৃত্ব গুণে ব্যক্ত অর্দ্ধনারীশ্বর

ব্রহ্ম-রূপে অকর্ত্তা সচ্চিদানন্দ পরাৎ পর !
ব্রহ্মাদি-স্বরূপে কর্ত্তা পাতা হর্ত্তা মহেশ্বর !!

ব্রহ্মাণী বৈষ্ণবী শৈবী, অম্বা-রূপে কহে তাঁ'য় ।
ঈশ্বরী বৈভব-পূর্ণা, যে তাঁ'রে যেমনে চায় !!

স্ত্রী-রূপে বৈষ্ণবী যিনি, মহাবিষ্ণু তাঁরি' নাম !
মাহেশ্বরী শৈবী তথা শিব বিশ্ব-গুণ-ধাম !!

ব্রহ্মাণী বৈষ্ণবী শৈবী ব্রহ্মাদি অনন্ত দেব !
জগদম্বা মহাদেবী ব্রহ্মা বিষ্ণু মহাদেব !!

মাতৃত্ব-পিতৃত্ব-গুণে ব্যক্ত অর্দ্ধ-নারীশ্বর !
ব্রহ্মাণী বৈষ্ণবী শৈবী, ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর !!

# একেশ্বর !

প্রো ক্ত বি নি হ বি কৃ ষ্ণ বি ষ্ণু বা ম না রা য় ণ

শি ব রু দ্র হ র তি নি স র্ব্বা রা ধ্য ত্রি লো চ ন্

প দ্মা ল য়া উ মা গৌ রী সি তা জ্ঞ বা সি নী যে ই

অ ম্বি কা প র মে শ্ব রী সী তা ল ক্ষ্মী রূ পা সে ই

সা বি ত্রী পা র্ব্ব তী দু র্গা রা সে শ্ব রী রা ধা এ ক

রা ধা কৃ ষ্ণ শি ব দু র্গা দ্বি ধা ভা বে অ বি বে ক

কৃ পা সি ন্ধু ভ ব ব ন্ধু রা ম কৃ ষ্ণ না ম যাঁ' ব

স দা ন ন্দ শি ব দু র্গা বা ধা কৃ ষ্ণ না ম তাঁ' ব

এ কে শ্ব র না রা য় ণে গু ণ ভে দে না না নাম

প্রোক্ত যিনি হরি কৃষ্ণ বিষ্ণু রাম নারায়ণ!—
শিব রুদ্র হর তিনি সর্ব্বারাধ্য ত্রিলোচন!!

পদ্মালয়া উমা গৌরী সিতাব্জ-বাসিনী যেই,—
অম্বিকা পরমেশ্বরী সীতা লক্ষ্মী-রূপা সেই!!

সাবিত্রী পার্ব্বতী দুর্গা রাসেশ্বরী রাধা এক!
রাধা-কৃষ্ণ শিব-দুর্গা দ্বিধা ভাবে অবিবেক!!

কৃপা-সিন্ধু ভব-বন্ধু রাম-কৃষ্ণ নাম যাঁ'র,—
সদানন্দ শিব দুর্গা রাধা কৃষ্ণ নাম তাঁ'র!!

একেশ্বর নারায়ণে গুণ-ভেদে নানা নাম!—
হর-গৌরী, রাধা-কৃষ্ণ,শিব-দুর্গা, সীতা-রাম!!

# কালী-কৃষ্ণ !



বি শ্ব কু ঞ্জ কা ন নে শ্রী কৃ ষ্ণ না মা ন্ধ পা ধা ব

ব ন মা লী ন লি না ক্ষ পু ষ্প দ ল ম ণি হা ব

পী তা ম্ব বে কৃ ষ্ণ ত নু কা ন্তি শো ভে সু ষ মা য়

চূ ড়া কৃ ষ্ণ চ ন্দ্র শি বে চ ন্দ্র মা প দে লু টা য়

স ব্ব র্ব্ব পী শ্যা ম অ ঙ্গে প্র তি ভা এ মা ধ বে র

স্ব ল লা ম কা ন্তি শো ভা অ ঙ্গ রু চি কে শ বে ব

চি দা ন ন্দ শ্যা ম রূ পে যে ন বি শ্ব প তি পা' য়

অ ন্ত ব, মা ধু বি মা থা ভ ক্তি গ তি রু তি পা র

কৃ ষ্ণ না ম পাঁ রা গ তি কৃ ষ্ণ ম ম পা রাৎ প র

বিশ্ব-কুঞ্জ-কাননে শ্রীকৃষ্ণ নানা-রূপাধার!
বন-মালী নলিনাক্ষ, পুষ্প-দল-মণিহার !!

পীতাম্বরে কৃষ্ণ-তনু-কান্তি শোভে সুষমায় !
চূড়া কৃষ্ণ চন্দ্র শিরে চন্দ্রমা পদে লুটায় !!

সত্ত্ব-রূপী শ্যাম-অঙ্গে প্রতিভা এ মা-ধবের !
সুললাম কান্তি-শোভা অঙ্গ-রুচি কেশবের !!

চিদানন্দ শ্যাম-রূপে, যেন বিশ্ব-পতি-পা'য়,—
অন্তর, মাধুরি-মাখা ভক্তি-গতি-রতি পায় !!

কৃষ্ণ-নাম পরা গতি, কৃষ্ণ মম পরাৎ পর !
কালী-কৃষ্ণ শ্যাম-শ্যামা নাম-ভেদে একেশ্বর !!



# এলোকেশী !

এ বি শ্ব রূ প সা য় রে এ লা ই য়া ঘ ন কে শ

ত্রি লো ক লা ব ণ্য ম য়ি এ কি ত ব ন ব বে শ

আ লো কে সু হা স্য ছ টা সু ন্দ রি ত ব কি না ম

শ শা ঙ্ক শি শি র মা থা দী প্ত ত ব এ কি ঠা ম

ন য় নে উ দি ত চ ন্দ্র স নে ন ব প্র ভা ক র

পা দ ন খে অ গ ণি ত ই ন্দু ত সু সু ধা ক র

অ নি ল আ কা শা ম্ব রে প রি ব্যা প্ত রূ প ভা র

নী লা ম্বু দ কা য়া ধ রি গৌ র বি ণী তু মি কা র

অ পূ র্ব্ব এ শ্যা মা রূ পে না হি ক সং ভ্র ম লে শ

এ বিশ্ব-রূপ-সায়রে এলাইয়া ঘন-কেশ,—
ত্রিলোক-লাবণ্য-ময়ি ! এ কি তব নব বেশ !

আলোকে সুহাস্য-ছটা, সুন্দরি তব কি নাম !—
শশাঙ্ক-শিশির- মাখা দীপ্ত তব এ কি ঠাম ?

নয়নে উদিত চন্দ্র সনে নব-প্রভাকর !—
পদ-নখে অগণিত ইন্দু-তনু সুধাকর !!

অনিল-আকাশাম্বরে পরিব্যাপ্ত রূপ-ভার !
নীলাম্বুদ-কায়া ধরি' গৌরবিণী তুমি কা'র ?

অপূর্ব্ব এ শ্যামা-রূপে নাহিক সংভ্রম-লেশ !
এলোকেশি দিগম্বরি ! গৌরি তব একি বেশ !!

# হরি-নাম !

য ন শ্যা মা এ লো কে শী বি হ সি ত প্র তি ভা র

ম র্দ্দে শী ভ বে শ দা রা বি হ রে হ রে র কা য়

হে রি' মো ক্ষ ব র দা রে সং স্থ ত ক্ষ তা স্ত ভ য়

ত ত্রা পি গো চ র অ ঙ্গ ভ য় দ ক্ব ষ্ণ তা ম য়

তুঁ র্জ্জ ন পা ব . নী কা লী ভ ক্ত ভ য় হ রা অ ই

অ স্থি কা কা ল য র ণী প রাং প রে প রা অ ই

বি রি ঞ্চি স নে শৌ বি শ স্ক র রা জে' যাঁ' র পা' য়

চি দা ন ন্দ ম য়ী রে সে অ ম নি কি চে না যা য়

শ্যা মা প দে রা খি' চি ত্ত ক হ মু খে অ বি রা ম

ঘন-শ্যামা এলোকেশী, বিহসিত-প্রতিভায়,—
সর্ব্বেশী ভবেশ-দারা, বিহরে হরের কা'য়!

হেরি' মোক্ষ-বরদারে সংহৃত কৃতান্ত-ভয়!—
তত্রাপি গোচর-অঙ্গ ভয়দ-কৃষ্ণতা-ময়!!

দুর্জ্জন-পাবনী কালী, ভক্ত-ভয়-হরা অই!
অম্বিকা কাল-ঘরণী, পরাৎ পরে পরা অই!!

বিরিঞ্চি সনে গৌরি-শঙ্কর রাজে' যাঁর পা'য়!—
চিদানন্দ-ময়ীরে সে অমনি কি চেনা যায়?

শ্যামা-পদে রাখি' চিত্ত কহ মুখে অবিরাম,—
'কেশব গোপাল শৌরে! হরে কৃষ্ণ হরে রাম'!!

# তারকব্রহ্ম-নাম !

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| হরে' | র ক্ষ | দয়ো | পরে | এলো | কেশে | কে বি | হরে |
| চারু- | কৃষ্ণ | দেহা | কে বা | অট্ট- | হাসে | হরে | হেরে |
| রবি- | , দীপ্তি | হরে | বিভা | অভি- | রাম- | প্রভা- | বতী |
| অঙ্গ- | শোভা | , বর- | কৃষ্ণ | রাম | -বর্ণ- | দ্যুতি- | মতী |
| নেত্র | চিত্ত- | অভি | রাম | কৃষ্ণ | -কেশ- | কাদ | ম্বিনী |
| চন্দ্র- | প্রভা | হরে | পদ, | ঘন | কৃষ্ণ | স্ব রূ | পিণী |
| অধী- | রা ম | হেশ | প্রিয়া | এ বে | শে কি | হরে | বরে |
| হরে | র্ব | ক্ষ উ | পরে | ত্রি ন | য়না | কে বি | হরে |

হরের হৃদয়োপরে এলোকেশে কে বিহরে?!
চারু-কৃষ্ণ-দেহা কেবা অট্ট-হাসে হরে হেরে !!

রবি-দীপ্তি হরে বিভা অভিরাম-প্রভা-বতী !—
অঙ্গ-শোভা বর-কৃষ্ণ-রাম-বর্ণ-দ্যুতি-মতী !!

নেত্র চিত্ত-অভিরাম, কৃষ্ণ-কেশ-কাদম্বিনী !
চন্দ্র-প্রভা হরে পদ, ঘন-কৃষ্ণ-স্বরূপিণী !!

অধীরা মহেশ-প্রিয়া এ বেশে কি হরে বরে !
হরের বক্ষ-উপরে ত্রিনয়না কে বিহরে !!

"হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে !
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে"!!

# অভয় !

ভা বি ম নে দি নে দি নে প র মে শ ক রু ণা য়
প রা শা ন্তি বা রি ত রে প্রা ণে আ শা বে’ ড়ে বা য়
চি ন্তি মো রা নি র ব ধি সে শ শা ঙ্ক সু ধা ম য়
ব র প দ শি ব শ ক্তি হৃ দা কা শে কি সে র’ য়
য ত আ শা হৃ দে রে রি’ যে বা সু খ চি ত চা য়
অ র্পি’ যে ন দি বা নি শি ভ বে শে র রা ঙ্গা পা য়
স র্ব্ব তা প হা রী কৃ ষ্ণ প দা জে যা হা র ম ন
দুঃ খ তা পে সে কি ক ভু সং সা রে র নি ম গ ন
শু ভ ঙ্ক র ব রে স তি কি ভ য় ভা ব না তাঁ’ র

ভাবি মনে, দিনে দিনে পরমেশ-করুণায়,—
পরা-শান্তি-বারি তবে প্রাণে আশা বেঁড়ে যায়!

চিন্তি মোরা নিরবধি সে শশাঙ্ক-সুধা-ময়—
বর-পদ শিব-শক্তি হৃদাকাশে কিসে র'য়!!

যত আশা হৃদয়েরি 'যেবা সুখ চিত চা'য়,—
অর্পি যেন দিবা নিশি ভবেশের রাঙ্গা পা'য়!!

সর্ব্ব-তাপ-হারী-কৃষ্ণ-পদাব্জে যাহার মন,—
দুঃখ-তাপে সে কি কভু সংসারের, নিমগন?

শুভঙ্কর-বরে সতি'! কি ভয় ভাবনা তা'র,—
দিবা নিশি হৃদি হাসে শশাঙ্ক-শেখর যা'র!!

# সান্ত্বনা !

বি ষ্ণু শি বে শ শ ঙ্ক র কৃ ষ্ণ রা ম প দ ছা য়

ধ র্ম্ম বি ধিং স্থ শা স নে ভ ক্তি রা খ' স ম তা য়

গৌ রী শি ব শু ভ ঙ্ক রে অ বি ভি ন্ন ভা ব যা' র

কৃ ষ্ণ প দ হৃ দা কা শে অ ভ্যা সে হ সি ত তা' র

সং সা র ভী তি দু র্ম্ম তি খ ণ্ডি ত হ রি কৃ পা য়

দু র্গ তি হ স্থ ত স দা হ রে দু র্গা ম হি মা য়

স র্ব্ব পা ত কা ন্ত কা রী চি ত্তে হৃ ষী কে শ যা' র

অ ন্ত তা' র চি ন্তা কি বা ল ক্ষ য দি প দ সা ব

অ ন্ত রে গো পা ল কৃ ষ্ণ ব ক্তে ধ রি হ রি না ম

বিষ্ণু শিবেশ শঙ্কর কৃষ্ণ বাম পদ-ছায়,—
ধর্ম্ম-বিধি-সুশাসনে,—ভক্তি রাখ' সমতায় !

গৌরী-শিব-শুভঙ্করে অবিভিন্ন ভাব যা'র,—
কৃষ্ণ-পদ হৃদাকাশে অভ্যাসে হসিত তা'র !!

সংসার-ভীতি-দুর্ম্মতি খণ্ডিত হরি-কৃপায়,—
দুর্গতি-দুষ্কৃত সদা হরে দুর্গা-মহিমায় !!

সর্ব্ব-পাতকান্ত-কারী চিত্তে হৃষীকেশ যা'র,—
অন্য ত'ার চিন্তা কিবা লব্ধ যদি পদ-সার !!

অন্তরে গোপাল-কৃষ্ণ, বক্ত্রে, ধরি, হরি-নাম,—
শশাঙ্ক শেখরে হৃদ চিন্তা সতি ! অবিরাম !!

# বিজয়া।

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| যা | ও | মা | ভু | ব | নে | শ্ব | বি |
| শ | ঙ্ক | বি | কৈ | লা | সা | চ | লে |
| ঈ | শা | নি | এ | ভ | বে | কো | থা’ |
| প | দা | ঙ্ক | শো | ভি | বে | ভু | লে |
| ক | তা | শ্বা | শে | খি | র | মো | বা |
| সা | স্তু | না | রা | খ | মা | চি | তে |
| সা | ধ | নে | অ | স্ত | রে | দি | ও |
| ঋ | ত | প | দ | দ | ব | শি | তে |
| য | ত | দি | ন | ত্যং | খা | হ | বে |
| র | ভি | মা | এ | ধ | রা | ত | লে |


BENGAL

যাও মা ভুবনেশ্বরি ! শঙ্করি ! কৈলাসাচলে !
ঈশানি ! এ ভবে কোথা' পদাঙ্ক শোভিবে ভুলে !!

হতাশ্বাসে খিন্ন মোরা !—সান্ত্বনা রাখ' মা চিতে !
সাধনে অন্তরে দিও—শ্বেত-পদ দরশিতে !!

যত দিন দুঃখাহবে, বশি মা এ ধরাতলে !--
শশাঙ্ক-শেখরে শিরে ! যতনে রাখিবে কোলে !!

ইতি ভক্তি পুষ্পাঞ্জলি
সম্পূর্ণ ॥



# মুদ্রণ-শুদ্ধি-পত্র ।

—০:*:০—

| পৃষ্ঠা | কবিতা-পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ৯ | ১৯ | মালন | মালন |
| ১১ | ৫ | চিত্তভোবে | চিত্ত ভো'বে |
| ১২ | ২ | হেবিনু'—শঙ্কব | হেরিনু' শঙ্কর— |
| ১২ | ১০ | রুদ্রজ্বাপ—চিত্ত | রুদ্রজ্বাপ চিত্ত- |
| ১৩ | ৪ | হবে ! | হবে !— |
| ১৭ | ১ | অনন্তব | অনন্ত |
| ১৭ | ৮ | লহ'হ | লইহ' |
| ৯ | ৬ | রহিত ! | রহিত !' |
| ২৩ | ১৪ | সপূর্ণ | সুপূর্ণ |
| ২৭ | ১৭ | বিশ্ব বন্দ্য | বিশ্ব-বন্দ্য |
| ৩০ | ৩ | প্রাতি | প্রীতি |
| ৩৪ | ৫ | প্রথমা-ধিপ | প্রমথা-ধিপ |
| ৩৬ | ১২ | প্রপালন | প্রপালক |
| ৬৫ | ২ | ইন্দ্রীবর | ইন্দীবব |
| ৬৬ | ৫ | তারে | তাঁরে |
| ৭৭ | ১১ | এলোকেশী | এলোকেশি |
| ৯৭ | ৯ | মহিসা | মহিষা |
| ৯৭ | ৯ | দাযিনি | দায়িনি |

| পৃষ্ঠা | কবিতা-পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ৯৭ | ১০ | নাশান | নাশিনে |
| ৯৮ | ৬ | কীত্তি | কীর্ত্তি |
| ১০৫ | ১ | বী | দেবী |
| ১০৬ | ৪ | অন্নপূর্ণেশ্বরী | অন্নপূর্ণেশ্বরি |
| ১০৬ | ৫ | বিশ্বেশ্বরী | বিশ্বেশ্বরি |
| ১০৬ | ৭ | পুরাধীশ্বরী | পুরাধীশ্বরি |
| ১২২ | ১০ | পরোধর | পয়োধর |
| ১২২ | ১৫ | শিরচারি | শিরশ্চারি |
| ১২৩ | ১৬ | চিন্ময | চিণ্ময় |
| ১২৫ | ৬ | অর-ণ্যে | শর-ণ্যে |
| ১২৮ | ৪ | জ্ঞান দে | জ্ঞানদে |
| ১২৮ | ৪ | মোক্ষ দে | মোক্ষদে |
| ১৩৯ | ২ | আত্মভূর্ | আত্মভূ |
| ১৪৬ | ৯ | কপি নাথেশ্বর | কপিনাথেশ্বর |
| ১৪৯ | ১১ | কিঁছুই | কিছু |
| ১৫১ | ১ | কৌস্তভ | কৌস্তভী |
| ১৫২ | ১৪ | রাম-রূপা | রাম রূপী |
| ১৫৪ | ৪ | সাকর | সাকার |
| ১৫৫ | ৫ | গো কুলানন্দ | গোকুলানন্দ |
| ১৫৫ | ৫ | গো পাল | গোপাল |
| ১৫৬ | ১৪ | নবনীতে | নবনীত |
| ১৬১ | ২ | সর্ব্বেশ্বর | সর্ব্বেশ্বরী |
| ১৬২ | ১৮ | মুর্ত্তি | মুক্তি |

| পৃষ্ঠা | কবিতা-পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ১৬৮ | ৬ | স্থরাবাধ্যা | সুরারাধ্যা |
| ১৭১ | ১৪ | অনু-রূপা | অণু-রূপা |
| ১৭৩ | ১ | বরাম্বরা | বরাম্বরী |
| ১৭৯ | ১২ | শম্বুক | শম্বূক |
| ১৮৩ | ৭ | কুণ্ডলা কুল | কুণ্ডলাকুল |
| ১৮৮ | ৭ | বাধা | রাধা |
| ১৯২ | ৮ | রঙ্গিনী | রঙ্গিণী |
| ১৯২ | ১১ | তৎ পরা | তৎপরা |
| ১৯৩ | ৪ | ত্রিকোটি, | ত্রিকোটি |
| ১৯৫ | ৯ | গৌরি | গৌরী |
| ১৯৫ | ১৫ | জ্ঞান— | জ্ঞান |
| ১৯৭ | ৯ | তত্ত্ব-রূপ— | তত্ত্ব-রূপ, |
| ২০০ | ২ | তা'র | তাঁ'র |
| ২২১ | ৩ | 'ত্যজি' | "ত্যজি" |
| ২২৭ | ৯ | বিচরিত | বিরচিত |
| ২২৯ | ১৩ | তারাণ | তারিণি |
| ২২৯ | ১৩ | ভাবু | ভার |

The paem "Santwana" which, you kindly sent was eagerly read and it drew tears from my wife's eyes : my daughters too felt very much affected. As you have yourself successfully tried to console yourself as well as the bereaved mother, I need hardly attempt to console you— * * *

Suri–
Birbhum
26th Oct. 05

Lt. Col. D. Basu,
( Retired Civil Surgeon )

---

I beg to acknowledge with thanks the receipt of the Publisher's present of the two books— ("স্বকন্যা-চরিত" and "সান্ত্বনা") which you have been good enough to send me.

I have had time only to glance over portions of the two books. I find the verses mellifluous and thoughtful.

Calcutta
Narikeldanga
15th Nov. 1906.

Sir Gooroo Das Banerjea.
(Late Judge, Calcutta
High Court).

---

"পরলোক-গত ভাগিনেয় 'সুধাংশু' আমার ভগিনীর ও ভগিনীপতির একমাত্র পুত্র ছিলেন। তাহার অভাবে উহাঁরা অতি তীব্র শোকে জর্জ্জরিত হইয়াছেন। আমি উহাঁদিগকে সান্ত্বনা-দায়ক কোন কথাই পত্র মধ্যে লিখিতে পারি নাই। আপনার পুস্তকাগার হইতে এক খানি "সান্ত্বনা" লইয়া উহাঁ-দিগকে প্রেরণ করিয়াছি। এবং এই মাত্র লিখিয়াছি সান্ত্বনা-রচয়িতার চিত্তের দৃঢ়তা প্রত্যেক সংসারীরই অনুকরণীয়।"

গ্রাম গোপালপুর<br>জিঃ—বীরভূম।<br>৩ আশ্বিন, ১৩১৪।

শ্রীসুরেন্দ্রনাথ ভট্টাচার্য্য<br>শশাঙ্ক-শেখর চতুষ্পাঠীর<br>অধ্যাপক।

# সুকন্যা-চরিত সম্বন্ধে

## সমালোচনাদি।

—০:*:০—

### বঙ্গবাসী।

সুকন্যা-চরিত।—(শ্রীদেবী-ভাগবত হইতে সঙ্কলিত সতী-চিত্র) শ্রীযুক্ত বলরাম দাস গুপ্ত বি, এ, প্রণীত। শ্রীযুক্ত সুরেশচন্দ্র গুপ্ত বি, এ কর্ত্তৃক প্রকাশিত। আষাঢ় ১৩১৩ সাল। মূল্য ১৲ এক টাকা। বৈবস্বত মনুপুত্র শর্য্যাতির কন্যা সতী-শিরোমণি। সেই সতীর চরিত্র-প্রসঙ্গেই আলোচ্য গ্রন্থ রচিত। সতীর চরিত্র-চিত্র উজ্জ্বল কাব্যপটে প্রস্ফুটিত। গ্রন্থকার কবি। কাব্যের ভাষায় আর বিচিত্র বর্ণনায়, এ গ্রন্থখানি প্রকৃতই সুপাঠ্য হইয়াছে। অন্ধ ঋষি শর্য্যাতি কন্যার পাণি-প্রার্থী। রাজ-পরিবার বিচলিত। রাজকন্যা সুকন্যা বলিলেন,—

"ইচ্ছা তাঁর হই আমি শুশ্রূষা-কারিণী
সত্য ইহা অনুগ্রহ ভাগ্য বলি, মানি!
পূর্ব্ব-জন্ম-সঞ্চিত অপূর্ব্ব পুণ্য-ফলে,
আত্ম-যোগী স্বার্থ-ত্যাগী ভর্ত্তা হেন মিলে!
ভক্তি-ভরে পতিরে সুস্তুতি আদি দিয়া,
যত্ন করি' সন্তোষিব অন্তরে ভরিয়া!
পতি-সঙ্গ-ভাগ্যবতী পতি-সৌখ্য-করা,
সতী-ধর্ম্ম আচরিব, পতি কর্ম্ম-পরা!"

সত্য, ধর্ম্ম, কর্ম্ম-ফল, শান্তি-সুখ তরে,
হৃষ্ট-চিতে তবে পিতঃ তুষ্ট কর তাঁরে !!"

অতঃপর অন্ধ ঋষির সহিত সুকন্যার বিবাহ হইল। সতী সুকন্যা কিরূপ পতি-পরায়ণা দেখুন,—

রাজ্ঞী-গণ সহ তথা ব্যাকুল-অন্তরে,
প্রান্তর হইতে নৃপ প্রস্থিত নগরে !
তপস্বিনী বেশে এবে নৃপেন্দ্র-নন্দিনী,
পতি-সেবা-পরায়ণা, অরণ্য-বাসিনী !
পতি-ধর্ম্মা, পতি-কর্ম্মা, পতিব্রতা সতী,
পতি রক্তা, পতি-ভক্তা, পতি-শক্তিমতী !
পতি-ধ্যানা, পতি-জ্ঞানা, পতি-গৌরবিণী
পতি-প্রিয়া, পতি-প্রাণা, পতি-সন্তোষিণী !
আচরিলা হৃষ্ট মনে, সস্মিত-বদনে,
পতি-পরিচর্য্যা সতী নির্জ্জন-কাননে !
প্রত্যুষ হইতে নিত্য সতী-ধর্ম্ম-ব্রতা,
দিবা-নিশি সুহাসিনী পতি-কার্য্য-রতা !
উঠিয়া ব্রাহ্ম মুহূর্ত্তে, নমি' পতিপদে,
পতি-পদ-সরোরুহ ধ্যান করি' হৃদে,—
পতি-প্রীতি তরে সতী পঙ্কজ-লোচনা,
পতির সংসার-কার্য্যে প্রবৃত্তা ললনা !!
পর্ণশালা পূজা-স্থান প্রাঙ্গণ-চত্বরে,
মার্জ্জন লেপন সুখে করেন স্ব-করে !
সিঞ্চিয়া সলিল শুভা পথ দ্বার-দেশে,
সুপবিত্র পাংশু-হীন করেন প্রত্যুষে।

নিজ করে সুনির্ম্মল নির্ঝরিণী-বারি,
রাখেন স্বামীর জন্য অলিঞ্জর ভরি'!
দন্তকাষ্ঠ, মৃত্তিকাদি আহরি' যতনে,
তপ্তোদক রাখি, তথা স্নানের কারণে ;—
মৃগ-চর্ম্ম-শয্যা হোতে উঠাইয়া ধীরে,
শারীর-প্রত্যুষ-কৃত্য করান স্বামীরে!
স্নান-অন্তে গাত্র-জল বল্কল-বসনে,
মার্জ্জন করেন শুভা পরম যতনে!
পদ-প্রক্ষালন করে', দেন মুছাইয়া,
সুকেশিনী সুহাসিনী কেশ-রাশি দিয়া!
মৃগ কৃত্তি-বসন প্রদানি' পরিধানে,—
পতিরে লইয়া যান সন্ধ্যা-পূজা-স্থানে!!

আমরা আশা করি, এ গ্রন্থ প্রত্যেক হিন্দুর গৃহে পঠিত হইবে।

---

"সুকন্যা-চরিত" ও, একান্ত বাহুল্য-বর্জ্জিত অথচ বিচিত্র অলঙ্কার-ময় ভাব, প্রাচীন আদর্শের প্রতি ঐকান্তিকী নিষ্ঠা প্রভৃতি গুণে, অন্তঃপুরচারিণীগণের বিশেষ উপযোগী হইয়াছে। কিন্তু উভয় পুস্তকেরই ভাষা সংস্কৃতাত্মক হওয়াতে, উহারা সাধারণ পাঠকমণ্ডলীর আয়ত্ত হইবে কি না, সে বিষয়ে সন্দেহ আছে; এবং যে গাঢ় সুপবিত্র রস-ধারা আপনি প্রবাহিত করিয়া দিয়াছেন,—সাধারণ পাঠক ও পাঠিকা তাহা কতটা আস্বাদ করিতে পারিবেন বলিতে পারি না।

যদি এ দেশের লোকেরা এইরূপ পুস্তকের আদর করিতে সমর্থ হন, তবে বুঝিব, লোকের রুচি খাঁটি "স্বদেশী" ভাবের পক্ষপাতী হইয়াছে॥

কলিকাতা
১৯ কাঁটাপুকুর লেন
বাগ্‌বাজার। ২৩শে
অক্টোবর ১৯০৬

শ্রীদীনেশ চন্দ্র সেন।

---

আপনার প্রেরিত "সুকন্যা-চরিত" ও "সান্ত্বনা" পুস্তক-দ্বয় যথা সময়ে প্রাপ্ত হইয়াছি।

পুত্র-বিয়োগ-কাতরা জননীর পক্ষে "সান্ত্বনা" মহৌষধ-বৎ কার্য্য-কারিণী। এবং "সুকন্যা-চরিত" সাধ্বী সতীর চিত্র আপনি যে রূপ ভাবে পরিস্ফুট করিয়াছেন, এরূপ ভাব ও রচনার একত্র সমাবেশ বাঙ্গালা কাব্যে বিরল দেখা যায়। আশীর্ব্বাদ করি, এইরূপ নূতন নূতন গ্রন্থ প্রণয়ন করিয়া বাঙ্গালী জাতির মুখোজ্জ্বল করিতে থাকুন। ইত্যলম্।

ঘুটীয়া, মেদিনীপুর
২৬ ডিসেম্বর ১৯০৬।

শ্রীমৃর্ত্যুঞ্জয় ত্রিপাঠী শর্ম্মা
চন্দ্রী সাহিত্য-সমালোচনী সমিতির
ম্যানেজার।

---

স্বর্বৈদ্য অশ্বিনী কুমার দ্বয়ের কৃপায় ভৃগু নন্দন চ্যবন ঋষির চির-যৌবন-লাভ এবং তাঁহার প্রভাবে অশ্বিনী কুমার দ্বয়ের সুরগণের ন্যায় সোম-রস-পানে অধিকার প্রাপ্তি,—পৌরাণিকী কথা প্রসিদ্ধ আছে। বোধ করি ঔষধ-বিশেষের নাম "চ্যবন-প্রাশ" হইবার কারণ এই। কিন্তু সে কথার আমূল সংবাদ সকলে অবগত নহেন। শ্রীযুক্ত বলরাম দাস গুপ্ত বি, এ, দেবী-ভাগবত হইতে সে বৃত্তান্ত "সুকন্যা-চরিত" নামক গ্রন্থে পয়ার ছন্দে বিবৃত করিয়াছেন। গ্রন্থকারের সংস্কৃত-শব্দ-প্রয়োগ নৈপুণ্য প্রশংসনীয়॥

কটক — শ্রীযোগেশ চন্দ্র রায়।
১২শ্রাবণ ১৩১৩ — এম, এ।
(প্রোফেসর)

---

"সুকন্যা-চরিত"—পৌরাণিক বৃত্তান্ত অবলম্বন করিয়া লিখিত। কবি বিশেষ দক্ষতার সহিত সতীত্বের একখানি উজ্জ্বল ছবি অঙ্কিত করিয়াছেন। সতীত্ব আমাদের 'স্বদেশী' দ্রব্য,—বিশেষ আদরের সামগ্রী; সতীত্ব-ধর্ম্ম বর্ণন করিয়া কবিবর প্রকৃত স্বদেশানুরাগের পরিচয় দিয়াছেন। কতদিনে 'স্বদেশিতা'র এবংবিধ অন্তর্লক্ষ হইবে?

কবিতাটী আদ্যোপান্ত বিশেষ মনোযোগের সহিত পাঠ করিয়াছি এবং পরম প্রীতি লাভ করিয়াছি। ইহা একটি বর্ণনা-প্রধান কবিতা;—ইহাতে পদে পদে কবিত্ব আছে, কিন্তু অলঙ্কারের ছটা

নাই,—অসম্বন্ধ প্রলাপ নাই—অপ্রাসঙ্গিক অনর্থক বিষয় বর্ণন দ্বারা কবিতার কলেবর-পুষ্টির চেষ্টা নাই। কানন বর্ণন, সরোবর বর্ণন, পতি-সেবা বর্ণন, 'স্বামী' ও 'মা' শব্দের সার্থকতা-প্রতিপাদন,—সমস্তই অতি সুন্দর হইয়াছে এবং সংস্কৃতাভিজ্ঞতা ও কবিত্ব-শক্তির বিলক্ষণ পরিচয় দিতেছে।

কবিতার ভাষা সুললিত, গম্ভীর এবং বিশুদ্ধ। এরূপ পবিত্র ভাব-পূর্ণ কবিতা বঙ্গভাষায় অতি বিরল!

শ্রীশ্যামাচরণ মুখোপাধ্যায়, এম্, এ।

(বঙ্গীয় শিক্ষাবিভাগ।) ৫ই জুলাই ১৯০৬।

---

সুকন্যা-চরিত। শ্রীবলরাম দাস গুপ্ত বি, এ, প্রণীত। এই পুস্তক পাঠ করিয়া প্রীত হইলাম। "সুকন্যা" যথার্থই সুকন্যা। "সুকন্যা-চরিত" বা "সতীত্বের জয়" এই নামে পুস্তক অভিহিত হইলে ভাল হইত। রাজকন্যা হইয়াও সুখ-লালসা দূরে থাক্, আত্মবিসর্জ্জনই সুকন্যার জীবনের ব্রত ও ধর্ম্ম। যখন পিতা ও মাতাগণ, অন্ধ ও বৃদ্ধ চ্যবন-ঋষির সহিত সুকন্যার বিবাহের ঘোর বিরোধী, সুকন্যা স্বয়ং বলিতেছেন,—

"রক্ষিব সকলে আজি প্রীতি-পূর্ণ মনে,
আত্ম-দান করি, পিতঃ তাপস চরণে।"

"কন্যা বরয়তে রূপং" কিন্তু সুকন্যা কি সামান্যা কন্যা? সুকন্যা আদর্শ হিন্দু-বালা, পতি সেবাই তাঁহার লক্ষ্য,—

"ইচ্ছা নাহি ভোগে,
তুষ্ট-মনে সেবিব সে ইষ্ট-পদ-যুগে।"

স্ত্রীলোকের প্রকৃত ভূষণ কি, সুকন্যাই সত্য সত্য বুঝিয়া ছিলেন :—

"বহু মূল্য পরিচ্ছদ রত্ন আভরণে
প্রয়োজন নাহি পিতঃ! সুরমা ভূষণে!"
"সীমন্তে সিন্দুর মম, 'লৌহ-শঙ্খ' করে,
তদপেক্ষা শ্রেষ্ঠ-ভূষা সাজে কি নারীরে?"

বিবাহের পর সুকন্যা—

"পতি-ধ্যানা, পতি-জ্ঞানা, পতি-গৌরবিণী,
পতি-প্রিয়া, পতি-প্রাণা, পতি-সন্তোষিণী!"

সুকন্যার পরীক্ষার জন্যই রবিপুত্রদ্বয়ের প্রলোভন, কিন্তু প্রকৃত সতীত্বের নিকট আবার প্রলোভন কি? তত্রাচ রবিপুত্রদ্বয়ের কুহকে পড়িয়া, যখন বৃদ্ধ চ্যবন, জরা ও ব্যাধি মুক্ত হইয়া তাঁহাদের অলৌকিক আকৃতি প্রাপ্ত হইলেন, সত্য সত্যই পতিব্রতা সুকন্যা 'দিশাহারা' হইয়া বিপদ্‌নাশিনী জগদম্বার আশ্রয় লইলেন। দেবানুগ্রহে ও দৈববাণীর সাহায্যে আপন স্বামীর ছায়াযুক্ত কায়া দেখিয়া, তাঁহাকে চিনিলেন, কারণ "যতোধর্ম্ম স্ততোজয়ঃ"।

এই জন্যই কবি মিল্টন বলিয়াছেন,—

"So dear to Heaven is saintly chastity
That when a soul is found sincerely so,
A thousand liveried angels lucky too,
Driving far off each thing of sin and guilt."

আশ্রমে ফিরিয়া আসিয়া নব-কলেবর-প্রাপ্ত চ্যবন ও তাঁহার সাধ্বী সহধর্ম্মিণী দেখিলেন, পর্ণকুটীরের পরিবর্ত্তে সুরম্য প্রাসাদ! সর্ব্বার্থ-সাধিকা, সুকন্যার উপর তুষ্টা হইয়াই, আ'জ তাঁহাকে

সৌভাগ্যশালিনী করিয়াছেন। সুকন্যার পিতা ও মাতাগণ আশ্রমে আসিয়া এই সকল অভাবনীয় পরিবর্ত্তন দেখিয়া প্রথমে বিস্মিত ও পরে অত্যন্ত তুষ্ট হইলেন।

বহুকাল পরে পিতা ও মাতাগণকে দেখিয়া সুকন্যারও আহ্লাদের সীমা রহিল না। অবশেষে সুকন্যার মাতাগণ 'পতি-পার্শ্বে সতীকে দাঁড় করাইয়া'—'শশাঙ্কশেখরের পার্শ্বে হৈমবতী'কে দেখিয়া জন্ম সফল করিলেন।

ধন্যা সুকন্যা। আত্মোৎসর্গই তোমার মূলমন্ত্র! সতীত্ব-ধর্ম্ম ভারতের উজ্জ্বলতম রত্ন এবং তুমিই প্রকৃত সতী! আমরা অধঃপতিত, কিন্তু তোমার মত একটি রত্ন পাইলেও আ'জ আমাদের সমাজের পুনরুদ্ধার হয়! তুমি যে দেব-দুর্ল্লভ!

এই পুস্তক প্রত্যেক হিন্দু-রমণীর পাঠ করা উচিত। সে জন্য ইহার ভাষা আর একটু সরল হইলে ভাল হইত। ইতি।

শ্রীগোপালচন্দ্র গঙ্গোপাধ্যায়, এম এ,
( কটক কলেজের ইংরাজি-সাহিত্যের অধ্যাপক। )
৭ই জুলাই ১৯০৬।

The heroine of this versified narrative ( সুকন্যা-চরিত ) is the very *ideal* of feminine *virtue.* Like the Lady in Milton's 'Comus',—she unfolds the serious doctrine of *chastity*—but in a *loftier strain.* By accepting a decrepit husband she shows that the claims of *duty* are higher than those of personal happiness. A *Princess* as she is, born and bred amidst the luxuries and comforts of *royalty,* she cheerfully accepts a life af *asceticism,* which must be hard and unattractive to a maiden. For her, precious gems and gaudy apparels have no value ! From this let our *Hindu wives* learn to despise articles of luxury and know the value of simplicity and self-denial.

The moral is the same as that of Comus;—

"Love *virtue* : she alone is free ;
She can teach ye how to climb
Higher than the sphery clime
Or, if virtue feeble were,
Heaven itself would stoop to her !"

And Heaven does stoop to *Sukanya* and rewards her with a life-long *felicity* and *glory.*

A poem which is built upon such a *sublime* con ception, cannot fail to be popular with every Hind'

house-hold, especially at the present day, when our Society is in a *critical* state of *transition.*

AMULYA DHAN BANERJEE M. A.
( *Bengal Educational Service* ) 12-7-06.

---

I consider "সুকন্যা-চরিত" to be a well-written poem and admire the wholesome purity of the sentements and images which it contains. There can be no question that it is a good specimen of narrative poetry based on *Pouranic* models showing a simplicity of treatment and a beautiful spirit of reverence which give it a peculiar charm !

Calcutta — Madhu Sudan Rao.
21-9-06 — Head Master, Government Training School.

---

Accept my sincere thanks for your presenting two copies of "সুকন্যা-চরিত" to me. I have gone through it. The poem has been admirably written.

Pabna — Prasanna Narain Chaudhuri
20th Sept. 06. — B. L.

---

# বিজ্ঞাপন।

—০:§:০—

এই "ভক্তি-পুষ্পাঞ্জলি" গ্রন্থ,—ময়নাগুড়ি, লপাইগুড়ি এই ঠিকানায় গ্রন্থকারের নিকট এবং নিম্নলিখিত ঠিকানায় শ্রীনাথ লাইব্রেরীতে পাওয়া যায়। এবং শ্রীনাথ লাইব্রেরীতে শ্রীযুক্ত পণ্ডিত প্রসন্নকুমার শাস্ত্রীর সমস্ত প্রকার শাস্ত্র গ্রন্থ এবং অন্যান্য সকল প্রকার পুস্তক সুলভ মূল্যে পাওয়া যায়।

ঠিকানা—ম্যানেজার শ্রীনাথ লাইব্রেরী।

২৮।১ নং বিডন রো, দরজিপাড়া, কলিকাতা।